অর্চ্চয়িত্বেতি। কণ্বাশ্রমতীর্থে ইত্যনুবৃত্তিঃ। নিয়ত ইত্যাদিকং প্রাগ্ ব্যাখ্যাতম্। সর্ব্বে কামাঃ কাম্যপদার্থাস্তৈঃ সমৃদ্ধস্য সম্পন্নস্য সর্ব্বাঙ্গসম্পন্নস্যেত্যর্থঃ ॥৬৭॥

প্রেতি। প্রদক্ষিণং কণ্বাশ্রমমিতি শেষঃ। যযাতিপতনং তদাখ্যং তীর্থম্ ॥৬৮॥

মহেতি। কোটিতীর্থে মহাকালাখ্যস্থানান্তর্গততদাখ্যতীর্থে, উপস্পৃশ্য স্নাত্বা ॥৬৯॥

তত ইতি। উমাপতেঃ শিবস্য। ভদ্রো মঙ্গলকরো বটো বৃক্ষো যত্র তৎ ॥৭০॥

সেখানে শাক ও ফলমাত্র ভোজন করিয়া রহিলে, কার্ত্তিকেয়ের পদ লাভ করে। তাহার পরে শোভাযুক্ত ও জগৎপূজিত কণ্বাশ্রমে যাইবে ॥৬৫॥

ভরতশ্রেষ্ঠ! সেই কণ্বাশ্রম ধর্ম্মারণ্য, পবিত্র এবং আদিম তীর্থ; যেখানে প্রবেশ করিবামাত্রই মানুষ সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥৬৬॥

মানুষ সেখানে নিরামিষ একাহারাদিনিয়মযুক্ত হইয়া, পিতৃগণ ও দেবগণের অর্চ্চনা করিয়া সর্বাঙ্গসম্পন্ন যজ্ঞের ফল লাভ করে ॥৬৭॥

তদনন্তর কণ্বাশ্রমকে প্রদক্ষিণ করিয়া যযাতিপতননামক তীর্থে যাইবে; তাহা হইলে অশ্বমেধযজ্ঞের ফল লাভ করিবে ॥৬৮॥

তৎপরে মহাকালে গমন করিবে এবং সেখানে নিরামিষ একাহারাদি-নিয়মযুক্ত হইয়া তত্রত্য কোটিতীর্থে স্নান করিয়া অশ্বমেধযজ্ঞের ফল লাভ করিবে ॥৬৯॥

তাহার পর ধর্ম্মজ্ঞ লোক শিবের তীর্থ বলিয়া প্রসিদ্ধ ত্রিভুবনবিখ্যাত ভদ্রবটনামক তীর্থে গমন করিবে ॥৭০॥

[৬৯]···কোটিতীর্থমুপস্পৃশ্য···বা ব কা।

তত্রাভিগম্য চেশানং গোসহস্রফলং লভেৎ।
মহাদেবপ্রসাদাচ্চ গাণপত্যঞ্চ বিন্দতি।
সমৃদ্ধমসপত্নঞ্চ শ্রিয়া যুক্তং নরোত্তমঃ ॥৭১॥
নর্ম্মদান্তু সমাসাদ্য নদীং ত্রৈলোক্যবিশ্রুতাম্।
তর্পয়িত্বা পিতৄন্ দেবান্ অগ্নিষ্টোমফলং লভেৎ ॥৭২॥
দক্ষিণং সিন্ধুমাসাদ্য ব্রহ্মচারী জিতেন্দ্রিয়ঃ।
অগ্নিষ্টোমমবাপ্নোতি বিমানঞ্চাধিরোহতি ॥৭৩॥
চর্ম্মণ্বতীং সমাসাদ্য নিয়তো নিয়তাশনঃ।
রন্তিদেবাভ্যনুজ্ঞাতমগ্নিষ্টোমফলং লভেৎ ॥৭৪॥
ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ! হিমবৎসুতমর্বুদম্।
পৃথিব্যাং যত্র বৈ চ্ছিদ্রং পূর্ব্বমাসীদ্‌যুধিষ্ঠির! ॥৭৫॥
তত্রাশ্রমো বশিষ্ঠস্য ত্রিষু লোকেষু বিশ্রুতঃ।
তত্রোষ্য রজনীমেকাং গোসহস্রফলং লভেৎ ॥৭৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। অভিগম্য পূজনার্থং গত্বা পূজয়িত্বেত্যর্থঃ, গোসহস্রস্য তদ্দানস্য ফলম্। গাণপত্যং প্রমথগণাধিপত্যং রাজত্বমিত্যর্থঃ। অসপত্নং শত্রুশূন্যম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৭১॥

নর্ম্মদামিতি। তর্পয়িত্বা শ্রাদ্ধাদিনা পূজাদিনা চ সন্তোষ্য ॥৭২॥

দক্ষিণমিতি। সিন্ধুং তদাখ্যং তীর্থম্। বিমানং দেবপ্রেরিতম্ ॥৭৩॥

চর্ম্মেতি। চর্ম্মণ্বতীং তদাখ্যাং নদীম্। রন্তিদেবেন রাজ্ঞা অভ্যনুজ্ঞাতমনুমতম্ ॥৭৪॥

তত ইতি। অর্বুদং তদাখ্যং পর্ব্বতম্। যুধিষ্ঠিরেতি সম্বোধনং নারদকৃতম্ ॥৭৫॥

সেখানে যাইয়া, শিবের পূজা করিয়া, সহস্রগোদানের ফল লাভ করিবে এবং শিবের অনুগ্রহে সমৃদ্ধিযুক্ত, শত্রুশূন্য এবং শোভাসম্পন্ন রাজত্ব লাভ করিবে ॥৭১॥

তদনন্তর ত্রিভুবনবিখ্যাত নর্ম্মদানদীতে যাইয়া, পিতৃশ্রাদ্ধ ও দেবতাপূজা করিয়া, অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ করিবে ॥৭২॥

তৎপরে দক্ষিণসিন্ধুতীর্থে যাইয়া, ব্রহ্মচারী ও জিতেন্দ্রিয় থাকিয়া, (স্নান-শ্রাদ্ধাদি করিয়া) অগ্নিষ্টোমযজ্ঞের ফললাভ করিবে এবং অন্তিমে দেবপ্রেরিত-বিমানে আরোহণ করিবে ॥৭৩॥

তাহার পর চর্ম্মণ্বতীনদীতে যাইয়া, নিরামিষ একাহারাদিনিয়মযুক্ত থাকিয়া রন্তিদেবের অনুমতিক্রমে অগ্নিষ্টোমযজ্ঞের ফললাভ করিবে ॥৭৪॥

ধর্ম্মজ্ঞ যুধিষ্ঠির! তাহার পর হিমালয়জাত অর্বুদনামক পর্ব্বতে গমন করিবে, পূর্ব্বে যেখানে ভূতলে গর্ত্ত ছিল ॥৭৫॥

পিঙ্গতীর্থ উপস্পৃশ্য ব্রহ্মচারী নরাধিপ !।
কপিলানাং নরব্যাঘ্র ! শতস্য ফলমশ্নুতে ॥৭৭॥
ততো গচ্ছেত রাজেন্দ্র ! প্রভাসং তীর্থমুত্তমম্।
যত্র সন্নিহিতো নিত্যং স্বয়মেব হুতাশনঃ।
দেবতানাং মুখং বীর ! জ্বলনোঽনিলসারথিঃ ॥৭৮॥
তস্মিংস্তীর্থে নরঃ স্নাত্বা শুচিঃ প্রয়তমানসঃ।
অগ্নিষ্টোমাতিরাত্রাভ্যাং ফলং প্রাপ্নোতি মানবঃ ॥৭৯॥
ততো গত্বা সরস্বত্যাঃ সাগরস্য চ সঙ্গমম্।
গোসহস্রফলং তস্য স্বর্গলোকঞ্চ বিন্দতি ॥৮০॥
তীর্থে সলিলরাজস্য স্নাত্বা প্রয়তমানসঃ।
ত্রিরাত্রমুষিতস্তত্র তর্পয়েৎ পিতৃদেবতাঃ ॥৮১॥

ভারতকৌমুদী

তত্রেতি। উষ্য বাসং কৃত্বা, গোসহস্রস্য তদ্দানস্য ফলম্ ॥৭৬॥
পিঙ্গেতি। উপস্পৃশ্য স্নাত্বা। কপিলানাং ধেনূনাম্, শতস্য শতদানস্য ॥৭৭॥
তত ইতি। দেবতানাং মুখম্, দেবতার্থে আহুতিগ্রহণাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৭৮॥
তস্মিন্নিতি। অগ্নিষ্টোমাতিরাত্রাভ্যাং যজ্ঞাভ্যাং সম্পাদ্যমিতি শেষঃ ॥৭৯॥
তত ইতি। গোসহস্রস্য তদ্দানস্য ফলং ভবতি। বিন্দতি স লভতে ॥৮০॥
তীর্থ ইতি। সলিলরাজস্য সাগরস্য তীর্থে সরস্বতীনদীসঙ্গমস্থানরূপে ॥৮১॥

সেখানে ত্রিভুবনবিখ্যাত বশিষ্ঠাশ্রম রহিয়াছে; সেই স্থানে একরাত্রি বাস করিয়া সহস্রগোদানের ফল লাভ করিবে ॥৭৬॥

নরশ্রেষ্ঠ রাজা! তৎপরে ব্রহ্মচারী থাকিয়া, পিঙ্গনামক তীর্থে স্নান করিয়া শতকপিলাধেনুদানের ফল লাভ করিবে ॥৭৭॥

বীর! রাজশ্রেষ্ঠ! তাহার পর উত্তম প্রভাসতীর্থে গমন করিবে; যেখানে দেবগণের মুখস্বরূপ, বায়ুসারথি ও জ্বলিতমূর্ত্তি স্বয়ং অগ্নিদেব সর্ব্বদাই সন্নিহিত রহিয়াছেন ॥৭৮॥

মানুষ পবিত্র ও সংযতচিত্ত হইয়া, সেই প্রভাসতীর্থে স্নান করিয়া, অগ্নিষ্টোমযজ্ঞ ও অতিরাত্রযজ্ঞের ফললাভ করিবে ॥৭৯॥

তদনন্তর সরস্বতীনদী ও সমুদ্রের সঙ্গমে যাইয়া স্নান করিবে; তাহা হইলে তাহার সহস্রগোদানের ফল হইবে এবং সে স্বর্গলাভ করিবে ॥৮০॥

মানুষ সংযতচিত্ত হইয়া, সরস্বতীসাগর-সঙ্গমে স্নান করিয়া এবং সেখানে তিন দিন বাস করিয়া, পিতৃশ্রাদ্ধ ও দেবপূজা করিবে ॥৮১॥

[৭৭] পিঙ্গলতীর্থমুপস্পৃশ্য...বা ব পি নি। [৭৮]...অনলোঽনিলসারথিঃ—পি।

প্রভাসতে যথা সোমঃ সোঽশ্বমেধঞ্চ বিন্দতি ।
বরদানং ততো গচ্ছেত্তীর্থং ভরতসত্তম ! ॥৮২॥
বিষ্ণোর্দুর্ব্বাসসা যত্র বরো দত্তো যুধিষ্ঠির ! ।
বরদানে নরঃ স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ॥৮৩॥
ততো দ্বারবতীং গচ্ছেন্নিয়তো নিয়তাশনঃ ।
পিণ্ডারকে নরঃ স্নাত্বা লভেদ্বহুসুবর্ণকম্ ॥৮৪॥
তস্মিংস্তীর্থে মহাভাগ ! পদ্মলক্ষণলক্ষিতাঃ ।
অদ্যাপি মুদ্রা দৃশ্যন্তে তদদ্ভুতমরিন্দম ! ॥৮৫॥
ত্রিশূলাঙ্কানি পদ্মানি দৃশ্যন্তে কুরুনন্দন ! ।
মহাদেবস্য সান্নিধ্যং তত্র বৈ পুরুষর্ষভ ! ॥৮৬॥
সাগরস্য চ সিন্ধোশ্চ সঙ্গমং প্রাপ্য ভারত ! ।
তীর্থে সলিলরাজস্য স্নাত্বা প্রয়তমানসঃ ॥৮৭॥

ভারতকৌমুদী

প্রেতি। প্রভাসতে শোভতে, অশ্বমেধম্ অশ্বমেধফলম্। বরদানং তীর্থম্ ॥৮২॥
বিষ্ণোরিতি। দুর্বাসসা তদাখ্যেন মুনিনা। গোসহস্রস্য তদ্দানস্য ফলম্ ॥৮৩॥
তত ইতি। পিণ্ডারকে তদাখ্যে স্থানে, বহুসুবর্ণকং বহুসুবর্ণদানফলম্ ॥৮৪॥
তস্মিন্নিতি। মুদ্রাঃ স্বর্ণস্য। অদ্ভুতম্, তৎকালীনবিষ্ণুব্যবহারসূচনাৎ ॥৮৫॥
ত্রিশূলেতি। ত্রিশূলস্য অঙ্কশ্চিহ্নং যেষু তানি, পদ্মানি স্বর্ণপদ্মানি ॥৮৬॥

সেরূপ করিলে মানুষ চন্দ্রের ন্যায় কান্তিমান্ হইবে এবং অশ্বমেধযজ্ঞের ফললাভ করিবে। ভরতশ্রেষ্ঠ! তাহার পর বরদানতীর্থে যাইবে ॥৮২॥

যুধিষ্ঠির! যেখানে দুর্ব্বাসামুনি বিষ্ণুকে বরদান করিয়াছিলেন, সেই বরদানতীর্থে স্নান করিয়া মানুষ সহস্রগোদানের ফললাভ করিবে ॥৮৩॥

তাহার পর দ্বারকাতীর্থে গমন করিবে। নিরামিষ একাহারাদিনিয়মযুক্ত হইয়া তত্রত্য পিণ্ডারকতীর্থে স্নান করিয়া মানুষ বহুসুবর্ণদানের ফললাভ করিবে ॥৮৪॥

মহাভাগ অরিন্দম! অদ্যাপি সেই তীর্থে পদ্মচিহ্নে চিহ্নিত বহুতর স্বর্ণমুদ্রা দেখিতে পাওয়া যায়; তাহা অদ্ভুতই বটে ॥৮৫॥

এবং পুরুষশ্রেষ্ঠ কুরুনন্দন! ত্রিশূলচিহ্নে চিহ্নিত স্বর্ণপদ্মও দেখিতে পাওয়া যায়। সুতরাং সেখানে মহাদেব সন্নিহিত আছেন ॥৮৬॥

---

[৮২] বিরাজতি যথা সোমো বাজিমেধঞ্চ বিন্দতি...পি।

তর্পয়িত্বা পিতৄন্ দেবানৃষীংশ্চ ভরতর্ষভ !।
প্রাপ্নোতি বারুণং লোকং দীপ্যমানঃ স্বতেজসা ॥৮৮॥ (যুগ্মকম্)

শঙ্কুকর্ণেশ্বরং দেবমর্চ্চয়িত্বা যুধিষ্ঠির !।
অশ্বমেধাদ্দশগুণং প্রবদন্তি মনীষিণঃ ॥৮৯॥

প্রদক্ষিণমুপাবৃত্য গচ্ছেত ভরতর্ষভ !।
তীর্থং কুরুবরশ্রেষ্ঠ ! ত্রিষু লোকেষু বিশ্রুতম্ ॥৯০॥

দমীতি নাম্না বিখ্যাতং সর্ব্বপাপপ্রণাশনম্।
যত্র ব্রহ্মাদয়ো দেবা উপাসন্তে মহেশ্বরম্ ॥৯১॥ (যুগ্মকম্)

তত্র স্নাত্বাঽর্চ্চয়িত্বা চ রুদ্রং দেবগণৈর্বৃতম্।
জন্মপ্রভৃতি যৎ পাপং তৎ স্নাতস্য প্রণশ্যতি ॥৯২॥

দমী চাত্র নরশ্রেষ্ঠ ! সর্ব্বদেবৈরভিষ্টুতঃ।
তত্র স্নাত্বা নরশ্রেষ্ঠ ! হয়মেধমবাপ্নুয়াৎ ॥৯৩॥

ভারতকৌমুদী

সাগরস্যেতি। সিন্ধোর্নদ্যাঃ। সলিলরাজস্য বরুণস্য। স্বস্য তেজসা পুণ্যপ্রভয়া ॥৮৭—৮৮॥

শঙ্খিতি। শঙ্কুবৎ কর্ণৌ যস্য স চাসৌ ঈশ্বরশ্চেতি তম্। দশগুণং ফলম্ ॥৮৯॥

প্রেতি। প্রদক্ষিণমুপাবৃত্য বারুণং তীর্থং প্রদক্ষিণং কৃত্বা নির্গত্য। দময়তি কামমিতি দমী মহেশ্বর এব তদধিষ্ঠিতত্বাত্তীর্থমপি দমি। উপাসন্তে উপাসতে ॥৯০—৯১॥

তত্রেতি। যৎ পাপং বর্ত্ততে, তৎ, স্নাতস্য কৃতস্নানস্য জনস্য, প্রণশ্যতি ॥৯২॥

দমীতি। দমী দমিনাম্না প্রসিদ্ধো রুদ্রঃ। হয়মেধং হয়মেধফলম্ ॥৯৩॥

ভরতনন্দন! তাহার পর সমুদ্র ও সিন্ধুনদীর সঙ্গমে যাইয়া, বরুণতীর্থে স্নান করিয়া, সংযতচিত্তে পিতৃগণ, দেবগণ ও ঋষিগণের তর্পণ করিয়া, আপন তেজে দীপ্তি পাইতে থাকিয়া, বরুণলোকে গমন করিবে ॥৮৭—৮৮॥

আর, তত্রত্য শঙ্কুকর্ণেশ্বরনামক শিবের পূজা করিয়া অশ্বমেধযজ্ঞের দশগুণ ফললাভ করিবে, এ কথা জ্ঞানীরা বলিয়া থাকেন ॥৮৯॥

ভরতবংশপ্রধান কুরুবরশ্রেষ্ঠ যুধিষ্ঠির! সেই বারুণতীর্থ প্রদক্ষিণ করিয়া পরে ত্রিভুবনবিখ্যাত সর্ব্বপাপনাশক দমীনামে প্রসিদ্ধ তীর্থে গমন করিবে; যেখানে ব্রহ্মাদি দেবগণ শিবের উপাসনা করিয়া থাকেন ॥৯০—৯১॥

সেখানে স্নান করিয়া দেবগণবেষ্টিত শিবের পূজা করিলে, জন্মপ্রভৃতি যে পাপ থাকিবে, তাহাই নষ্ট হইবে ॥৯২॥

নরশ্রেষ্ঠ! সেখানে 'দমী'—নামে শিব আছেন, সমস্ত দেবতারা তাঁহার স্তব করেন। সেখানে স্নান করিয়া অশ্বমেধযজ্ঞের ফল পাইবে ॥৯৩॥

---

[৯১] ত্রিমীতি নাম্না বিখ্যাতং সর্ব্বপাপপ্রমোচনম্···পি। তত্র ব্রহ্মাদয়ঃ···বা ব নি।

গত্বা যত্র মহাপ্রাজ্ঞ ! বিষ্ণুনা প্রভবিষ্ণুনা ।
পুরা শৌচং কৃতং রাজন্ ! হত্বা দৈতেয়দানবান্ ॥৯৪॥
ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ ! বসুধারামভিষ্টুতাম্ ।
গমনাদেব তস্যাং হি হয়মেধমবাপ্নুয়াৎ ॥৯৫॥
স্নাত্বা কুরুবরশ্রেষ্ঠ ! প্রয়তাত্মা তু মানবঃ ।
তর্পয়িত্বা পিতৄন্ দেবান্ বিষ্ণুলোকে মহীয়তে ॥৯৬॥
তীর্থে চাত্র সরঃ পুণ্যং বসূনাং ভরতর্ষভ ! ।
তত্র স্নাত্বা চ পীত্বা চ বসূনাং সম্মতো ভবেৎ ॥৯৭॥
সিন্ধূত্তমমিতি খ্যাতং সর্ব্বপাপপ্রণাশনম্ ।
তত্র স্নাত্বা নরশ্রেষ্ঠ ! লভেদ্বহুসুবর্ণকম্ ॥৯৮॥
ভদ্রতুঙ্গং সমাসাদ্য শুচিঃ শীলসমন্বিতঃ ।
ব্রহ্মলোকমবাপ্নোতি গতিঞ্চ পরমাং ব্রজেৎ ॥৯৯॥

ভারতকৌমুদী

গত্বেতি। প্রভবিষ্ণুনা প্রভাবশালিনা। শৌচং স্নাননিবন্ধনা শুচিতা ॥৯৪॥
তত ইতি। বসুধারাং তদাখ্যং তীর্থম্, অভিষ্টুতাং মহর্ষিভিঃ প্রশংসিতাম্ ॥৯৫॥
স্নাত্বেতি। স্নাত্বা বসুধারাতীর্থে, তৎপ্রকরণাৎ। প্রয়তাত্মা সংযতচিত্তঃ ॥৯৬॥
তীর্থ ইতি। অত্র বসুধারাখ্যে। পীত্বা তৎসরোজলম্। সম্মতঃ প্রিয়ঃ ॥৯৭॥
সিন্ধূত্তমমিতি। খ্যাতং তীর্থম্। বহুসুবর্ণকং বহুসুবর্ণদানজনিতং ফলম্ ॥৯৮॥

মহাপ্রাজ্ঞ রাজা ! পূর্ব্বে প্রভাবশালী বিষ্ণু দৈত্যগণ ও দানবগণকে বধ করিয়া যেখানে যাইয়া পবিত্র হইয়াছিলেন ॥৯৪॥

ধর্ম্মজ্ঞ যুধিষ্ঠির ! তাহার পর, মহর্ষিগণপ্রশংসিত বসুধারাতীর্থে গমন করিবে ; সেখানে গমন করিবামাত্রই অশ্বমেধযজ্ঞের ফল পাইবে ॥৯৫॥

হে কৌরবশ্রেষ্ঠ ! মানুষ সংযতচিত্ত হইয়া, সেই বসুধারাতীর্থে স্নান করিয়া, পিতৃগণ ও দেবগণের তর্পণ করিয়া, বিষ্ণুলোকে গমন করে ॥৯৬॥

ভরতশ্রেষ্ঠ ! এই বসুধারাতীর্থে বসুগণের একটী পবিত্র সরোবর আছে, তাহাতে স্নান করিয়া এবং তাহার জল পান করিয়া মানুষ বসুদেবতাগণের প্রীতিভাজন হয় ॥৯৭॥

নরশ্রেষ্ঠ ! সেই বসুধারাতীর্থে 'সিন্ধূত্তম'—নামে সর্ব্বপাপনাশক আর একটী তীর্থ আছে, তাহাতে স্নান করিয়া বহুসুবর্ণদানের ফল লাভ করে ॥৯৮॥

(৯৬)…প্রয়তাত্মা সমাহিতঃ। তর্প্য দেবান্ পিতৄংশ্চৈব…বা ব কা নি। (৯৭) তীর্থঞ্চাপ্যপরং তত্র…সম্মিতো ভবেৎ—পি। (৯৯) ব্রহ্মতুঙ্গং সমাসাদ্য শুচিঃ প্রয়তমানসঃ।… সুকৃতী বিরজা নরঃ—পি।

কুমারিকাণাং শক্রস্য তীর্থং সিদ্ধনিষেবিতম্।
তত্র স্নাত্বা নরশ্রেষ্ঠ! শক্রলোকমবাপ্নুয়াৎ ॥১০০॥
রেণুকায়াশ্চ তত্রৈব তীর্থং সিদ্ধনিষেবিতম্।
তত্র স্নাত্বা ভবেদ্বিপ্রো নির্ম্মলশ্চন্দ্রমা যথা ॥১০১॥
অথ পঞ্চনদং গত্বা নিয়তো নিয়তাশনঃ।
পঞ্চ যজ্ঞানবাপ্নোতি ক্রমশো যেঽনুকীর্ত্তিতাঃ ॥১০২॥
ততো গচ্ছেত রাজেন্দ্র! ভীমায়াঃ স্থানমুত্তমম্।
তত্র স্নাত্বা চ যোন্যাং বৈ নরো ভরতসত্তম! ॥১০৩॥
দেব্যাঃ পুত্রো ভবেদ্রাজন্! রত্নকুণ্ডলবিগ্রহঃ।
গবাং শতসহস্রস্য ফলঞ্চৈবাপ্নুয়ান্মহৎ ॥১০৪॥ (যুগ্মকম্)
শ্রীকুণ্ডস্তু সমাসাদ্য ত্রিষু লোকেষু বিশ্রুতম্।
পিতামহং নমস্কৃত্য গোসহস্রফলং লভেৎ ॥১০৫॥

ভারতকৌমুদী

ভদ্রেতি। ভদ্রতুঙ্গং তদাখ্যং তীর্থম্। ব্রহ্মলোকাদপি পরমাং গতিং মুক্তিম্ ॥৯৯॥

কুমেতি। শক্রস্য কুমারিকাণাং তীর্থমিতি সম্বন্ধঃ, শক্রকুমারিকাতীর্থমিতি নাম ॥১০০॥

রেণুকায়া ইতি। অত্র বিপ্রপদমুপলক্ষণম্, তীর্থে সর্ব্বেষামেবাধিকারাৎ ॥১০১॥

অথেতি। নিয়ত আমিষাদিনিবৃত্তিরূপনিয়মবান্, নিয়তাশন একভক্তাদিকৃৎ। পঞ্চযজ্ঞান্ অধ্যাপনাদীন্ তৎফলমিত্যর্থঃ। অনুকীর্ত্তিতাঃ "অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ" ইত্যাদিনা ॥১০২॥

তত ইতি। ভীমায়া দেব্যাঃ। যোন্যাং যোনিতীর্থে। দেব্যা ভীমায়াঃ ॥১০৩—১০৪॥

তৎপরে ভদ্রতুঙ্গতীর্থে যাইয়া, পবিত্র ও সংযতচিত্ত হইয়া কার্য্য করিলে, ব্রহ্মলোকে যায় এবং তথা হইতে মুক্তিলাভ করে ॥৯৯॥

নরশ্রেষ্ঠ! 'শক্রকুমারিকা—' নামে সিদ্ধসেবিত একটী তীর্থ আছে, তাহাতে স্নান করিয়া মানুষ ইন্দ্রলোকে গমন করে ॥১০০॥

এবং সেইখানেই সিদ্ধসেবিত রেণুকাতীর্থ আছে, তাহাতে স্নান করিয়া মানুষ চন্দ্রের ন্যায় নির্ম্মল হয় ॥১০১॥

তাহার পর, পঞ্চনদে যাইয়া, নিরামিষ একাহারাদিনিয়মে থাকিয়া—ক্রমিক যেগুলি বলা হইয়াছে, সেই পঞ্চযজ্ঞের ফল পায় ॥১০২॥

ভরতশ্রেষ্ঠ রাজেন্দ্র! তাহার পর উত্তম ভীমাদেবীর স্থানে যাইবে এবং তত্রত্য যোনিতীর্থে স্নান করিয়া মানুষ রত্নকুণ্ডলধারী দেবীপুত্র হইবে, আর শতসহস্র গোদানের গুরুতর ফল লাভ করিবে ॥১০৩—১০৪॥

(১০৪).. ফলং প্রাপ্নোতি মানবঃ—বা ব কা। (১০৫). শ্রিরিকুণ্ডং সমাসাদ্য...পি নি।

ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ ! বিমলং তীর্থমুত্তমম্ ।
অদ্যাপি যত্র দৃশ্যন্তে মৎস্যাঃ সৌবর্ণরাজতাঃ ॥১০৬॥
তত্র স্নাত্বা নরব্যাঘ্র ! বাজপেয়মবাপ্নুয়াৎ ।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা গচ্ছেচ্চ পরমাং গতিম্ ॥১০৭॥
বিতস্তাঞ্চ সমাসাদ্য সন্তর্প্য পিতৃদেবতাঃ ।
নরঃ ফলমবাপ্নোতি বাজপেয়স্য ভারত ! ॥১০৮॥
কাশ্মীরেষ্বেব নাগস্য ভবনং তক্ষকস্য চ ।
বিতস্তাখ্যমিতি খ্যাতং সর্ব্বপাপপ্রমোচনম্ ॥১০৯॥
তত্র স্নাত্বা নরো নূনং বাজপেয়মবাপ্নুয়াৎ ।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা গচ্ছেচ্চ পরমাং গতিম্ ॥১১০॥

ভারতকৌমুদী

শ্রীতি। শ্রীকুণ্ডং তদাখ্যং তীর্থম্। পিতামহং ব্রহ্মাণম্ ॥১০৫॥
তত ইতি। বিমলং তদাখ্যম্। সৌবর্ণরাজতাস্তদুভয়বর্ণাঃ ॥১০৬॥
তত্রেতি। বাজপেয়ং বাজপেয়াখ্যযজ্ঞফলম্। পরমাং গতিং মুক্তিম্ ॥১০৭॥
বিতস্তামিতি। বিতস্তাং নদীম্। বাজপেয়স্য তদাখ্যস্য যজ্ঞস্য ॥১০৮॥
কাশ্মীরেষ্বিতি। কাশ্মীরেষু তদাখ্যে দেশ এব, অন্যত্র তু নেতি ভাবঃ ॥১০৯॥
তত্রেতি। তত্র বিতস্তায়াম্, নূনং নিশ্চিতম্, বাজপেয়ং বাজপেয়যজ্ঞফলম্ ॥১১০॥

ত্রিভুবনবিখ্যাত শ্রীকুণ্ডতীর্থে যাইয়া, ব্রহ্মাকে নমস্কার করিয়া, সহস্র গোদানের ফল লাভ করিবে ॥১০৫॥

ধর্ম্মজ্ঞ ! তাহার পর উত্তম বিমলতীর্থে গমন করিবে ; যেখানে অদ্যাপি স্বর্ণবর্ণ ও রৌপ্যবর্ণ মৎস্য সকল দৃষ্টিগোচর হয় ॥১০৬॥

নরশ্রেষ্ঠ ! সেই বিমলতীর্থে স্নান করিয়া বাজপেয়যজ্ঞের ফললাভ করিবে এবং সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া মুক্তিলাভ করিবে ॥১০৭॥

ভরতনন্দন ! বিতস্তা নদীতে যাইয়া, পিতৃগণ ও দেবগণের তর্পণ করিয়া, মানুষ বাজপেয়যজ্ঞের ফল লাভ করে ॥১০৮॥

কাশ্মীরদেশেই তক্ষকনাগের আশ্রয় বিতস্তাতীর্থ বিখ্যাত আছে এবং সে তীর্থ সমস্ত পাপ নষ্ট করে ॥১০৯॥

সেই বিতস্তাতে স্নান করিয়া মানুষ নিশ্চয়ই বাজপেয়যজ্ঞের ফল লাভ করিবে এবং সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া পরম গতি লাভ করিবে ॥১১০॥

---

(১০৭) তত্র স্নাত্বা নরঃ ক্ষিপ্রং বাসবং লোকমাপ্নুয়াৎ—বা ব কা নি ।

তেতো গচ্ছেত বড়বাং ত্রিষু লোকেষু বিশ্রুতাম্।
পশ্চিমায়াস্তু সন্ধ্যায়ামুপস্পৃশ্য যথাবিধি ॥১১১॥
চরুং সপ্তার্চ্চিষে রাজন্! যথাশক্তি নিবেদয়েৎ।
পিতৃণামক্ষয়ং দানং প্রবদন্তি মনীষিণঃ ॥১১২॥ (যুগ্মকম্)
ঋষয়ঃ পিতরো দেবা গন্ধর্ব্বাপ্সরসাং গণাঃ।
গুহ্যকাঃ কিন্নরা যক্ষাঃ সিদ্ধা বিদ্যাধরা নরাঃ ॥১১৩॥
রাক্ষসা দিতিজা রুদ্রা ব্রহ্মা চ মনুজাধিপ!।
নিয়তঃ পরমাং দীক্ষামাস্থায়াব্দসহস্রকীম্ ॥১১৪॥
বিষ্ণোঃ প্রসাদনং কুর্ব্বংশ্চরুঞ্চ শ্রপয়ংস্তথা।
সপ্তভিঃ সপ্তভিশ্চৈব ঋগ্ভিস্তুষ্টাব কেশবম্ ॥১১৫॥ (বিশেষকম্)
দদাবষ্টগুণৈশ্বর্য্যং তেষাং তুষ্টস্তু কেশবঃ।
যথাভিলষিতানন্যান্ কামান্ দত্ত্বা মহীপতে! ॥১১৬॥

ভারতকৌমুদী

তত ইতি। বড়বাং বড়বাখ্যং তীর্থম্। পশ্চিমায়াং সন্ধ্যায়াং সায়ংকালে, উপস্পৃশ্য স্নাত্বা, সপ্তার্চ্চিষে অগ্নয়ে, পিতৃণামুদ্দেশে দানম্ ॥১১১—১১২॥

ঋষয় ইতি। নরাঃ সাত্ত্বিকাঃ। নিয়তো যথাশক্তি উপবাসাদিনিয়মযুক্তঃ, দীক্ষাং বিষ্ণুপূজাসঙ্কল্পম্, আস্থায় অবলম্ব্য, আব্দসহস্রকীং সহস্রবৎসরব্যাপিনীম্। শ্রপয়ন্ বিষ্ণুপূজার্থ এব পচন্, ঋগ্ভিঃ তদ্বিষ্ণোরিত্যাদিভির্মন্ত্রৈঃ। তুষ্টাব হোমেন ব্রহ্মেত্যাসত্তিক্রমেণান্বয়ঃ। ঋষ্যাদয়স্তু তুষ্টুবুরিতি বিপরিণামেন যোজ্যম্ ॥১১৩—১১৫॥

দদাবিতি। অষ্টগুণৈশ্বর্য্যম্ অণিমাদ্যষ্টবিধৈশ্বর্য্যম্। তচ্চ সাংখ্যতত্ত্বকৌমুদ্যামুক্তং যথা—

রাজা! তাহার পর ত্রিভুবনবিখ্যাত বড়বাতীর্থে গমন করিবে এবং সেখানে সায়ংকালে যথাবিধানে স্নান করিয়া, শক্তি অনুসারে অগ্নিদেবকে চরু নিবেদন করিবে; আর সেখানে পিতৃলোকের উদ্দেশে দান করিলে, তাহাতে অক্ষয় ফল হয়, এ কথা জ্ঞানীরা বলিয়া থাকেন ॥১১১—১১২॥

ঋষিগণ, পিতৃগণ, দেবগণ, গন্ধর্ব্বগণ, অপ্সরোগণ, গুহ্যকগণ, কিন্নরগণ, যক্ষগণ, সিদ্ধগণ, বিদ্যাধরগণ, মনুষ্যগণ, রাক্ষসগণ, দৈত্যগণ, রুদ্রগণ এবং ব্রহ্মা বিশেষনিয়মযুক্ত হইয়া, বহুকালের জন্য বিশেষ সঙ্কল্প করিয়া, বিষ্ণুর সন্তোষার্থে চরু পাক করিয়া, সাত সাতটী মন্ত্রদ্বারা বিষ্ণুকে সন্তুষ্ট করিয়াছিলেন ॥১১৩—১১৫॥

তাহাতে বিষ্ণু সন্তুষ্ট হইয়া তাঁহাদিগকে অণিমাদি অষ্টবিধ ঐশ্বর্য্য দান করিয়াছিলেন এবং তাঁহাদের আশানুরূপ অন্যান্য বর দান করিয়া, মেঘে

তত্রৈবান্তর্দধে দেবো বিদ্যুদভ্রেষু বৈ যথা।
নাম্না সপ্তচরুং তেন খ্যাতং লোকেষু ভারত! ॥১১৭॥ (যুগ্মকম্)
গবাং শতসহস্রেণ রাজসূয়শতেন চ।
অশ্বমেধসহস্রেণ শ্রেয়ান্ সপ্তার্চ্চিষশ্চরুঃ ॥১১৮॥
ততো নিবৃত্তো রাজেন্দ্র! রৌদ্রং পদমথাবিশেৎ।
অর্চ্চয়িত্বা মহাদেবমশ্বমেধফলং লভেৎ ॥১১৯॥
মণিমন্তং সমাসাদ্য ব্রহ্মচারী সমাহিতঃ।
একরাত্রোষিতো রাজন্! অগ্নিষ্টোমফলং লভেৎ ॥১২০॥
অথ গচ্ছেত রাজেন্দ্র! দেবিকাং লোকবিশ্রুতাম্।
প্রসূতির্যত্র বিপ্রাণাং শ্রূয়তে ভরতর্ষভ! ॥১২১॥

ভারতকৌমুদী

"অণিমা লঘিমা প্রাপ্তিঃ প্রাকাম্যং মহিমা তথা। ঈশিত্বঞ্চ বশিত্বঞ্চ তথা কামাবসায়িতা।" এষাং বিবরণঞ্চ তত্রৈব দ্রষ্টব্যম্। অভ্রেষু মেঘেষু। নাম্না সপ্তচরুং খ্যাতং তীর্থং বদন্তীতি শেষঃ ॥১১৬—১১৭॥

গবামিতি। শ্রেয়ান্ কৃত ইতি শেষঃ। তেন লক্ষগোদানাদিভ্যোঽপি অগ্নয়ে চরুদানম্ অধিকফলজনকমিত্যর্থঃ ॥১১৮॥

তত ইতি। নিবৃত্তো নির্গতঃ, রৌদ্রং পদং শিবস্থানম্ ॥১১৯॥

মণীতি। মণিমন্তং তদাখ্যং মহাদেবম্। উষিতঃ কৃতবাসঃ ॥১২০॥

অথেতি। দেবিকাং তদাখ্যাং নদীম্। প্রসূতিঃ আদিমা উৎপত্তিঃ ॥১২১॥

বিদ্যুতের ন্যায় সেই স্থানেই অন্তর্হিত হইয়াছিলেন; তাহাতেই সেই স্থানটী 'সপ্তচরু'-নামে জগতে বিখ্যাত হইয়াছে ॥১১৬—১১৭॥

লক্ষগোদান, শত রাজসূয়যজ্ঞ এবং সহস্র অশ্বমেধযজ্ঞ অপেক্ষাও সেখানে অগ্নিকে চরুদান অধিকফলজনক ॥১১৮॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর সে স্থান হইতে নির্গত হইয়া মহাদেবস্থানে গমন করিবে এবং সেখানে মহাদেবকে পূজা করিয়া অশ্বমেধযজ্ঞের ফল লাভ করিবে ॥১১৯॥

রাজা! সেই মণিমান্‌দেবের নিকটে ব্রহ্মচারী ও ধ্যানস্থ হইয়া একরাত্রি বাস করিয়া অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ করিবে ॥১২০॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর জগদ্বিখ্যাত দেবিকাতীর্থে গমন করিবে; ভরত-প্রধান! যেখানে ব্রাহ্মণগণের প্রথম উৎপত্তি শুনা যায় ॥১২১॥

---

(১১৯)···রুদ্রং পদম্···বা ব নি,···রুদ্রা স্পদম্···পি,···অভিগম্য মহাদেবম্···কা।

ত্রিশূলপাণেঃ স্থানঞ্চ যত্র লোকেষু বিশ্রুতম্।
দেবিকায়াং নরঃ স্নাত্বা সমভ্যর্চ্চ্য মহেশ্বরম্ ॥১২২॥
যথাশক্তি চরুং তত্র নিবেদ্য ভরতর্ষভ!।
সর্ব্বকামসমৃদ্ধস্য যজ্ঞস্য লভতে ফলম্ ॥১২৩॥ (যুগ্মকম্)
কামাখ্যং তত্র রুদ্রস্য তীর্থং দেবনিষেবিতম্।
তত্র স্নাত্বা নরঃ ক্ষিপ্রং সিদ্ধিং প্রাপ্নোতি ভারত! ॥১২৪॥
যজনং যাজনঞ্চৈব তথৈব ব্রহ্মবালুকম্।
পুষ্পান্তশ্চ উপস্পৃশ্য ন শোচেন্মরণং গতঃ ॥১২৫॥
অর্দ্ধযোজনবিস্তারাং পঞ্চযোজনমায়তাম্।
এতাবদ্দেবিকামাহুঃ পুণ্যাং দেবর্ষিসেবিতাম্ ॥১২৬॥
ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ! দীর্ঘসত্রং যথাক্রমম্।
যত্র ব্রহ্মর্ষয়ো দেবাঃ সিদ্ধাশ্চ পরমর্ষয়ঃ।
দীর্ঘসত্রমুপাসন্তে দীক্ষিতা নিয়তব্রতাঃ ॥১২৭॥

ভারতকৌমুদী

ত্রিশূলেতি। তস্যাং দেবিকায়াম্। সর্বকামসমৃদ্ধস্য সর্বাঙ্গসম্পন্নস্য ॥১২২—১২৩॥
কামেতি। তত্র দেবিকায়াম্। সিদ্ধিং পাপক্ষয়নিষ্পত্তিম্ ॥১২৪॥
যজনমিতি। যজনাদীনি তত্রত্যতীর্থানাং নামানি। উপস্পৃশ্য স্নাত্বা ॥১২৫॥
নম্বল্লায়াং দেবিকায়াং কথং কামাখ্যাদীনি পঞ্চ তীর্থানীত্যাহ অর্দ্ধেতি ॥১২৬॥

এবং যেখানে ত্রিভুবনবিখ্যাত শিবস্থান রহিয়াছে; সেই দেবিকানদীতে স্নান করিয়া, শিবের পূজা এবং তাঁহাকে যথাশক্তি চরু নিবেদন করিয়া মানুষ সর্ব্বাঙ্গসম্পন্ন যজ্ঞের ফল লাভ করে ॥১২২—১২৩॥

সেই দেবিকাতে দেবসেবিত কামনামে শিবতীর্থ আছে; ভরতনন্দন। তাহাতে স্নান করিয়া মানুষ সত্বর সিদ্ধি লাভ করে ॥১২৪॥

এবং দেবিকাতে যজন, যাজন, ব্রহ্মবালুক ও পুষ্পান্তনামে চারিটী তীর্থ আছে, তাহাতে স্নান করিয়া পরজন্মে শোকভাগী হয় না ॥১২৫॥

প্রত্যক্ষদর্শীরা বলেন—দেবিকাতীর্থ বিস্তারে অর্দ্ধযোজন এবং দৈর্ঘ্যে পঞ্চযোজন, পবিত্র ও দেবর্ষিসেবিত ॥১২৬॥

ধর্ম্মজ্ঞ। তাহার পর যথাক্রমে দীর্ঘসত্রতীর্থে গমন করিবে; যেখানে ব্রহ্মর্ষিগণ, দেবগণ, সিদ্ধগণ ও মহর্ষিগণ কৃতসঙ্কল্প ও নিয়মযুক্ত হইয়া দীর্ঘকাল যজ্ঞ করিয়া থাকেন ॥১২৭॥

(১২৪)—প্রাপ্নোতি মানবঃ—বা ব কা।

গমনাদেব রাজেন্দ্র ! দীর্ঘসত্রমরিন্দম ! ।
রাজসূয়াশ্বমেধাভ্যাং ফলং প্রাপ্নোতি মানবঃ ॥১২৮॥
ততো বিনশনং গচ্ছেন্নিয়তো নিয়তাশনঃ ।
গচ্ছত্যন্তর্হিতা যত্র মেরুপৃষ্ঠে সরস্বতী ॥১২৯॥
চমসে চ শিবোদ্ভেদে নাগোদ্ভেদে চ দৃশ্যতে ।
স্নাত্বা চ চমসোদ্ভেদে অগ্নিষ্টোমফলং লভেৎ ॥১৩০॥
শিবোদ্ভেদে নরং স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ।
নাগোদ্ভেদে নরঃ স্নাত্বা নাগলোকমবাপ্নুয়াৎ ॥১৩১॥
শশযানঞ্চ রাজেন্দ্র ! তীর্থমাসাদ্য দুর্লভম্ ।
শশরূপপ্রতিচ্ছন্নাঃ পুষ্করা যত্র ভারত ! ॥১৩২॥
সরস্বত্যাং মহারাজ ! অনুসংবৎসরং হি তে ।
দৃশ্যন্তে ভরতশ্রেষ্ঠ ! বৃত্তাং বৈ কার্ত্তিকীং সদা ॥১৩৩॥

ভারতকৌমুদী

তত ইতি। দীর্ঘসত্রং তদাখ্যং তীর্থম্। উপাসন্তে উপাসতে। ষট্পাদমিদং পঞ্চম্ ॥১২৭॥
গমনাদিতি। দীর্ঘসত্রং প্রতি। রাজসূয়াশ্বমেধাভ্যাং তৎফলাভ্যাং তুল্যম্ ॥১২৮॥
তত ইতি। বিনশনং তদাখ্যং তীর্থম্। মেরুপৃষ্ঠে সুমেরুপর্ব্বতে ॥১২৯॥
চমস ইতি। চমসাদীনি বিনশনস্থানবিশেষনামানি। দৃশ্যতে সরস্বতী ॥১৩০॥
শিবেতি। গোসহস্রস্য গোসহস্রদানস্য ফলম্ ॥১৩১॥
শশেতি। শশযানং তদাখ্যম্। ননু তত্তীর্থস্য শশযানমিতি নাম কথমিত্যাহ শশেতি। যত্র তীর্থে, তে প্রসিদ্ধাঃ, পুষ্করাঃ সারসাঃ পক্ষিণঃ, শশরূপেণ শশাখ্যহরিণাকৃত্যা প্রতিচ্ছন্না

অরিন্দম রাজশ্রেষ্ঠ! মানুষ দীর্ঘসত্রতীর্থে গমন করিয়াই রাজসূয় ও অশ্বমেধযজ্ঞের ফল লাভ করে ॥১২৮॥

তাহার পর নিরামিষ একভক্তাদিনিয়মযুক্ত হইয়া বিনশনতীর্থে গমন করিবে। যেখানে সরস্বতীনদী অন্তর্হিত হইয়া মেরুপৃষ্ঠে গিয়াছে ॥১২৯॥

আর, চমস, শিবোদ্ভেদ ও নাগোদ্ভেদে সরস্বতীকে দেখা যায়। সেই চমসোদ্ভেদে স্নান করিয়া অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ করিবে ॥১৩০॥

মানুষ শিবোদ্ভেদে স্নান করিয়া সহস্রগোদানের ফল লাভ করিবে এবং নাগোদ্ভেদে স্নান করিয়া নাগলোকে গমন করিবে ॥১৩১॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর দুর্লভ শশযানতীর্থে গমন করিবে; ভরতনন্দন মহারাজ! যেখানে সেই সারসপক্ষিগণ শশরূপ ধারণ করিয়া প্রতিবৎসর

(১২৮)…প্রাপ্নোতি ভারত! বা ব কা। (১৩৩)…বৃত্তা বৈ কার্ত্তিকীং সদা—বা ব কা।

তত্র স্নাত্বা নরব্যাঘ্র! দ্যোততে শশিবৎ সদা।
গোসহস্রফলঞ্চৈব প্রাপ্নুয়াদ্ভরতর্ষভ! ॥১৩৪॥ (বিশেষকম্)

কুমারকোটীমাসাদ্য নিয়তঃ কুরুনন্দন!।
তত্রাভিষেকং কুর্বীত পিতৃদেবার্চ্চনে রতঃ ॥১৩৫॥

গবাময়নমাপ্নোতি কুলঞ্চৈব সমুদ্ধরেৎ।
ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ! রুদ্রকোটীং সমাহিতঃ ॥১৩৬॥

পুরা যত্র মহারাজ! মুনিকোটিঃ সমাগতা।
হর্ষেণ মহতাবিষ্টা রুদ্রদর্শনকাঙ্ক্ষয়া ॥১৩৭॥

অহং পূর্ব্বমহং পূর্ব্বং দ্রক্ষ্যামি বৃষভধ্বজম্।
এবং সম্প্রস্থিতা রাজন্নৃষয়ঃ কিল ভারত! ॥১৩৮॥

ততো যোগেশ্বরেণাপি যোগমাস্থায় ভূপতে!।
তেষাং মন্যুপ্রণাশার্থমৃষীণাং ভাবিতাত্মনাম্ ॥১৩৯॥

ভারতকৌমুদী

গুপ্তস্বরূপাঃ সন্তঃ, অনুসম্বৎসরং প্রতিবৎসরম্, বৃত্তাং জাতাম্, কার্ত্তিকীং কার্ত্তিকমাসপূর্ণিমাং প্রাপ্য, সরস্বত্যাং নক্তাং দৃশ্যন্তে, তত্র স্নাত্বা ॥১৩২—১৩৪॥

কুমারেতি। কুমারকোটীং তদাখ্যং তীর্থম্, নিয়ত উপবাসাদিনিয়মবান্ ॥১৩৫॥

গবামিতি। গবাময়নং তদাখ্যং যজ্ঞং তৎফলমিত্যর্থঃ। রুদ্রকোটীং তীর্থম্ ॥১৩৬॥

পুরেতি। মুনিকোটিঃ কোটিসংখ্যকা মুনয়ঃ ॥১৩৭॥

অহমিতি। এবং ব্রুবন্ত ইতি শেষঃ, সম্প্রস্থিতা রুদ্রান্তিকং গন্তুং প্রবৃত্তাঃ ॥১৩৮॥

কার্ত্তিকী পূর্ণিমার দিন সরস্বতীনদীতে লোকের দৃষ্টিগোচর হইয়া থাকে; সেই শশযানতীর্থে স্নান করিয়া সর্বদা চন্দ্রের ন্যায় কান্তিমান্ হইয়া থাকে এবং সহস্রগোদানের ফল লাভ করে ॥১৩২–১৩৪॥

কুরুনন্দন। তাহার পর কোন নিয়মযুক্ত হইয়া কুমারকোটীতীর্থে যাইয়া স্নান করিবে এবং পিতৃদেবার্চ্চনে ব্যাপৃত হইবে ॥১৩৫॥

তাহা হইলে সে লোক গবাময়নযজ্ঞের ফল লাভ করিবে এবং আত্মবংশ উদ্ধার করিতে পারিবে। তৎপরে সংযত হইয়া রুদ্রকোটীতীর্থে গমন করিবে ॥১৩৬॥

মহারাজ! পূর্বকালে যে তীর্থে কোটীসংখ্যক মুনি রুদ্রকে দেখিবার ইচ্ছায় অত্যন্ত হর্ষাবিষ্ট হইয়া আসিয়াছিলেন ॥১৩৭॥

ভরতনন্দন রাজা! 'আমি আগে মহাদেবকে দেখিব, আমি আগে মহাদেবকে দেখিব' এইরূপ বলিতে থাকিয়া ঋষিরা যাইতে লাগিলেন ॥১৩৮॥

[১৩৬] গবাময়ুতমাপ্নোতি...বা ব কা।

স্থষ্টা কোটীতি রুদ্রাণামৃষীণামগ্রতঃ স্থিতা।
ময়া পূর্বতরং দৃষ্ট ইতি তে মেনিরে পৃথক্ ॥১৪০॥ (যুগ্মকম্)
তেষাং তুষ্টো মহাদেবো মুনীনাং ভাবিতাত্মনাম্।
ভক্ত্যা পরময়া রাজন্! বরং তেষাং প্রদিষ্টবান্।
অদ্যপ্রভৃতি যুষ্মাকং ধর্ম্মবৃদ্ধির্ভবিষ্যতি ॥১৪১॥
তত্র স্নাত্বা নরব্যাঘ্র! রুদ্রকোট্যাং নরঃ শুচিঃ।
অশ্বমেধমবাপ্নোতি কুলঞ্চৈব সমুদ্ধরেৎ ॥১৪২॥
ততো গচ্ছেত রাজেন্দ্র! সঙ্গমং লোকবিশ্রুতম্।
সরস্বত্যা মহাপুণ্যং কেশবং সমুপাসতে ॥১৪৩॥
যত্র ব্রহ্মাদয়ো দেবা ঋষয়ঃ সিদ্ধচারণাঃ।
অভিগচ্ছন্তি রাজেন্দ্র! চৈত্রশুক্লচতুর্দ্দশীম্ ॥১৪৪॥

ভারতকৌমুদী

তত ইতি। যোগং যোগজাং শক্তিম্। মন্যুপ্রণাশার্থং দৈন্যনিবারণার্থম্। ঋষীণাং প্রত্যেকমগ্রতঃ স্থিতা রুদ্রাণাং কোটী স্থষ্টা, ইতি হেতোঃ, তে ঋষয়ঃ ॥১৩৯—১৪০॥

তেষামিতি। প্রদিষ্টবান্ দত্তবান্। কোঽসৌ বর ইত্যাহ অদ্যেতি। ষট্‌পাদমিদং পদ্যম্ ॥১৪১॥

তত্রেতি। অশ্বমেধম্ অশ্বমেধযজ্ঞফলম্ ॥১৪২॥

তত ইতি। সমুপাসতে যত্র মুনয় ইতি শেষঃ ॥১৪৩॥

রাজা! তখন মহাদেবও যোগপ্রভাব অবলম্বন করিয়া, সেই বিশুদ্ধচিত্ত ঋষিদের দৈন্যনিবারণের জন্য, তাঁহাদের প্রত্যেকের সম্মুখে (এক একটী হিসাবে) এককোটি রুদ্র হইলেন; এই কারণে সেই ঋষিরা প্রত্যেকেই 'আমি আগে দেখিয়াছি' এইরূপ ধারণা করিলেন ॥১৩৯–১৪০॥

রাজা! তৎপরে মহাদেব সেই বিশুদ্ধচিত্ত ঋষিদের পরম ভক্তিতে তাঁহাদের উপরে সন্তুষ্ট হইয়া বর দিলেন যে, 'আজ হইতে তোমাদের ধর্ম্মবৃদ্ধি হইবে' ॥১৪১॥

নরশ্রেষ্ঠ! মানুষ সেই রুদ্রকোটীতীর্থে স্নান করিয়া নিষ্পাপ হইবে, অশ্বমেধযজ্ঞের ফল লাভ করিবে এবং কুল উদ্ধার করিতে পারিবে ॥১৪২॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর জগদ্বিখ্যাত মহাপুণ্য সরস্বতীসঙ্গমে গমন করিবে, যেখানে মুনিরা নারায়ণের উপাসনা করিয়া থাকেন ॥১৪৩॥

রাজশ্রেষ্ঠ! ব্রহ্মাদিদেবগণ, ঋষিগণ, সিদ্ধগণ ও চারণগণ চৈত্রমাসের শুক্লপক্ষের চতুর্দ্দশী লক্ষ্য করিয়া যেখানে স্নান করিতে যাইয়া থাকেন ॥১৪৪॥

---

(১৪১)···মহাদেব ঋষীণামুগ্রতেজসাম্···পি। (১৪৪)···ঋষয়শ্চ তপোধনাঃ···বা ব কা নি।

তত্র স্নাত্বা নরব্যাঘ্র! বিন্দেদ্বহুসুবর্ণকম্।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা ব্রহ্মলোকঞ্চ গচ্ছতি ॥১৪৫॥
ঋষীণাং যত্র সত্রাণি সমাপ্তানি নরাধিপ!।
সত্রাবসানমাসাদ্য গোসহস্রফলং লভেৎ ॥১৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং নানাতীর্থকথনে সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ

—:(*):—

পুলস্ত্য উবাচ।

ততো গচ্ছেত রাজেন্দ্র! কুরুক্ষেত্রমভিষ্টুতম্।
পাপেভ্যো যত্র মুচ্যন্তে দর্শনাৎ সর্ব্বজন্তবঃ ॥১॥
কুরুক্ষেত্রং গমিষ্যামি কুরুক্ষেত্রে বসাম্যহম্।
য এবং সততং ব্রূয়াৎ সোঽপি পাপৈর্বিমুচ্যতে ॥২॥

ভারতকৌমুদী

যত্রেতি। চৈত্রশুক্লচতুর্দ্দশীম্ অভি লক্ষীকৃত্য, গচ্ছন্তি স্নাতুমিতি শেষঃ ॥১৪৪॥
তত্রেতি। বহুসুবর্ণকং বহুসুবর্ণদানজন্যং ফলম্, বিন্দেৎ লভেত ॥১৪৫॥
ঋষীণামিতি। সত্রাণি যজ্ঞাঃ। তৎ সত্রাবসানং তদাখ্যং তীর্থম্ ॥১৪৬॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সপ্তষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

—•:০:•—

তত ইতি। অভিষ্টুতং পুণ্যস্থানত্বেন মুনিভিঃ প্রশংসিতম্। দর্শনাত্তস্যৈব ॥১॥

নরশ্রেষ্ঠ! সেই সরস্বতীসঙ্গমে স্নান করিয়া মানুষ বহুসুবর্ণদানের ফল পায় এবং সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া ব্রহ্মলোকে গমন করে ॥১৪৫॥

আর, রাজা! যেখানে ঋষিদের যজ্ঞ সমাপ্ত হইয়াছিল, সেই সত্রাবসান-তীর্থে যাইয়া মানুষ সহস্রগোদানের ফল লাভ করিবে ॥১৪৬॥

—:০:—

পুলস্ত্য বলিলেন—'রাজশ্রেষ্ঠ! তাহার পর সর্বতোভাবে প্রশংসিত কুরুক্ষেত্রে গমন করিবে; যেখানে দর্শনমাত্রেই সকল প্রাণী পাপ হইতে মুক্ত হয় ॥১॥

* '...ষ্যশীতিতমঃ...বা ব কা পি, '...অশীতিতমঃ...' নি। (২)...ব্রূয়াৎ সর্বপাপৈঃ প্রমুচ্যতে—বা ব কা।

পাংশবোঽপি কুরুক্ষেত্রে বায়ুনা সমুদীরিতাঃ।
অপি দুষ্কৃতকর্ম্মাণং নয়ন্তি পরমাং গতিম্ ॥৩॥
দক্ষিণেন সরস্বত্যা দৃষদ্বত্যুত্তরেণ চ।
যে বসন্তি কুরুক্ষেত্রে তে বসন্তি ত্রিপিষ্টপে ॥৪॥
তত্র মাসং বসেদ্ধীরঃ সরস্বত্যাং নরাধিপ!।
যত্র ব্রহ্মাদয়ো দেবা ঋষয়ঃ সিদ্ধচারণাঃ ॥৫॥
গন্ধর্ব্বাপ্সরসো যক্ষাঃ পন্নগাশ্চ মহীপতে!।
ব্রহ্মক্ষেত্রং মহাপুণ্যমভিগচ্ছন্তি ভারত! ॥৬॥ (যুগ্মকম্)
মনসাঽপ্যভিকামস্য কুরুক্ষেত্রং যুধিষ্ঠির!।
পাপানি বিপ্রণশ্যন্তি ব্রহ্মলোকঞ্চ গচ্ছতি ॥৭॥

ভারতকৌমুদী

কুর্বিতি। স্তুত্যর্থবাদোঽয়ম্। এবমপরেঽপি ॥২॥
পাংশব ইতি। পাংশবোঽপি ধূলয়োঽপি, সমুদীরিতাঃ প্রেরিতাঃ ॥৩॥
দক্ষিণেনেতি। ত্রিপিষ্টপে স্বর্গে। কুরুক্ষেত্রস্য সোঽংশঃ স্বর্গতুল্য ইত্যাশয়ঃ ॥৪॥
তত্রেতি। তত্র কুরুক্ষেত্রাংশে। ব্রহ্মক্ষেত্রং তপস্যাস্থানম্ ॥৫—৬॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৫॥ "ততো গচ্ছেত রাজেন্দ্র! কুরুক্ষেত্র"মিতি কুরুক্ষেত্রপ্রস্তাবে বৃহস্পতি-রুবাচ যাজ্ঞবল্ক্যং—"যদনুকুরুক্ষেত্রং দেবানাং দেবযজনং সর্ব্বেষাং ভূতানাং ব্রহ্মসদন"মিতি। জাবালোপনিষৎসু প্রসিদ্ধমনুকুরুক্ষেত্রং স্তৌতি ব্রহ্মক্ষেত্রমিতি ॥৬॥ কুৎসিতং রৌতীতি কুরু পাপং তস্য ক্ষেপণাৎ ত্রায়ত ইতি কুরুক্ষেত্রং পাপনিবর্ত্তকং ব্রহ্মোপলব্ধিস্থানত্বাদ্ ব্রহ্মসদন-মিতি শ্রৌতপদদ্বয়ার্থং সংগৃহ্যাত্যর্দ্ধেন পাপানি চ প্রণশ্যন্তি ব্রহ্মলোকঞ্চ গচ্ছতি, ব্রহ্মৈব

'আমি কুরুক্ষেত্রে যাইব এবং কুরুক্ষেত্রে বাস করিব' এইরূপ সর্ব্বদা যে বলে, সেও পাপ হইতে মুক্ত হয় ॥২॥

কুরুক্ষেত্রের ধূলিগুলিও বায়ুকর্ত্তৃক সঞ্চালিত হইয়া পাপিষ্ঠলোকেরও উত্তম গতি সম্পাদন করে ॥৩॥

সরস্বতীনদীর দক্ষিণ এবং দৃষদ্বতীনদীর উত্তর, কুরুক্ষেত্রের এইস্থানে যাহারা বাস করে, তাহারা স্বর্গেই বাস করে ॥৪॥

ভরতনন্দন নরনাথ রাজা! জ্ঞানী লোক সরস্বতীনদীর সেই স্থানে এক মাস বাস করিবে; যে স্থানে ব্রহ্মাদিদেবগণ, ঋষিগণ, সিদ্ধগণ, চারণগণ, গন্ধর্ব্বগণ, অপ্সরোগণ, যক্ষগণ ও নাগগণ মহাপুণ্য তপস্যাক্ষেত্র বলিয়া গমন করিয়া থাকেন ॥৫—৬॥

[৫] তত্র মাসং বসেদ্ধীর! ধিযুসরস্বত্যাংস্তির।...বা ব কা।

গত্বা হি শ্রদ্ধয়া যুক্তঃ কুরুক্ষেত্রং কুরূদ্বহ !।
ফলং প্রাপ্নোতি চ তদা রাজসূয়াশ্বমেধয়োঃ ॥৮॥
ততো মঙ্কণকং নাম দ্বারপালং মহাবলম্।
যক্ষং সমভিবাদ্যৈব গোসহস্রফলং লভেৎ ॥৯॥
ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ ! বিষ্ণোঃ স্থানমনুত্তমম্।
সততং নাম রাজেন্দ্র ! যত্র সন্নিহিতো হরিঃ ॥১০॥
তত্র স্নাত্বা চ নত্বা চ ত্রিলোকপ্রভবং হরিম্।
অশ্বমেধমবাপ্নোতি বিষ্ণুলোকঞ্চ গচ্ছতি ॥১১॥
ততঃ পারিপ্লবং গচ্ছেত্তীর্থং ত্রৈলোক্যবিশ্রুতম্।
অগ্নিষ্টোমাতিরাত্রাভ্যাং ফলং প্রাপ্নোতি মানবঃ ॥১২॥

ভারতকৌমুদী

মনসেতি। কুরুক্ষেত্রমুদ্দিশ্য, অভিকামস্য গমনাভিলাষিণঃ ॥৭॥
গত্বেতি। শ্রদ্ধা কুরুক্ষেত্রতীর্থস্য পুণ্যজনকত্বেন বিশ্বাসস্তয়া ॥৮॥
তত ইতি। সমভিবাদ্যৈব অষ্টাঙ্গৈর্নমস্কৃত্যৈব, গোসহস্রস্য তদ্দানস্য ফলম্ ॥৯॥
তত ইতি। ন বিদ্যতে উত্তমং যস্মাৎ তদনুত্তমং সর্ব্বোত্তমং তীর্থমিত্যর্থঃ ॥১০॥
তত্রেতি। প্রভবত্যস্মাদিতি প্রভবঃ কারণম্, "যতো বা ইমানি ভূতানি জায়ন্তে" ইত্যাদিঃ শ্রুতেঃ "জন্মাদ্যস্য যতঃ" ইতি শারীরকসূত্রাচ্চেতি ভাবঃ ॥১১॥
তত ইতি। অগ্নিষ্টোমাতিরাত্রাভ্যাং তদাখ্যয়োর্যজ্ঞয়োঃ ॥১২॥

যুধিষ্ঠির! মনে মনেও কুরুক্ষেত্রে গমনাভিলাষী লোকের সমস্ত পাপ নষ্ট হয় এবং সে—ব্রহ্মলোকে গমন করে ॥৭॥

কৌরবশ্রেষ্ঠ। শ্রদ্ধাশীল লোক কুরুক্ষেত্রে গমন করিয়াই রাজসূয় ও অশ্বমেধযজ্ঞের ফল লাভ করে ॥৮॥

তাহার পর মহাবল ও দ্বারপাল 'মঙ্কণক'—নামক যক্ষকে অষ্টাঙ্গে নমস্কার করিয়াই সহস্রগোদানের ফল লাভ করিবে ॥৯॥

ধর্ম্মজ্ঞ রাজশ্রেষ্ঠ। তদনন্তর সর্ব্বতীর্থশ্রেষ্ঠ বিষ্ণুস্থানে গমন করিবে। যেখানে বিষ্ণু সর্ব্বদাই সন্নিহিত আছেন ॥১০॥

সেখানে স্নান করিয়া এবং ত্রিভুবনকারণ বিষ্ণুকে নমস্কার করিয়া অশ্বমেধযজ্ঞের ফল লাভ করে এবং বিষ্ণুলোকে গমন করে ॥১১॥

তাহার পর মানুষ ত্রিভুবনবিখ্যাত পারিপ্লবতীর্থে গমন করিবে, তাহাতেই অগ্নিষ্টোম ও অতিরাত্রযজ্ঞের ফল লাভ করিবে ॥১২॥

[৯] ততো মচক্রুকং রাজন্!···পি, ততশ্চ মঙ্ককং রাজন্!···নি। [১২]···ফলং প্রাপ্নোতি ভারত! বা ব কা নি।

পৃথিবীতীর্থমাসাদ্য গোসহস্রফলং লভেৎ।
ততঃ শালূকিনীং গত্বা তীর্থসেবী নরাধিপ ! ॥১৩॥
দশাশ্বমেধে স্নাত্বা চ তদেব ফলমাপ্নুয়াৎ।
সর্পদেবীং সমাসাদ্য নাগানাং তীর্থমুত্তমম্ ॥১৪॥
অগ্নিষ্টোমমবাপ্নোতি নাগলোকঞ্চ বিন্দতি।
ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ ! দ্বারপালং তরন্তুকম্ ॥১৫॥ (বিশেষকম্)
তত্রোষ্য রজনীমেকাং গোসহস্রফলং লভেৎ।
ততঃ পঞ্চনদং গত্বা নিয়তো নিয়তাশনঃ ॥১৬॥
কোটিতীর্থমুপস্পৃশ্য হয়মেধফলং লভেৎ।
অশ্বিনোস্তীর্থমাসাদ্য রূপবানভিজায়তে ॥১৭॥ (যুগ্মকম্)
ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ ! বারাহং তীর্থমুত্তমম্।
বিষ্ণুর্ব্বরাহরূপেণ পূর্ব্বং যত্র স্থিতোঽভবৎ ॥১৮॥

ভারতকৌমুদী

পৃথিবীতি। তত্রত্যপৃথিব্যাখ্যতীর্থমিত্যর্থঃ। শালূকিনীং নদীম্, দশাশ্বমেধে তদাখ্যস্থানে। তদেব গোসহস্রদানজন্যমেব। সর্পদেবীং তদাখ্যাম্। অগ্নিষ্টোমং তদ্‌যজ্ঞফলম্। তরন্তুকং তন্নামকম্ ॥১৩—১৫॥

তত্রেতি। উষ্য বাসং কৃত্বা। নিয়তো নিরামিষাহারানিয়মবান্, নিয়তাশন একভক্তাদিনিয়মযুক্তশ্চ। কোটিতীর্থং প্রাপ্যেতি শেষঃ, উপস্পৃশ্য তত্র স্নাত্বা ॥১৬—১৭॥

তত ইতি। বারাহনাম্নঃ কারণমাহ বিষ্ণুরিতি ॥১৮॥

নরনাথ ! তদনন্তর তীর্থসেবী লোক পৃথিবীতীর্থে যাইয়া সহস্রগোদানের ফল লাভ করিবে। তৎপরে শালূকিনীনদীতে যাইয়া দশাশ্বমেধস্থানে স্নান করিয়া সেই সহস্রগোদানের ফলই পাইবে। তৎপরে উত্তম নাগতীর্থ সর্পদেবীতে যাইয়া অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ করে এবং নাগলোকে গমন করে। ধর্ম্মজ্ঞ ! তাহার পর 'তরন্তুক'—নামক দ্বারপালের নিকট যাইবে ॥১৩—১৫॥

সেখানে একরাত্রি বাস করিয়া সহস্রগোদানের ফল লাভ করিবে। তৎপরে পঞ্চনদে যাইয়া, নিরামিষ একভক্তাদিনিয়মযুক্ত হইয়া, তত্রত্য কোটিতীর্থে স্নান করিয়া, অশ্বমেধযজ্ঞের ফল লাভ করিবে। তৎপরে অশ্বিনীকুমারদ্বয়ের তীর্থে যাইয়া রূপবান্ হইবে ॥১৬—১৭॥

ধর্ম্মজ্ঞ ! তাহার পর উত্তম বারাহতীর্থে গমন করিবে; যেখানে পূর্ব্বে বিষ্ণু বরাহরূপে অবস্থান করিয়াছিলেন ॥১৮॥

[১৫]…নাগলোকঞ্চ গচ্ছতি…দ্বারপালমবর্ণকম্—পি।

তত্র স্নাত্বা নরব্যাঘ্র ! অগ্নিষ্টোমফলং লভেৎ।
ততো জয়ন্ত্যাং রাজেন্দ্র ! সোমতীর্থং সমাবিশেৎ ॥১৯॥
স্নাত্বা ফলমবাপ্নোতি রাজসূয়স্য মানবঃ।
একহংসে নরঃ স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ॥২০॥
কৃতশৌচং সমাসাদ্য তীর্থসেবী নরাধিপ !।
পুণ্ডরীকমবাপ্নোতি কৃতশৌচো ভবেচ্চ সঃ ॥২১॥
ততো মুঞ্জবটং নাম স্থাণোঃ স্থানং মহাত্মনঃ।
উপোষ্য রজনীমেকাং গাণপত্যমবাপ্নুয়াৎ ॥২২॥
তত্রৈব চ মহারাজ ! যক্ষিণীং লোকবিশ্রুতাম্।
স্নাত্বাভিগম্য রাজেন্দ্র ! সর্বান্ কামানবাপ্নুয়াৎ ॥২৩॥
কুরুক্ষেত্রস্য তদ্দ্বারং বিশ্রুতং ভরতর্ষভ !।
প্রদক্ষিণমুপাবৃত্য তীর্থসেবী সমাহিতঃ ॥২৪॥

ভারতকৌমুদী

তত্রেতি। অগ্নিষ্টোমস্য যজ্ঞস্য ফলম্। জয়ন্ত্যাং তদাখ্যস্থানে ॥১৯॥
স্নাত্বেতি। একহংসে তদাখ্যে তীর্থে। গোসহস্রস্য তদ্দানস্য ফলম্ ॥২০॥
কৃতেতি। কৃতশৌচং তন্নামকম্। পুণ্ডরীকং পুণ্ডরীকাক্ষং বিষ্ণুম্ ॥২১॥
তত ইতি। স্থাণোঃ শিবস্য উপ লক্ষীকৃত্য উষ্য স্থিত্বা গাণপত্যং প্রমথপ্রাধান্যম্ ॥২২॥
তত্রেতি। লোকবিশ্রুতাং যক্ষিণীমভিগম্য স্নাত্বেতি সম্বন্ধঃ ॥২৩॥

নরশ্রেষ্ঠ রাজেন্দ্র ! সেই বারাহতীর্থে স্নান করিয়া অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ করিবে। তাহার পর জয়ন্তীনগরে সোমতীর্থে প্রবেশ করিবে ॥১৯॥

সেখানে স্নান করিয়া মানুষ রাজসূয়যজ্ঞের ফল লাভ করে এবং একহংস-তীর্থে স্নান করিয়া সহস্রগোদানের ফল পাইবে ॥২০॥

নরনাথ ! তৎপরে তীর্থসেবী লোক 'কৃতশৌচ'—নামক তীর্থে যাইয়া বিষ্ণুকে লাভ করিবে এবং পরমপবিত্র হইবে ॥২১॥

তাহার পর মহাত্মা শিবের 'মুঞ্জবট'-নামক স্থানে যাইয়া একরাত্রি বাস করিয়া, প্রমথগণের মধ্যে প্রাধান্য লাভ করিবে ॥২২॥

মহারাজ ! সেই স্থানেই জগদ্বিখ্যাত যক্ষিণীর নিকটে যাইয়া স্নান করিয়া সমস্ত অভীষ্ট লাভ করিবে ॥২৩॥

ভরতশ্রেষ্ঠ ! সেই স্থানটী বিখ্যাত কুরুক্ষেত্রের দ্বার; সুতরাং তীর্থসেবী

---

[২২]···নাম মহাদেবস্য ধীমতঃ। তত্রোষ্য···পি। [২৩]···যক্ষীং লোকপরিশ্রুতাম্···পি।

সন্নিতে পুষ্করাণাঞ্চ স্নাত্বার্চ্চ্য পিতৃদেবতাঃ।
জামদগ্ন্যেন রামেণ কৃতং তৎ সুমহাত্মনা ॥২৫॥
কৃতকৃত্যো ভবেদ্রাজন্নশ্বমেধঞ্চ বিন্দতি।
ততো রামহ্রদান্ গচ্ছেত্তীর্থসেবী সমাহিতঃ ॥২৬॥ (বিশেষকম্)
যত্র রামেণ রাজেন্দ্র! তরসা দীপ্ততেজসা।
ক্ষত্রমুৎসাদ্য বীরেণ হ্রদাঃ পঞ্চ নিবেশিতাঃ ॥২৭॥
পূরয়িত্বা নরব্যাঘ্র! রুধিরেণেতি নঃ শ্রুতম্।
পিতরস্তর্পিতাঃ সর্বে তথৈব প্রপিতামহাঃ ॥২৮॥ (যুগ্মকম্)
ততস্তে পিতরঃ প্রীতা রামমূচুর্নরাধিপ!
রাম! রাম! মহাভাগ! প্রীতাঃ স্ম তব ভার্গব! ॥২৯॥
অনয়া পিতৃভক্ত্যা চ বিক্রমেণ চ তে প্রভো!।
বরং বৃণীষ ভদ্রং তে কিমিচ্ছসি মহাদ্যুতে! ॥৩০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

কুর্বিতি। প্রদক্ষিণমুপাবৃত্য প্রদক্ষিণং কৃত্বাগত্য। পুষ্করাণাং সন্নিতে পুষ্করতীর্থতুল্যে তস্মিন্ কুরুক্ষেত্রদ্বারে। আর্চ্চ্য পূজয়িত্বা। সমাহিত একাগ্রচিত্তঃ ॥২৪—২৬॥

যত্রেতি। তরসা বলেন। নিবেশিতাঃ কৃতাঃ। নঃ অস্মাকম্ ॥২৭—২৮॥

তত ইতি। স্মশব্দঃ পাদপূরণে। হে প্রভো! বলপ্রভাবযুক্ত! ॥২৯—৩০॥

ভারতভাবদীপঃ

লোকস্তং ব্রহ্মবিদ্ভূত্বা ব্রহ্মৈব ভবতীত্যর্থঃ ॥৭॥ শ্রৌতস্য দেবযজনপদস্যার্থং সংগৃহ্লাতি রাজসূয়েতি ॥৮—২৩॥ কুরুক্ষেত্রস্য প্রস্তুতস্য তৎ যক্ষাভিবন্দনাদিকং দ্বারং প্রাপকং তথেদং

লোক একাগ্রচিত্তে সেই স্থানটীকে প্রদক্ষিণ করিয়া আসিয়া, পুষ্করতুল্য সেই তীর্থে স্নান করিয়া এবং পিতৃগণ ও দেবগণের পূজা করিয়া, কৃতকার্য্য হইবে এবং অশ্বমেধযজ্ঞের ফল লাভ করিবে। কারণ, অতিমহাত্মা জমদগ্নিপুত্র রাম সেই স্থানটী নির্ম্মাণ করিয়াছিলেন। তাহার পর তীর্থসেবী লোক একাগ্রচিত্তে রামহ্রদে গমন করিবে ॥২৪—২৬॥

রাজশ্রেষ্ঠ! মহাপ্রভাবশালী ও মহাবীর রাম বলপূর্ব্বক ক্ষত্রিয়দিগকে সংহার করিয়া এবং তাঁহাদেরই রক্তে পূর্ণ করিয়া যেখানে পাঁচটী হ্রদ স্থাপন করিয়াছিলেন; আর সেই রক্তদ্বারাই পিতৃগণ ও পিতামহগণের তর্পণ করিয়াছিলেন, ইহা আমাদের শুনা আছে ॥২৭—২৮॥

[২৫] সন্নিতং পুষ্করাণাঞ্চ...বা ব কা। (২৯)...পিতরঃ প্রীত্যা...পি। প্রথমার্দ্ধাৎ পরম্ 'পিতর ঊচুঃ' বা ব কা পি। (৩০)...কিমিচ্ছসি মহামতে! পি।

এবমুক্তঃ স রাজেন্দ্র ! রামঃ প্রহরতাং বরঃ।
অব্রবীৎ প্রাঞ্জলির্বাক্যং পিতৃন্ স গগনে স্থিতান্ ॥৩১॥
ভবন্তো যদি মে প্রীতা যদ্যনুগ্রাহ্যতা ময়ি।
পিতৃপ্রসাদমিচ্ছেয়ং তপ আপ্যায়নং পুনঃ ॥৩২॥
যচ্চ রোষাভিভূতেন ক্ষত্রমুৎসাদিতং ময়া।
ততশ্চ পাপান্মুচ্যেয়ং যুষ্মাকং তেজসাপ্যহম্ ॥৩৩॥
হ্রদাশ্চ তীর্থভূতা মে ভবেয়ুর্ভুবি বিশ্রুতাঃ।
এতচ্ছ্রুত্বা শুভং বাক্যং রামস্য পিতরস্তদা ॥৩৪॥
প্রত্যূচুঃ পরমপ্রীতা রামং হর্ষসমন্বিতাঃ।
তপস্তে বর্দ্ধতাং ভূয়ঃ পিতৃভক্ত্যা বিশেষতঃ ॥৩৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

এবমিতি। স প্রসিদ্ধঃ। প্রহরতাং যোদ্ধৄণাম্। স প্রাক্প্রস্তুতঃ ॥৩১॥
ভবন্ত ইতি। পুনরপি, আপ্যায়তে প্রবর্দ্ধত ইত্যাপ্যায়নং প্রবৃদ্ধং তপশ্চ ॥৩২॥
যদিতি। ততশ্চ তজ্জনিতাচ্চ। তেজসা বরপ্রভাবেণ ॥৩৩॥
হ্রদা ইতি। তীর্থভূতাঃ পাপনিদর্শনীভূতা অপি পাপনাশকা ইত্যাশয়ঃ। হর্ষসমন্বিতা হর্ষেণোৎফুল্লমুখা ইত্যর্থঃ স্বেষু ভাক্ত্যতিশয়দর্শনাদিতি ভাবঃ ॥৩৪—৩৫॥

রাজা! তাহার পর সেই পিতৃগণ সন্তুষ্ট হইয়া রামকে বলিলেন—'রাম! রাম! মহাত্মন্! ভৃগুনন্দন! প্রভাবসম্পন্ন! মহাশক্তিশালিন্! তোমার এই পিতৃভক্তি ও বিক্রম দেখিয়া তোমার উপরে আমরা সন্তুষ্ট হইয়াছি। সুতরাং তোমার মঙ্গল হউক, তুমি কি ইচ্ছা কর, সেই বর গ্রহণ কর' ॥২৯—৩০॥

রাজশ্রেষ্ঠ! পিতৃগণ এইরূপ বলিলে, যোদ্ধৃশ্রেষ্ঠ রাম কৃতাঞ্জলি হইয়া আকাশস্থিত পিতৃগণকে এই কথা বলিলেন—॥৩১॥

'আপনারা যদি আমার উপরে সন্তুষ্ট হইয়া থাকেন এবং আমি যদি আপনাদের অনুগ্রহের যোগ্য হইয়া থাকি, তবে আমি আপনাদের প্রসন্নতা ইচ্ছা করি, আর আবার সাতিশয় তপস্যা ইচ্ছা করি ॥৩২॥

এবং আমি ক্রোধের বশীভূত হইয়া ক্ষত্রিয়জাতিকে যে উৎসন্ন করিয়াছি, আপনাদের বরপ্রভাবে আমি সেই পাপ হইতে যেন মুক্ত হইতে পারি ॥৩৩॥

আর, আমার এই হ্রদগুলি যেন জগদ্বিখ্যাত তীর্থ হয়'। রামের এই মঙ্গলময় বাক্য শুনিয়া পিতৃগণ পরমসন্তুষ্ট ও উৎফুল্লবদন হইয়া রামকে বলিলেন—'তোমার বিশেষ পিতৃভক্তিবশতঃ আবারও তপস্যা বৃদ্ধি লাভ করুক ॥৩৪—৩৫॥

যচ্চ রোষাভিভূতেন ক্ষত্রমুৎসাদিতং ত্বয়া।
ততশ্চ পাপান্মুক্তস্ত্বং পতিতাস্তে স্বকর্ম্মভিঃ ॥৩৬॥
হ্রদাশ্চ তব তীর্থত্বং গমিষ্যন্তি ন সংশয়ঃ।
হ্রদেষ্বেতেষু যঃ স্নাত্বা পিতৃন্ সন্তর্পয়িষ্যতি ॥৩৭॥
পিতরস্তস্য বৈ প্রীতা দাস্যন্তি ভুবি দুর্লভম্।
ঈপ্সিতঞ্চ মনঃকামং স্বর্গলোকঞ্চ শাশ্বতম্ ॥৩৮॥ (যুগ্মকম্)
এবং দত্ত্বা বরান্ রাজন্। রামস্য পিতরস্তদা।
আমন্ত্র্য ভার্গবং প্রীত্যা তত্রৈবান্তর্হিতাস্ততঃ ॥৩৯॥
এবং রামহ্রদাঃ পুণ্যা ভার্গবস্য মহাত্মনঃ।
স্নাত্বা হ্রদেষু রামস্য ব্রহ্মচারী শুভব্রতঃ ॥৪০॥
রামমভ্যর্চ্চ্য রাজেন্দ্র! লভেদ্বহুসুবর্ণকম্।
বংশমূলকমাসাদ্য তীর্থসেবী কুরূদ্বহ! ॥৪১॥
স্ববংশমুদ্ধরেদ্রাজন্! স্নাত্বা বৈ বংশমূলকে।
কায়শোধনমাসাদ্য তীর্থং ভরতসত্তম! ॥৪২॥

ভারতকৌমুদী

যদিতি। পতিতা উৎসন্নাঃ, অতস্তন্মুক্তো বরপ্রয়োজনমেব নাস্তীতি ভাবঃ ॥৩৬॥
হ্রদা ইতি। গমিষ্যন্তি, অস্মাকং বরাদিত্যাশয়ঃ। ঈপ্সিতং সর্বৈরিষ্টম্ ॥৩৭—৩৮॥
এবমিতি। তত্রৈব আকাশ এব। ততো দৃষ্টিবিষয়াৎ ॥৩৯॥

তুমি ক্রোধের বশীভূত হইয়া যে ক্ষত্রিয়জাতিকে উৎসন্ন করিয়াছ, সে পাপ হইতে তুমি মুক্তই আছ। কারণ, তাহারা আপন আপন কর্ম্মেই উৎসন্ন হইয়া গিয়াছে ॥৩৬॥

আর, তোমার হ্রদগুলিও তীর্থ হইবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। সুতরাং যে লোক এই হ্রদগুলিতে স্নান করিয়া পিতৃতর্পণ করিবে, পিতৃগণ তাহার উপরে সন্তুষ্ট হইয়া, জগতে দুর্লভ এবং সকলেরই অভীষ্ট তাহার প্রত্যাশিত বিষয় পূরণ করিবেন এবং চিরস্থায়ী স্বর্গ দান করিবেন ॥৩৭–৩৮॥

রাজা! তখন পিতৃগণ রামকে এইরূপ বর দান করিয়া এবং সন্তোষ সহকারে রামের অনুমতি লইয়া সেই খানেই অন্তর্হিত হইলেন ॥৩৯॥

রাজশ্রেষ্ঠ! এই ভাবে মহাত্মা রামের হ্রদগুলি পুণ্যজনক হইয়াছিল। সুতরাং তীর্থসেবী লোক ব্রহ্মচারী ও শুভনিয়মযুক্ত হইয়া, রামহ্রদে স্নান করিয়া

---

(৩৬)…নিহতাস্তে…পি,…পাতিতাস্তে…নি। (৩৯) এবং দত্ত্বা বরম্…পি।

শরীরশুদ্ধিমাপ্নোতি স্নাতস্তস্মিন্ ন সংশয়ঃ।
শুদ্ধদেহশ্চ সংযাতি শুভান্ লোকাননুত্তমান্ ॥৪৩॥ (কলাপকম্)
ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ! তীর্থং ত্রৈলোক্যবিশ্রুতম্।
লোকা যত্রোদ্ধৃতাঃ পূর্ব্বং বিষ্ণুনা প্রভবিষ্ণুনা ॥৪৪॥
লোকোদ্ধারং সমাসাদ্য তীর্থং ত্রৈলোক্যপূজিতম্।
স্নাত্বা তীর্থবরে রাজন্! লোকানুদ্ধরতে স্বকান্ ॥৪৫॥
শ্রীতীর্থঞ্চ সমাসাদ্য স্নাত্বা নিয়তমানসঃ।
অর্চ্চয়িত্বা পিতৄন্ দেবান্ বিন্দতে শ্রিয়মুত্তমাম্ ॥৪৬॥
কপিলাতীর্থমাসাদ্য ব্রহ্মচারী সমাহিতঃ।
তত্র স্নাত্বার্চ্চয়িত্বা চ পিতৄন্ স্বান্ দৈবতান্যপি ॥৪৭॥
কপিলানাং সহস্রস্য ফলং বিন্দতি মানবঃ।
সূর্য্যতীর্থং সমাসাদ্য স্নাত্বা নিয়তমানসঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

এবমিতি। রামহ্রদা রামহ্রদত্বেন বিখ্যাতা হ্রদাঃ। বহুসুবর্ণকং বহুসুবর্ণদানফলম্। বংশমূলকং তদাখ্যং তীর্থম্। কায়শোধনং তন্নামকম্। লোকান্ স্বর্গান্ ॥৪০—৪৩॥

তত ইতি। লোকা ভুবনানি, উদ্ধৃতাঃ প্রলয়জলধিজলাৎ, প্রভবিষ্ণুনা প্রভাববতা ॥৪৪॥

লোকেতি। লোকোদ্ধারং তদাখ্যম্। লোকান্ পিতৃপুরুষান্ ॥৪৫॥

শ্রীতি। নিয়তমানসঃ কামাদিনিবৃত্তচিত্তঃ। বিন্দতে লভতে, শ্রিয়ং সম্পদম্ ॥৪৬॥

এবং রামের পূজা করিয়া বহুসুবর্ণদানের ফল লাভ করিবে। কুরুশ্রেষ্ঠ রাজা! তৎপরে তীর্থসেবী লোক বংশমূলকতীর্থে যাইয়া এবং তাহাতে স্নান করিয়া আপন বংশ উদ্ধার করিবে। ভরতশ্রেষ্ঠ! তাহার পর কায়শোধনতীর্থে যাইয়া তাহাতে স্নান করিয়া নিশ্চয়ই শরীরশুদ্ধি লাভ করিবে এবং শুদ্ধশরীর হইয়া, সর্ব্বোৎকৃষ্ট ও মঙ্গলময় স্বর্গলোকে যাইবে ॥৪০—৪৩॥

ধর্ম্মজ্ঞ! তাহার পর ত্রিভুবনবিখ্যাত তীর্থে গমন করিবে; যেখানে পূর্ব্বে প্রভাবশালী বিষ্ণু প্রলয়সমুদ্র হইতে জগৎ উদ্ধার করিয়াছিলেন ॥৪৪॥

রাজা! ত্রিভুবনপূজিত সেই লোকোদ্ধারতীর্থে যাইয়া, তাহাতে স্নান করিয়া, আপন পিতৃপুরুষদিগকে উদ্ধার করিবে ॥৪৫॥

তৎপরে শ্রীতীর্থে যাইয়া, সংযতচিত্তে স্নান, পিতৃপূজা ও দেবপূজা করিয়া, উত্তম সম্পদ লাভ করিবে ॥৪৬॥

তাহার পর মানুষ কপিলাতীর্থে যাইয়া, ব্রহ্মচারী ও একাগ্রচিত্ত হইয়া স্নান, পিতৃপূজা ও দেবপূজা করিয়া, সহস্রকপিলাগোদানের ফল লাভ করে।

---

(৪৩) শরীরশুদ্ধিঃ স্নাতস্তু তস্মিংস্তীর্থে ন সংশয়ঃ···বা ব কা।

অর্চ্চয়িত্বা পিতৃন্ দেবানুপবাসপরায়ণঃ।
অগ্নিষ্টোমমবাপ্নোতি সূর্য্যলোকঞ্চ গচ্ছতি ॥৪৯॥ (বিশেষকম্)
গবাং ভবনমাসাদ্য তীর্থসেবী যথাক্রমম্।
তত্রাভিষেকং কুর্ব্বাণো গোসহস্রফলং লভেৎ ॥৫০॥
শঙ্খিনীতীর্থমাসাদ্য তীর্থসেবী নরাধিপ!।
দেব্যাস্তীর্থে নরঃ স্নাত্বা লভতে বীর্য্যমুত্তমম্ ॥৫১॥
ততো গচ্ছেত রাজেন্দ্র! দ্বারপালং তরন্তুকম্।
তচ্চ তীর্থং সরস্বত্যাং যক্ষেন্দ্রস্য মহাত্মনঃ ॥৫২॥
তত্র স্নাত্বা নরো রাজন্! অগ্নিষ্টোমফলং লভেৎ।
ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ! ব্রহ্মাবর্ত্তং নরাধিপ! ॥৫৩॥
ব্রহ্মাবর্ত্তে নরঃ স্নাত্বা ব্রহ্মলোকমবাপ্নুয়াৎ।
ততো গচ্ছেত রাজেন্দ্র! সুতীর্থকমনুত্তমম্ ॥৫৪॥

ভারতকৌমুদী

কপিলেতি। সমাহিত একাগ্রচিত্তঃ। সহস্রস্য সহস্রদানস্য, নিয়তমানস ইতি তীর্থকৃত্য-সামান্যাঙ্গং মধ্যে মধ্যে স্মরয়তি। অগ্নিষ্টোমং তৎফলম্ ॥৪৭—৪৯॥

গবামিতি। ভবন্ত্যস্মিন্নিতি ভবনম্ উৎপত্তিস্থানম্। অভিষেকং স্নানম্ ॥৫০॥

শঙ্খিনীতি। দেব্যাস্তস্যাঃ শঙ্খিন্যা এব দুর্গায়াঃ। বীর্য্যং বলম্ ॥৫১॥

তত ইতি। তরন্তুকং তন্নামকম্। সরস্বত্যাং নদ্যাম্, যক্ষেন্দ্রস্য কুবেরস্য ॥৫২॥

তত্রেতি। তত্র যক্ষেন্দ্রতীর্থে। ব্রহ্মাবর্ত্তং তদাখ্যং তীর্থম্ ॥৫৩॥

তদনন্তর সূর্য্যতীর্থে যাইয়া, সংযতচিত্ত ও উপবাসী থাকিয়া, স্নান, পিতৃপূজা ও দেবপূজা করিয়া, অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ করে এবং সূর্য্যলোকে গমন করে ॥৪৭—৪৯॥

তৎপরে তীর্থসেবী লোক ক্রমশঃ গোভবনতীর্থে যাইয়া, সেখানে স্নান করিয়া সহস্রগোদানের ফল লাভ করিবে ॥৫০॥

রাজা। তীর্থসেবী লোক শঙ্খিনীতীর্থে যাইয়া, সেই শঙ্খিনীদেবীর তীর্থে স্নান করিয়া উত্তম শক্তি লাভ করে ॥৫১॥

রাজশ্রেষ্ঠ। তাহার পর 'তরন্তুক'-নামক দ্বারপালের নিকট যাইবে; সরস্বতীনদীর স্থানবিশেষে সেই তীর্থটী মহাত্মা কুবেরের তীর্থ ॥৫২॥

রাজা। সেই তীর্থে স্নান করিয়া মানুষ অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ করিবে। ধর্ম্মজ্ঞ রাজা। তাহার পর ব্রহ্মাবর্ত্তে যাইবে ॥৫৩॥

(৫১)…তীর্থসেবী কুরূদ্বহ!…বা ব কা। (৫২)…দ্বারপালং তরণ্ডুকম্…বা ··দ্বার-পালং সচক্রুকম্…পি।

তত্র সন্নিহিতা নিত্যং পিতরো দৈবতৈঃ সহ।
তত্রাভিষেকং কুর্ব্বীত পিতৃদেবার্চ্চনে রতঃ ॥৫৫॥
অশ্বমেধমবাপ্নোতি পিতৃলোকঞ্চ গচ্ছতি।
ততোঽম্বুমত্যাং ধর্ম্মজ্ঞ! সুতীর্থকমনুত্তমম্ ॥৫৬॥
কাশীশ্বরস্য তীর্থে চ স্নাত্বা ভরতসত্তম!।
সর্ব্বব্যাধিবিনির্ম্মুক্তো ব্রহ্মলোকে মহীয়তে ॥৫৭॥
মাতৃতীর্থঞ্চ তত্রৈব যত্র স্নাতস্য ভারত!।
প্রজা বিবর্দ্ধতে রাজন্নতন্বীং শ্রিয়মশ্নুতে ॥৫৮॥
ততঃ শীতবনং গচ্ছেন্নিয়তো নিয়তাশনঃ।
তীর্থং তত্র মহারাজ! মহদন্যত্র দুর্লভম্ ॥৫৯॥

ভারতকৌমুদী

ব্রহ্মেতি। সুতীর্থকং তন্নামকং তীর্থম্, ন বিদ্যতে উত্তমং যস্মাত্তৎ ॥৫৪॥

তত্রেতি। দৈবতৈর্দেবতাভিঃ। অভিষেকং স্নানম্ ॥৫৫॥

অশ্বেতি। প্রস্তুতসুতীর্থস্নাত ইতি শেষঃ। অম্বুমত্যাং প্রশস্তাম্বুশালিন্যাং মণিকর্ণিকায়াম্, অনুত্তমং সর্ব্বোৎকৃষ্টম্, সুতীর্থকম্ অপরং সুতীর্থং গচ্ছেদিতি শেষঃ ॥৫৬॥

কাশীতি। তীর্থে মণিকর্ণিকাগতসুতীর্থাখ্যে। মহীয়তে গচ্ছতি ॥৫৭॥

মাত্রিতি। তত্রৈব কাশীশ্বরতীর্থ এব। প্রজা সন্ততিঃ। অতন্বীং মহতীম্ ॥৫৮॥

ভারতভাবদীপঃ

কুরুক্ষেত্রমবিমুক্তাখ্যম্, "অবিমুক্তং বৈ কুরুক্ষেত্র"মিতি শ্রুতেঃ। স্মৃতিশ্চ—"ইমানি তু পবিত্রাণি কাশীপ্রাপ্তিকরাণি চ" ইতি। অতএবাহুকুরুক্ষেত্রমিতি শ্রুত্যা নির্দ্দিষ্টঃ কুরুক্ষেত্রাদিসেবনপ্রাপ্যত্বাৎ ॥২৪—৫৬॥ কাশীশ্বরস্য তীর্থেষু মণিকর্ণিকাদিষু স্নানমাত্রাদ্‌ব্রহ্মলোকে ক্রমমুক্তি-

মানুষ ব্রহ্মাবর্ত্তে স্নান করিয়া ব্রহ্মলোক লাভ করিবে। রাজশ্রেষ্ঠ! তৎপরে সর্ব্বোৎকৃষ্ট সুতীর্থে গমন করিবে ॥৫৪॥

সেখানে সর্বদাই দেবগণের সহিত পিতৃলোকেরা অবস্থান করেন। সুতরাং সেখানে স্নান করিবে এবং পিতৃশ্রাদ্ধ ও দেবতাপূজা করিবে ॥৫৫॥

তাহাতে অশ্বমেধযজ্ঞের ফল পাইবে এবং পিতৃলোকে গমন করিবে। ধর্ম্মজ্ঞ! তাহার পর প্রশস্তসলিলা মণিকর্ণিকার সর্ব্বোত্তম সুতীর্থে গমন করিবে ॥৫৬॥

ভরতশ্রেষ্ঠ! মানুষ কাশীনাথের সেই তীর্থে স্নান করিয়া সমস্তরোগমুক্ত হইয়া ব্রহ্মলোকে গমন করে ॥৫৭॥

ভরতনন্দন রাজা! সেই কাশীশ্বরতীর্থেই মাতৃতীর্থনামে একটী তীর্থ আছে, যাহাতে স্নান করিলে সন্তান বৃদ্ধি পায় এবং বিশাল সম্পত্তি হয় ॥৫৮॥

(৫৭) ··তীর্থেষু···পি। (৫৮)···স্নাতস্য পার্থিব!···রাজন্ননন্তাং বিন্দতে শ্রিয়ম্, পি।

পুনাতি গমনাদেব কুলমেকং নরাধিপ ! ।
কেশানভ্যুক্ষ্য বৈ তস্মিন্ পূতো ভবতি ভারত ! ॥৬০॥
তত্র তীর্থবরঞ্চান্যৎ শ্বাবিল্লোমাপহং স্মৃতম্ ।
তত্র বিপ্রা নরব্যাঘ্র ! বিদ্বাংসস্তীর্থতৎপরাঃ ॥৬১॥
প্রীতিং গচ্ছন্তি পরমাং স্নাত্বা ভরতসত্তম ! ।
শ্বাবিল্লোমাপনয়নে তীর্থে ভরতসত্তম ! ॥৬২॥ (যুগ্মকম্)
প্রাণায়ামৈর্নির্হরন্তি স্বলোমানি দ্বিজোত্তমাঃ ।
পূতাত্মানশ্চ রাজেন্দ্র ! প্রযান্তি পরমাং গতিম্ ॥৬৩॥
দশাশ্বমেধিকঞ্চৈব তস্মিংস্তীর্থে মহীপতে ! ।
তত্র স্নাত্বা নরব্যাঘ্র ! গচ্ছেত পরমাং গতিম্ ॥৬৪॥
ততো গচ্ছেত রাজেন্দ্র ! মানুষং লোকবিশ্রুতম্ ।
যত্র কৃষ্ণমৃগা রাজন্ ! ব্যাধেন শরপীড়িতাঃ ॥৬৫॥

ভারতকৌমুদী

তত ইতি। তত্র শীতবনে, মহত্তীর্থমস্তি; শীতবনাদন্যত্র তদ্দুর্লভম্ ॥৫৯॥
পুনাতীতি। একং কুলং পিতৃবংশম্। অভ্যুক্ষ্য গায়ত্র্যা সিক্ত্বা ॥৬০॥
তত্রেতি। তত্র শীতবনে। শ্বাবিল্লোমাপহং তন্নামকম্। প্রীতিমৈহিকীম্ ॥৬১—৬২॥
প্রাণেতি। নির্হরন্তি ছিন্দন্তি, স্বলোমানি শিখেতরাণি, শিখায়াঃ কর্ম্মাঙ্গত্বাৎ ॥৬৩॥
দশেতি। দশাশ্বমেধিকং নাম স্থানম্, বর্ত্তত ইতি শেষঃ ॥৬৪॥

মহারাজ। তাহার পর নিরামিষ একাহারাদিনিয়মযুক্ত হইয়া শীতবনে গমন করিবে; সেখানে এক মহাতীর্থ আছে, তাহা অন্যত্র দুর্লভ ॥৫৯॥

ভরতনন্দন রাজা। মানুষ সেখানে গমন করিয়াই পিতৃকুল পবিত্র করে এবং কেশ অভ্যুক্ষণ করিয়া পবিত্র হয় ॥৬০॥

নরশ্রেষ্ঠ! সেখানে 'শ্বাবিল্লোমাপহ'—নামে আর একটী প্রধান তীর্থ আছে; বিদ্বান্ ও তীর্থসেবী ব্রাহ্মণেরা সেই শ্বাবিল্লোমাপহতীর্থে স্নান করিয়া পরমপ্রীতি লাভ করেন ॥৬১—৬২॥

এবং রাজশ্রেষ্ঠ। সেখানে ব্রাহ্মণেরা প্রাণায়াম করিয়া আপন লোম ছেদন করেন, তাহাতে পবিত্র হন এবং পরম গতি লাভ করেন ॥৬৩॥

নরশ্রেষ্ঠ রাজা। সেই তীর্থে 'দশাশ্বমেধিক'-নামে একটী স্থান আছে, তাহাতে স্নান করিয়া পরম গতি লাভ করিবে ॥৬৪॥

রাজশ্রেষ্ঠ। তাহার পর জগদ্বিখ্যাত মানুষতীর্থে গমন করিবে। রাজা।

(৬০)…দৃষ্টমেকং নরাধিপ !…বা ব কা পি। [৬১] তীর্থং তত্র মহারাজ !…বা ব কা নি।

বিগাহ্য তস্মিন্ সরসি মানুষত্বমুপাগতাঃ।
তস্মিংস্তীর্থে নরঃ স্নাত্বা ব্রহ্মচারী সমাহিতঃ ॥৬৬॥
সর্ব্বপাপবিমুক্তাত্মা স্বর্গলোকে মহীয়তে।
মানুষস্য তু পূর্ব্বেণ ক্রোশমাত্রে মহীপতে! ॥৬৭॥
আপগা নাম বিখ্যাতা নদী সিদ্ধনিষেবিতা।
শ্যামাকং ভোজনং তত্র যঃ প্রযচ্ছতি মানবঃ ॥৬৮॥
দেবান্ পিতৄন্ সমুদ্দিশ্য তস্য ধর্ম্মফলং মহৎ।
একস্মিন্ ভোজিতে বিপ্রে কোটির্ভবতি ভোজিতা ॥৬৯॥ (কুলকম্)
তত্র স্নাত্বাঽর্চ্চয়িত্বা চ পিতৄন্ বৈ দৈবতানি চ।
উষিত্বা রজনীমেকামগ্নিষ্টোমফলং লভেৎ ॥৭০॥
ততো গচ্ছেত রাজেন্দ্র! ব্রহ্মণঃ স্থানমুত্তমম্।
ব্রহ্মোড়ুম্বরমিত্যেবং প্রকাশং ভুবি ভারত! ॥৭১॥
তত্র সপ্তর্ষিকুণ্ডেষু স্নাতস্য নরপুঙ্গব!।
কেদারে চৈব রাজেন্দ্র! কপিলস্য মহাত্মনঃ ॥৭২॥

ভারতকৌমুদী

তত ইতি। মানুষং তন্নামকমেব তীর্থম্। তস্মিন্ তত্র স্থিতে। মানুষস্য তন্মানুষতীর্থস্য। শ্যামাকং তদাখ্যতৃণধান্যান্নম্। কোটির্বিপ্রাণাম্ ॥৬৫—৬৯॥

তত্রেতি। দৈবতানি অভীষ্টদেবতাঃ। উষিত্বা বাসং কৃত্বা ॥৭০॥

তত ইতি। ব্রহ্মণ উড়ুম্বরো বৃক্ষো যত্র তৎ, প্রকাশং প্রসিদ্ধম্ ॥৭১॥

সেখানে পূর্ব্বকালে বহুতর কৃষ্ণসারহরিণ ব্যাধের বাণে পীড়িত হইয়া, তত্রত্য সরোবরে অবগাহন করিয়া, মনুষ্যত্ব প্রাপ্ত হইয়াছিল। মানুষ ব্রহ্মচারী ও একাগ্রচিত্ত হইয়া, সেই সরোবরে স্নান করিয়া, সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া স্বর্গলোকে গমন করে। আর, রাজা! সেই মানুষতীর্থের পূর্ব্বদিকে এক-ক্রোশ দূরে 'আপগা'-নামে বিখ্যাত সিদ্ধসেবিত একটী নদী আছে; সেখানে যে লোক দেবগণ ও পিতৃগণের উদ্দেশে শ্যামাধানের অন্ন দান করে, তাহার গুরুতর ধর্ম্ম হয় এবং একটী ব্রাহ্মণ ভোজন করাইলে কোটি ব্রাহ্মণ ভোজন করান হয় ॥৬৫—৬৯॥

সেখানে স্নান, পিতৃগণ ও দেবগণের পূজা এবং একরাত্রি বাস করিয়া অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ করিবে ॥৭০॥

ভরতনন্দন রাজশ্রেষ্ঠ! তাহার পর জগতে 'ব্রহ্মোড়ুম্বর'-নামে বিখ্যাত ব্রহ্মার উত্তমস্থানে গমন করিবে ॥৭১॥

[৬৭] সর্ব্বপাপবিশুদ্ধাত্মা...বা ব কা নি। [৬৮] ...শ্যামাকভোজনং তত্র...পি।

ব্রহ্মাণমধিগম্যাথ শুচিঃ প্রয়তমানসঃ।
সর্বপাপবিশুদ্ধাত্মা ব্রহ্মলোকং প্রপদ্যতে ॥৭৩॥
কপিলস্য চ কেদারং সমাসাদ্য সুদুর্লভম্।
অন্তর্দ্ধানমবাপ্নোতি তপসা দগ্ধকিল্বিষঃ ॥৭৪॥
ততো গচ্ছেত রাজেন্দ্র ! সরকং লোকবিশ্রুতম্।
কৃষ্ণপক্ষে চতুর্দ্দশ্যামভিগম্য বৃষধ্বজম্ ॥৭৫॥
লভতে সর্ব্বকামান্ হি স্বর্গলোকঞ্চ গচ্ছতি।
তিস্রঃ কোট্যস্তু তীর্থানাং সরকে কুরুনন্দন ! ॥৭৬॥
রুদ্রকোট্যাং তথা কূপে হ্রদেষু চ মহীপতে ! ।
ইলাস্পদঞ্চ তত্রৈব তীর্থং ভরতসত্তম ! ॥৭৭॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

তত্রেতি। কেদারে আলবালে খাত ইত্যর্থঃ, "কেদারোঽদ্রৌ শিবে ক্ষেত্রে ভূমিভেদালবালয়োঃ" ইতি মেদিনী। স্নাতস্য মহৎ পুণ্যং স্যাদিতি শেষঃ ॥৭২॥

ব্রহ্মাণমিতি। ব্রহ্মাণং প্রাগুক্তং ব্রহ্মস্থানগতং তদ্বিগ্রহম্ ॥৭৩॥

অথ সপ্তর্ষিকুণ্ডেষু কপিলকেদারে চ স্নাতস্য কিং ফলমিত্যাহ কপিলস্যেতি। চকারাৎ সপ্তর্ষিকুণ্ডানি চ। অন্তর্দ্ধানম্ অন্তর্দ্ধানশক্তিম্ ॥৭৪॥

তত ইতি। সরকং তদাখ্যং তীর্থম্। বৃষধ্বজং শিবম্। সরকে তদাখ্যে তীর্থে। রুদ্রকোট্যাং কূপে হ্রদেষু চ, তীর্থানাং তিস্রঃ কোট্যঃ সন্তীতি শেষঃ ॥৭৫—৭৭॥

নরশ্রেষ্ঠ রাজেন্দ্র ! তত্রত্য সপ্তর্ষিকুণ্ড এবং মহাত্মা কপিলের খাতে স্নান করিলে মহাপুণ্য হয় ॥৭২॥

তাহার পর পবিত্র ও সংযতচিত্ত হইয়া, ব্রহ্মার নিকটে যাইয়া, সমস্ত পাপ হইতে মুক্তিলাভ করিয়া ব্রহ্মলোকে গমন করে ॥৭৩॥

অতিদুর্লভ সপ্তর্ষিকুণ্ডে এবং কপিলকেদারে যাইয়া, তপস্যার প্রভাবে পাপবিহীন হইয়া অন্তর্দ্ধানশক্তি লাভ করে ॥৭৪॥

রাজশ্রেষ্ঠ ! তাহার পর জগদ্বিখ্যাত সরকতীর্থে গমন করিবে। সেখানে কৃষ্ণপক্ষের চতুর্দ্দশীর দিন শিবের নিকট যাইয়া, সমস্ত অভীষ্ট লাভ করে এবং স্বর্গলোকে গমন করে। কারণ, সরক, রুদ্রকোটী, কূপ ও হ্রদে তিন কোটি তীর্থ অবস্থান করে। কুরুনন্দন ভরতশ্রেষ্ঠ রাজা ! সেই স্থানেই 'ইলাস্পদ'-নামে আর একটী তীর্থ আছে ॥৭৫—৭৭॥

---

[৭৩] ব্রহ্মাণমধিগত্বা চ···বা ব কা নি। [৭৪] কপিষ্ঠলস্য···কা, কপিঞ্জলস্য···নি।
[৭৫]···অধিগম্য বৃষধ্বজম্—বা ব কা।

তত্র স্নাত্বাঽর্চ্চয়িত্বা চ দৈবতানি পিতৄনথ।
ন দুর্গতিমবাপ্নোতি বাজপেয়ঞ্চ বিন্দতি ॥ ৭৮ ॥
কিংদানে চ নরঃ স্নাত্বা কিংজপ্যে চ মহীপতে!।
অপ্রমেয়মবাপ্নোতি দানং জপ্যঞ্চ ভারত! ॥৭৯॥
কলশ্যাং বার্য্যুপস্পৃশ্য শ্রদ্দধানো জিতেন্দ্রিয়ঃ।
অগ্নিষ্টোমস্য যজ্ঞস্য ফলং প্রাপ্নোতি মানবঃ ॥৮০॥
সরকস্য তু পূর্ব্বেণ নারদস্য মহাত্মনঃ।
কুরুশ্রেষ্ঠ! শুভং তীর্থমনাজন্মেতি বিশ্রুতম্ ॥৮১॥
তত্র তীর্থে নরঃ স্নাত্বা প্রাণানুৎসৃজ্য ভারত!।
নারদেনাভ্যনুজ্ঞাতো লোকান্ প্রাপ্নোত্যনুত্তমান্ ॥৮২॥
শুক্লপক্ষে দশম্যাঞ্চ পুণ্ডরীকং সমাবিশেৎ।
তত্র স্নাত্বা নরো রাজন্! পুণ্ডরীকফলং লভেৎ ॥৮৩॥

ভারতকৌমুদী

তত্রেতি। দৈবতানি ইষ্টদেবান্। বাজপেয়ং বাজপেয়যজ্ঞফলম্ ॥৭৮॥
কিমিতি। কিংদানে কিংজপ্যে চ তীর্থে। দানং দানফলং জপ্যং জপফলঞ্চ ॥৭৯॥
কলশ্যামিতি। কলশ্যাং কলশীতীর্থে, বারি জলে, উপস্পৃশ্য স্নাত্বা ॥৮০॥
সরকস্যেতি। সরকস্য তদাখ্যস্য তীর্থস্য। অনাজন্ম তন্নামকম্ ॥৮১॥
তত্রেতি। প্রাণানুৎসৃজ্য যথাসময়মিত্যাশয়ঃ। অনুত্তমান্ সর্ব্বশ্রেষ্ঠান্ ॥৮২॥
শুক্লেতি। পুণ্ডরীকং তদাখ্যং তীর্থম্। পুণ্ডরীকস্য তদাখ্যযজ্ঞস্য ফলম্ ॥৮৩॥

সেই ইলাস্পদতীর্থে স্নান করিয়া এবং দেবতাপূজা ও পিতৃশ্রাদ্ধ করিয়া, দুর্গতি ভোগ করে না এবং বাজপেয়যজ্ঞের ফল পায় ॥৭৮॥

ভরতনন্দন রাজা! মানুষ কিংদান-তীর্থে এবং কিংজপ্য-তীর্থে স্নান করিয়া অপরিমেয় দানের ফল ও জপের ফল লাভ করে ॥৭৯॥

ধর্ম্মবিশ্বাসী ও জিতেন্দ্রিয় মানব কলশীতীর্থের জলে স্নান করিয়া অগ্নিষ্টোম-যজ্ঞের ফল লাভ করে ॥৮০॥

কৌরবশ্রেষ্ঠ! সরকতীর্থের পূর্বদিকে মহাত্মা নারদের 'অনাজন্ম'-নামে বিখ্যাত মঙ্গলময় একটী তীর্থ আছে ॥৮১॥

ভরতনন্দন! মানুষ সেই তীর্থে স্নান করিয়া, যথাসময়ে প্রাণ পরিত্যাগের পরে নারদের অনুমতিক্রমে সর্বশ্রেষ্ঠ স্বর্গলাভ করে ॥৮২॥

রাজা! মানুষ শুক্লপক্ষের দশমীর দিন পুণ্ডরীকতীর্থে প্রবেশ করিবে, তৎপরে তাহাতে স্নান করিয়া পুণ্ডরীকযজ্ঞের ফল লাভ করিবে ॥৮৩॥

ততস্ত্রিপিষ্টপং গচ্ছেত্ত্রিষু লোকেষু বিশ্রুতম্ ।
তত্র বৈতরণী পুণ্যা নদী পাপপ্রণাশিনী ॥৮৪॥
তত্র স্নাত্বাঽর্চ্চয়িত্বা চ শূলপাণিং বৃষধ্বজম্ ।
সর্বপাপবিশুদ্ধাত্মা গচ্ছেত পরমাং গতিম্ ॥৮৫॥
ততো গচ্ছেত রাজেন্দ্র ! ফলকীবনমুত্তমম্ ।
তত্র দেবাঃ সদা রাজন্ ! ফলকীবনমাশ্রিতাঃ ॥৮৬॥
তপশ্চরন্তি বিপুলং বহুবর্ষসহস্রকম্ ।
দৃষদ্বত্যাং নরঃ স্নাত্বা তর্পয়িত্বা চ দেবতাঃ ॥৮৭॥
অগ্নিষ্টোমাতিরাত্রাভ্যাং ফলং বিন্দতি ভারত ! ।
তীর্থে চ সর্বদেবানাং স্নাত্বা ভরতসত্তম ! ॥৮৮॥
গোসহস্রস্য রাজেন্দ্র ! ফলমাপ্নোতি মানবঃ ।
পাণিখাতে নরঃ স্নাত্বা তর্পয়িত্বা চ দেবতাঃ ॥৮৯॥
অগ্নিষ্টোমাতিরাত্রাভ্যাং ফলং বিন্দতি ভারত ! ।
রাজসূয়মবাপ্নোতি ঋষিলোকঞ্চ বিন্দতি ॥৯০॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তত ইতি। ত্রিপিষ্টপং তন্নামকং তীর্থম্। বৈতরণী নাম নদী অস্তি ॥৮৪॥

তত্রেতি। সর্ব্বৈঃ পাপৈঃ পরিত্যাগাদ্বিশুদ্ধো নির্ম্মল আত্মা যস্য সঃ ।৮৫।

তত ইতি। ফলকীবনম্ আমলকীবনম্। দৃষদ্বত্যাং তৎসন্নিহিতায়াং নদ্যাম্। অগ্নিষ্টোমাতিরাত্রাভ্যাং তদাখ্যয়োর্যজ্ঞয়োঃ। সর্বদেবানাং তীর্থ ইতি তীর্থান্তরম্। গোসহস্রস্য তদ্দানস্য। পাণিখাতে তদাখ্যে তীর্থে। রাজসূয়ং তৎফলম্ ।৮৬—৯০।

তাহার পর ত্রিভুবনবিখ্যাত ত্রিপিষ্টপতীর্থে গমন করিবে; সেখানে সর্ব্বপাপনাশিনী এবং পুণ্যজনিকা বৈতরণী নদী আছে ॥৮৪॥

তাহাতে স্নান করিয়া এবং শিবের পূজা করিয়া সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া পরম গতি লাভ করিবে ॥৮৫॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর উত্তম ফলকীবনে গমন করিবে। কারণ, রাজা! দেবতারা সর্ব্বদা সেই ফলকীবনে থাকিয়া বহুসহস্র বৎসর যাবৎ মহাতপস্যা করিতেছেন। অতএব মানুষ তৎসন্নিহিত দৃষদ্বতীনদীতে স্নান ও দেবতর্পণ করিয়া অগ্নিষ্টোমযজ্ঞ ও অতিরাত্রযজ্ঞের ফল লাভ করে। ভরতশ্রেষ্ঠ রাজা! তৎপরে মানুষ সর্বদেবতীর্থে স্নান করিয়া সহস্রগোদানের ফল পায়। ভরতনন্দন! তৎপরে মানুষ পাণিখাততীর্থে স্নান ও দেবতর্পণ করিয়া অগ্নিষ্টোমযজ্ঞ, অতিরাত্রযজ্ঞ ও রাজসূয়যজ্ঞের ফল লাভ করে এবং ঋষিলোকে গমন করে ॥৮৬-৯০॥

ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ ! মিশ্রকং তীর্থমুত্তমম্।
তত্র তীর্থানি রাজেন্দ্র ! মিশ্রিতানি মহাত্মনা ॥৯১॥
ব্যাসেন নৃপশার্দ্দূল ! দ্বিজার্থমিতি নঃ শ্রুতম্।
সর্বতীর্থেষু স স্নাতি মিশ্রকে স্নাতি যো নরঃ ॥৯২॥ (যুগ্মকম্)
ততো ব্যাসবনং গচ্ছেন্নিয়তো নিয়তাশনঃ।
মনোজবে নরঃ স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ॥৯৩॥
গত্বা মধুবটীঞ্চৈব দেব্যাস্তীর্থে নরঃ শুচিঃ।
তত্র স্নাত্বাঽর্চ্চয়িত্বা চ পিতৃন্ দেবাংশ্চ পূরুষঃ ॥৯৪॥
স দেব্যাঃ সমনুজ্ঞাতো গোসহস্রফলং লভেৎ।
কৌশিক্যাঃ সঙ্গমে যস্তু দৃষদ্বত্যাশ্চ ভারত ! ॥৯৫॥
স্নাতি বৈ নিয়তাহারঃ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।
ততো ব্যাসস্থলী নাম যত্র ব্যাসেন ধীমতা ॥৯৬॥
পুত্রশোকাভিতপ্তেন দেহত্যাগে কৃতা মতিঃ।
ততো দেবৈস্তু রাজেন্দ্র ! পুনরুত্থাপিতস্তদা ॥৯৭॥ (কলাপকম্)

ভারতকৌমুদী

তত ইতি। মিশ্রকং তদাখ্যম্। দ্বিজার্থং ব্রাহ্মণাদিনিমিত্তম্ ॥৯১—৯২॥

তত ইতি। মনোজবে তদাখ্যে ব্যাসবনসন্নিহিতে তীর্থে ॥৯৩॥

গত্বেতি। দেব্যা দুর্গায়াঃ। গোসহস্রস্য তদ্দানস্য ফলম্। ব্যাসস্থলীনাম গন্তব্যেতি শেষঃ। উত্থাপিতো ভূশয়নাদুত্তোলিতঃ স ব্যাসঃ ॥৯৪—৯৭॥

ধর্ম্মজ্ঞ রাজশ্রেষ্ঠ ! তাহার পর উত্তম মিশ্রকতীর্থে গমন করিবে। কারণ, মহাত্মা বেদব্যাস দ্বিজাতিগণের জন্য সেখানে বহুতর তীর্থ মিশ্রিত করিয়াছিলেন, ইহা আমাদের শুনা আছে। অতএব যে লোক সেই মিশ্রকতীর্থে স্নান করে, সে সকল তীর্থেই স্নান করে ॥৯১—৯২॥

তদনন্তর তীর্থসেবী লোক নিরামিষ একাহারাদিনিয়মযুক্ত হইয়া ব্যাসবনে যাইবে এবং তত্রত্য মনোজবতীর্থে স্নান করিয়া সহস্রগোদানের ফল লাভ করিবে ॥৯৩॥

ভরতনন্দন ! তৎপরে পবিত্রচেতা লোক মধুবটীতে যাইয়া, সেই দেবীতীর্থে স্নান, পিতৃশ্রাদ্ধ ও ইষ্টদেবতাপূজা করিয়া, দেবীর অনুমতিক্রমে সহস্রগোদানের ফল লাভ করিবে। যে লোক সংযতাহার হইয়া কৌশিকী ও দৃষদ্বতীনদীর সঙ্গমে স্নান করে, সে লোক সমস্ত পাপ হইতে মুক্ত হয়। তাহার পর ব্যাসস্থলীতে গমন করিবে; যেখানে বেদব্যাস পুত্রশোকে সন্তপ্ত হইয়া

অভিগম্য স্থলীং তস্য গোসহস্রফলং লভেৎ।
কিংদত্তং কূপমাসাদ্য তিলপ্রস্থং প্রদায় চ ॥৯৮॥
গচ্ছেত পরমাং সিদ্ধিমৃণৈর্মুক্তঃ কুরূদ্বহ ! ।
বেদীতীর্থে নরঃ স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ॥৯৯॥ (যুগ্মকম্)
অহশ্চ সুদিনঞ্চৈব দ্বে তীর্থে লোকবিশ্রুতে।
তয়োঃ স্নাত্বা নরব্যাঘ্র ! সূর্য্যলোকমবাপ্নুয়াৎ ॥১০০॥
মৃগধূমং ততো গচ্ছেত্ত্রিষু লোকেষু বিশ্রুতম্।
তত্রাভিষেকং কুর্বীত গঙ্গায়াং নৃপসত্তম ! ॥১০১॥
অর্চ্চয়িত্বা মহাদেবমশ্বমেধফলং লভেৎ।
দেব্যাস্তীর্থে নরঃ স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ॥১০২॥
ততো বামনকং গচ্ছেত্ত্রিষু লোকেষু বিশ্রুতম্।
তত্র বিষ্ণুপদে স্নাত্বা সমভ্যর্চ্চ্য চ বামনম্ ॥১০৩॥

ভারতকৌমুদী

অভীতি। কিংদত্তং তদাখ্যম্। ঋণৈঃ পিতৃণাম্ ॥৯৮—৯৯॥
অহরিতি। অহরিতি সুদিনমিতি চ তীর্থয়োর্নাম ॥১০০॥
মৃগেতি। মৃগধূমং তন্নামকম্। অভিষেকং স্নানম্ ॥১০১॥
অর্চ্চয়িত্বেতি। দেবীতীর্থমিতি তীর্থান্তরম্। গোসহস্রস্য তদ্দানস্য ফলম্ ॥১০২॥

দেহত্যাগের ইচ্ছা করিয়াছিলেন; তৎপরে দেবতারা তখনই তাঁহাকে আবার উঠাইয়াছিলেন ॥৯৪—৯৭॥

সেই ব্যাসস্থলীতে যাইয়া সহস্রগোদানের ফল লাভ করিবে। কৌরবশ্রেষ্ঠ! তৎপরে 'কিংদত্ত'-নামক কূপে যাইয়া, প্রস্থপরিমিত তিল দান করিয়া, পিতৃ-ঋণ হইতে মুক্ত হইয়া, পরম সিদ্ধি লাভ করিবে। তদনন্তর মানুষ বেদীতীর্থে স্নান করিয়া সহস্রগোদানের ফল পাইবে ॥৯৮—৯৯॥

নরশ্রেষ্ঠ! 'অহ' এবং 'সুদিন'—নামে দুইটী জগদ্বিখ্যাত তীর্থ আছে; মানুষ সেই দুইটী তীর্থে স্নান করিয়া সূর্য্যলোক লাভ করিবে ॥১০০॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর ত্রিভুবনবিখ্যাত মৃগধূমতীর্থে গমন করিবে এবং সেখানে গঙ্গায় স্নান করিবে ॥১০১॥

আর, সেখানে মহাদেবের পূজা করিয়া অশ্বমেধযজ্ঞের ফল পাইবে এবং মানুষ দেবীতীর্থে স্নান করিয়া সহস্রগোদানের ফল লাভ করিবে ॥১০২॥

তাহার পর ত্রিভুবনবিখ্যাত বামনতীর্থে গমন করিবে; সেখানে বিষ্ণুপদে

---

(১০০)...দ্বে তীর্থে তু সুদুর্লভে...পি। (১০৩)...অর্চ্চয়িত্বা চ...বা র ক্ষা নি।

সর্বপাপবিমুক্তাত্মা বিষ্ণুলোকমবাপ্নুয়াৎ।
কুলম্পুনে নরঃ স্নাত্বা পুনাতি স্বকুলং ততঃ ॥১০৪॥ (যুগ্মকম্)
পবনস্য হ্রদং গত্বা মরুতাং তীর্থমুত্তমম্।
তত্র স্নাত্বা নরব্যাঘ্র! বায়ুলোকে মহীয়তে ॥১০৫॥
অমরাণাং হ্রদে স্নাত্বা সমভ্যর্চ্চ্যামরাধিপম্।
অমরাণাং প্রভাবেণ স্বর্গলোকে মহীয়তে ॥১০৬॥
শালিহোত্রস্য তীর্থে চ শালিসূর্য্যে যথাবিধি।
স্নাত্বা নরবরশ্রেষ্ঠ! গোসহস্রফলং লভেৎ ॥১০৭॥
শ্রীকুঞ্জঞ্চ সরস্বত্যাং তীর্থং ভরতসত্তম!।
তত্র স্নাত্বা নরশ্রেষ্ঠ! অগ্নিষ্টোমফলং লভেৎ ॥১০৮॥
ততো নৈমিষকুঞ্জঞ্চ সমাসাদ্য কুরূদ্বহ!।
ঋষয়ঃ কিল রাজেন্দ্র! নৈমিষেয়াস্তপস্বিনঃ ॥১০৯॥

ভারতকৌমুদী

তত ইতি। বিষ্ণুপদে সরসি। কুলং পুনাতীতি কুলম্পুনম্ ॥১০৩—১০৪॥
পবনস্যেতি। মরুতাং বায়ুনাম্। পবনহ্রদ ইতি তীর্থনাম ॥১০৫॥
অমরাণামিতি। অমরহ্রদ ইতি তীর্থনাম। অমরাধিপমিন্দ্রম্ ॥১০৬॥
শালীতি। শালিহোত্রস্য গন্ধর্বস্য, শালিসূর্য্যে তন্নামকে তীর্থে চ ॥১০৭॥
শ্রীতি। শ্রীকুঞ্জং তদাখ্যম্। অগ্নিষ্টোমস্য যজ্ঞস্য ফলম্ ॥১০৮॥

স্নান ও বামনের পূজা করিয়া, সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া বিষ্ণুলোক লাভ করিবে। তদনন্তর মানুষ কুলম্পুনতীর্থে স্নান করিয়া আপন কুল পবিত্র করিবে ॥১০৩—১০৪॥

নরশ্রেষ্ঠ! তৎপরে উত্তম বায়ুতীর্থ পবনহ্রদে যাইয়া, সেখানে স্নান করিয়া বায়ুলোকে গমন করে ॥১০৫॥

তাহার পর অমরহ্রদে স্নান এবং অমরেশ্বর ইন্দ্রের পূজা করিয়া অমরগণের প্রভাবে স্বর্গলোকে গমন করে ॥১০৬॥

নরবরশ্রেষ্ঠ! মানুষ 'শালিসূর্য্য'-নামক শালিহোত্রতীর্থে যথাবিধানে স্নান করিয়া সহস্রগোদানের ফল লাভ করিবে ॥১০৭॥

ভরতশ্রেষ্ঠ নরনাথ! সরস্বতীনদীতে 'শ্রীকুঞ্জ'-নামে তীর্থ আছে; তাহাতে স্নান করিয়া অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ করিবে ॥১০৮॥

কৌরবনাথ রাজশ্রেষ্ঠ! পূর্বকালে নৈমিষবাসী তপস্বী ঋষিরা তীর্থযাত্রা

(১০৭) শালিহোত্রস্য তীর্থঞ্চ···বা ব কা।

তীর্থযাত্রাং পুরস্কৃত্য কুরুক্ষেত্রং গতাঃ পুরা।
তত্র কুঞ্জঃ সরস্বত্যাং কৃতো ভরতসত্তম ! ॥১১০॥
ঋষীণামবকাশঃ স্যাদ্‌যথা তুষ্টিকরো মহান্।
তস্মিন্ কুঞ্জে নরঃ স্নাত্বা অগ্নিষ্টোমফলং লভেৎ ॥১১১॥ (বিশেষকম্)
ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ ! কন্যাতীর্থমনুত্তমম্।
কন্যাতীর্থে নরঃ স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ॥১১২॥
ততো গচ্ছেত রাজেন্দ্র ! ব্রহ্মণস্তীর্থমুত্তমম্।
তত্র বর্ণাবরঃ স্নাত্বা ব্রাহ্মণ্যং লভতে নরঃ ॥১১৩॥
ব্রাহ্মণশ্চ বিশুদ্ধাত্মা গচ্ছেত পরমাং গতিম্।
ততো গচ্ছেন্নরশ্রেষ্ঠ ! সোমতীর্থমনুত্তমম্ ॥১১৪॥
তত্র স্নাত্বা নরব্যাঘ্র ! সোমলোকমবাপ্নুয়াৎ।
সপ্তসারস্বতং তীর্থং ততো গচ্ছেন্নরাধিপ ! ॥১১৫॥

ভারতকৌমুদী

তত ইতি। নৈমিষকুঞ্জং নাম। নন্থ কথং তন্নামেত্যাহ ঋষয় ইতি। নৈমিষেয়া নৈমিষবাসিনঃ। পুরস্কৃত্য উদ্দিশ্য। অবকাশো বাসযোগ্যঃ ॥১০৯—১১১॥

তত ইতি। ন বিদ্যতে উত্তমং যস্মাত্তদনুত্তমং সর্বোৎকৃষ্টম্ ॥১১২॥

তত ইতি। বর্ণাবরো নিকৃষ্টবর্ণঃ ক্ষত্রিয়াদিঃ, ব্রাহ্মণ্যং ব্রাহ্মণত্বম্ ॥১১৩॥

অথ ব্রাহ্মণঃ কিং লভত ইত্যাহ ব্রাহ্মণ ইতি। বিশুদ্ধাত্মা নিষ্পাপঃ সন্ ॥১১৪॥

তত্রেতি। সোমলোকং চন্দ্রলোকম্। সপ্তসারস্বতং তন্নামকম্ ॥১১৫॥

উদ্দেশে কুরুক্ষেত্রে যাইয়া, তত্রত্য সরস্বতীনদীর তীরে ঋষিগণের বাসযোগ্য এবং আনন্দজনক বিশাল একটী কুঞ্জ নির্ম্মাণ করিয়াছিলেন; মানুষ সেই নৈমিষ-কুঞ্জে যাইয়া তাহাতে স্নান করিয়া অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ করিবে ॥১০৯-১১১॥

ধর্ম্মজ্ঞ ! তাহার পর সর্ব্বোৎকৃষ্ট কন্যাতীর্থে গমন করিবে এবং তাহাতে স্নান করিয়া মানুষ সহস্রগোদানের ফল পাইবে ॥১১২॥

রাজেন্দ্র ! তদনন্তর উত্তম ব্রহ্মতীর্থে গমন করিবে ; ক্ষত্রিয়প্রভৃতি পরবর্ত্তী বর্ণ তাহাতে স্নান করিয়া ব্রাহ্মণত্ব লাভ করে ॥১১৩॥

আর, ব্রাহ্মণ নিষ্পাপ হইয়া পরম গতি লাভ করিবেন। নরশ্রেষ্ঠ ! তাহার পর সর্ব্বোৎকৃষ্ট সোমতীর্থে গমন করিবে ॥১১৪॥

নরশ্রেষ্ঠ ! তাহাতে স্নান করিয়া চন্দ্রলোক লাভ করিবে। রাজা ! তৎপরে সপ্তসারস্বততীর্থে গমন করিবে ॥১১৫॥

---

(১১৫) তত্র স্নাত্বা নরো রাজন্ !···বা ব কা নি।

যত্র মঙ্কণকঃ সিদ্ধো মহর্ষির্লোকবিশ্রুতঃ।
পুরা মঙ্কণকো রাজন্! কুশাগ্রেণেতি নঃ শ্রুতম্ ॥১১৬॥
ক্ষতঃ কিল করে রাজংস্তস্য শাকরসোঽস্রবৎ।
স বৈ শাকরসং দৃষ্ট্বা হর্ষাবিষ্টো মহাতপাঃ ॥১১৭॥
প্রনৃত্তঃ কিল বিপ্রর্ষির্বিস্ময়োৎফুল্ললোচনঃ।
ততস্তস্মিন্ প্রনৃত্তে বৈ স্থাবরং জঙ্গমঞ্চ যৎ ॥১১৮॥
প্রনৃত্তমুভয়ং বীর! তেজসা তস্য মোহিতম্।
ব্রহ্মাদিভিঃ সুরৈ রাজন্নৃষিভিশ্চ তপোধনৈঃ ॥১১৯॥
বিজ্ঞপ্তো বৈ মহাদেব ঋষেরর্থে নরাধিপ!।
নায়ং নৃত্যেদ্‌যথা দেব! তথা ত্বং কর্ত্তুমর্হসি ॥১২০॥ (কুলকম্)
তং প্রনৃত্তং সমাসাদ্য হর্ষাবিষ্টেন চেতসা।
সুরাণাং হিতকামার্থমৃষিং দেবোঽভ্যভাষত ॥১২১॥
ভো ভো মহর্ষে! ধর্ম্মজ্ঞ! কিমর্থং নৃত্যতে ভবান্।
হর্ষস্থানং কিমর্থং বা তবাদ্য মুনিপুঙ্গব! ॥১২২॥

ভারতকৌমুদী

যত্রেতি। কুশাগ্রেণ করে ক্ষত ইতি সম্বন্ধঃ। স্বদেহাদেব ধাতোৎপত্তিরিতি হর্ষকারণম্। প্রনৃত্তঃ প্রকর্ষেণ ননর্ত্ত। উভয়ং স্থাবরং জঙ্গমঞ্চ দ্বয়ম্, প্রনৃত্তম্, তৎপদাঘাতাদেবেতি ভাবঃ। অয়ং মঙ্কণকঃ ॥১১৬—১২০॥

তমিতি। হর্ষাবিষ্টেন চেতসা প্রনৃত্তমিতি সম্বন্ধঃ। দেবো মহাদেবঃ ॥১২১॥

ভো ইতি। হর্ষস্তিষ্ঠত্যনেনেতি হর্ষস্থানং হর্ষকারণম্ ॥১২২॥

যেখানে জগদ্বিখ্যাত মহর্ষি মঙ্কণক সিদ্ধিলাভ করিয়াছিলেন। রাজা আমাদের শুনা আছে যে, পূর্ব্বকালে মঙ্কণক ঋষির হস্ত কুশাগ্র দ্বারা ক্ষত হইয়াছিল, তাহাতে সেই স্থান হইতে শাকের রস নির্গত হইতেছিল; তখন সেই মহাতপা ব্রহ্মর্ষি শাকরস দেখিয়া, হর্ষাবিষ্ট ও বিস্ময়ে উৎফুল্লনয়ন হইয়া নৃত্য করিতেছিলেন; তিনি নৃত্য করিতে লাগিলে, স্থাবর ও জঙ্গম এই উভয়বিধ পদার্থই তাঁহার তেজে মোহিত হইয়া নৃত্য করিতে লাগিল। তখন ব্রহ্মাদিদেবগণ ও ঋষিগণ যাইয়া মঙ্কণকের জন্য মহাদেবকে জানাইলেন যে, 'দেব। মঙ্কণকমুনি যাহাতে নৃত্য না করেন, তাহা আপতি করুন' ॥১১৬-১২০॥

মঙ্কণক হর্ষাবিষ্টচিত্তে নৃত্য করিতেছিলেন, এই অবস্থায় মহাদেব তাঁহার নিকট উপস্থিত হইয়া দেবগণের হিতের জন্য তাঁহাকে বলিলেন—॥১২১॥

[১১৭]…হর্ষাবিষ্টঃ প্রনৃত্তবান্—বা ব কা নি। [১১৮] পূর্ব্বার্দ্ধং নাস্তি—বা ব কা নি।

ঋষিরুবাচ।

তপস্বিনো ধর্ম্মপথে স্থিতস্থ দ্বিজসত্তম ! ।
কিং ন পশ্যসি মে ব্রহ্মন্ ! করাচ্ছাকরসং শ্রুতম্ ॥১২৩॥
যং দৃষ্ট্বা সম্প্রনৃত্তোঽহং হর্ষেণ মহতান্বিতঃ ।
তং প্রহস্যাব্রবীদ্দেব ঋষিং রাগেণ মোহিতম্ ॥১২৪॥
অহন্তু বিস্ময়ং বিপ্র ! ন গচ্ছামীতি পশ্য মাম্ ।
এবমুক্ত্বা নরশ্রেষ্ঠ ! মহাদেবেন বৈ তদা ॥১২৫॥
অঙ্গুল্যগ্রেণ রাজেন্দ্র ! স্বাঙ্গুষ্ঠস্তাড়িতোঽনঘ ! ।
ততো ভস্ম ক্ষতাদ্রাজন্ ! নির্গতং হিমসন্নিভম্ ॥১২৬॥ (যুগ্মকম্)
তদ্দৃষ্ট্বা ব্রীড়িতো রাজন্ ! স মুনিঃ পাদয়োর্গতঃ ।
নান্যদ্দেবাৎ পরং মেনে রুদ্রাৎ পরতরং মহৎ ॥১২৭॥

ভারতকৌমুদী

তপস্বিন ইতি। দ্বিজেভ্যো জ্ঞানিব্রাহ্মণেভ্যঃ সত্তম ! অতিশয়েন শ্রেষ্ঠেতি মহাদেবস্যৈব সম্বোধনম্। তেন চ স্বাপেক্ষয়া ভগবতোঽত্যন্তং প্রাধান্যং সূচিতম্। ব্রহ্মন্ ! পরমাত্মন্ ! ॥১২৩॥

যমিতি। দেবো মহাদেবঃ। রাগেণ বিষয়াসক্ত্যা ॥১২৪॥

অহমিতি। বিস্ময়ং করাচ্ছাকরসস্রবণনিবন্ধনম্। অঙ্গুল্যগ্রেণ নখেন ॥১২৫—১২৬॥

তদিতি। ব্রীড়িতো লজ্জিতঃ। পাদয়োর্মহাদেবস্য, গতঃ পতিতঃ।

অত্রেদমবধেয়ম্—মঙ্কণকঃ সাধকঃ, কুশাগ্রং তত্তুল্যা তদীয়া সূক্ষ্মবুদ্ধিঃ, করো বিষয়তয়া গ্রহণকরমজ্ঞানম্, তয়া চ সূক্ষ্মবুদ্ধ্যা তদজ্ঞানং ক্ষতম্, ততশ্চ শাকরসস্তত্ত্বজ্ঞানধারা প্রবৃত্তা, স্বশক্ত্যা তদর্জনাচ্চ গর্ব্বেণানন্দেন চ মঙ্কণকো ননর্ত্ত। অথ তস্য গর্বমসহমানস্তপসা চ তুষ্যন্

'ধর্ম্মজ্ঞ মহর্ষি ! আপনি নৃত্য করিতেছেন কেন ? মুনিশ্রেষ্ঠ ! আজ আপনার কি আনন্দের কারণ হইল ? ॥১২২॥

মঙ্কণক বলিলেন—'জ্ঞানিশ্রেষ্ঠ পরমাত্মন্ ! আমি তপস্বী এবং ধর্ম্মপথে রহিয়াছি ; এই অবস্থায় আমার হাত হইতে শাকের রস নির্গত হইতেছে, ইহা দেখিতেছেন না কি ? ॥১২৩॥

যাহা দেখিয়া অত্যন্ত আনন্দিত হইয়া আমি নৃত্য করিতেছি।' তখন মহাদেব হাস্য করিয়া রাগমুগ্ধ মঙ্কণককে বলিলেন—॥১২৪॥

'ব্রাহ্মণ ! আমি কিন্তু ইহাতে বিস্ময়াপন্ন হই নাই ; কারণ, আপনি আমাকে দেখুন'। নরশ্রেষ্ঠ ! এই কথা বলিয়া মহাদেব তখনই নখদ্বারা নিজের অঙ্গুষ্ঠে আঘাত করিলেন। রাজা ! তাহার পর সেই ক্ষত হইতে হিমের ন্যায় শুভ্রবর্ণ ভস্ম নির্গত হইল ॥১২৫—১২৬॥

সুরাসুরস্য জগতো গতিস্ত্বমসি শূলধৃক্!।
ত্বয়া সর্ব্বমিদং সৃষ্টং ত্রৈলোক্যং সচরাচরম্ ॥১২৮॥
ত্বমেব সর্ব্বান্ গ্রসসি পুনরেব যুগক্ষয়ে।
দেবৈরপি ন শক্যস্ত্বং পরিজ্ঞাতুং কুতো ময়া ॥১২৯॥
ত্বয়ি সর্ব্বে প্রদৃশ্যন্তে সুরা ব্রহ্মাদয়োঽনঘ!।
সর্ব্বস্ত্বমসি লোকানাং কর্ত্তা কারয়িতা চ হ ॥১৩০॥
ত্বৎপ্রসাদাৎ সুরাঃ সর্বে মোদন্তীহাকুতোভয়াঃ।
এবং স্তুত্বা মহাদেবং স ঋষিঃ প্রণতোঽব্রবীৎ ॥১৩১॥
ত্বৎপ্রসাদান্মহাদেব! তপো মে ন ক্ষরেত বৈ।
ততো দেবঃ প্রহৃষ্টাত্মা ব্রহ্মর্ষিমিদমব্রবীৎ ॥১৩২॥

ভারতকৌমুদী

ভগবানাবির্বভূব; পরঙ্কাসাবনায়াসেন হিমসন্নিভং ভস্মোপমঙ্ক শুদ্ধসত্ত্বং স্বমহিম্না স্বদেহাদেব নির্গময্য প্রদর্শয়ামাস। দৃষ্ট্বা চ তৎ চূর্ণিতগর্বো লজ্জিতশ্চ মঙ্কণকস্তৎপাদয়োঃ পপাত তুষ্টাব চেত্যাধ্যায়িকাতাৎপর্য্যম্ ॥১২৭॥

সুরেতি। সুরাসুরস্য সুরাসুরপ্রভৃতেঃ। গতিরুপায়ঃ ॥১২৮॥
ত্বমিতি। গ্রসসি আদৎসে, "যৎ প্রযন্ত্যভিসংবিশন্তি" ইতি শ্রুতেঃ ॥১২৯॥
ত্বয়ীতি। ত্বং সর্ব্বোঽসি, "সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" ইতি শ্রুতেঃ ॥১৩০॥
ত্বদিতি। মোদন্তি স্বস্বপদে স্থিত্বা আমোদন্তে ॥১৩১॥
ত্বদিতি। ন ক্ষরেত ন বিচলেৎ ন ভ্রংশেদিত্যর্থঃ। দেবো মহাদেবঃ ॥১৩২॥

রাজা! তাহা দেখিয়া মঙ্কণকমুনি লজ্জিত হইয়া মহাদেবের চরণযুগলে পতিত হইলেন এবং মহাদেব হইতে অন্য কোন দেবতাকেই শ্রেষ্ঠ বলিয়া মনে করিলেন না এবং বলিলেন—॥১২৭॥

মহাদেব! আপনি দেবাসুরপ্রভৃতি সমস্ত জগতের একমাত্র গতি এবং আপনিই এই স্থাবরজঙ্গমাত্মক সমস্ত জগৎ সৃষ্টি করিয়াছেন ॥১২৮॥

আবার আপনিই প্রলয়কালে সমস্ত গ্রাস করিয়া থাকেন। অতএব দেবতারাও আপনাকে জানিতে পারেন না, আমি কি করিয়া জানিব ॥১২৯॥

হে নিষ্পাপ! ব্রহ্মাদি সকল দেবগণকে আপনাতেই দেখা যায়। সুতরাং আপনিই সমস্ত এবং জগতের কর্ত্তা ও কারয়িতা ॥১৩০॥

সকল দেবতা আপনার অনুগ্রহেই অকুতোভয়ে থাকিয়া আমোদ করিতেছেন'। সেই মুনি এইরূপ স্তব করিয়া প্রণত হইয়া মহাদেবকে বলিলেন ॥১৩১॥

(১২৮) ত্বয়া সৃষ্টমিদং বিশ্বম্...পি। (১২৯) ত্বামেব ভগবন্! সর্ব্বে প্রবিশন্তি যুগক্ষয়ে...পি।

তপস্তে বর্দ্ধতাং বিপ্র ! মৎপ্রসাদাৎ সহস্রধা ।
আশ্রমে চেহ বৎস্যামি ত্বয়া সহ মহামুনে ! ॥১৩৩॥
সপ্তসারস্বতে স্নাত্বা অর্চ্চয়িষ্যন্তি যে তু মাম্ ।
ন তেষাং দুর্লভং কিঞ্চিদিহ লোকে পরত্র চ ॥১৩৪॥
সারস্বতঞ্চ তে লোকং গমিষ্যন্তি ন সংশয়ঃ ।
এবমুক্ত্বা মহাদেবস্তত্রৈবান্তরধীয়ত ॥১৩৫॥
ততস্ত্বৌশনসং গচ্ছেত্রিষু লোকেষু বিশ্রুতম্ ।
যত্র ব্রহ্মাদয়ো দেবা ঋষয়শ্চ তপোধনাঃ ॥১৩৬॥
কার্ত্তিকেয়শ্চ ভগবাংস্ত্রিসন্ধ্যং কিল ভারত ! ।
সান্নিধ্যমকরোন্নিত্যং ভার্গবপ্রিয়কাম্যয়া ॥১৩৭॥ (যুগ্মকম্)
কপালমোচনং তীর্থং সর্ব্বপাপপ্রমোচনম্ ।
তত্র স্নাত্বা নরব্যাঘ্র ! সর্বপাপৈঃ প্রমুচ্যতে ॥১৩৮॥

ভারতকৌমুদী

তপ ইতি। মৎপ্রসাদাৎ ত্বত্তপস্যাপ্রযুক্তাম্মদনুগ্রহাৎ ॥১৩৩॥
সপ্তেতি। সপ্তসারস্বতে তদাখ্যে অস্মিন্ তীর্থে। পরত্র চ লোকে ॥১৩৪॥
সারেতি। সারস্বতং সরস্বতীনদীস্নানপ্রাপ্যম্, অথবা সরস্বতীদেবীসম্বন্ধিনম্ ॥১৩৫॥
তত ইতি। উশনসঃ শুক্রস্যেদম্ ঔশনসং তীর্থম্। নিত্যং প্রত্যহম্ ॥১৩৬—১৩৭॥
কপালেতি। কপালমোচনং নাম। এষাং যোগার্থো দুষ্কর এব বৃত্তান্তানুক্তেঃ ॥১৩৮॥

'মহাদেব ! আপনার অনুগ্রহে যেন আমার তপস্যা নষ্ট হয় না'। তৎপরে মহাদেব সন্তুষ্ট হইয়া সেই ব্রহ্মর্ষিকে এই কথা বলিলেন—॥১৩২॥

'ব্রাহ্মণ ! আমার অনুগ্রহে আপনার তপস্যা সহস্রগুণে বৃদ্ধি পাইবে এবং মহামুনি ! আমি আপনার সহিত এই আশ্রমে বাস করিব ॥১৩৩॥

যাহারা এই সপ্তসারস্বতে স্নান করিয়া আমার পূজা করিবে, তাহাদের ইহলোকে বা পরলোকে কিছুই দুর্লভ হইবে না ॥১৩৪॥

আর, তাহারা সারস্বতলোকে গমন করিবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই'। এইরূপ বলিয়া মহাদেব সেইখানেই অন্তর্হিত হইলেন ॥১৩৫॥

তাহার পর, ত্রিভুবনবিখ্যাত ঔশনসতীর্থে গমন করিবে ; যেখানে ব্রহ্মাদি দেবগণ, ঋষিগণ, অন্যান্য তপস্বিগণ এবং ভগবান্ কার্ত্তিকেয় শুক্রাচার্য্যের সন্তোষের জন্য প্রত্যহ তিন বেলা অবস্থান করিতেন ॥১৩৬–১৩৭॥

নরশ্রেষ্ঠ ! তাহার পর সমস্তপাপনাশক কপালমোচনতীর্থে গমন করিবে। সেখানে স্নান করিয়া মানুষ সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥১৩৮॥

অগ্নিতীর্থং ততো গচ্ছেত্তত্র স্নাত্বা নরর্ষভ !।
অগ্নিলোকমবাপ্নোতি কুলঞ্চৈব সমুদ্ধরেৎ ॥১৩৯॥
বিশ্বামিত্রস্য তত্রৈব তীর্থং ভরতসত্তম !।
তত্র স্নাত্বা নরশ্রেষ্ঠ ! ব্রাহ্মণ্যমধিগচ্ছতি ॥১৪০॥
ব্রহ্মযোনিং সমাসাদ্য শুচিঃ প্রয়তমানসঃ।
তত্র স্নাত্বা নরব্যাঘ্র ! ব্রহ্মলোকং প্রপদ্যতে ॥১৪১॥
পুনাত্যাসপ্তমঞ্চৈব কুলং নাস্ত্যত্র সংশয়ঃ।
ততো গচ্ছেত রাজেন্দ্র ! তীর্থং ত্রৈলোক্যবিশ্রুতম্ ॥১৪২॥
পৃথূদকমিতি খ্যাতং কার্ত্তিকেয়স্য বৈ নৃপ !।
তত্রাভিষেকং কুর্বীত পিতৃদেবার্চ্চনে রতঃ ॥১৪৩॥ (যুগ্মকম্)
অজ্ঞানাজ্‌জ্ঞানতো বাপি স্ত্রিয়া বা পুরুষেণ বা।
যৎ কিঞ্চিদশুভং কর্ম্ম কৃতং মানুষবুদ্ধিনা ॥১৪৪॥
তৎ সর্ব্বং নশ্যতে তত্র স্নাতমাত্রস্য ভারত !।
অশ্বমেধফলঞ্চাপি লভতে স্বর্গমেব চ ॥১৪৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অগ্নীতি। কুলমাত্মবংশম্ ॥১৩৯॥

বিশ্বেতি। ব্রাহ্মণ্যং ব্রাহ্মণত্বম্, অর্থাৎ ক্ষত্রিয়াদিঃ, অধিগচ্ছতি লভতে ॥১৪০॥

ব্রহ্মেতি। ব্রহ্মযোনিং তদাখ্যং তীর্থম্। প্রয়তমানসঃ কামাদিশূন্যঃ ॥১৪১॥

পুনাতীতি। শুচিঃ প্রয়তমানসঃ ইত্যনুকৃষ্যতে। কুলং পুরুষম্। পৃথূনি বহুলানি উদকানি যত্র তৎ। কার্ত্তিকেয়স্য তীর্থমিতি সম্বন্ধঃ ॥১৪২—১৪৩॥

অজ্ঞানাদিতি। অশুভং পাপম্। মানুষস্য বুদ্ধিনা বুদ্ধ্যা, সম্ভবপ্রদর্শনার্থমিদম্, মানুষবুদ্ধে রজোগুণপ্রাধান্যাৎ। নশ্যতে নশ্যতি ॥১৪৪—১৪৫॥

নরশ্রেষ্ঠ। তৎপরে অগ্নিতীর্থে যাইবে এবং সেখানে স্নান করিয়া অগ্নিলোক লাভ করিবে এবং আপন কুল উদ্ধার করিবে ॥১৩৯॥

ভরতশ্রেষ্ঠ। সেই অগ্নিতীর্থের নিকটেই বিশ্বামিত্রতীর্থ আছে; তাহাতে স্নান করিয়া ক্ষত্রিয়প্রভৃতি ব্রাহ্মণত্ব লাভ করে ॥১৪০॥

নরশ্রেষ্ঠ। তৎপরে ব্রহ্মযোনিতীর্থে যাইয়া, সেখানে পবিত্র ও সংযতচিত্ত হইয়া, স্নান করিয়া, মানুষ ব্রহ্মলোকে গমন করে ॥১৪১॥

এবং সপ্তমপুরুষপর্য্যন্ত পবিত্র করে; এ বিষয়ে কোন সন্দেহ নাই। রাজশ্রেষ্ঠ। তাহার পর ত্রিভুবনবিখ্যাত 'পৃথূদক'-নামক কার্ত্তিকেয়তীর্থে গমন করিবে এবং সেখানে স্নান করিবে ও পিতৃ-দেবপূজায় নিরত হইবে ॥১৪২—১৪৩॥

পুণ্যমাহুঃ কুরুক্ষেত্রং কুরুক্ষেত্রাৎ সরস্বতী।
সরস্বত্যাশ্চ তীর্থানি তীর্থেভ্যশ্চ পৃথূদকম্ ॥১৪৬॥
উত্তমে সর্ব্বতীর্থানাং যস্ত্যজেদাত্মনস্তনুম্।
পৃথূদকে জপ্যপরো ন পুনর্জ্জন্ম সংলভেৎ ॥১৪৭॥
গীতং সনৎকুমারেণ ব্যাসেন চ মহাত্মনা।
বেদে চ নিয়তং রাজন্নধিগচ্ছেৎ পৃথূদকম্ ॥১৪৮॥
পৃথূদকাৎ পুণ্যতমং নান্যত্তীর্থং নরোত্তম!।
এতন্মেধ্যং পবিত্রঞ্চ পাবনঞ্চ ন সংশয়ঃ ॥১৪৯॥

ভারতকৌমুদী

পুণ্যমিতি। পুণ্যং তীর্থান্তরেভ্যঃ। তীর্থানি তীর্থেভ্য ইতি সরস্বত্যা এব ॥১৪৬॥
উত্তম ইতি। জপ্যপর ইষ্টদেবতামন্ত্রজপব্যাপৃতঃ। এতেন সজ্ঞানত্বং সূচিতম্ ॥১৪৭॥
গীতমিতি। গীতং সাদরমুক্তম্। নিয়তং ফলজনকতয়া নিয়মেনোক্তম্ ॥১৪৮॥
পৃথ্বিতি। মেধ্যমিত্যাদ্যেকপর্য্যায়মেব শব্দত্রয়ং পবিত্রতাতিশয়জ্ঞাপনার্থম্ ॥১৪৯॥

ভারতভাবদীপঃ

স্থানে মহীয়তে পূজ্যতে ॥৫৭—১২৫॥ হিমসন্নিভমতিশ্বেতমিক্ষুবিকারং খণ্ডশর্করাখ্যম্ ॥১২৬—১৪৬॥ পৃথূদকে জপ্যপরো যস্তনুং ত্যজেৎ তং শ্বো মরণং পুনর্মরণং ন তপেৎ। যদ্বা পূর্ব্বেদ্যুরেব কৃতজপং শ্বোঽপি জীবিতাস্তং মরণং ন তপেৎ, একরাত্রেণৈব সর্ব্বপাপবিমোচকা

তাহা হইলে, স্ত্রী বা পুরুষ জ্ঞানতঃ বা অজ্ঞানতঃ মানুষবুদ্ধিতে যে কিছু পাপকার্য্য করিয়াছিল, সেখানে স্নান করিবামাত্র সে সমস্তই নষ্ট হইবে এবং ভরতনন্দন! সে ব্যক্তি অশ্বমেধযজ্ঞের ফল ও স্বর্গলোক লাভ করিবে ॥১৪৪—১৪৫॥

কারণ, অন্যান্য তীর্থ হইতে কুরুক্ষেত্র অধিক পুণ্যজনক, কুরুক্ষেত্র হইতে সরস্বতী, সরস্বতী হইতে তাহার তীর্থগুলি, আবার সে তীর্থগুলি হইতে পৃথূদকতীর্থ অধিকপুণ্যজনক; ইহা মুনিরা বলিয়া থাকেন ॥১৪৬॥

অতএব সর্ব্বতীর্থশ্রেষ্ঠ পৃথূদকতীর্থে যে লোক ইষ্টমন্ত্রজপে ব্যাপৃত থাকিয়া আপন দেহ ত্যাগ করিবে, সে লোক আর জন্ম গ্রহণ করিবে না ॥১৪৭॥

রাজা! মহাত্মা সনৎকুমার ও বেদব্যাস এই কথা বলিয়াছেন এবং বেদেও ইহা ধ্রুব বলিয়া উক্ত হইয়াছে। অতএব অবশ্যই পৃথূদকতীর্থে গমন করিবে ॥১৪৮॥

নরশ্রেষ্ঠ! পৃথূদক অপেক্ষা অন্য পুণ্যতম তীর্থ নাই। এ তীর্থ অতিশয়-পবিত্র; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৪৯॥

(১৪৭) উত্তমং সর্ব্বতীর্থানাম্…বা ব কা,…জপ্যপরো ন তং শ্বো মরণং তপেৎ—বা ব কা নি। (১৪৯) পৃথূদকাত্তীর্থতমং নান্যত্তীর্থং কুরূদ্বহ!…বা ব কা।

তত্র স্নাত্বা দিবং যান্তি যেঽপি পাপকৃতো জনাঃ।
পৃথূদকে নরশ্রেষ্ঠ! প্রাহুরেবং মনীষিণঃ॥১৫০॥
মধুস্রবঞ্চ তত্রৈব তীর্থং ভরতসত্তম!।
তত্র স্নাত্বা নরো রাজন্! গোসহস্রফলং লভেৎ॥১৫১॥
ততো গচ্ছেন্নরশ্রেষ্ঠ! তীর্থং মেধ্যং যথাক্রমম্।
সরস্বত্যারুণায়াশ্চ সঙ্গমং লোকবিশ্রুতম্॥১৫২॥
ত্রিরাত্রোপোষিতঃ স্নাত্বা মুচ্যতে ব্রহ্মহত্যয়া।
অগ্নিষ্টোমাতিরাত্রাভ্যাং ফলং বিন্দতি মানবঃ।
আসপ্তমং কুলঞ্চৈব পুনাতি ভরতর্ষভ!॥১৫৩॥
অর্দ্ধকীলঞ্চ তত্রৈব তীর্থং কুরুকুলোদ্বহ!।
বিপ্রাণামনুকম্পার্থং দর্ভিণা নির্ম্মিতং পুরা॥১৫৪॥

ভারতকৌমুদী

তত্রেতি। তত্র পৃথূদকে। মনীষিণো জ্ঞানিনস্তত্তীর্থমাহাত্ম্যাভিজ্ঞাঃ॥১৫০॥
মধ্বিতি। মধুস্রবং তন্নামকম্। গোসহস্রস্য তদ্দানস্য ফলম্॥১৫১॥
তত ইতি। মেধ্যং পবিত্রম্। সরস্বত্যারুণায়া ইতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ॥১৫২॥
ত্রীতি। অগ্নিষ্টোমাতিরাত্রাভ্যাং তদাখ্যয়োর্যজ্ঞয়োঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ॥১৫৩॥
অর্দ্ধেতি। অর্দ্ধকীলং তদাখ্যম্। দর্ভিণা দর্ভিনামকেন মুনিনা॥১৫৪॥

অতএব নরশ্রেষ্ঠ! যে সকল লোক পাপকারী, তাহারাও সেই পৃথূদক-তীর্থে স্নান করিয়া স্বর্গে যায়; এ কথা জ্ঞানীরা বলিয়া থাকেন॥১৫০॥

ভরতশ্রেষ্ঠ রাজা! সেইখানেই 'মধুস্রব'-নামে একটী তীর্থ আছে, তাহাতে স্নান করিয়া মানুষ সহস্রগোদানের ফল লাভ করিবে॥১৫১॥

নরশ্রেষ্ঠ! তাহার পর যথাক্রমে পরমপবিত্র ও জগদ্বিখ্যাত সরস্বতী ও অরুণার সঙ্গমতীর্থে গমন করিবে॥১৫২॥

ভরতশ্রেষ্ঠ! মানুষ সেখানে তিন দিন উপবাসী থাকিয়া স্নান করিয়া ব্রহ্মহত্যার পাপ হইতে মুক্ত হয়, অগ্নিষ্টোম ও অতিরাত্রযজ্ঞের ফল পায় এবং সপ্তমপুরুষপর্য্যন্ত পবিত্র করে॥১৫৩॥

কৌরবশ্রেষ্ঠ! সেইখানেই 'অর্দ্ধকীল'-নামে আর একটী তীর্থ আছে; পূর্ব্বকালে দর্ভী মুনি ব্রাহ্মণদিগের প্রতি দয়াপ্রকাশ করিবার জন্য সেই তীর্থটী নির্ম্মাণ করিয়াছিলেন॥১৫৪॥

(১৫০)...পাপকৃতো নরাঃ...এবং প্রাহুঃ...বা ব কা। (১৫২)...তীর্থং দেব্যা যথাক্রমম্...পি নি।

ব্রতোপনয়নাভ্যাঞ্চাপ্যুপবাসেন চাপ্যুত।
ক্রিয়ামন্ত্রৈশ্চ সংযুক্তো ব্রাহ্মণঃ স্যান্ন সংশয়ঃ ॥১৫৫॥
ক্রিয়ামন্ত্রবিহীনোঽপি তত্র স্নাত্বা নরর্ষভ !।
চীর্ণব্রতো ভবেদ্বিদ্বান্ দৃষ্টমেতৎ পুরাতনৈঃ ॥১৫৬॥
সমুদ্রাশ্চাপি চত্বারঃ সমানীতাশ্চ দর্ভিণা।
তেষু স্নাতো নরশ্রেষ্ঠ! ন দুর্গতিমবাপ্নুয়াৎ ॥১৫৭॥
ফলানি গোসহস্রাণাং চতুর্ণাং বিন্দতে চ সঃ।
ততো গচ্ছেত রাজেন্দ্র! তীর্থং শতসহস্রকম্ ॥১৫৮॥
সহস্রকঞ্চ তত্রৈব দ্বে তীর্থে লোকবিশ্রুতে।
উভয়োর্হি নরঃ স্নাত্বা গোসহস্রফলং লভেৎ ॥১৫৯॥ (যুগ্মকম্)
দানং বাপ্যুপবাসো বা সহস্রগুণিতো ভবেৎ।
ততো গচ্ছেত রাজেন্দ্র! রেণুকাতীর্থমুত্তমম্ ॥১৬০॥

ভারতকৌমুদী

ব্রতেতি। ব্রতং চান্দ্রায়ণাদি উপনয়নম্ ইষ্টদেবতাধ্যানং তাভ্যাম্ ॥১৫৫॥

অথ ব্রতাদের্নিত্যত্বে তত্রাসমর্থঃ কিং কুর্য্যাদিত্যাহ ক্রিয়েতি। চীর্ণব্রত আচরিত-ব্রতাদিঃ, বিদ্বান্ স্বকর্ত্তব্যং জানন্। ব্রতাদাবসমর্থস্য স্নানমাত্রমিত্যাশয়ঃ ॥১৫৬॥

সমুদ্রা ইতি। দর্ভিণা মুনিনা, সমানীতা যোগবলেনেতি ভাবঃ ॥১৫৭॥

ফলানীতি। চতুর্ণাং গোসহস্রাণাং দানস্য ফলানীত্যর্থঃ, বিন্দতে লভতে, স তেষু স্নাতঃ। শতসহস্রকং সহস্রকঞ্চেত্যুভয়ত্রৈব সংজ্ঞায়াং কপ্রত্যয়ঃ ॥১৫৮—১৫৯॥

দানমিতি। দানং বাপ্যুপবাসো বা, উক্তয়োরুভয়োস্তীর্থয়োরিত্যর্থঃ ॥১৬০॥

ব্রাহ্মণ সেখানে অবশ্যই ব্রত, ধ্যান, উপবাস, ক্রিয়া (শ্রাদ্ধদানাদি) ও মন্ত্রে নিরত হইবেন ॥১৫৫॥

নরশ্রেষ্ঠ। ক্রিয়া ও মন্ত্রাদিবিহীন ব্যক্তিও আপন কর্ত্তব্য বুঝিয়া সেই অর্দ্ধকীলতীর্থে কেবল স্নান করিয়াই ব্রতাচরণপ্রভৃতির ফল পাইবে; ইহা প্রাচীনেরা পর্য্যালোচনা করিয়া দেখিয়াছেন ॥১৫৬॥

নরশ্রেষ্ঠ। দর্ভিমুনি যোগবলে চারিটী সমুদ্রকে সেখানে আনয়ন করিয়াছিলেন। সুতরাং মানুষ তাহাতে স্নান করিয়া দুর্গতি ভোগ করিবে না ॥১৫৭॥

এবং সেই স্নানকারী লোক চারিসহস্রগোদানের ফল পাইবে। রাজশ্রেষ্ঠ! তাহার পর সেই খানেই 'শতসহস্রক' ও 'সহস্রক'-নামে জগদ্বিখ্যাত দুইটী তীর্থে গমন করিবে এবং সেই দুইটী তীর্থে স্নান করিয়া মানুষ সহস্রগো-দানের ফল পাইবে ॥১৫৮—১৫৯॥

তত্রাভিষেকং কুর্বীত পিতৃদেবার্চ্চনে রতঃ।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা অগ্নিষ্টোমফলং লভেৎ ॥১৬১॥
বিমোচন উপস্পৃশ্য জিতমন্যুর্জিতেন্দ্রিয়ঃ।
প্রতিগ্রহকৃতৈঃ পাপৈঃ সর্বৈঃ স পরিমুচ্যতে ॥১৬২॥
ততঃ পঞ্চবটীং গত্বা ব্রহ্মচারী জিতেন্দ্রিয়ঃ।
পুণ্যেন মহতা যুক্তঃ সতাং লোকে মহীয়তে ॥১৬৩॥
যত্র যোগেশ্বরঃ স্থাণুঃ স্বয়মেব বৃষধ্বজঃ।
তমর্চ্চয়িত্বা দেবেশং গমনাদেব সিধ্যতি ॥১৬৪॥
তৈজসং বারুণং তীর্থং দীপ্যতে স্বেন তেজসা।
যত্র ব্রহ্মাদিভির্দেবৈ ঋষিভিশ্চ তপোধনৈঃ ॥১৬৫॥
সৈনাপত্যেন দেবানামভিষিক্তো গুহস্তদা।
তৈজসস্য তু পূর্ব্বেণ কুরুতীর্থং কুরূদ্বহ! ॥১৬৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত্রেতি। তত্র রেণুকাতীর্থে, অভিষেকং স্নানম্ ॥১৬১॥
বীতি। বিমোচনে তদাখ্যে তীর্থে, উপস্পৃশ্য স্নাত্বা, জিতমন্যুঃ ক্রোধহীনঃ ॥১৬২॥
তত ইতি। পঞ্চবটীতীর্থে গমনাদেব মহৎপুণ্যমিত্যাশয়ঃ ॥১৬৩॥
যত্রেতি। স্থাণুশ্চিরস্থিরঃ। গমনাদেব সিধ্যতি মহাপুণ্যসিদ্ধির্ভবতি ॥১৬৪॥
তৈজসমিতি। তৈজসং নাম। সৈনাপত্যেন সেনাপতিত্বেন, গুহঃ কার্ত্তিকঃ ॥১৬৫—১৬৬॥

আর, সেই দুইটী তীর্থে দান বা উপবাস করিলে, তাহার সহস্রগুণ ফল হইবে। রাজশ্রেষ্ঠ! তৎপরে উত্তম রেণুকাতীর্থে যাইবে ॥১৬০॥

পরে তাহাতে স্নান করিবে এবং পিতৃদেবার্চ্চনে ব্যাপৃত হইবে; তাহা হইলে সর্বপাপবিমুক্ত হইয়া অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ করিবে ॥১৬১॥

তাহার পর, ক্রোধবিহীন ও জিতেন্দ্রিয় হইয়া বিমোচনতীর্থে স্নান করিয়া, প্রতিগ্রহনিবন্ধন সমস্ত পাপ হইতে মুক্ত হইবে ॥১৬২॥

তাহার পর পঞ্চবটীতীর্থে যাইয়া ব্রহ্মচারী ও জিতেন্দ্রিয় থাকিয়াই মানুষ মহাপুণ্যভাগী ও সাধুলোকগামী হয় ॥১৬৩॥

যেখানে যোগেশ্বর স্বয়ং মহাদেব চিরস্থায়ী হইয়া রহিয়াছেন। সেই দেবদেবকে পূজা করিয়া চলিয়া গেলেই মহাপুণ্য লাভ হয় ॥১৬৪॥

তাহার নিকটে 'তৈজস'-নামে বারুণতীর্থ আপন তেজে শোভা পাইতেছে; যেখানে পূর্বকালে ব্রহ্মাদিদেবগণ, ঋষিগণ ও তপস্বিগণ কার্ত্তিককে দেবগণের

---

(১৬২) বিমোচনমুপস্পৃশ্য...বা ব কা। (১৬৫)...দীপ্যমানং স্বতেজসা...বা ব কা নি।

কুরুতীর্থে নরঃ স্নাত্বা ব্রহ্মচারী জিতেন্দ্রিয়ঃ।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা ব্রহ্মলোকং প্রপদ্যতে ॥১৬৭॥
স্বর্গদ্বারং ততো গচ্ছেন্নিয়তো নিয়তাশনঃ।
অগ্নিষ্টোমমবাপ্নোতি ব্রহ্মলোকঞ্চ গচ্ছতি ॥১৬৮॥
ততো গচ্ছেদনরকং তীর্থসেবী নরাধিপ!।
তত্র স্নাত্বা নরো রাজন্! ন দুর্গতিমবাপ্নুয়াৎ ॥১৬৯॥
তত্র ব্রহ্মা স্বয়ং নিত্যং দেবৈঃ সহ মহীপতে!।
অন্বাস্তে পুরুষব্যাঘ্র! নারায়ণপুরোগমৈঃ ॥১৭০॥
সান্নিধ্যং তত্র রাজেন্দ্র! রুদ্রপত্ন্যাঃ কুরূদ্বহ!।
অভিগম্য চ তাং দেবীং ন দুর্গতিমবাপ্নুয়াৎ ॥১৭১॥
তত্রৈব চ মহারাজ! বিশ্বেশ্বরমুমাপতিম্।
অভিগম্য মহাদেবং মুচ্যতে সর্ব্বকিল্বিষৈঃ ॥১৭২॥

ভারতকৌমুদী

কুর্বিতি। ব্রহ্মচারী—"স্মরণং কীর্ত্তনং কেলী" ইত্যাদিদক্ষোক্তাষ্টবিধমৈথুনত্যাগী ॥১৬৭॥
স্বর্গেতি। নিয়তো নিরামিষাহারাদিনিয়মবান্, নিয়তাশন একভক্তাদিনিয়মী চ ॥১৬৮॥
তত ইতি। অনরকং নাম তীর্থম্। দুর্গতিং নরকভোগম্, অনরকনামবশাৎ ॥১৬৯॥
তত্রেতি। তত্র অনরকাখ্যে তীর্থে। অন্বাস্তে অবতিষ্ঠতে ॥১৭০॥
সান্নিধ্যমিতি। রুদ্রপত্ন্যাঃ পার্ব্বত্যাঃ। অভিগম্য অভিগমপূর্ব্বকং সম্পূজ্য ॥১৭১॥

সেনাপতিপদে অভিষিক্ত করিয়াছিলেন। কৌরবশ্রেষ্ঠ! সেই তৈজসতীর্থের পূর্ব্বদিকে কুরুতীর্থ আছে ॥১৬৫—১৬৬॥

মানুষ ব্রহ্মচারী ও জিতেন্দ্রিয় থাকিয়া, সেই কুরুতীর্থে স্নান করিয়া, সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া ব্রহ্মলোক লাভ করে ॥১৬৭॥

তদনন্তর নিরামিষ একাহারাদিনিয়মযুক্ত হইয়া স্বর্গদ্বারতীর্থে গমন করিবে। তাহা হইলেই অগ্নিষ্টোমযজ্ঞের ফল পাইবে এবং ব্রহ্মলোকে যাইবে ॥১৬৮॥

নরনাথ রাজা! তাহার পর তীর্থসেবী লোক 'অনরক'-নামকতীর্থে গমন করিবে এবং সেখানে স্নান করিয়া নরকভোগ করিবে না ॥১৬৯॥

পুরুষশ্রেষ্ঠ রাজা! সেখানে স্বয়ং ব্রহ্মা নারায়ণপ্রভৃতি দেবগণের সহিত সর্ব্বদাই অবস্থান করিতেছেন ॥১৭০॥

কৌরবনাথ রাজশ্রেষ্ঠ! সেখানে দুর্গাদেবীও রহিয়াছেন। সুতরাং তাঁহার নিকট যাইয়া তাঁহাকে পূজা করিয়া দুর্গতিভোগ করে না ॥১৭১॥

নারায়ণঞ্চাভিগম্য পদ্মনাভমরিন্দম!।
রোচমানো মহারাজ! বিষ্ণুলোকঞ্চ গচ্ছতি ॥১৭৩॥
তীর্থেষু সর্ব্বদেবানাং স্নাতঃ স পুরুষর্ষভ!।
সর্বদুঃখৈঃ পরিত্যক্তো দ্যোততে শশিবন্নরঃ ॥১৭৪॥
ততঃ স্বস্তিপুরং গচ্ছেত্তীর্থসেবী নরাধিপ!।
প্রদক্ষিণমুপাবৃত্য গোসহস্রফলং লভেৎ ॥১৭৫॥
পাবনং তীর্থমাসাদ্য তর্পয়েৎ পিতৃদেবতাঃ।
অগ্নিষ্টোমস্য যজ্ঞস্য ফলং প্রাপ্নোতি ভারত! ॥১৭৬॥
গঙ্গাহ্রদশ্চ তত্রৈব কূপশ্চ ভরতর্ষভ!।
তিস্রঃ কোট্যশ্চ তীর্থানাং তস্মিন্ কূপে মহীপতে!।
তত্র স্নাত্বা নরো রাজন্! স্বর্গলোকং প্রপদ্যতে ॥১৭৭॥

ভারতকৌমুদী

তত্রেতি। অত্রাপ্যভিগম্যেতি পূর্ব্ববদর্থঃ ॥১৭২॥
নারায়ণমিতি। রোচমানঃ সম্পদা সৌন্দর্য্যেণ চ শোভমানঃ ॥১৭৩॥
তীর্থেম্বিতি। সর্ব্বদেবানাং তীর্থেষু অনরকাখ্যেষু। দ্যোততে কান্ত্যা ॥১৭৪॥
তত ইতি। স্বস্তিপুরং তদাখ্যং তীর্থম্। উপাবৃত্য কৃত্বা ॥১৭৫॥
পাবনমিতি। পাবনং তদাখ্যম্। তর্পয়েৎ শ্রাদ্ধেন পূজয়া চ ॥১৭৬॥
গঙ্গেতি। তস্মিন্ কূপে তিষ্ঠন্তীতি শেষঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৭৭॥

মহারাজ। সেইখানেই বিশ্বনাথ উমাপতি মহাদেবের নিকট যাইয়া তাঁহার পূজা করিয়া মানুষ সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥১৭২॥

এবং অরিন্দম মহারাজ। পদ্মনাভ নারায়ণের নিকটে যাইয়া তাঁহার পূজা করিয়া দীপ্তিমান্ হইয়া বিষ্ণুলোকে গমন করে ॥১৭৩॥

পুরুষশ্রেষ্ঠ। সেই সর্ব্বদেবতীর্থে স্নানকারী মানুষ সর্ব্বদুঃখবিহীন হইয়া চন্দ্রের ন্যায় দীপ্তি পাইতে থাকে ॥১৭৪॥

রাজা। তাহার পর তীর্থসেবী লোক স্বস্তিপুরে যাইবে এবং সেই তীর্থটীকে প্রদক্ষিণ করিয়া সহস্রগোদানের ফল পাইবে ॥১৭৫॥

ভরতনন্দন। তৎপরে পাবনতীর্থে যাইয়া পিতৃগণ ও দেবগণকে তৃপ্ত করিবে; তাহাতে অগ্নিষ্টোমযজ্ঞের ফল পাইবে ॥১৭৬॥

ভরতশ্রেষ্ঠ রাজা। সেই পাবনতীর্থেই গঙ্গাহ্রদ আছে এবং একটী কূপ আছে; সেই কূপটীতে তিন কোটি তীর্থ বাস করে। সুতরাং তাহাতে স্নান করিয়া মানুষ স্বর্গ লাভ করে ॥১৭৭॥

আপগায়াং নরঃ স্নাত্বা অর্চ্চয়িত্বা মহেশ্বরম্ ।
গাণপত্যমবাপ্নোতি কুলঞ্চৈব সমুদ্ধরেৎ ॥১৭৮॥
ততঃ স্থাণুবটং গচ্ছেত্রিষু লোকেষু বিশ্রুতম্ ।
তত্র স্নাত্বা স্থিতো রাত্রিং রুদ্রলোকমবাপ্নুয়াৎ ॥১৭৯॥
বদরীপাচনং গচ্ছেদ্বশিষ্ঠস্যাশ্রমং ততঃ ।
বদরীং ভক্ষয়েত্তত্র ত্রিরাত্রোপোষিতো নরঃ ॥১৮০॥
সম্যগ্ দ্বাদশ বর্ষাণি বদরান্ ভক্ষয়েত্তু যঃ ।
ত্রিরাত্রোপোষিতস্তেন ভবেত্তুল্যো নরাধিপ ! ॥১৮১॥
ইন্দ্রমার্গং সমাসাদ্য তীর্থসেবী নরাধিপ ! ।
অহোরাত্রোপবাসেন শক্রলোকে মহীয়তে ॥১৮২॥
একরাত্রং সমাসাদ্য একরাত্রোষিতো নরঃ ।
নিয়তঃ সত্যবাদী চ ব্রহ্মলোকে মহীয়তে ॥১৮৩॥

ভারতকৌমুদী

আপেতি। আপগায়াং তত্রত্যনদ্যাম্। গাণপত্যং প্রমথগণাধিপত্যম্ ॥১৭৮॥
তত ইতি। স্থাণুবটং রুদ্রাধিষ্ঠিতবটবৃক্ষম্। তত্র তত্রত্যজলাশয়ে ॥১৭৯॥
বদরীতি। বদরীপাচনং তদাখ্যং বশিষ্ঠস্যাশ্রমম্। বদরীং ফলম্ ॥১৮০॥
সম্যগিতি। বদরান্ বদরীফলানি। তেন বশিষ্ঠেন তুল্যো ভবেৎ ॥১৮১॥
ইন্দ্রেতি। ইন্দ্রমার্গং তন্নামকং তীর্থম্। শক্রলোকে ইন্দ্রলোকে ॥১৮২॥

তত্রত্য নদীতে স্নান এবং শিবের পূজা করিয়া মানুষ প্রমথগণের অধিপতি হয় এবং আপন কুল উদ্ধার করিতে পারে ॥১৭৮॥

তাহার পর ত্রিভুবনবিখ্যাত স্থাণুবটে গমন করিবে এবং সেখানে স্নান ও একরাত্রি বাস করিয়া রুদ্রলোক লাভ করিবে ॥১৭৯॥

তদনন্তর 'বদরীপাচন' নামক বশিষ্ঠাশ্রমে গমন করিবে এবং সেখানে মানুষ ত্রিরাত্র উপবাস করিয়া বদরীফল ভক্ষণ করিবে ॥১৮০॥

রাজা ! সেখানে যে লোক ত্রিরাত্র উপবাস করিয়া বার বৎসরপর্য্যন্ত কেবল বদরীফল ভক্ষণ করিয়া থাকে, সে লোক বশিষ্ঠের তুল্য হয় ॥১৮১॥

রাজা ! তৎপরে তীর্থসেবী লোক ইন্দ্রমার্গতীর্থে যাইয়া একরাত্র উপবাস করিয়া ইন্দ্রলোকে গমন করে ॥১৮২॥

তাহার পর মানুষ একরাত্রতীর্থে যাইয়া একরাত্র উপবাসী, ইষ্টদেবতাপূজানিরত এবং সত্যবাদী থাকিয়া ব্রহ্মলোকে গমন করে ॥১৮৩॥

(১৭৯)···তত্র স্নাত্বা নরো রাজন্ ! স্বর্গলোকং প্রপদ্যতে—বা ব কা।

ততো গচ্ছেচ্চ ধর্ম্মজ্ঞ! তীর্থং ত্রৈলোক্যবিশ্রুতম্।
আদিত্যস্যাশ্রমো যত্র তেজোরাশের্মহাত্মনঃ ॥১৮৪॥
তস্মিংস্তীর্থে নরঃ স্নাত্বা পূজয়িত্বা বিভাবসুম্।
আদিত্যলোকং ব্রজতি কুলঞ্চৈব সমুদ্ধরেৎ ॥১৮৫॥
সোমতীর্থে নরঃ স্নাত্বা তীর্থসেবী নরাধিপ!।
সোমলোকমবাপ্নোতি নরো নাস্ত্যত্র সংশয়ঃ ॥১৮৬॥
ততো গচ্ছেচ্চ ধর্ম্মজ্ঞ! দধীচস্য মহাত্মনঃ।
তীর্থং পুণ্যতমং রাজন্! পাবনং লোকবিশ্রুতম্ ॥১৮৭॥
যত্র সারস্বতো জাতঃ সোঽঙ্গিরাস্তপসো নিধিঃ।
তস্মিংস্তীর্থে নরঃ স্নাত্বা বাজিমেধফলং লভেৎ ॥১৮৮॥
সারস্বতীং গতিঞ্চৈব লভতে নাত্র সংশয়ঃ।
ততঃ কন্যাশ্রমং গচ্ছেন্নিয়তো ব্রহ্মচর্য্যবান্ ॥১৮৯॥

ভারতকৌমুদী

একেতি। একরাত্রং নাম তীর্থম্। নিয়ত ইষ্টপূজাদিনিয়মবান্ ॥১৮৩॥
তত ইতি। আদিত্যস্য সূর্য্যস্য, পরত্র বিভাবসুমিত্যভিধানাৎ ॥১৮৪॥
তস্মিন্নিতি। বিভাবসুং সূর্য্যম্, "বিভাবসুগ্রর্হপতি." ইত্যমরঃ ॥১৮৫॥
সোমেতি। নৃণাতি আত্মানং শুদ্ধিং নয়তীতি নরঃ, নরো মনুষ্যশ্চেত্যপৌনরুক্ত্যম্ ॥১৮৬॥
তত ইতি। দধীচস্য তদাখ্যস্য মুনেঃ। পুণ্যতমম্ অতিপুণ্যজনকম্ ॥১৮৭॥
যত্রেতি। সারস্বতো বাগ্‌দেবীসেবানিরতঃ। বাজিমেধস্যাশ্বমেধস্য ফলম্ ॥১৮৮॥
সারেতি। সারস্বতীং গতিং বাগ্‌দেবীলোকগমনম্। নিয়ত উপবাসাদিপরঃ ॥১৮৯॥

ধর্ম্মজ্ঞ! তাহার পর ত্রিভুবনবিখ্যাত একটী তীর্থে গমন করিবে; যেখানে তেজোরাশি ও মহাত্মা সূর্য্যের আশ্রম ছিল ॥১৮৪॥

মানুষ সেই তীর্থে স্নান ও সূর্য্যের পূজা করিয়া সূর্য্যলোকে গমন করে এবং কুল উদ্ধার করিতে পারে ॥১৮৫॥

রাজা! তৎপরে শুদ্ধিকামী তীর্থসেবী লোক সোমতীর্থে স্নান করিয়া সোমলোক লাভ করে, এ বিষয়ে সংশয় নাই ॥১৮৬॥

ধর্ম্মজ্ঞ রাজা! তাহার পর মহাত্মা দধীচমুনির অতিশয়পুণ্যজনক, পরমপবিত্র ও জগদ্বিখ্যাত তীর্থে গমন করিবে ॥১৮৭॥

যেখানে সরস্বতীর সেবক ও তপস্যার সাগর সেই অঙ্গিরা জন্মিয়াছিলেন। মানুষ সেই তীর্থে স্নান করিয়া অশ্বমেধযজ্ঞের ফল পাইবে ॥১৮৮॥

(১৮৪) ততো গচ্ছেত...বা ব কা নি (১৮৭) ততো গচ্ছেত...বা ব কা নি।

ত্রিরাত্রমুষিতো রাজন্ ! নিয়তো নিয়তাশনঃ।
লভেৎ কন্যাশতং দিব্যং ব্রহ্মলোকঞ্চ গচ্ছতি ॥১৯০॥
ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ ! তীর্থং সন্নিহতীমপি।
যত্র ব্রহ্মাদয়ো দেবা ঋষয়শ্চ তপোধনাঃ ॥১৯১॥
মাসি মাসি সমায়ান্তি পুণ্যেন মহতান্বিতাঃ।
সন্নিহত্যামুপস্পৃশ্য রাহুগ্রস্তে দিবাকরে ॥১৯২॥ *
অশ্বমেধশতং তেন তত্রেষ্টং শাশ্বতং ভবেৎ।
পৃথিব্যাং যানি তীর্থানি অন্তরীক্ষে চ যানি চ ॥১৯৩॥
নদ্যো হ্রদাস্তড়াগাশ্চ সর্ব্বপ্রস্রবণানি চ।
উদপানানি বাপ্যশ্চ তীর্থান্যায়তনানি চ ॥১৯৪॥
নিঃসংশয়মমাবাস্যাং সমেষ্যন্তি নরাধিপ ! ।
মাসি মাসি নরব্যাঘ্র ! সন্নিহত্যাং ন সংশয়ঃ ॥১৯৫॥ (কুলকম্)

ভারতকৌমুদী

ত্রিরাত্রমিতি। উষিতঃ কৃতবাসঃ। নিয়ত ইত্যাদিকমসকৃদ্ব্যাখ্যাতম্ ॥১৯০॥

তত ইতি। সন্নিহতীং তদাখ্যাম্। সন্নিয়ন্তি সংযুজ্যন্তে তীর্থান্যস্যামিতি সন্নিহতী, সংনিপূর্বাদ্ধন্তেরধিকরণে ক্তিঃ, সংজ্ঞাত্বাদার্ষত্বাদ্বা ঈপ্রত্যয়ঃ। উপস্পৃশ্য স্নাত্বা। তেন স্নান-কর্ত্রা, তত্র সন্নিহত্যাম্, শাশ্বতং চিরকালীনম্, অশ্বমেধশতম্, ইষ্টং বিহিতং ভবেৎ। ইষ্ট-

ভারতভাবদীপঃ

তবতীত্যর্থঃ ॥১৪৭—২০৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥৬৮॥

এবং সরস্বতীলোকে যাইবে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। তাহার পর উপবাসাদিনিয়মযুক্ত ও ব্রহ্মচারী থাকিয়া কন্যাশ্রমতীর্থে যাইবে ॥১৮৯॥

রাজা! সেখানে নিরামিষ একাহারাদিনিয়মযুক্ত হইয়া ত্রিরাত্র বাস করিলে, স্বর্গীয় শতকন্যা লাভ করিবে এবং ব্রহ্মলোকে যাইবে ॥১৯০॥

ধর্ম্মজ্ঞ রাজা! তাহার পর 'সন্নিহতী'-নামক তীর্থে যাইবে; যেখানে প্রত্যেক মাসে মহাপুণ্যশালী ব্রহ্মাদিদেবগণ, ঋষিগণ ও অন্যান্য তপস্বিগণ আসিয়া থাকেন। সেই সন্নিহতীতীর্থে সূর্য্যগ্রহণের সময় স্নান করিলে,

---

(১৯১)...তত্র ব্রহ্মাদয়ঃ...বা ব কা। (১৯২) মাসি মাসি সমেষ্যন্তি...পি।

* অত্র ১৯২ শ্লোকে ১৯৩—২০৩ শ্লোকয়োশ্চ পুস্তকবিশেষে বিস্তৃতা নীলকণ্ঠটীকা দৃশ্যতে। সা চাপ্রতিপত্তিবহুলা আদিমে সর্ব্বাদর্শভূতে বাপুশাস্ত্রিপুস্তকে চ ন ধৃতেতি তাং প্রক্ষিপ্তাং মন্যমানৈরস্মাভিরপি পরিহৃতা। [১৯৩]...অন্তরীক্ষচরাণি চ...বা ব কা নি।

তীর্থসন্নিহনাদেব সন্নিহত্যেতি বিশ্রুতা।
তত্র স্নাত্বা চ পীত্বা চ স্বর্গলোকে মহীয়তে ॥১৯৬॥
অমাবস্যাস্তু তত্রৈব রাহুগ্রস্তে দিবাকরে।
যঃ শ্রাদ্ধং কুরুতে মর্ত্যস্তস্য পুণ্যফলং শৃণু ॥১৯৭॥
অশ্বমেধসহস্রস্য সম্যগিষ্টস্য যৎ ফলম্।
স্নাত এব তদাপ্নোতি কৃত্বা শ্রাদ্ধঞ্চ মানবঃ ॥১৯৮॥
যৎ কিঞ্চিদ্‌দুষ্কৃতং কর্ম্ম স্ত্রিয়া বা পুরুষস্য বা।
স্নাতমাত্রস্য তৎ সর্বং নশ্যতে নাত্র সংশয়ঃ ॥১৯৯॥
পদ্মবর্ণেন যানেন ব্রহ্মলোকং স গচ্ছতি।
অভিবাদ্য ততো যক্ষং দ্বারপালং মচক্রুকম্ ॥২০০॥

ভারতকৌমুদী

মিতি যজেঃ ক্তঃ। নদ্যাদীনি চ তীর্থানীতি সামানাধিকরণ্যম্। মাসি মাসি অমাবস্যাং প্রাপ্য সন্নিহত্যাং সমেষ্যন্তি ॥১৯১—১৯৫॥

সন্নিহতীশব্দার্থং নির্বক্তি তীর্থেতি। তীর্থানাং সন্নিহনাৎ সম্মেলনাদেব, সন্নিহত্যা নাম্না বিশ্রুতা। সন্নিহনাদিতি সংনিপূর্ব্বাদ্ধন্তেরার্ষত্বাদল্ ॥১৯৬॥

অমেতি। অমাবস্যাং প্রাপ্য, তত্রৈব সন্নিহত্যামেব। মর্ত্যো মানুষঃ ॥১৯৭॥

অশ্বেতি। ইষ্টস্য বিহিতস্যেত্যর্থঃ। অত্রাপি যজেঃ ক্তঃ। স্নাতঃ সন্নিহতীতীর্থে ॥১৯৮॥

যদিতি। দুষ্কৃতং পাপজনকম্। স্নাতমাত্রস্য সন্নিহতীতীর্থে, নশ্যতে নশ্যতি ॥১৯৯॥

সেই ব্যক্তির দীর্ঘকাল শত অশ্বমেধযজ্ঞ করার ফল হইবে। পৃথিবীতে বা আকাশে যে সকল তীর্থ আছে, কিংবা তীর্থস্বরূপ যে সকল নদী, হ্রদ, তড়াগ (বৃহৎ জলাশয়), প্রস্রবণ, উদপান (কূপবিশেষ), দীর্ঘিকা ও আয়তন আছে, সে সমস্তই নিশ্চয় প্রত্যেকমাসের অমাবস্যার দিন সন্নিহতীতীর্থে আসিবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥১৯১ – ১৯৫॥

বহুতীর্থের সম্মেলন হয় বলিয়াই ঐ তীর্থটী 'সন্নিহতী'-নামে বিখ্যাত হইয়াছে। তাহাতে স্নান করিয়া এবং তাহার জল পান করিয়া মানুষ স্বর্গে গমন করে ॥১৯৬॥

যে লোক সেই সন্নিহতীতীর্থে অমাবস্যার দিন সূর্য্যগ্রহণের সময়ে শ্রাদ্ধ করে, তাহার পুণ্যের ফল শ্রবণ করুন ॥১৯৭॥

যথানিয়মে সহস্র অশ্বমেধযজ্ঞ করিলে যে ফল হয়, সন্নিহতীতীর্থে স্নান ও শ্রাদ্ধ করিয়াই মানুষ সেই ফল পায় ॥১৯৮॥

স্ত্রীর বা পুরুষের যে কিছু পাপ থাকে, সন্নিহতীতীর্থে স্নান করিবামাত্রই সে সমস্ত পাপ নষ্ট হয়; এ বিষয়ে কোন সন্দেহ নাই॥১৯৯॥

---

[১৯৮]...স্নাত এব সমাপ্নোতি...বা ব কা নি।

কোটিতীর্থ উপস্পৃশ্য লভেদ্বহুসুবর্ণকম্ ।
গঙ্গাহ্রদশ্চ তত্রৈব তীর্থং ভরতসত্তম ! ॥২০১॥ (যুগ্মকম্)
তত্র স্নায়ীত ধর্ম্মজ্ঞ ! ব্রহ্মচারী সমাহিতঃ ।
রাজসূয়াশ্বমেধাভ্যাং ফলং বিন্দতি মানবঃ ॥২০২॥
পৃথিব্যাং নৈমিষং তীর্থমন্তরীক্ষে চ পুষ্করম্ ।
ত্রয়াণামপি লোকানাং কুরুক্ষেত্রং প্রশস্যতে ॥২০৩॥
পাংশবোঽপি কুরুক্ষেত্রাদ্বায়ুনা সমুদীরিতাঃ ।
অপি দুষ্কৃতকর্ম্মাণং নয়ন্তি পরমাং গতিম্ ॥২০৪॥
উত্তরেণ দৃষদ্বত্যা দক্ষিণেন সরস্বতীম্ ।
যে বসন্তি কুরুক্ষেত্রে তে বসন্তি ত্রিপিষ্টপে ॥২০৫॥

ভারতকৌমুদী

পদ্মেতি। স সন্নিহতীতীর্থস্নাতৈব। মচক্রুকং নাম। কোটিতীর্থে তদাখ্যে তত্রত্য-তীর্থবিশেষে, উপস্পৃশ্য স্নাত্বা, বহুসুবর্ণকং তদ্দানফলম্ ॥২০০—২০১॥

তত্রেতি। স্নায়ীত স্নায়াৎ। রাজসূয়াশ্বমেধাভ্যাং তয়োর্যজ্ঞয়োঃ ॥২০২॥

ইদানীং পুনঃ কুরুক্ষেত্রমাহাত্ম্যমাহ পৃথিব্যামিতি। পৃথিব্যাং নৈমিষং নৈমিষারণ্যং তীর্থং প্রশস্যতে; অন্তরীক্ষে স্বর্গে চ পুষ্করং তীর্থং প্রশস্যতে; কিন্তু ত্রয়াণামপি লোকানাং মধ্যে কুরুক্ষেত্রং প্রশস্যতে। অত্রোপক্রমোপসংহারয়োঃ কুরুক্ষেত্রমাহাত্ম্যকীর্ত্তনেন তীর্থান্তরেভ্যস্তস্যৈব প্রাধান্যং সূচিতং স্পষ্টমুক্তঞ্চ ॥২০৩॥

পাংশব ইতি। পাংশবো ধূলয়ঃ। সমুদীরিতা গাত্রে সমর্পিতাঃ ॥২০৪॥

এবং সেই স্নানকারী লোক পদ্মবর্ণ বিমানে আরোহণ করিয়া ব্রহ্মলোকে গমন করে। তাহার পর 'মচক্রুক'-নামক দ্বারপাল যক্ষকে প্রণাম করিয়া এবং তত্রত্য কোটিতীর্থে স্নান করিয়া বহুসুবর্ণদানের ফল লাভ করিবে। ভরতশ্রেষ্ঠ। সেইখানেই 'গঙ্গাহ্রদ'-নামে আর একটী তীর্থ আছে ॥২০০-২০১॥

ধর্ম্মজ্ঞ রাজা। মানুষ ব্রহ্মচারী ও একাগ্রচিত্ত থাকিয়া সেই গঙ্গাহ্রদে স্নান করিবে; তাহা হইলে রাজসূয় ও অশ্বমেধযজ্ঞের ফল পাইবে ॥২০২॥

পৃথিবীতে নৈমিষারণ্যতীর্থ প্রশস্ত বলিয়া কীর্ত্তিত, আর স্বর্গে পুষ্করতীর্থ প্রশস্ত বলিয়া কথিত; কিন্তু ত্রিভুবনমধ্যেই কুরুক্ষেত্রতীর্থ প্রশস্ত বলিয়া অভিহিত হইয়া থাকে ॥২০৩॥

কুরুক্ষেত্র হইতে বায়ুকর্ত্তৃক প্রেরিত ধূলিও, পাপিষ্ঠকেও পরমগতিলাভ করাইয়া থাকে ॥২০৪॥

---

[২০৩]···কুরুক্ষেত্রং বিশিষ্যতে—বা ব কা নি। [২০৪] পাংশবোঽপি কুরুক্ষেত্রে···পি।

কুরুক্ষেত্রং গমিষ্যামি কুরুক্ষেত্রে বসাম্যহম্।
অপ্যেকাং বাচমুৎসৃজ্য সর্বপাপৈঃ প্রমুচ্যতে ॥২০৬॥
ব্রহ্মবেদী কুরুক্ষেত্রং পুণ্যং ব্রহ্মর্ষিসেবিতম্।
তস্মিন্ বসন্তি যে মর্ত্যা ন তে শোচ্যাঃ কথঞ্চন ॥২০৭॥
তরন্তুকারন্তুকয়োর্যদন্তরং রামহ্রদানাঞ্চ মচক্রুকস্য চ।
এতৎ কুরুক্ষেত্রসমন্তপঞ্চকং পিতামহস্যোত্তরবেদিরুচ্যতে ॥২০৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং নানাতীর্থকথনে অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

উত্তরেণেতি। এতদুভয়নদীমধ্যবর্ত্তিনি কুরুক্ষেত্রনামকে স্থানে যে বসন্তি, তে ত্রিপিষ্টপে স্বর্গে বসন্তি, মহাভাগ্যেনৈব তদ্বাসলাভাদিতি ভাবঃ ॥২০৫॥

কুবিতি। পূর্ব্বার্দ্ধরূপামেকাং বাচমুৎসৃজ্য উচ্চার্য্যাপীত্যর্থঃ ॥২০৬॥

ব্রহ্মেতি। ব্রহ্মবেদী ব্রহ্মণো বাসায় পরিষ্কৃতা ভূমিঃ ॥২০৭॥

ইদানীমুপসংহরন্ কুরুক্ষেত্রস্য চতস্রঃ সীমা আহ তরন্তুকেতি। কুরুক্ষেত্রঞ্চ তৎ সমন্তপঞ্চকঞ্চেতি কুরুক্ষেত্রসমন্তপঞ্চকং তদুভয়সংজ্ঞকমিত্যর্থঃ ॥২০৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াম্ অষ্টষষ্টিতমোঽধ্যায়ঃ ॥০॥

দৃষদ্বতীনদীর উত্তর এবং সরস্বতীনদীর দক্ষিণ এইরূপ কুরুক্ষেত্রে যাহারা বাস করে, তাহারা স্বর্গেই বাস করে ॥২০৫॥

'আমি কুরুক্ষেত্রে যাইব এবং কুরুক্ষেত্রে বাস করিব' এইরূপ একটী বাক্য উচ্চারণ করিয়াও মানুষ সমস্ত পাপ হইতে মুক্ত হয় ॥২০৬॥

কুরুক্ষেত্র—ব্রহ্মার বেদি, পুণ্যজনক এবং ব্রহ্মর্ষিগণসেবিত। অতএব যে সকল লোক সেখানে বাস করে, তাহারা কোন প্রকারেই শোচনীয় নহে ॥২০৭॥

তরন্তুক, অরন্তুক, রামহ্রদসমূহ এবং মচক্রুক এই চতুঃসীমার মধ্যবর্ত্তী স্থানটীকেই কুরুক্ষেত্র, সমন্তপঞ্চক এবং ব্রহ্মার উত্তরবেদি বলা হয় ॥২০৮॥

---

* '...ত্র্যশীতিতমঃ...' বা ব কা পি, '...একাশীতিতমঃ...' নি।

ঊনসপ্ততিতমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

পুলস্ত্য উবাচ।

ততো গচ্ছেন্মহারাজ! ধর্ম্মতীর্থমনুত্তমম্।
যত্র ধর্ম্মো মহাভাগস্তপ্তবাননুত্তমং তপঃ ॥১॥
তেন তীর্থং কৃতং পুণ্যং স্বেন নাম্না চ চিহ্নিতম্।
তত্র স্নাত্বা নরো রাজন্! ধর্ম্মশীলঃ সমাহিতঃ ॥২॥
আ সপ্তমং কুলঞ্চৈব পুনীতে নাত্র সংশয়ঃ।
ততো গচ্ছেত রাজেন্দ্র! জ্ঞানপাবনমুত্তমম্ ॥৩॥ (যুগ্মকম্)
অগ্নিষ্টোমমবাপ্নোতি বিষ্ণুলোকঞ্চ গচ্ছতি।
সৌগন্ধিকবনং রাজন্! ততো গচ্ছেত মানবঃ ॥৪॥
তত্র ব্রহ্মাদয়ো দেবা ঋষয়শ্চ তপোধনাঃ।
সিদ্ধচারণগন্ধর্বাঃ কিন্নরাশ্চ মহোরগাঃ ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। ন বিদ্যতে উত্তমং যস্মাত্তৎ অনুত্তমং সর্বোৎকৃষ্টম্ ॥১॥
তেনেতি। তেন ধর্ম্মেণ। চিহ্নিতং প্রখ্যাপিতমিত্যর্থঃ। সমাহিত একাগ্রচিত্তঃ ॥২—৩॥
অগ্নীতি। অগ্নিষ্টোমম্ অগ্নিষ্টোমযজ্ঞফলম্। সৌগন্ধিকবনং তীর্থম্ ॥৪॥
তত্রেতি। পুণ্যত্বাতিশয়াদবতিষ্ঠন্ত ইতি শেষঃ ॥৫॥

পুলস্ত্য বলিলেন—মহারাজ! তাহার পর সর্ব্বোৎকৃষ্ট ধর্ম্মতীর্থে গমন করিবে; যেখানে মহাত্মা ধর্ম্ম উত্তম তপস্যা করিয়াছিলেন ॥১॥

রাজা! ধর্ম্ম উত্তম তীর্থ করিয়া তাহা নিজের নামে বিখ্যাত করিয়াছিলেন। সুতরাং ধার্ম্মিক লোক একাগ্রচিত্তে তাহাতে স্নান করিয়া সপ্তমপুরুষপর্য্যন্ত পবিত্র করে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। রাজশ্রেষ্ঠ! তাহার পর উত্তম জ্ঞানপাবনতীর্থে গমন করিবে ॥২—৩॥

তাহা হইলে, অগ্নিষ্টোমযজ্ঞের ফল লাভ করিবে এবং বিষ্ণুলোকে গমন করিবে। রাজা! তৎপরে সৌগন্ধিকবনতীর্থে যাইবে ॥৪॥

সেখানে ব্রহ্মাদিদেবগণ, ঋষিগণ, তপস্বিগণ, সিদ্ধগণ, চারণগণ, গন্ধর্ব্বগণ, কিন্নরগণ ও মহানাগগণ অবস্থান করেন ॥৫॥

[২]…স্বেন নাম্না চ বিশ্রুতম্…বা ব কা নি।

তদ্বনং প্রবিশন্নেব সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।
ততশ্চাপি সরিচ্ছ্রেষ্ঠা নদীনামুত্তমা নদী ॥৬॥
প্লক্ষা দেবী স্মৃতা রাজন্! পুণ্যা দেবী সরস্বতী।
তত্রাভিষেকং কুর্ব্বীত বল্মীকান্নিঃসৃতে জলে ॥৭॥ (যুগ্মকম্)
অর্চ্চয়িত্বা পিতৄন্ দেবানশ্বমেধফলং লভেৎ।
ঈশানাধ্যুষিতং নাম তত্র তীর্থং সুদুর্ল্লভম্ ॥৮॥
ষট্সু শম্যানিপাতেষু বল্মীকাদিতি নিশ্চয়ঃ।
কপিলানাং সহস্রঞ্চ বাজিমেধঞ্চ বিন্দতি ॥৯॥
তত্র স্নাত্বা নরব্যাঘ্র! দৃষ্টমেতৎ পুরাতনে।
সুগন্ধাং শতকুম্ভাঞ্চ পঞ্চযজ্ঞাঞ্চ ভারত! ॥১০॥
অভিগম্য নরশ্রেষ্ঠ! স্বর্গলোকে মহীয়তে।
ত্রিশূলখাতং তত্রৈব তীর্থমাসাদ্য ভারত! ॥১১॥
তত্রাভিষেকং কুর্ব্বীত পিতৃদেবার্চ্চনে রতঃ।
গাণপত্যঞ্চ লভতে দেহং ত্যক্ত্বা ন সংশয়ঃ ॥১২॥ (কুলকম্)

ভারতকৌমুদী

তদিতি। সরিচ্ছ্রেষ্ঠেতি প্লক্ষায়াঃ, নদীনামুত্তমা নদীতি চ সরস্বত্যা বিশেষণমিতি ন পৌনরুক্ত্যম্। অভিষেকং স্নানম্। বল্মীকাৎ উয়ীকামৃত্তিকাতঃ ॥৬—৭॥

অর্চ্চয়িত্বেতি। পূর্ব্বোক্তনদ্যোস্তীর ইতি শেষঃ। বল্মীকাৎ প্রাগুক্তোয়ীকামৃত্তিকাস্তূপাৎ, ষট্সু, শময়তি শত্রূনিতি শম্যা যষ্টিঃ। ভব্যাদিবৎ কর্ত্তরি যঃ। তস্যা নিপাতেষু, সবেলং বারষট্কং নিপাতিতায়াং যষ্ট্যাং যাবদ্দূরে সা নিপততি তাবদ্দূরে ইত্যর্থঃ, সুদুর্লভম্ ঈশানাধ্যুষিতং শিবাধিষ্ঠিতং নাম তীর্থমস্তি। তত্র স্নাত্বা, কপিলানাং সহস্রং সহস্রদানফলম্,

---

রাজা! মানুষ সেই বনে প্রবেশ করিয়াই সমস্ত পাপ হইতে মুক্ত হয়। নরনাথ! তাহার পর নদীশ্রেষ্ঠা প্লক্ষা এবং সমস্তনদীপ্রধানা সরস্বতী আছেন; সেই খানে বল্মীক হইতে নির্গত জলে স্নান করিবে ॥৬—৭॥

সেখানে পিতৃগণ ও দেবগণের অর্চ্চনা করিয়া অশ্বমেধযজ্ঞের ফল লাভ করিবে। সেই উয়ীর মাটীর স্থান হইতে সবেগে ছয় বার একখানি যষ্টি নিক্ষেপ করিলে যত দূরে যায়, তত দূরে 'ঈশানাধ্যুষিত'-নামে একটী অতিদুর্ল্লভ তীর্থ আছে; নরশ্রেষ্ঠ! তাহাতে স্নান করিয়া মানুষ সহস্র-কপিলাদানের এবং অশ্বমেধযজ্ঞের ফল লাভ করে, ইহা প্রাচীন শাস্ত্রে দেখা

---

[৭] প্লক্ষাদ্দেবী স্রুতা…পি। (৯) ষট্সু শম্পনিপাতেষু…পি, সম্পানিপাতেষু…ইতি নীলকণ্ঠধৃতঃ পাঠঃ।

ততো গচ্ছেত রাজেন্দ্র ! দেব্যাঃ স্থানমনুত্তমম্ ।
শাকম্ভরীতি বিখ্যাতা ত্রিষু লোকেষু বিশ্রুতা ॥১৩॥
দিব্যং বর্ষসহস্রং হি শাকেন কিল সুব্রতা ।
আহারং সা কৃতবতী মাসি মাসি নরাধিপ ! ॥১৪॥ (যুগ্মকম্)
ঋষয়োঽভ্যাগতাস্তত্র দেব্যা ভক্ত্যা তপোধনাঃ ।
আতিথ্যঞ্চ কৃতং তেষাং শাকেন কিল ভারত ! ॥১৫॥
ততঃ শাকম্ভরীত্যেব নাম তস্যাঃ প্রতিষ্ঠিতম্ ।
শাকম্ভরীং সমাসাদ্য ব্রহ্মচারী সমাহিতঃ ॥১৬॥
ত্রিরাত্রমুষিতঃ শাকং ভক্ষয়িত্বা নরঃ শুচিঃ ।
শাকাহারস্য যৎকিঞ্চিদ্বর্ষৈর্দ্বাদশভিঃ কৃতম্ ॥১৭॥
তৎ ফলং তস্য ভবতি দেব্যাশ্ছন্দেন ভারত ! ।
ততো গচ্ছেৎ সুবর্ণাক্ষীং ত্রিষু লোকেষু বিশ্রুতাম্ ॥১৮॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

বাজিমেধম্ অশ্বমেধযজ্ঞফলঞ্চ বিন্দতি লভতে। এতৎ পুরাতনে শাস্ত্রে দৃষ্টম্। সুগন্ধাদয়-স্তিস্রো নদ্যঃ। ত্রিশূলখাতং নাম। অভিষেকং স্নানম্। গাণপত্যং প্রমথনায়কত্বম্ ॥৮—১২॥

তত ইতি। অথ কাঽসৌ দেবীত্যাহ শাকেতি। দিব্যং স্বর্গীয়ম্ ॥১৩—১৪॥

ঋষয় ইতি। দেব্যা শাকেন তেষামাতিথ্যং কৃতমিতি সম্বন্ধঃ ॥১৫॥

তত ইতি। সমাহিত একাগ্রচিত্তঃ। উষিতঃ স্থিতঃ। ছন্দেনাভিপ্রায়েণ ॥১৬—১৮॥

গিয়াছে। ভরতনন্দন নরশ্রেষ্ঠ! তাহার পর সুগন্ধা, শতকুম্ভা ও পঞ্চযজ্ঞা নদীতে যাইয়া (স্নান করিয়া) স্বর্গলোকে গমন করে। ভরতনন্দন! সেই খানেই 'ত্রিশূলখাত'—নামক তীর্থে যাইয়া স্নান, পিতৃশ্রাদ্ধ ও দেবপূজা করিবে; তাহাতে দেহত্যাগ করিয়া প্রমথগণের অধিপতি হইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই ॥৮—১২॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর সর্বোৎকৃষ্ট দেবীস্থানে যাইবে; সেখানে ত্রিভুবনবিখ্যাত শাকম্ভরীদেবী আছেন। রাজা! ঐ ব্রতপরায়ণা দেবী দেবপরিমাণে সহস্রবৎসরপর্য্যন্ত প্রত্যেক মাসে এক এক বার শাক আহার করিতেন ॥১৩—১৪॥

ভরতনন্দন! একদা তপস্বী ঋষিরা সেইখানে আসিয়াছিলেন; তখন দেবী শাকদ্বারা তাঁহাদের অতিথিসৎকার করিয়াছিলেন ॥১৫॥

(১৭) যস্ত্রোপোষিতঃ শাকং ভক্ষয়েন্নিয়তঃ শুচিঃ। শাকাহারস্য যৎ সম্যগ্‌বর্ষৈর্দ্বাদশভিঃ ফলম্। পি। (১৮) ততো গচ্ছেৎ সুবর্ণাখ্যং ত্রিষু লোকেষু বিশ্রুতম্…বা ব কা নি।

তত্র বিষ্ণুঃ প্রসাদার্থং রুদ্রমারাধয়ৎ পুরা।
বরাংশ্চ সুবহূন্ লেভে দৈবতেষু সুদুর্ল্লভান্ ॥১৯॥
উক্তশ্চ ত্রিপুরঘ্নেন পরিতুষ্টেন ভারত!।
অপি চ ত্বং প্রিয়তরো লোকে কৃষ্ণ! ভবিষ্যসি ॥২০॥
ত্বন্মুখঞ্চ জগৎ সর্ব্বং ভবিষ্যতি ন সংশয়ঃ।
তত্রাভিগম্য রাজেন্দ্র! পূজয়িত্বা বৃষধ্বজম্ ॥২১॥
অশ্বমেধমবাপ্নোতি গাণপত্যঞ্চ বিন্দতি।
ধূমাবতীং ততো গচ্ছেত্ত্রিরাত্রোপোষিতো নরঃ ॥২২॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

তত্রেতি। প্রসাদার্থং রুদ্রস্যৈব। দৈবতেষু দেবেষু মধ্যে ॥১৯॥
উক্ত ইতি। ত্রিপুরঘ্নেন রুদ্রেণৈব। অপীতি সম্ভাবনায়াম্ ॥২০॥
ত্বদিতি। ত্বমেব মুখং প্রধানং যস্য তৎ। গাণপত্যং প্রমথেশ্বরত্বম্ ॥২১—২২॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৮॥ সম্যা মুদ্গরাকৃতির্যজ্ঞোপকরণবিশেষঃ, স বলবতা ক্ষিপ্তো যাবদ্দূরং পতেৎ তাবান্ দেশঃ সম্যানিপাতঃ তেষু ষট্‌সু। সম্পেতি পাঠে সম্পতত্যনয়েতি যষ্টিঃ সম্পা ॥৯॥ পুরাতনে ভবিষ্যপুরাণাদৌ ॥১০—১৭॥ ছন্দেন ইচ্ছয়া ॥১৮—২০॥ ত্বন্মুখং

তাহাতেই সেই দেবীর নাম হইয়াছিল—'শাকম্ভরী'। অতএব মানুষ সেই শাকম্ভরীর নিকট যাইয়া, ব্রহ্মচারী, একাগ্রচিত্ত ও পবিত্র হইয়া, শাকমাত্র ভক্ষণ করিয়া তিন রাত্রি বাস করিলে, বারবৎসরপর্য্যন্ত শাকমাত্র ভক্ষণ করিয়া থাকায় যে কিছু ফল হয়, দেবীর ইচ্ছায় তাহার সেই ফল হয়। তাহার পর ত্রিভুবনবিখ্যাত সুবর্ণাক্ষীদেবীর বিকট যাইবে ॥১৬—১৮॥

সেখানে পূর্ব্বকালে বিষ্ণু শিবের প্রসন্নতালাভ করিবার জন্য তাঁহার আরাধনা করিয়াছিলেন; তাহাতে তিনি দেবগণের মধ্যে অতিদুর্ল্লভ বহুতর বর লাভ করিয়াছিলেন ॥১৯॥

এবং ভরতনন্দন! শিব সন্তুষ্ট হইয়া বিষ্ণুকে বলিয়াছিলেন যে, 'কৃষ্ণ! তুমি জগতে লোকের অতিশয়প্রিয় হইবে ॥২০॥

আর, সমস্ত জগতের মধ্যে তুমিই প্রধান হইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই।' অতএব রাজশ্রেষ্ঠ! মানুষ সেখানে যাইয়া, শিবের পূজা করিয়া, অশ্বমেধযজ্ঞের ফল পায় এবং প্রমথগণের অধীশ্বর হয়। তাহার পর মানুষ ধূমাবতীদেবীর নিকট যাইবে এবং সেখানে ত্রিরাত্র উপবাসী থাকিবে ॥২১—২২॥

মনসা প্রার্থিতান্ কামাল্লঁভতে নাত্র সংশয়ঃ।
দেব্যাস্তু দক্ষিণার্দ্ধেন রথাবর্ত্তো নরাধিপ ! ॥২৩॥
তত্রারোহেত ধর্ম্মজ্ঞ ! শ্রদ্দধানো জিতেন্দ্রিয়ঃ।
মহাদেবপ্রসাদাদ্ধি গচ্ছেত পরমাং গতিম্ ॥২৪॥
প্রদক্ষিণমুপাবৃত্য গচ্ছেত ভরতর্ষভ !।
ধারাং নাম মহাপ্রাজ্ঞ ! সর্ব্বপাপপ্রণাশিনীম্ ॥২৫॥
তত্র স্নাত্বা নরব্যাঘ্র ! ন শোচতি নরাধিপ !।
ততো গচ্ছেত ধর্ম্মজ্ঞ ! নমস্কৃত্য মহাগিরিম্ ॥২৬॥
স্বর্গদ্বারেণ যত্তুল্যং গঙ্গাদ্বারং ন সংশয়ঃ।
তত্রাভিষেকং কুর্ব্বীত কোটিতীর্থে সমাহিতঃ ॥২৭॥
পুণ্ডরীকমবাপ্নোতি কুলঞ্চৈব সমুদ্ধরেৎ।
উষ্যৈকাং রজনীং তত্র গোসহস্রফলং লভেৎ ॥২৮॥

ভারতকৌমুদী

মনসেতি। দেব্যা ধূমাবত্যাঃ, দক্ষিণার্দ্ধেন দক্ষিণভাগেন, রথাবর্ত্তো গিরিঃ ॥২৩॥
তত্রেতি। শ্রদ্দধানস্তীর্থধর্ম্মে বিশ্বাসী জনঃ ॥২৪॥
প্রেতি। প্রদক্ষিণম্, উপাবৃত্য কৃত্বা নির্গত্য। ধারাং নাম নদীম্ ॥২৫॥
তত্রেতি। মহাগিরিং হিমালয়ং নমস্কৃত্য গচ্ছেত ॥২৬॥
কুত্র গচ্ছেদিত্যাহ স্বর্গেতি। গঙ্গাদ্বারং গঙ্গায়া নির্গমস্থানম্ ॥২৭॥
পুণ্ডেতি। পুণ্ডরীকং পুণ্ডরীকাখ্যযজ্ঞফলম্। উষ্য বাসং কৃত্বা ॥২৮॥

তাহা হইলে সেই লোক মনের অভীষ্ট বস্তু লাভ করে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। রাজা! ধূমাবতীদেবীর দক্ষিণভাগে রথাবর্ত্তনামে এক পর্ব্বত আছে ॥২৩॥

ধর্ম্মজ্ঞ! শ্রদ্ধাশীল ও জিতেন্দ্রিয় লোক তাহাতে আরোহণ করিবে; তাহা হইলে সে লোক শিবের অনুগ্রহে পরম গতি লাভ করিবে ॥২৪॥

মহাপ্রাজ্ঞ ভরতশ্রেষ্ঠ! সেই রথাবর্ত্তপর্ব্বতকে প্রদক্ষিণ করিয়া সর্ব্বপাপনাশিনী ধারানদীতে গমন করিবে ॥২৫॥

নরশ্রেষ্ঠ রাজা! সেই ধারানদীতে স্নান করিয়া মানুষ শোকভাগী হয় না। ধর্ম্মজ্ঞ! তাহার পর হিমালয়কে নমস্কার করিয়া গমন করিবে ॥২৬॥

যে গঙ্গাদ্বারটী নিশ্চয়ই স্বর্গদ্বারের তুল্য; সেইখানে কোটিতীর্থে একাগ্রচিত্ত হইয়া স্নান করিবে ॥২৭॥

(২৫)...সর্ব্বপাপপ্রমোচনীম্—বা ব কা নি।

সপ্তগঙ্গে ত্রিগঙ্গে চ শক্রাবর্ত্তে চ তর্পয়ন্‌।
দেবান্‌ পিতৄংশ্চ বিধিবৎ পুণ্যলোকে মহীয়তে ॥২৯॥
ততঃ কনখলে স্নাত্বা ত্রিরাত্রোপোষিতো নরঃ।
অশ্বমেধমবাপ্নোতি স্বর্গলোকঞ্চ গচ্ছতি ॥৩০॥
কপিলাবটং ততো গচ্ছেত্তীর্থসেবী নরাধিপ !।
উপোষ্য রজনীং তত্র গোসহস্রফলং লভেৎ ॥৩১॥
নাগরাজস্য রাজেন্দ্র ! কপিলস্য মহাত্মনঃ।
তীর্থং কুরুবরশ্রেষ্ঠ ! সর্ব্বলোকেষু বিশ্রুতম্‌ ॥৩২॥
তত্রাভিষেকং কুর্ব্বীত নাগতীর্থে নরাধিপ !।
কপিলানাং সহস্রস্য ফলং বিন্দতি মানবঃ ॥৩৩॥
ততো ললিতিকাং গচ্ছেচ্ছান্তনোস্তীর্থমুত্তমম্‌।
তত্র স্নাত্বা নরো রাজন্‌ ! ন দুর্গতিমবাপ্নুয়াৎ ॥৩৪॥

ভারতকৌমুদী

সপ্তেতি। একস্যা এব গঙ্গায়া দেশভেদান্নামভেদঃ ॥২৯॥
তত ইতি। কনখলে তীর্থে। অশ্বমেধম্‌ অশ্বমেধযজ্ঞফলম্‌ ॥৩০॥
কপিলেতি। প্রথমপাদে অক্ষরাধিক্যমার্ষত্বাৎ সহনীয়ম্‌, গোসহস্রং তদ্দানম্‌ ॥৩১॥
অথ কোঽয়ং কপিল ইত্যাহ নাগেতি। কপিলস্য কপিলনাম্নঃ ॥৩২॥
তত্রেতি। একরাত্রোপবাসে গোসহস্রদানফলম্‌, স্নানে চ কপিলাসহস্রদানফলম্‌ ॥৩৩॥
তত ইতি। ললিতিকাং তদাখ্যাম্‌। শান্তনোঃ কুরুবংশীয়স্যৈব ॥৩৪॥

তাহা হইলে, মানুষ পুণ্ডরীকযজ্ঞের ফল পাইবে, কুল উদ্ধার করিবে এবং সেখানে একরাত্রি বাস করিয়া সহস্রগোদানের ফল লাভ করিবে ॥২৮॥

সপ্তগঙ্গ, ত্রিগঙ্গ এবং শক্রাবর্ত্ততীর্থে যথাবিধানে দেবপূজা ও পিতৃশ্রাদ্ধাদি করিয়া মানুষ পুণ্যলোকে গমন করে ॥২৯॥

তাহার পর মানুষ কনখলে স্নান ও ত্রিরাত্র উপবাস করিয়া অশ্বমেধযজ্ঞের ফল পায় এবং স্বর্গলোকে গমন করে ॥৩০॥

রাজা! তদনন্তর তীর্থসেবী লোক কপিলাবটে গমন করিবে এবং সেখানে একরাত্রি উপবাস করিয়া সহস্রগোদানের ফল লাভ করিবে ॥৩১॥

কুরুকুলশ্রেষ্ঠ রাজপ্রধান! নাগরাজ মহাত্মা কপিলের তীর্থটা সমস্ত জগতেই প্রসিদ্ধ আছে ॥৩২॥

রাজা! সেই নাগতীর্থে স্নান করিবে; তাহা হইলে মানুষ সহস্র-কপিলাগোদানের ফল লাভ করিবে ॥৩৩॥

গঙ্গাযমুনয়োশ্চাপি স্নাতি যঃ সঙ্গমে নরঃ।
দশাশ্বমেধানাপ্নোতি কুলঞ্চৈব সমুদ্ধরেৎ ॥৩৫॥
ততো গচ্ছেত রাজেন্দ্র! সুগন্ধং লোকবিশ্রুতম্।
সর্ব্বপাপবিশুদ্ধাত্মা ব্রহ্মলোকে মহীয়তে ॥৩৬॥
রুদ্রাবর্ত্তং ততো গচ্ছেত্তীর্থসেবী নরাধিপ!।
তত্র স্নাত্বা নরো রাজন্! স্বর্গলোকে চ গচ্ছতি ॥৩৭॥
গঙ্গায়াশ্চ নরশ্রেষ্ঠ! সরস্বত্যাশ্চ সঙ্গমে।
স্নাত্বাঽশ্বমেধং প্রাপ্নোতি স্বর্গলোকঞ্চ গচ্ছতি ॥৩৮॥
ভদ্রকর্ণহ্রদে স্নাত্বা দেবমভ্যর্চ্চ্য শঙ্করম্।
ন দুর্গতিমবাপ্নোতি স্বর্গলোকঞ্চ গচ্ছতি ॥৩৯॥
ততঃ কুব্জাম্রকে গচ্ছেত্তীর্থসেবী নরাধিপ!।
গোসহস্রমবাপ্নোতি স্বর্গলোকঞ্চ গচ্ছতি ॥৪০॥

ভারতকৌমুদী

গঙ্গেতি। দশাশ্বমেধান্ দশাশ্বমেধযজ্ঞফলম্ ॥৩৫॥
তত ইতি। সুগন্ধং নাম তীর্থম্। মহীয়তে গতঃ সন্ পূজিতো ভবতি ॥৩৬॥
রুদ্রেতি। রুদ্র আবর্ত্ততে অস্মিন্নিতি রুদ্রাবর্ত্তং নাম তীর্থম্ ॥৩৭॥
গঙ্গায়া ইতি। অশ্বমেধম্ অশ্বমেধযজ্ঞফলম্ ॥৩৮॥
ভদ্রেতি। ভদ্রকর্ণহ্রদে তদাখ্যে তীর্থে। দুর্গতিং দারিদ্র্যম্ ॥৩৯॥

রাজা! তাহার পর মানুষ শান্তনুরাজার উত্তম তীর্থ ললিতিকায় গমন করিবে এবং সেখানে স্নান করিয়া দুর্গতিভোগ করিবে না ॥৩৪॥

যে লোক গঙ্গা ও যমুনার সঙ্গমে স্নান করে, সে লোক দশটী অশ্বমেধ-যজ্ঞের ফল পায় এবং আপন বংশ উদ্ধার করিতে পারে ॥৩৫॥

রাজশ্রেষ্ঠ! তাহার পর জগদ্বিখ্যাত 'সুগন্ধ'-নামক তীর্থে গমন করিবে; তাহা হইলে সমস্ত পাপ হইতে মুক্ত হইয়া ব্রহ্মলোকে যাইবে ॥৩৬॥

রাজা! তৎপরে তীর্থসেবী লোক 'রুদ্রাবর্ত্ত'-নামক তীর্থে যাইবে এবং সেখানে স্নান করিয়া স্বর্গলোকে গমন করিবে ॥৩৭॥

নরশ্রেষ্ঠ! তদনন্তর গঙ্গা ও সরস্বতীর সঙ্গমে স্নান করিয়া অশ্বমেধ-যজ্ঞের ফল পাইবে এবং স্বর্গে যাইবে ॥৩৮॥

ভদ্রকর্ণহ্রদে স্নান এবং মহাদেবের অর্চ্চনা করিয়া মানুষ দরিদ্র হয় না এবং অন্তিমে স্বর্গ লাভ করে ॥৩৯॥

(৩৫) গঙ্গাযমুনয়োর্মধ্যে…বা ব কা নি। [৩৯] ভদ্রকর্ণেশ্বরং গত্বা দেবমর্চ্চ্য যথাবিধি।…নাকপৃষ্ঠে চ পূজ্যতে—বা ব কা নি।

অরুন্ধতীবটং গচ্ছেত্তীর্থসেবী নরাধিপ ।।
সামুদ্রক উপস্পৃশ্য ব্রহ্মচারী সমাহিতঃ ॥৪১॥
অশ্বমেধমবাপ্নোতি ত্রিরাত্রোপোষিতো নরঃ।
গোসহস্রফলং বিন্দেৎ কুলঞ্চৈব সমুদ্ধরেৎ ॥৪২॥ (যুগ্মকম্)
ব্রহ্মাবর্ত্তং ততো গচ্ছেদ্‌ব্রহ্মচারী সমাহিতঃ।
অশ্বমেধমবাপ্নোতি সোমলোকঞ্চ গচ্ছতি ॥৪৩॥
যমুনাপ্রভবং গত্বা সমুপস্পৃশ্য যামুনে।
অশ্বমেধফলং লব্ধ্বা স্বর্গলোকে মহীয়তে ॥৪৪॥
দর্ব্বীসংক্রমণং প্রাপ্য তীর্থং ত্রৈলোক্যপূজিতম্।
অশ্বমেধমবাপ্নোতি স্বর্গলোকঞ্চ গচ্ছতি ॥৪৫॥

ভারতকৌমুদী

তত ইতি। কুব্জ আম্রো বৃক্ষো যস্মিন্ তত্র তীর্থে, গোসহস্রং তদ্দানফলম্ ॥৪০॥
অরুন্ধতীতি। সামুদ্রকে তদাখ্যে তীর্থে, উপস্পৃশ্য স্নাত্বা। অশ্বমেধং তৎফলম্ ॥৪১—৪২॥
ব্রহ্মেতি। সমাহিতঃ তীর্থধর্ম্মার্জনায় একাগ্রচিত্তঃ। অশ্বমেধং তৎফলম্ ॥৪৩॥
যমুনেতি। যমুনাপ্রভবং তীর্থম্, সমুপস্পৃশ্য স্নাত্বা, যামুনে যমুনাজলে ॥৪৪॥
দর্ব্বীতি। দর্ব্বীসংক্রমণং নাম। অশ্বমেধম্ অশ্বমেধযজ্ঞফলম্ ॥৪৫॥

রাজা! তাহার পর তীর্থসেবী লোক কুব্জাম্রকতীর্থে গমন করিবে; তাহা হইলেই সে লোক সহস্রগোদানের ফল পাইবে এবং স্বর্গে যাইবে ॥৪০॥

নরনাথ! তদনন্তর তীর্থসেবী লোক অরুন্ধতীবটে গমন করিবে এবং সেখানে ব্রহ্মচারী, একাগ্রচিত্ত ও ত্রিরাত্র উপবাসী থাকিয়া, সামুদ্রকতীর্থে স্নান করিয়া, অশ্বমেধযজ্ঞের ফল ও সহস্রগোদানের ফল পাইবে এবং আপন বংশ উদ্ধার করিতে পারিবে ॥৪১—৪২॥

তাহার পর ব্রহ্মচারী ও একাগ্রচিত্ত হইয়া ব্রহ্মাবর্ত্ততীর্থে গমন করিবে; তাহা হইলেই অশ্বমেধযজ্ঞের ফল পাইবে এবং চন্দ্রলোকে যাইবে ॥৪৩॥

যমুনাপ্রভবতীর্থে যাইয়া, যমুনার জলে স্নান করিয়া, অশ্বমেধযজ্ঞের ফল পাইয়া, স্বর্গলোকে যাইবে ॥৪৪॥

ত্রিভুবনপূজিত দর্ব্বীসংক্রমণতীর্থে যাইয়া মানুষ অশ্বমেধযজ্ঞের ফল পায় এবং স্বর্গলোকে গমন করে ॥৪৫॥

[৪১]…সামুদ্রকমুপস্পৃশ্য…বা ব কা নি। (৪৩)…স্বর্গলোকঞ্চ গচ্ছতি—পি। (৪৪)…সমুপস্পৃশ্য যামুনম্…বা ব কা নি। (৪৫)…ত্রৈলোক্যবিশ্রুতম্…পি।

সিন্ধোশ্চ প্রভবং গত্বা সিদ্ধগন্ধর্বসেবিতম্ ।
তত্রোষ্য রজনীমেকাং বিন্দ্যাদ্বহুসুবর্ণকম্ ॥৪৬॥
অথ বেদীং সমাসাদ্য নরঃ পরমদুর্গমাম্ ।
অশ্বমেধমবাপ্নোতি স্বর্গলোকঞ্চ গচ্ছতি ॥৪৭॥
ঋষিকুল্যাং সমাসাদ্য বাশিষ্ঠঞ্চৈব ভারত ! ।
বাশিষ্ঠং সমতিক্রম্য সর্ব্বে বর্ণা দ্বিজাতয়ঃ ॥৪৮॥
ঋষিকুল্যাং সমাসাদ্য নরঃ স্নাত্বা বিকল্মষঃ ।
দেবান্ পিতৃংশ্চার্চ্চয়িত্বা ঋষিলোকং প্রপদ্যতে ॥৪৯॥
যদি তত্র বসেন্মাসং শাকাহারো নরাধিপ ! ।
দ্বাদশাহস্য যজ্ঞস্য ফলং স লভতে নরঃ ॥৫০॥

ভারতকৌমুদী

সিন্ধোরিতি। প্রভবতীতি প্রভবমুৎপন্নম্। উষ্য বাসং কৃত্বা ॥৪৬॥
অথেতি। বেদীং তদাখ্যং তীর্থম্। অশ্বমেধম্ অশ্বমেধযজ্ঞফলম্ ॥৪৭॥
ঋষীতি। "কুল্যাল্পা কৃত্রিমা সরিৎ" ইত্যমরঃ। বাশিষ্ঠং তীর্থম্। সমতিক্রম্য স্নান-শ্রাদ্ধপূজাদ্যনন্তরমতীত্য, ক্ষত্রিয়াদয়ঃ সর্বে বর্ণা এব দ্বিজাতয়ো ব্রাহ্মণা ভবন্তি ॥৪৮॥
বাশিষ্ঠফলমুক্তম্ ঋষিকুল্যায়াঃ কিং ফলমিত্যাহ ঋষীতি। বিকল্মষো নিষ্পাপঃ ॥৪৯॥
যদীতি। শাকাহারঃ কেবলশাকভোজী। দ্বাদশাহস্য যজ্ঞস্য উপসদাখ্যস্য ॥৫০॥

সিদ্ধ ও গন্ধর্বসেবিত সিন্ধুপ্রভবতীর্থে যাইয়া, সেখানে একরাত্রি বাস করিয়া বহুসুবর্ণদানের ফল লাভ করিবে ॥৪৬॥

তাহার পর মানুষ অত্যন্তদুর্গম বেদীতীর্থে যাইয়া অশ্বমেধযজ্ঞের ফল পায় ও স্বর্গলোকে গমন করে ॥৪৭॥

ভরতনন্দন ! সকল বর্ণই ঋষিকুল্যাতীর্থ ও বাশিষ্ঠতীর্থে যাইয়া, (স্নান, শ্রাদ্ধ ও পূজাদি করিবার পর) সেই বাশিষ্ঠতীর্থ অতিক্রম করিয়া (পরজন্মে) ব্রাহ্মণ হয় ॥৪৮॥

আর, ঋষিকুল্যায় যাইয়া, স্নান করিয়া, নিষ্পাপ হইয়া, দেবগণ ও ঋষিগণের পূজা করিয়া মানুষ ঋষিলোক লাভ করে ॥৪৯॥

আর, রাজা ! মানুষ যদি সেখানে শাকমাত্র ভোজন করিয়া একমাস বাস করে, তবে দ্বাদশদিননিষ্পাদ্য 'উপসদ্'—যজ্ঞের ফল পায় ॥৫০॥

[৪৬]…তত্রোষ্য রজনীঃ পঞ্চ বিন্দেৎ…বা ব কা নি । [৫০]…দ্বিতীয়ার্দ্ধং …বা ব কা পি নাস্তি।

ভৃগুতুঙ্গং সমাসাদ্য বাজিমেধফলং লভেৎ।
গত্বা বীরপ্রমোক্ষঞ্চ সর্বপাপৈঃ প্রমুচ্যতে ॥৫১॥
কৃত্তিকামঘয়োশ্চৈব তীর্থমাসাদ্য ভারত!।
অগ্নিষ্টোমাতিরাত্রাভ্যাং ফলমাপ্নোতি মানবঃ ॥৫২॥
ততঃ সন্ধ্যাং সমাসাদ্য বিদ্যাতীর্থমনুত্তমম্।
উপস্পৃশেৎ স বিদ্যানাং সর্ব্বাসাং পারগো ভবেৎ ॥৫৩॥
মহাশ্রমে বসেদ্রাত্রিং সর্ব্বপাপপ্রমোচনে।
এককালং নিরাহারো লোকানাবসতে শুভান্ ॥৫৪॥
ষষ্ঠকালোপবাসেন মাসমুষ্য মহালয়ে।
তীর্ণস্তারয়তে জন্তুর্দশ পূর্ব্বান্ দশাপরান্ ॥৫৫॥

ভারতকৌমুদী

ভৃগ্বিতি। ভৃগুতুঙ্গং বীরপ্রমোক্ষঞ্চ নাম তীর্থদ্বয়ম্ ॥৫১॥

কৃত্তিকেতি। কৃত্তিকাতীর্থং মঘাতীর্থঞ্চেত্যর্থঃ। অত্র যথাসংখ্যেন ফলসম্বন্ধঃ ॥৫২॥

তত ইতি। সন্ধ্যাং প্রাতঃসন্ধ্যাকালং প্রাপ্য। উপস্পৃশেৎ স্নায়াৎ ॥৫৩॥

মহেতি। মহাশ্রমে তীর্থে। এককালং মধ্যাহ্নং প্রাপ্য নিরাহারঃ সন্ ॥৫৪॥

যূপশ্চ ভরতশ্রেষ্ঠ! বরুণস্রোতসে গিরৌ ॥১০॥
প্রবেণ্যুত্তরপার্শ্বে তু পুণ্যে কণ্বাশ্রমে তথা।
তাপসানামরণ্যানি কীর্ত্তিতানি যথাশ্রুতি ॥১১॥
বেদী শূর্পারকে তাত! জমদগ্নের্মহাত্মনঃ।
রম্যা পাষাণতীর্থা চ পুরশ্চন্দ্রা চ ভারত! ॥১২॥
অশোকতীর্থং তত্রৈব কৌন্তেয়! বিপুলাশ্রমম্।
অগস্ত্যতীর্থং পাণ্ড্যেষু বারুণঞ্চ যুধিষ্ঠির! ॥১৩॥

ভারতকৌমুদী

একত ইতি। সলিলোচ্চয়া জলপূর্ণাঃ। গঙ্গাদ্যতীর্থেভ্যঃ পয়োষ্ণী পুণ্যা ॥৯॥

মাঠরস্যেতি। মাঠরস্য সূর্য্যদক্ষিণপার্শ্ববর্ত্তিযমস্য, "মাঠরঃ পিঙ্গলো দণ্ডশ্চণ্ডাংশোঃ পারিপার্শ্বিকাঃ" ইত্যমরঃ, "যমোঽপি দক্ষিণে পার্শ্বে খ্যাতো মাঠরসংজ্ঞকঃ" ইতি তট্টীকায়াং ভরতঃ। যূপোঽপি মাঠরস্যৈব ॥১০॥

প্রেতি। প্রবেণী নাম কাচিন্নদী তস্যা উত্তরপার্শ্বে, কণ্বস্য মুনেরাশ্রমে ॥১১॥

বেদীতি। শূর্পারকে তদাখ্যে তীর্থে। পাষাণতীর্থা পুরশ্চন্দ্রা চ নাম ॥১২॥

অশোকেতি। বিপুলাঃ প্রচুরা আশ্রমা যত্র তৎ। পাণ্ড্যেষু পাণ্ড্যদেশে ॥১৩॥

জলপূর্ণ গঙ্গাপ্রভৃতি সমস্ত নদী একদিকে, আর একমাত্র পয়োষ্ণী নদী একদিকে; তাহাতেও পয়োষ্ণীনদীই গঙ্গাপ্রভৃতি তীর্থ হইতে অধিকপুণ্য বলিয়া আমার মত ॥৯॥

ভরতশ্রেষ্ঠ! 'বরুণস্রোতস'-নামক পর্ব্বতে বহুফল-মূলান্বিত মনোহর ও মঙ্গলজনক যমের বন ও যূপ আছে ॥১০॥

প্রবেণীনদীর উত্তরপার্শ্বে পবিত্র কণ্বমুনির আশ্রমে তপস্বিদিগের বহুতর বন আছে; ইহা যেমন শুনিয়াছি, তেমনই বলিলাম ॥১১॥

বৎস ভরতনন্দন! মহাত্মা জমদগ্নির শূর্পারকতীর্থে দুইটী মনোহর বেদী আছে; তাহার একটীর নাম—'পাষাণতীর্থা' এবং অপরটীর নাম—'পুরশ্চন্দ্রা' ॥১২॥

কুন্তীনন্দন যুধিষ্ঠির! সেই দক্ষিণদিকেই বহুতর আশ্রমযুক্ত অশোকতীর্থ আছে এবং পাণ্ড্যদেশে অগস্ত্যতীর্থ ও বারুণতীর্থ রহিয়াছে ॥১৩॥

---

(১১) প্রবেণ্যুত্তরমার্গে তু...বা ব কা। (১২)...পুনশ্চন্দ্রা চ...বা ব কা পি।

কুমার্য্যঃ কথিতাঃ পুণ্যাঃ পাণ্ড্যেম্বেব নরর্ষভ!।
তাম্রপর্ণীন্তু কৌরব্য! কীর্ত্তয়িষ্যামি তাং শৃণু ॥১৪॥
যত্র দেবৈস্তপস্তপ্তং মহদিচ্ছদ্ভিরাশ্রমে।
গোকর্ণ ইতি বিখ্যাতস্ত্রিষু লোকেষু ভারত! ॥১৫॥
শীততোয়ো বহুজলঃ পুণ্যস্তত্র শিবশ্চ সঃ।
হ্রদঃ পরমদুষ্প্রাপো মানুষৈরকৃতাত্মভিঃ ॥১৬॥ (যুগ্মকম্)
তত্র বৃক্ষতৃণাদ্যৈশ্চ সম্পন্নঃ ফলমূলবান্।
আশ্রমোঽগস্ত্যশিষ্যস্য পুণ্যো দেবসহে গিরৌ ॥১৭॥
বৈদূর্য্যপর্ব্বতস্তত্র শ্রীমান্ মণিময়ঃ শিবঃ।
অগস্ত্যস্যাশ্রমশ্চৈব বহুমূলফলোদকঃ ॥১৮॥

ভারতকৌমুদী

কুমার্য্য ইতি। কুমার্য্যো নাম অন্তরীপাণি, পাণ্ড্যেম্বেব পাণ্ড্যদেশ এব ॥১৪॥

যত্রেতি। মহৎ ফলং স্বর্গরাজ্যমিত্যর্থঃ। গোকর্ণো নাম। বহূনি জলানি যত্র সঃ। শিবো মঙ্গলকরঃ। অকৃতাত্মভিঃ মৈত্র্যাদিভাবনাভাবেনানির্ম্মলীকৃতচিত্তৈঃ ॥১৫—১৬॥

তত্রেতি। সম্পন্নঃ সমন্বিতঃ। দেবসহে তন্নামনি ॥১৭॥

বৈদূর্য্যেতি। শ্রীমান্ কান্তিমান্। শিবো মঙ্গলকরঃ। বহূনি মূলফলোদকানি যত্র সঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

দক্ষিণস্যামিতি ॥১—৪॥ অনুবংশ্যাং বংশানুরূপাম্, ন তু নৃগমাত্রানুরূপাম্ ॥৫—১৩॥ কুমার্য্যঃ কুমারীবাচরন্তো বাল্যাদ্রাগাদহীনা অপি পরমেব পতিং প্রার্থয়ন্তো ভগবদ্ভক্তা ইত্যর্থঃ। অতএব শ্রীভাগবতে দ্রবিড়েম্বেব ভগবদ্ভক্তভূয়স্ত্বং স্মর্য্যতে, পাণ্ড্যেষু দ্রবিড়বিশেষেষু

নরশ্রেষ্ঠ কুরুনন্দন! পাণ্ড্যদেশেই পবিত্র কুমারিকা অন্তরীপগুলি আছে বলিয়া কথিত হয়। আমি এখন প্রসিদ্ধ তাম্রপর্ণীনদীর বিষয় বলিব, শ্রবণ কর ॥১৪॥

ভরতনন্দন! যেখানে আশ্রমে থাকিয়া দেবতারা গুরুতর ফল কামনা করিয়া তপস্যা করিয়াছিলেন; ত্রিভুবনবিখ্যাত সেই গোকর্ণনামক হ্রদটী পুণ্য ও মঙ্গলজনক এবং অনির্ম্মলচিত্ত মনুষ্যের পক্ষে অতিদুর্লভ; আর তাহার জল শীতল ও প্রচুর ॥১৫—১৬॥

সেই দিকে পবিত্র দেবসহপর্ব্বতে অগস্ত্যশিষ্যের আশ্রম আছে; তাহাতে বৃক্ষ, তৃণপ্রভৃতি, ফল ও মূল রহিয়াছে ॥১৭॥

আর, সেই দক্ষিণদিকে সুন্দর, মণিময় ও মঙ্গলজনক একটী বৈদূর্য্যপর্ব্বত

(১৫)···ত্রিষু লোকেষু বিশ্রুতঃ—বা ব কা। (১৬)···বহুবনঃ···পি। (১৭)···পুণ্যো দেবসমো গিরিঃ—বা ব কা।

সুরাষ্ট্রেষ্বপি বক্ষ্যামি পুণ্যান্যায়তনানি চ।
আশ্রমান্ সরিতঃ শৈলান্ সরাংসি চ নরাধিপ ! ॥১৯॥
চমসোদ্ভেদনং বিপ্রাস্তত্রাপি কথয়ন্ত্যত।
প্রভাসশ্চোদধৌ তীর্থং ত্রিদশানাং যুধিষ্ঠির ! ॥২০॥
তত্র পিণ্ডারকং নাম তাপসাচরিতং শিবম্।
উজ্জয়ন্তশ্চ শিখরী ক্ষিপ্রং সিদ্ধিকরো মহান্ ॥২১॥
তত্র দেবর্ষিধীরেণ নারদেনানুকীর্ত্তিতঃ।
পুরাণঃ শ্রূয়তে শ্লোকস্তং নিবোধ যুধিষ্ঠির ! ॥২২॥
পুণ্যে গিরৌ সুরাষ্ট্রেষু মৃগপক্ষিনিষেবিতে।
উজ্জয়ন্তে সুতপ্তাঙ্গো নাকপৃষ্ঠে মহীয়তে ॥২৩॥

ভারতকৌমুদী

সুরাষ্ট্রেষ্বিতি। সুরাষ্ট্রেষু সুরাষ্ট্রদেশে। আয়তনানি ক্ষেত্রাণি ॥১৯॥
চমসেতি। চমসোদ্ভেদনং নাম তীর্থম্। ত্রিদশানাং দেবানাম্ ॥২০॥
তত্রেতি। পিণ্ডারকং নাম তীর্থমিতি শেষঃ। উজ্জয়ন্তো নাম শিখরী পর্ব্বতঃ ॥২১॥
তত্রেতি। দেবর্ষিষু ধীরঃ প্রধানো বিদ্বান্ তেন। পুরাণঃ প্রাচীনঃ ॥২২॥
পুণ্য ইতি। উজ্জয়ন্তে তদাখ্যে, সুতপ্তানি তপস্যার্থমাতপাদিনাতিতপ্তানি অঙ্গানি যস্য সঃ ॥২৩॥

আছে; তাহাতে অগস্ত্যের আশ্রম রহিয়াছে, সেই আশ্রমে বহুতর ফল, মূল ও জল পাওয়া যায় ॥১৮॥

রাজা! (তোমার নিকট) সুরাষ্ট্রদেশেরও পুণ্য আয়তন, আশ্রম, নদী, পর্বত ও সরোবরগুলির কথা বলিব ॥১৯॥

যুধিষ্ঠির! ব্রাহ্মণেরা বলিয়া থাকেন—সুরাষ্ট্রদেশেও 'চমসোদ্ভেদন'-নামে তীর্থ এবং সমুদ্রের উপকূলে দেবগণের প্রভাসতীর্থ রহিয়াছে ॥২০॥

আর, সেখানে তপস্বিসেবিত মঙ্গলজনক 'পিণ্ডারক'-নামে একটী তীর্থ এবং সত্বর সিদ্ধিজনক 'উজ্জয়ন্ত'—নামে বিশাল এক পর্বত আছে ॥২১॥

যুধিষ্ঠির! দেবর্ষিদের মধ্যে প্রধান জ্ঞানী নারদ যে গুলি বলিয়াছিলেন, যে গুলি আমরা শুনিয়া আসিতেছি, সেই পুরাতন শ্লোকগুলি তুমি শ্রবণ কর ॥২২॥

সুরাষ্ট্রদেশে পবিত্র ও পশুপক্ষিনিষেবিত উজ্জয়ন্তপর্ব্বতে থাকিয়া যে লোক তপস্যার জন্য দেহ সন্তপ্ত করে, সে লোক স্বর্গলোকে সম্মানিত হয় ॥২৩॥

(১৯,...সরিতশ্চৈব...বা ব কা। (২০)...প্রভাসশ্চোদধেস্তীর্থম্...পি। (২৩)...উজ্জয়ন্তে স্ব তপ্তাঙ্গঃ...বা ব কা নি।

পুণ্যা দ্বারবতী তত্র যত্রাস্তে মধুসূদনঃ।
সাক্ষাদ্দেবঃ পুরাণোঽসৌ স হি ধর্ম্মঃ সনাতনঃ ॥২৪॥
যে চ বেদবিদো বিপ্রা যে চাধ্যাত্মবিদো জনাঃ।
তে বদন্তি মহাত্মানং কৃষ্ণং ধর্ম্মং সনাতনম্ ॥২৫॥
পবিত্রাণাং হি গোবিন্দঃ পবিত্রং পরমুচ্যতে।
পুণ্যানামপি পুণ্যোঽসৌ মঙ্গলানাঞ্চ মঙ্গলম্ ॥২৬॥
অব্যয়াত্মা ব্যয়াত্মা চ ক্ষেত্রজ্ঞঃ পরমেশ্বরঃ।
আস্তে হরিরচিন্ত্যাত্মা তত্রৈব মধুসূদনঃ ॥২৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ধৌম্যতীর্থকথনে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥*

ভারতকৌমুদী

পুণ্যেতি। দ্বারবতী নগরী। দেবো জগদ্ভিঃ ক্রীড়নশীলঃ, পুরাণঃ অনাদিত্বাৎ সর্বাপেক্ষয়া প্রাচীনঃ, ধর্ম্মো ন্যায়ঃ জগৎসু ন্যায়প্রবর্ত্তক ইত্যর্থঃ, পরমেশ্বরত্বাদিতি ভাবঃ ॥২৪॥

ননূক্তার্থে কিং প্রমাণমিত্যাহ য ইতি। ধর্ম্মং জগৎসু ন্যায়প্রবর্ত্তকম্ ॥২৫॥

পবিত্রাণামিতি। পবিত্রাণাং গঙ্গাদীনামপি স্বয়মেবোদ্ভাবিতত্বাদিতি সর্ব্বত্রাশয়ঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

॥১৪॥ মহন্মোক্ষফলম্ ॥১৫—২২॥ তপ্তাঙ্গঃ কৃততপস্কঃ ॥২৩॥ সনাতনো ধর্ম্মঃ, 'ইজ্যাচারদয়াহিংসাদানস্বাধ্যায়কর্ম্মণাম্। অয়ন্তু পরমো ধর্ম্মো যদ্‌যোগেনাত্মদর্শন'মিতি যাজ্ঞবল্ক্যোক্তঃ, তত্রাত্মদর্শনাখ্যস্য ধর্ম্মস্যাত্মনোঽনন্যত্বাৎ স হি ধর্ম্ম ইতি সামানাধিকরণ্যম্ ॥২৪॥ এতদেব স্পষ্টয়তি—যে চেত্যাদিনা ॥২৫—২৬॥ অব্যয়াত্মা অক্ষরস্বরূপী, ব্যয়াত্মা ক্ষরস্বরূপী, ক্ষেত্রজ্ঞো জীবঃ স এব পরমেশ্বরঃ "ক্ষেত্রজ্ঞং চাপি মাং বিদ্ধি" ইতি ভগবদ্বচনাৎ, ক্ষেত্রং জীব ঐশশ্চ ত্রয়মপ্যব্যয়াখ্যং ব্রহ্মৈবেত্যর্থঃ। "ভোক্তা ভোগ্যং প্রেরিতারঞ্চ মত্বা সর্ব্বং প্রোক্তং ত্রিবিধং ব্রহ্ম বৈত"দিতি শ্রুতেঃ ॥২৭॥

ইতি বনপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৩॥

সেই দক্ষিণদিকে দ্বারকানগরী আছে; যাহাতে সনাতন-ধর্ম্ম-প্রবর্ত্তক অনাদিদেবতা সাক্ষাৎ মধুসূদন বাস করিতেছেন ॥২৪॥

যাঁহারা বেদবিৎ ব্রাহ্মণ এবং যে সকল লোক আধ্যাত্মিক বিষয় জানেন, তাঁহারা মহাত্মা কৃষ্ণকে সনাতন ধর্ম্ম বলিয়া থাকেন ॥২৫॥

এবং তাঁহারা ইহাও বলেন যে, কৃষ্ণ—পবিত্রের মধ্যেও পরম পবিত্র, পুণ্যের মধ্যেও পরম পুণ্য এবং মঙ্গলের মধ্যেও পরম মঙ্গল ॥২৬॥

---

[২৫] যে চ ধর্ম্মবিদঃ···পি। *···'অষ্টাশীতিতমঃ···' বা ব কা পি, '···ষড়শীতিতমঃ···' নি।

চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ

—:০:—

ধৌম্য উবাচ।

অবন্তিষু প্রতীচ্যাং বৈ কীর্ত্তয়িষ্যামি তে দিশি।
যানি তত্র পবিত্রাণি পুণ্যান্যায়তনানি চ ॥১॥
প্রিয়ঙ্গ্বাম্রবনোপেতা বানীরবনমালিনী।
প্রত্যক্স্রোতা নদী পুণ্যা নর্ম্মদা তত্র ভারত ! ॥২॥
ত্রৈলোক্যে যানি তীর্থানি পুণ্যান্যায়তনানি চ।
সরিদ্বনানি শৈলেন্দ্রা দেবাশ্চ সপিতামহাঃ ॥৩॥
নর্ম্মদায়াং কুরুশ্রেষ্ঠ ! সহ সিদ্ধর্ষিচারণৈঃ।
স্নাতুমায়ান্তি পুণ্যৌঘৈঃ সদা বারিষু ভারত ! ॥৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অব্যয়েতি। অব্যয়াত্মা অবিনশ্বরস্বভাবঃ, চিদ্রূপত্বাৎ "অচ্ছেদ্যোঽয়মদাহ্যোঽয়ম্" ইত্যাদি-শ্রুতেঃ; ব্যয়াত্মা বিনাশস্বরূপঃ, রুদ্ররূপত্বাৎ। অতএব হরতীতি হরিরিত্যাশয়ঃ। ক্ষেত্রজ্ঞো জীবঃ, "একো বশী সর্ব্বভূতান্তরাত্মা" ইতি শ্রুতেঃ; পরমেশ্বরঃ; সর্ব্বনিয়ন্তা, নিত্যপ্রবলৈশ্বর্য্যবত্ত্বাৎ; অচিন্ত্যাত্মা, "যন্মনসা ন মনুতে" ইতি শ্রুতেঃ; তত্রৈব দ্বারবত্যামেব ॥২৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ত্রিসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

—:*:—

অবেতি। অবন্তিষু অবন্তিদেশে, "বহুত্ববদন্বাদেঃ" ইত্যাদিনা বহুবচনম্ ॥১॥

প্রিয়ঙ্গ্বিতি। বানীরবনমালিনী বেতসবনশ্রেণিযুক্তা, প্রত্যক্স্রোতাঃ পশ্চিমবাহিনী ॥২॥

ত্রৈলোক্য ইতি। সপিতামহা ব্রহ্মণা সহিতাঃ। পুণ্যৌঘৈঃ পুণ্যবদ্ভির্জনৈঃ ॥৩—৪॥

স্বয়ং অবিনাশী অথচ জগতের বিনাশকারী, জীবাত্মা, পরমেশ্বর এবং চিন্তার অগোচর হরি মধুসূদন সেই দ্বারকানগরীতেই আছেন ॥২৭॥

—:০:—

ধৌম্য বলিলেন—'যুধিষ্ঠির! পশ্চিমদিকে অবন্তিদেশে যে সকল পবিত্র ও পুণ্যজনক স্থান আছে, তাহা তোমার নিকট বলিব ॥১॥

ভরতনন্দন! সে দেশে 'নর্ম্মদা'—নামে একটী পবিত্র নদী আছে; তাহার তীরে প্রিয়ঙ্গুবন, আম্রবন ও বেতসবন রহিয়াছে এবং তাহার স্রোত পশ্চিম দিকে যাইয়া থাকে ॥২॥

---

[১] আনর্ত্তেষু প্রতীচ্যাং বৈ…বা ব কা। [৪]…স্নাতুমায়ান্তি পুণ্যাহে…পি।

নিকেতঃ শ্রূয়তে পুণ্যো যত্র বিশ্রবসো মুনেঃ।
জজ্ঞে ধনপতির্যত্র কুবেরো নরবাহনঃ ॥৫॥
বৈদূর্য্যশিখরো নাম পুণ্যো গিরিবরঃ শিবঃ।
নিত্যপুষ্পফলাস্তত্র পাদপা হরিতচ্ছদাঃ ॥৬॥
তস্য শৈলস্য শিখরে সরঃ পুণ্যং মহীপতে!।
ফুল্লপদ্মং মহারাজ! দেবগন্ধর্ব্বসেবিতম্ ॥৭॥
বহ্বাশ্চর্য্যং মহারাজ! দৃশ্যতে তত্র পর্ব্বতে।
পুণ্যে স্বর্গোপমে চৈব দেবর্ষিগণসেবিতে ॥৮॥
হ্লদিনী পুণ্যতীর্থা চ রাজর্ষেস্তত্র বৈ সরিৎ।
বিশ্বামিত্রেণ তপসা নির্ম্মিতা সর্বপাবনী ॥৯॥

ভারতকৌমুদী

নিকেত ইতি। নিকেত আশ্রমঃ। জজ্ঞে জাতবান্ ॥৫॥
বৈদূর্য্যেতি। বৈদূর্য্যশিখরো বৈদূর্য্যমণিময়শৃঙ্গঃ। হরিতচ্ছদা হরিদ্বর্ণপর্ণাঃ ॥৬॥
তস্যেতি। সরঃ অস্তি। ফুল্লানি প্রস্ফুটিতানি পদ্মানি যত্র তৎ ॥৭॥
বহ্বিতি। বহু প্রচুরম্, আশ্চর্য্যং পুষ্পপাদপাদিকম্ ॥৮॥

ভারতভাবদীপঃ

আনর্ত্তেম্বিতি। আনর্ত্তেষু পশ্চিমাশ্রিতেষু, অবন্তিম্বিতি পাঠে অবন্তিষু প্রতীচ্যাং চেতি বৈ শব্দশ্চার্থঃ ॥১॥ প্রত্যক্স্রোতাঃ পশ্চিমবাহিনী ॥২—৭॥ বহ্বাশ্চর্য্যং বেদধ্বনিশ্রবণাদি

কৌরবশ্রেষ্ঠ! ত্রিভুবনে যে সকল তীর্থ, পুণ্যস্থান, নদী, বন ও পর্ব্বত আছে, সেই সকল এবং ব্রহ্মাদিদেবগণ, সিদ্ধগণ, ঋষিগণ, চারণগণ ও অন্যান্য পুণ্যবান্ লোকসমূহ সর্ব্বদাই নর্ম্মদার জলে স্নান করিতে আসিয়া থাকেন ॥৩-৪॥

যে দিকে বিশ্রবামুনির পবিত্র আশ্রম আছে এবং যে আশ্রমে ধনপতি ও নরবাহন কুবের জন্মিয়াছিলেন বলিয়া শুনা যায় ॥৫॥

'বৈদূর্য্যশিখর'-নামে পবিত্র ও মঙ্গলজনক একটী শ্রেষ্ঠ পর্ব্বত আছে; তাহাতে আবার নানাবিধ বৃক্ষ আছে; সেগুলিতে সর্বদাই ফুল ও ফল থাকে এবং সেগুলির পত্র সকল হরিদ্বর্ণ ॥৬॥

মহারাজ! সেই পর্বতের শৃঙ্গে দেবগন্ধর্ব্বসেবিত পবিত্র একটী সরোবর আছে; তাহাতে সর্ব্বদাই পদ্মফুল ফুটিয়া থাকে ॥৭॥

মহারাজ! পুণ্যজনক, স্বর্গতুল্য এবং দেবগণ ও ঋষিগণসেবিত সেই পর্ব্বতে অনেক আশ্চর্য্য বস্তু দেখিতে পাওয়া যায় ॥৮॥

[৫] নিকেতঃ খ্যায়তে পুণ্যঃ…পি। [৯]…বিশ্বামিত্রনদী রাজন্! পুণ্যা পরপুরঞ্জয়! —বা ব কা পি।

যস্যাস্তীরে সতাং মধ্যে যযাতির্নহুষাত্মজঃ।
পপাত স পুনর্লোকাল্লেভে ধর্ম্মাংশ্চ শাশ্বতান্ ॥১০॥
তত্র পুণ্যো হ্রদঃ খ্যাতো মৈনাকশ্চৈব পর্ব্বতঃ।
বহুমূলফলোপেতস্ত্বসিতো নাম পর্ব্বতঃ ॥১১॥
আশ্রমঃ কক্ষসেনস্য পুণ্যস্তত্র যুধিষ্ঠির!।
চ্যবনস্যাশ্রমশ্চৈব খ্যাতঃ সর্ব্বত্র পাণ্ডব! ॥১২॥
তত্রাল্পেনৈব সিধ্যন্তি মানবাস্তপসা বিভো!।
জম্বূমার্গো মহারাজ! ঋষীণাং ভাবিতাত্মনাম্ ॥১৩॥
আশ্রমঃ শাম্যতাং শ্রেষ্ঠ! মৃগদ্বিজনিষেবিতঃ।
ততঃ পুণ্যতমা রাজন্! সততং তাপসৈর্যুতা ॥১৪॥

ভারতকৌমুদী

হ্রদিনীতি। হ্রদিনী হ্রদশালিনী, পুণ্যানি তীর্থানি ঘট্টানি যত্র সা ॥৯॥
যস্যা ইতি। সতাম্ অষ্টকপ্রতর্দ্দনশিবিবসুমতাম্। শাশ্বতান্ চিরন্তনান্ ॥১০॥
তত্রেতি। তত্র পশ্চিমায়াং দিশি। মৈনাকো নাম ॥১১॥
আশ্রম ইতি। কক্ষসেনস্য তদাখ্যস্য মুনেঃ। চ্যবনস্য চ মুনেঃ ॥১২॥
তত্রেতি। জম্বূমার্গো নাম তীর্থম্। ভাবিতাত্মনাং মৈত্র্যাদিচিন্তয়া শোধিতচিত্তানাম্ ॥১৩॥

সেই পশ্চিমদিকে রাজর্ষি বিশ্বামিত্রের একটী নদী আছে; তাহাতে হ্রদ ও পবিত্র ঘাট রহিয়াছে। বিশ্বামিত্র তপোবলে সর্ব্বপাবনী সেই নদীটী নির্ম্মাণ করিয়াছিলেন ॥৯॥

যাহার তীরে সাধুদের মধ্যে নহুষপুত্র যযাতি পতিত হইয়াছিলেন এবং পুনরায় চিরভোগ্য পুণ্যলোক লাভ করিয়াছিলেন ॥১০॥

আর, সেই দিকে পবিত্র হ্রদ, বিখ্যাত মৈনাকপর্ব্বত এবং বহুফলমূলযুক্ত অসিতপর্ব্বত রহিয়াছে ॥১১॥

পাণ্ডুনন্দন যুধিষ্ঠির! সেই পশ্চিমদিকে কক্ষসেনের পুণ্য আশ্রম এবং সর্ব্বত্র বিখ্যাত চ্যবনের আশ্রম আছে ॥১২॥

মহারাজ! মানুষ সেই আশ্রমে অল্প তপস্যা করিয়াই সিদ্ধিলাভ করিতে পারে। আর, সেই দিকে শোধিতচিত্ত ঋষিদের জম্বূমার্গতীর্থ আছে ॥১৩॥

রাজশ্রেষ্ঠ! শমগুণান্বিত সাধুদিগের আশ্রম আছে; তাহাতে নানাবিধ পশু-পক্ষী বাস করে। রাজা! তাহার পর অত্যন্তপুণ্যজনক এবং সর্ব্বদা

---

[১০]…লেভে ধর্ম্মান্ সনাতনান্—বা ব কা নি।

কেতুমালা চ মেধ্যা চ গঙ্গাদ্বারঞ্চ ভূমিপ !।
খ্যাতঞ্চ সৈন্ধবারণ্যং পুণ্যং দ্বিজনিষেবিতম্ ॥১৫॥ (যুগ্মকম্)
পিতামহসরঃ পুণ্যং পুষ্করং নাম নামতঃ।
বৈখানসানাং সিদ্ধানামৃষীণামাশ্রমঃ প্রিয়ঃ ॥১৬॥
অপ্যত্র সংশ্রয়ার্থায় প্রজাপতিরথো জগৌ।
পুষ্করেষু কুরুশ্রেষ্ঠ! গাথাং সুকৃতিনাং বর! ॥১৭॥
মনসাঽপ্যভিকামস্য পুষ্করাণি মনস্বিনঃ।
বিপ্রণশ্যন্তি পাপানি নাকপৃষ্ঠে চ মোদতে ॥১৮॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ধৌম্যতীর্থকথনে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥*

ভারতকৌমুদী

আশ্রম ইতি। হে শ্রেষ্ঠ রাজন্! মৃগদ্বিজৈঃ পশুপক্ষিভির্নিষেবিতঃ সংশ্রিতঃ, শাম্যতাং শমগুণশালিনামাশ্রমো বর্ত্ততে। কেতুমালা নদী, মেধ্যা পবিত্রা ॥১৪—১৫॥

পিতেতি। বৈখানসানাং বনবাসিনাম্, "বৈখানসো বনেবাসী" ইত্যমরঃ ॥১৬॥

অপীতি। অত্র এষু পুষ্করেষু, বহুতীর্থময়ত্বাদ্বহুবচনম্। সংশ্রয়ার্থায় বাসায় ॥১৭॥

কাসৌ গাথেত্যাহ মনসেতি। অভিকামস্য অভিলাষিণঃ, পুষ্করাণি প্রতি ॥১৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

৮—১৩॥ শাম্যতাং শমবতাম্ ॥১৪—১৫॥ বৈখানসানাং হৈরণ্যগর্ভাণাম্, কর্ম্মমার্গং ত্যক্ত্বা ধ্যানপরাণামিত্যর্থঃ ॥১৬॥ সংশ্রয়ার্থায় বাসার্থম্ ॥১৭॥ অভিকামস্য গন্তুমিচ্ছোঃ ॥১৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুঃসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৪॥

তপস্বিযুক্ত পবিত্র কেতুমালানদী, গঙ্গাদ্বারতীর্থ এবং বিখ্যাত, পুণ্যজনক ও ব্রাহ্মণসেবিত সৈন্ধবারণ্যতীর্থ রহিয়াছে ॥১৪—১৫॥

'পুষ্কর'-নামে ব্রহ্মার পবিত্র একটী সরোবর আছে; তাহার তীরে বনবাসী সিদ্ধ ঋষিগণের প্রিয় আশ্রম রহিয়াছে ॥১৬॥

ধার্ম্মিকশ্রেষ্ঠ কৌরবনাথ। সেই পুষ্করতীর্থে বাস করিবার জন্য ব্রহ্মা একটী গাথা গাহিয়াছেন—॥১৭॥

'যে মনস্বী মনে মনে পুষ্করতীর্থ কামনাও করে, তাহারও সমস্ত পাপ নষ্ট হয় এবং সে—স্বর্গলোকে আমোদ করে' ॥১৮॥

* '…একোননবতিতমঃ…' বা ব কা পি, '…সপ্তাশীতিতমঃ…নি।

সরস্বতী নদী সদ্ভিঃ সততং পার্থ! সেবিতা।
বালখিল্যৈর্মহারাজ! যত্রেষ্টমৃষিভিঃ পুরা ॥১০॥
দৃশদ্বতী মহাপুণ্যা যত্র খ্যাতা যুধিষ্ঠির!।
ন্যগ্রোধাখ্যস্তু পাঞ্চাল্যঃ পুণ্যাখ্যো দ্বিপদাং বর! ॥১১॥
দাল্‌ভ্যঘোষশ্চ দাল্‌ভ্যশ্চ ধরণীস্থো মহাত্মনঃ।
কৌন্তেয়ানন্তযশসঃ সুব্রতস্যামিতৌজসঃ ॥১২॥
আশ্রমঃ খ্যায়তে পুণ্যস্ত্রিষু লোকেষু বিশ্রুতঃ।
এতাবর্ণাববর্ণৌ চ বিশ্রুতৌ মনুজাধিপ! ॥১৩॥
বেদজ্ঞৌ বেদবিদ্বাংসৌ বেদবিদ্যাবিদাবুভৌ।
ঈজাতে ক্রতুভির্মুখ্যৈঃ পুণ্যৈর্ভরতসত্তম! ॥১৪॥ (কলাপকম্)
সমেত্য বহুশো দেবাঃ সেন্দ্রাঃ সবরুণাঃ পুরা।
বিশাখযূপেঽতপ্যন্ত তেন পুণ্যতমশ্চ সঃ ॥১৫॥

ভারতকৌমুদী

সরস্বতীতি। যত্র সরস্বত্যাম্, ইষ্টং যজ্ঞঃ কৃতঃ ॥১০॥

দৃশদ্বতীতি। যত্র উত্তরস্যাং দিশি। হে দ্বিপদাং বর! মনুষ্যশ্রেষ্ঠ!। সুব্রতস্য মুনেঃ। আশ্রমো ন্যগ্রোধাখ্যাদিপঞ্চসংখ্যকঃ। এতাবর্ণঃ অববর্ণশ্চ নাম ঋষী। বেদজ্ঞাবিত্যনেনাধীতবেদত্বম্, বেদবিদ্বাংসাবিত্যনেন বেদাধ্যাপকত্বম্, বেদবিদ্যাবিদাবিত্যনেন চ বেদবিহিতকার্য্যকারিত্বং লক্ষ্যতে। ঈজাতে যজ্ঞং কৃতবন্তৌ ॥১১—১৪॥

ভারতভাবদীপঃ

বিংশতিঃ বিংশতিবারমাবর্ত্তিতঃ সপ্ত অষ্টৌ চেতি অষ্টচত্বারিংশদধিকং শতম্। "ত্রয়স্ত্রিংশচ্ছতং রাজে"তি তু শ্রুতিঃ। বিংশতিমিতি পাঠেঽত্যন্তহীনসংখ্যত্বাৎ পঞ্চত্রিংশৎ ॥৮—১২॥ এতা কৃষ্ণমৃগী তদ্বর্ণৌ কৃষ্ণৌ নরনারায়ণাবিত্যর্থঃ। বস্তুতস্তদ্বর্ণৌ বর্ণাঃ লোহিতশুক্লকৃষ্ণাঃ

মহারাজ যুধিষ্ঠির! সেই উত্তরদিকে সর্ব্বদা সাধুসেবিত সরস্বতীনদী রহিয়াছে; যাহার তীরে পূর্ব্বকালে বালখিল্য ঋষিরা যজ্ঞ করিয়াছিলেন ॥১০॥

যুধিষ্ঠির! যে দিকে মহাপুণ্যা বিখ্যাতা দৃশদ্বতীনদীও রহিয়াছে এবং মনুষ্যশ্রেষ্ঠ কুন্তীনন্দন! মহাত্মা, মহাযশা ও অমিততেজা সুব্রতমুনির পাঁচটী ত্রিভুবনবিখ্যাত পবিত্র আশ্রম আছে বলিয়া লোকে বলে। পৃথিবীস্থ সেই আশ্রম কয়টীর নাম—ন্যগ্রোধ, পাঞ্চাল্য, পুণ্য, দাল্‌ভ্যঘোষ ও দাল্‌ভ্য। আর, ভরতশ্রেষ্ঠ রাজা! সেই দিকেই বেদবিৎ, বেদাধ্যাপক ও বেদবিধান অনুসারে কার্য্যকারী বিখ্যাত এতাবর্ণ ও অববর্ণ ঋষি পুণ্যজনক প্রধান প্রধান যজ্ঞ করিয়াছিলেন ॥১১—১৪॥

(১০)···পার্থ! পূজিতা···বা ব কা নি।

ঋষির্মহান্ মহাভাগো জমদগ্নির্মহাযশাঃ।
পলাশকেষু পুণ্যেষু রম্যেম্বযজত প্রভুঃ ॥১৬॥
যত্র সর্ব্বাঃ সরিচ্ছ্রেষ্ঠাঃ সাক্ষাত্তমৃষিসত্তমম্।
স্বং স্বং তোয়মুপাদায় পরিবার্য্যোপতস্থিরে ॥১৭॥
অপি চাত্র মহারাজ! স্বয়ং বিশ্বাবসুর্জগৌ।
ইমং শ্লোকং তদা বীর! প্রেক্ষ্য দীক্ষাং মহাত্মনঃ ॥১৮॥
যজমানস্য বৈ দেবান্ জমদগ্নের্মহাত্মনঃ।
আগম্য সরিতো বিপ্রান্ মধুনা সমতর্পয়ন্ ॥১৯॥
গন্ধর্ব্বযক্ষরক্ষোভিরপ্সরোভিশ্চ সেবিতম্।
কিরাতকিন্নরাবাসং শৈলং শিখরিণাং বরম্ ॥২০॥
বিভেদ তরসা গঙ্গা গঙ্গাদ্বারং যুধিষ্ঠির!।
পুণ্যং তৎ খ্যায়তে রাজন্! ব্রহ্মর্ষিগণসেবিতম্ ॥২১॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সমেত্যেতি। বিশাখযূপে তন্নামনি স্থানবিশেষে ॥১৫॥
ঋষিরিতি। পলাশকেষু পলাশবনময়স্থানেষু। প্রভুঃ তপঃপ্রভাববান্ ॥১৬॥
যত্রেতি। পরিবার্য্য পরিবেষ্ট্য, উপতস্থিরে উপস্থিতা আসন্ ॥১৭॥
অপীতি। বিশ্বাবসুর্নাম গন্ধর্ব্বরাজঃ। মহাত্মনো জমদগ্নেঃ, দীক্ষাং যজ্ঞারম্ভম্ ॥১৮॥
কোঽসৌ শ্লোক ইত্যাহ—যজেতি। যজমানস্য যজ্ঞৈঃ পূজয়তঃ ॥১৯॥
গন্ধর্ব্বেতি। শৈলং হিমাদ্রিম্। তরসা বেগেন। গঙ্গাদ্বারং নাম ॥২০—২১॥

পূর্ব্বকালে দেবতারা ইন্দ্র ও বরুণের সহিত আসিয়া 'বিশাখযূপ'-নামক স্থানে বহুবার তপস্যা করিয়াছিলেন; সেই জন্যই সেই স্থানটী অতিশয় পুণ্যজনক হইয়া রহিয়াছে ॥১৫॥

মহর্ষি, মহাভাগ্যশালী, মহাযশা ও তপঃপ্রভাবসম্পন্ন জমদগ্নি পবিত্র ও মনোহর পলাশবনে যজ্ঞ করিয়াছিলেন ॥১৬॥

যেখানে সমস্ত প্রধান প্রধান নদী আপন আপন জল লইয়া আসিয়া প্রত্যক্ষভাবে জমদগ্নিকে পরিবেষ্টন করিয়া অবস্থান করিয়াছিল ॥১৭॥

অপি চ, বীর মহারাজ! তখন মহাত্মা জমদগ্নির যজ্ঞ পর্য্যবেক্ষণ করিয়া গন্ধর্ব্বরাজ বিশ্বাবসু স্বয়ং এই শ্লোকটী বলিয়াছিলেন— ॥১৮॥

'মহাত্মা জমদগ্নি দেবতাদের উদ্দেশে যজ্ঞ করিতে থাকিলে, নদীরা আসিয়া মধুদ্বারা ব্রাহ্মণদিগের তৃপ্তি সাধন করিয়াছিল' ॥১৯॥

রাজা যুধিষ্ঠির! গন্ধর্ব্ব, যক্ষ, রাক্ষস ও অপ্সরোগণকর্তৃক সেবিত এবং

(২১)…পুণ্যং তত্খ্যায়তে…রা ব কা।

সনৎকুমারঃ কৌরব্য ! পুণ্যং কনখলং তথা ।
পর্ব্বতশ্চ পুরুর্নাম যত্র জাতঃ পুরূরবাঃ ॥২২॥
ভৃগুর্যত্র তপস্তেপে মহর্ষিগণসেবিতে ।
রাজন্ ! স আশ্রমঃ খ্যাতো ভৃগুতুঙ্গে মহাগিরৌ ॥২৩॥
যঃ স ভূতং ভবিষ্যচ্চ ভবচ্চ ভরতর্ষভ ! ।
নারায়ণো বিভুর্বিষ্ণুঃ শাশ্বতঃ পুরুষোত্তমঃ ॥২৪॥
তস্যাতিযশসঃ পুণ্যাং বিশালাং বদরীমনু ।
আশ্রমঃ খ্যায়তে পুণ্যস্ত্রিষু লোকেষু বিশ্রুতঃ ॥২৫॥ (যুগ্মকম্)
উষ্ণতোয়বহা গঙ্গা শীততোয়বহা পুরা ।
সুবর্ণসিকতা রাজন্ ! বিশালাং বদরীমনু ॥২৬॥

ভারতকৌমুদী

সনদিতি। সনৎকুমারো মুনিঃ, কনখলমপি তথা পুণ্যং ব্রবীতীশেষঃ ॥২২॥

ভৃগুরিতি। মহর্ষিগণসেবিতে ভৃগুতুঙ্গে মহাগিরৌ স আশ্রমঃ খ্যাতঃ ॥২৩॥

য ইতি। ভূতাদিত্রিতয়স্বরূপ ইত্যর্থঃ। বিভুর্ব্যাপকঃ, শাশ্বতো নিত্যঃ। বদরীং তদাখ্যং স্থানম্, অনু লক্ষ্মীকৃত্য স্থিত ইতি শেষঃ ॥২৪—২৫॥

উষ্ণেতি। সুবর্ণসিকতা স্বর্ণময়বালুকা। অনু লক্ষ্মীকৃত্য স্থিতা ॥২৬॥

কিরাত ও কিন্নরগণের বাসভূমি পর্ব্বতশ্রেষ্ঠ হিমালয়কে বেগে ভেদ করিয়া গঙ্গা নির্গত হইয়াছেন ; সেই জন্যই ব্রহ্মর্ষিগণসেবিত সেই স্থানটীকে 'গঙ্গাদ্বার' বলে ॥২০—২১॥

কুরুনন্দন ! সনৎকুমারমুনি কনখলকেও গঙ্গাদ্বারের তুল্যই পুণ্যজনক বলেন। আর, 'পুরু'-নামে একটী পর্ব্বতও আছে ; যাহাতে রাজা পুরূরবা জন্মিয়াছিলেন ॥২২॥

রাজা ! ভৃগু যেখানে তপস্যা করিয়াছিলেন, মহর্ষিগণসেবিত মহাগিরি ভৃগুতুঙ্গে সেই বিখ্যাত আশ্রম রহিয়াছে ॥২৩॥

ভরতশ্রেষ্ঠ ! যে নারায়ণ ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানস্বরূপ এবং যিনি সর্ব্বব্যাপক, বিষ্ণু, নিত্য ও পুরুষোত্তম, পুণ্যজনক ও বিশাল বদরিকাতে সেই মহাযশা নারায়ণের ত্রিভুবনবিখ্যাত পুণ্য আশ্রম রহিয়াছে ; ইহা মুনিরা বলিয়া থাকেন ॥২৪—২৫॥

রাজা ! পূর্ব্বকালে বিশাল বদরিকাশ্রমে গঙ্গার জল কখনও উষ্ণ এবং কখনও শীতল ছিল ; আর তাহার বালিগুলি স্বর্ণময় ছিল ॥২৬॥

(২৩)…ভৃগুতুঙ্গো মহাগিরিঃ—বা ব কা নি।

ঋষয়ো যত্র দেবাশ্চ মহাভাগা মহৌজসঃ।
প্রাপ্য নিত্যং নমস্যন্তি দেবং নারায়ণং প্রভুম্ ॥২৭॥
যত্র নারায়ণো দেবঃ পরমাত্মা সনাতনঃ।
তত্র কৃৎস্নং জগৎ পার্থ! তীর্থান্যায়তনানি চ ॥২৮॥
তৎ পুণ্যং পরমং ব্রহ্ম তত্তীর্থং তত্তপোবনম্।
তৎ পরং পরমং দেবং ভূতানাং পরমীশ্বরম্ ॥২৯॥
শাশ্বতং পরমঞ্চৈব ধাতারং পরমং পদম্।
যং বিদিত্বা ন শোচন্তি বিদ্বাংসঃ শাস্ত্রদৃষ্টয়ঃ ॥৩০॥ (যুগ্মকম্)
তত্র দেবর্ষয়ঃ সিদ্ধাঃ সর্ব্বে চৈব তপোধনাঃ।
আদিদেবো মহাযোগী যত্রাস্তে মধুসূদনঃ।
পুণ্যানামপি তৎ পুণ্যমত্র তে সংশয়োঽস্তু মা ॥৩১॥

ভারতকৌমুদী

ঋষয় ইতি। প্রাপ্য গত্বা, নিত্যং প্রত্যহম্ ॥২৭॥

যত্রেতি। নারায়ণস্য সর্ব্বময়ত্বাদিত্যাশয়ঃ ॥২৮॥

তদিতি। তৎ পুণ্যং সগুণত্বে পুণ্যময়ম্, পরমং ব্রহ্ম "জন্মাদ্যস্য যতঃ" ইতি শারীরকসূত্রোক্তলক্ষণকম্, তত্তীর্থং পাবনত্বাৎ, তত্তপোবনং স্থিতিসম্পাদনেনেব মতিসম্পাদনেন তপঃসাধকত্বাৎ, তৎ পরং সর্ব্বশ্রেষ্ঠং ব্রহ্মরূপত্বাৎ, পরমং দেবং সর্ব্বদেবাধিকৈশ্বর্য্যশালিত্বাৎ, ভূতানাং প্রাণিনাং মধ্যে পরং সর্ব্বশ্রেষ্ঠম্, ঈশ্বরং সর্ব্বনিয়ন্তারম্, শাশ্বতং নিত্যং ব্রহ্মত্বাৎ, পরমং ধাতারং সর্বাধারত্বাৎ, পরমং পদং স্থানঞ্চ চরমগম্যত্বাৎ, যং নারায়ণং বিদিত্বা, বিদ্বাংসো জ্ঞানিনঃ শাস্ত্রদৃষ্টয়ঃ শাস্ত্রজ্ঞাশ্চ ন শোচন্তি, "তমেব বিদিত্বাঽতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেঽয়নায়" ইতি শ্রুতেঃ ॥২৯—৩০॥

তত্রেতি। তত্র বদরিকাশ্রমে। সিদ্ধা লব্ধাভীষ্টদেবসাক্ষাৎকারাঃ। তিষ্ঠন্তীতি শেষঃ। তৎ স্থানম্। মা ন সংশয়োঽস্তু। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৩১॥

মহাভাগ্যশালী ও মহাতেজা দেবগণ ও ঋষিগণ যেখানে আসিয়া প্রত্যহ প্রভু নারায়ণদেবকে নমস্কার করিয়া থাকেন ॥২৭॥

পৃথানন্দন! পরমাত্মা সনাতন নারায়ণ যেখানে আছেন, সেখানে সমস্ত জগৎ, সমস্ত তীর্থ এবং সমস্ত সিদ্ধক্ষেত্র রহিয়াছে ॥২৮॥

তিনি পুণ্যময়, তিনি পরব্রহ্ম, তিনি তীর্থ, তিনি তপোবন, তিনি সর্ব্বোৎকৃষ্ট, তিনি পরমদেবতা, তিনি প্রাণিগণের মধ্যে শ্রেষ্ঠ, তিনি ঈশ্বর, তিনি নিত্য, তিনি পরম আশ্রয়, এবং তিনিই উত্তম স্থান, যাঁহাকে জানিয়া জ্ঞানী শাস্ত্রদর্শীরা শোক অনুভব করেন না ॥২৯—৩০॥

(২৮)···জগৎ সর্ব্বম্···বা, ব, কা, নি।

এতানি রাজন্‌ ! পুণ্যানি পৃথিব্যাং পৃথিবীপতে ! ।
কীর্ত্তিতানি নরশ্রেষ্ঠ ! তীর্থান্যায়তনানি চ ॥৩২॥
এতানি বসুভিঃ সাধ্যৈরাদিত্যৈর্মরুদশ্বিভিঃ ।
ঋষিভির্দেবকল্পৈশ্চ সেবিতানি মহাত্মভিঃ ॥৩৩॥
চরন্নেতানি কৌন্তেয় ! সহিতো ব্রাহ্মণর্ষভৈঃ ।
ভ্রাতৃভিশ্চ মহাভাগৈরুৎকণ্ঠাং বিহরিষ্যসি ॥৩৪॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ধৌম্যতীর্থকথনে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

এতানীতি। অত্রেদমবধেয়ম্, পুলস্ত্যোক্ততয়া কিয়ন্ত্যনেন নোক্তানি। যথা শাকম্ভরী-তীর্থাদীনি। পুলস্ত্যানুক্তানি চ কিয়ন্ত্যনেনোক্তানি। যথা বদরিকাশ্রমাদীনি। কিয়ন্তি চ তদানীমপ্যজ্ঞাততয়া পুলস্ত্যধৌম্যাভ্যামুভাভ্যামেব নোক্তানি। যথা বৃন্দাবনাদীনি। অতএব ধৌম্যেন "যথাশ্রুতি" "যথাস্মৃতি" ইতি প্রাগেবোক্তম্ ॥৩২॥

এতানীতি। এতেনোক্ততীর্থানাং সর্ব্বথৈবোপাদেয়ত্বং সূচিতম্ ॥৩৩॥

চরন্নিতি। উৎকণ্ঠাম্ অর্জ্জুনবিষয়কৌৎসুক্যম্, বিহরিষ্যসি ত্যক্ষ্যসি ॥৩৪॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

রঃজসত্ত্বতমাংসি তত্ররহিতৌ ॥১১—১৪॥ বিশালাং নামতঃ, বদরীমনু বদরীসমীপে ॥১৫—৩৩॥ বিহরিষ্যসি পরিহরিষ্যসি ॥৩৪॥

ইতি বনপর্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৫॥

সেখানে সিদ্ধ দেবর্ষিগণ এবং সকল তপস্বিগণ অবস্থান করেন, যেখানে আদিদেব ও মহাযোগী নারায়ণ অবস্থান করিতেছেন। অতএব সেই স্থানটী পুণ্য স্থানের মধ্যে পুণ্যতম। যুধিষ্ঠির ! এ বিষয়ে যেন তোমার সংশয় হয় না ॥৩১॥

নরশ্রেষ্ঠ রাজা ! এই তোমার নিকট পৃথিবীর পুণ্যতীর্থগুলি এবং পুণ্য-ক্ষেত্রগুলি বলিলাম ॥৩২॥

বসুগণ, সাধ্যগণ, আদিত্যগণ, মরুদ্গণ, অশ্বিনীকুমারদ্বয় এবং দেবতুল্য মহাত্মা ঋষিরা এই তীর্থগুলির সেবা করিয়াছেন ॥৩৩॥

কুন্তীনন্দন ! তুমি—ব্রাহ্মণশ্রেষ্ঠগণ ও মহাভাগ ভ্রাতৃগণের সহিত

---

* '…নবতিতমঃ…' বা ব কা পি, '…অষ্টাশীতিতমঃ…' নি।

ষট্‌সপ্ততিতমোঽধ্যায়ঃ

—:○:—

বৈশম্পায়ন উবাচ।

এবং সম্ভাষমাণে তু ধৌম্যে কৌরবনন্দনম্‌।
লোমশঃ সুমহাতেজা ঋষিস্তত্রাজগাম হ ॥১॥
তং পাণ্ডবাগ্রজো রাজা সগণো ব্রাহ্মণাশ্চ তে।
উপাতিষ্ঠন্মহাভাগং দিবি শক্রমিবামরাঃ ॥২॥
তমভ্যর্চ্চ্য যথান্যায়ং ধর্ম্মপুত্রো যুধিষ্ঠিরঃ।
পপ্রচ্ছাগমনে হেতুমটনে চ প্রয়োজনম্‌ ॥৩॥
স পৃষ্টঃ পাণ্ডুপুত্রেণ প্রীয়মাণো মহামনাঃ।
উবাচ শ্লক্ষ্ণয়া বাচা হর্ষয়ন্নিব পাণ্ডবান্‌ ॥৪॥

ভারতকৌমুদী

এবমিতি। কৌরবনন্দনং যুধিষ্ঠিরম্‌, এবং সম্ভাষমাণে ব্রুবতি সতি ॥১॥
তমিতি। সগণো ভীমাদিভিরনুচরৈঃ সহ। উপাতিষ্ঠৎ পাদ্যাদিভিরপূজয়ৎ ॥২॥
তমিতি। তং লোমশমেব হেতুং পপ্রচ্ছ। প্রচ্ছির্দ্বিকর্ম্মকঃ। অটনে বিচরণে ॥৩॥
স ইতি। স লোমশঃ। শ্লক্ষ্ণয়া কোমলয়া ॥৪॥

মিলিত হইয়া এই তীর্থসমূহে বিচরণ করিতে থাকিয়া অর্জ্জুনের উৎকণ্ঠা ত্যাগ করিতে পারিবে ॥৩৪॥

—:(*):—

বৈশম্পায়ন বলিলেন—ধৌম্যপুরোহিত যুধিষ্ঠিরকে এইরূপ বলিতেছিলেন, এমন সময়ে অতিমহাতেজা লোমশমুনি সেখানে উপস্থিত হইলেন ॥১॥

তখন স্বর্গে দেবগণ যেমন দেবরাজের পূজা করেন, সেইরূপ অনুচরবর্গের সহিত যুধিষ্ঠির এবং সেই ব্রাহ্মণগণ মহাত্মা লোমশের পূজা করিলেন ॥২॥

যথানিয়মে পূজা করিয়া ধর্ম্মপুত্র যুধিষ্ঠির লোমশের নিকটে তাঁহার আগমনের কারণ এবং বিচরণের প্রয়োজন জিজ্ঞাসা করিলেন ॥৩॥

যুধিষ্ঠির ঐরূপ জিজ্ঞাসা করিলে, মহামনা লোমশ আনন্দিত হইয়া পাণ্ডবগণকেও আনন্দিত করিবার জন্য কোমলবাক্যে বলিতে লাগিলেন—॥৪॥

[১] এবং সম্ভাষমাণে তু ধৌম্যে কৌরবনন্দন।···বা ব কা। [২]···উপতিষ্ঠন্মহাভাগম্‌···পি।

সঞ্চরন্নস্মি কৌন্তেয় ! সর্বান্ লোকান্ যদৃচ্ছয়া।
গতঃ শক্রস্য ভবনং তত্রাপশ্যং সুরেশ্বরম্ ॥৫॥
তব চ ভ্রাতরং বীরমপশ্যং সব্যসাচিনম্।
শক্রস্যার্দ্ধাসনগতং তত্র মে বিস্ময়ো মহান্ ॥৬॥
আসীৎ পুরুষশার্দ্দূল ! দৃষ্ট্বা পার্থং তথা গতম্।
আহ মাং তত্র দেবেশো গচ্ছ পাণ্ডুসুতান্ প্রতি ॥৭॥ (যুগ্মকম্)
সোঽহমভ্যাগতঃ ক্ষিপ্রং দিদৃক্ষুস্ত্বাং সহানুজম্।
বচনাৎ পুরুহূতস্য পার্থস্য চ মহাত্মনঃ ॥৮॥
আখ্যাস্যে তে প্রিয়ং তাত ! সুমহৎ পাণ্ডুনন্দন ! ।
ঋষিভিঃ সহিতো রাজন্ ! কৃষ্ণয়া চৈব তচ্ছৃণু ॥৯॥
যত্ত্বয়োক্তো মহাবাহুরস্ত্রার্থং ভরতর্ষভ ! ।
তদস্ত্রমাপ্তং পার্থেন রুদ্রাদপ্রতিমং বিভো ! ॥১০॥

ভারতকৌমুদী

কিমুবাচেত্যাহ সঞ্চরন্নিতি। যদৃচ্ছয়া উদ্দেশ্যবিহীনেচ্ছয়া ॥৫॥

তবেতি। সব্যসাচিনমর্জ্জুনম্। তথা গতং শক্রস্যার্দ্ধাসনগতং পার্থমর্জ্জুনং দৃষ্ট্বা মে মহান্ বিস্ময় আসীৎ, মানুষস্য দেবরাজার্দ্ধাসনে স্থিত্যসম্ভবাদিতি ভাবঃ ॥৬—৭॥

স ইতি। বচনাদনুরোধবাক্যাৎ, পুরুহূতস্য ইন্দ্রস্য, পার্থস্য অর্জ্জুনস্য ॥৮॥

আখ্যাস্য ইতি। প্রিয়ং প্রীতিকরং বচনম্। কৃষ্ণয়া দ্রৌপদ্যা ॥৯॥

'কুন্তীনন্দন। আমি যদৃচ্ছাক্রমে সমস্ত লোকে বিচরণ করিতে করিতে ইন্দ্রের ভবনে যাইয়া উপস্থিত হইয়াছিলাম এবং সেখানে ইন্দ্রকে দেখিয়াছিলাম ॥৫॥

এবং তোমার ভ্রাতা মহাবীর অর্জ্জুনকে ইন্দ্রের অর্দ্ধাসনে উপবিষ্ট দেখিয়াছিলাম। পুরুষশ্রেষ্ঠ! অর্জ্জুনকে সেই স্থানে উপবিষ্ট দেখিয়া আমার গুরুতর বিস্ময় জন্মিয়াছিল। তখন দেবরাজ আমাকে বলিলেন—'ঋষি! আপনি পাণ্ডবগণের নিকট গমন করুন ॥৬—৭॥

তা'র পর দেবরাজের ও মহাত্মা অর্জ্জুনের অনুরোধে কনিষ্ঠ ভ্রাতাদের সহিত তোমাকে দেখিবার জন্য সত্বর আমি এখানে আসিয়াছি ॥৮॥

বৎস পাণ্ডুনন্দন! আমি তোমার নিকট গুরুতর প্রিয় সংবাদ বলিব। রাজা! ঋষিগণ ও দ্রৌপদীর সহিত তুমি তাহা শ্রবণ কর ॥৯॥

ভরতশ্রেষ্ঠ রাজা! তুমি যে অস্ত্রলাভের জন্য অর্জ্জুনকে বলিয়াছিলে, অর্জ্জুন মহাদেবের নিকট হইতে সেই অতুলনীয় অস্ত্র লাভ করিয়াছেন ॥১০॥

যত্তদ্‌ব্রহ্মশিরো নাম তপসা রুদ্রমাগতম্।
অমৃতাদুত্থিতং রৌদ্রং তল্লব্ধং সব্যসাচিনা ॥১১॥
তৎ সমন্ত্রং সসংহারং সপ্রায়শ্চিত্তমঙ্গলম্।
বজ্রমস্ত্রাণি চান্যানি দণ্ডাদীনি যুধিষ্ঠির! ॥১২॥
যমাৎ কুবেরাদ্বরুণাদিন্দ্রাচ্চ কুরুনন্দন!।
অস্ত্রাণ্যধীতবান্ পার্থো দিব্যান্যমিতবিক্রমঃ ॥১৩॥
বিশ্বাবসোস্তু তনয়াদ্‌গীতং নৃত্যঞ্চ সাম চ।
বাদিত্রঞ্চ যথান্যায়ং প্রত্যবিন্দদ্‌যথাবিধি ॥১৪॥
এবং কৃতাস্ত্রঃ কৌন্তেয়ো গান্ধর্ব্বং বেদমাপ্তবান্।
সুখং বসতি বীভৎসুরনুজস্যানুজস্তব ॥১৫॥

ভারতকৌমুদী

যদিতি। মহাবাহুরর্জ্জুনঃ। আপ্তং লব্ধম্, পার্থেন অর্জ্জুনেন ॥১০॥

কিং নাম তদস্ত্রমিত্যাহ যদিতি। অমৃতাৎ মন্থনসময়ে অমৃতাশ্রয়াৎ সমুদ্রাৎ ॥১১॥

তদিতি। সংহারেণ নিবর্ত্তনেন সহেতি সসংহারম্, প্রায়শ্চিত্তং পরপ্রযুক্তস্য নিবারণং তদেব মঙ্গলং তেন সহেতি তৎ। লব্ধং লব্ধানি চেত্যনুবর্ত্ততে ॥১২॥

অথ কস্মাল্লব্ধং লব্ধানি বেত্যাহ যমাদিতি। যথাসম্ভবমধীতবান্ ॥১৩॥

বিশ্বেতি। বিশ্বাবসোস্তনয়াৎ চিত্রসেনাৎ। সাম সান্ত্ববাদং সামগানং বা ॥১৪॥

এবমিতি। কৃতাস্ত্রঃ শিক্ষিতাস্ত্রঃ, আপ্তবান্ চিত্রসেনাল্লব্ধবাংশ্চ সন্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

এবমিতি ॥১—১১॥ সমন্ত্রং প্রয়োগাদৌ মন্ত্রসহিতম্। সংহারস্ত্যক্তস্যাকর্ষণম্। প্রায়শ্চিত্তং অস্ত্রাগ্নিনা নিরপরাধানাং দাহে যো দোষস্তস্য শোধনম্। মঙ্গলং দগ্ধানামেবারামাদীনাং পুনর্ব্বিকসনম্। বজ্রং বজ্রবদপ্রতীকার্য্যং রৌদ্রমেব ॥১২—১৩॥ গীতং লৌকিকং

সেই যে 'ব্রহ্মশির'-নামক অস্ত্র সমুদ্রমন্থনের সময় তাহা হইতে উঠিয়াছিল এবং মহাদেবের তপস্যায় তাঁহার নিকট আসিয়াছিল; সেই পাশুপত অস্ত্র অর্জ্জুন লাভ করিয়াছেন ॥১১॥

আর, যুধিষ্ঠির! মন্ত্র, উপসংহার ও নিবারণের উপায়ের সহিত সেই বজ্র এবং দণ্ডপ্রভৃতি অন্যান্য অস্ত্রও অর্জ্জুন লাভ করিয়াছেন ॥১২॥

কুরুনন্দন! অসাধারণ-বিক্রমশালী অর্জ্জুন যম, কুবের, বরুণ ও ইন্দ্রের নিকট হইতে স্বর্গীয় অস্ত্র সকল শিক্ষা করিয়াছেন ॥১৩॥

তাহার পর তিনি—বিশ্বাবসুর পুত্র চিত্রসেনগন্ধর্ব্বের নিকট নৃত্য, গীত, বাদ্য ও সামগান যথানিয়মে ও যথাবিধানে শিক্ষা করিয়াছেন ॥১৪॥

(১১)...রুদ্রমাগমৎ...বা.ব কা নি।

যদর্থং মাং সুরশ্রেষ্ঠ ইদং বচনমব্রবীৎ।
তচ্চ তে কথয়িষ্যামি যুধিষ্ঠির! নিবোধ মে ॥১৬॥
ভবান্ মনুষ্যলোকেঽপি গমিষ্যতি ন সংশয়ঃ।
ব্রূয়াদ্‌যুধিষ্ঠিরং তত্র বচনান্মে দ্বিজোত্তম! ॥১৭॥
আগমিষ্যতি তে ভ্রাতা কৃতাস্ত্রঃ ক্ষিপ্রমর্জ্জুনঃ।
সুরকার্য্যং মহৎ কৃত্বা যদশক্যং দিবৌকসৈঃ ॥১৮॥
তপসাপি ত্বমাত্মানং যোজয় ভ্রাতৃভিঃ সহ।
তপসো হি পরং নাস্তি তপসা বিন্দতে মহৎ ॥১৯॥
অহঞ্চ কর্ণং জানামি যথাবস্তরতর্ষভ!।
সত্যসন্ধং মহোৎসাহং মহাবীর্য্যং মহাবলম্ ॥২০॥

ভারতকৌমুদী

যদিতি। সুরশ্রেষ্ঠো দেবরাজঃ। নিবোধ শৃণু ॥১৬॥

কিং তদ্বচনমিত্যাহ ভবানিতি। তত্র মনুষ্যলোকে, বচনাদনুরোধবাক্যাৎ ॥১৭॥

আগমিষ্যতীতি। সুরকার্য্যং নিবাতকবচাদীনাং বধরূপম্। দিবৌকসৈর্দেবৈঃ, "সমাসান্তগতানাং বা রাজাদীনামদন্ততা" ইত্যদন্ততয়া ভিস ঐস্ ॥১৮॥

তপসেতি। ত্বমপীত্যন্বয়ঃ। পরমুত্তমম্। বিন্দতে লভতে, মহৎ ফলম্ ॥১৯॥

অহমিতি। সত্যসন্ধং সত্যপ্রতিজ্ঞম্। বীর্য্যং কায়িকী শক্তিঃ, বলঞ্চ মানসিকী শক্তিঃ

ভারতভাবদীপঃ

গানম্, সাম ঋতুগানম্ ॥১৪॥ অনুজস্য ভীমস্যানুজঃ ॥১৫—১৭॥ সুরকার্য্যং নিবাতকবচাদীনাং বধঃ। দিবৌকসৈরিতি বহুলং ছন্দসীত্যৈস্ ॥১৮—১৯॥ সত্যসন্ধং সত্যপ্রতিজ্ঞম্

যুধিষ্ঠির! তোমার কনিষ্ঠ ভ্রাতার (ভীমের) কনিষ্ঠভ্রাতা অর্জ্জুন এই ভাবে অস্ত্র ও গান্ধর্ববেদ শিক্ষা করিয়া স্বর্গলোকে সুখে বাস করিতেছেন ॥১৫॥

দেবরাজ যে জন্য আমাকে এই কথা বলিয়া দিয়াছেন, তাহা আমি তোমার নিকট বলিব; তুমি শ্রবণ কর ॥১৬॥

'ব্রাহ্মণশ্রেষ্ঠ! আপনি নিশ্চয়ই মনুষ্যলোকেও যাইবেন; সুতরাং আমার অনুরোধে সেখানে যুধিষ্ঠিরকে বলিবেন—(যে,) ॥১৭॥

তোমার ভ্রাতা অর্জ্জুন অস্ত্রশিক্ষা সমাপ্ত করিয়াছেন, এখন দেবগণের যাহা অসাধ্য, এমন একটা গুরুতর দেবকার্য্য সম্পন্ন করিয়া শীঘ্রই আসিবেন ॥১৮॥

তুমিও অপর ভ্রাতাদের সহিত মিলিত হইয়া তপস্যা কর। কারণ, তপস্যা হইতে উত্তম কিছুই নাই; সুতরাং তপস্যা দ্বারা গুরুতর ফল পাওয়া যায় ॥১৯॥

ভরতশ্রেষ্ঠ! আমিও যথাযথভাবেই কর্ণকে জানি; কর্ণ—সত্যপ্রতিজ্ঞ,

মহাহবেষ্বপ্রতিমং মহাযুদ্ধবিশারদম্।
মহাধনুর্দ্ধরং বীরং মহাস্ত্রং বরবর্ম্মিণম্ ॥২১॥
মহেশ্বরসুতপ্রখ্যমাদিত্যতনয়ং প্রভুম্।
তথাঽর্জ্জুনমতিস্কন্ধং সহজোল্বণপৌরুষম্।
ন স পার্থস্য সংগ্রামে কলামর্হতি ষোড়শীম্ ॥২২॥ বিশেষকম্)
যচ্চাপি তে ভয়ং কর্ণান্মনসিস্থমরিন্দম!।
তচ্চাপ্যপহরিষ্যামি সব্যসাচিন্যতো গতে ॥২৩॥
যচ্চ তে মানসং বীর! তীর্থযাত্রামিমাং প্রতি।
স মহর্ষির্লোমশস্তে কথয়িষ্যত্যসংশয়ম্ ॥২৪॥

ভারতকৌমুদী

সাহসাখ্যা। মহাহবেষু মহাযুদ্ধেষু। বরবর্ম্মিণং সহজাভেদ্যবর্ম্মশালিনম্। মহেশ্বরসুতপ্রখ্যং কার্ত্তিকেয়তুল্যম্, আদিত্যতনয়ং সূর্য্যপুত্রম্, প্রভুম্ অস্ত্রপ্রভাবশালিনম্। অতিস্কন্ধং মহাধ্যবসায়ম্, "স্কন্ধঃ প্রকাণ্ডে সৈন্যাংশে বাহুমূলসমূহয়োঃ। সমীহানৃপযোশ্চাপি" ইতি বিশ্বঃ। সহজং স্বাভাবিকম্ উল্বণম্ উদ্ধতঞ্চ পৌরুষং পুরুষকারো যস্য তম্। স তাদৃশোঽপি কর্ণঃ, সংগ্রামে, পার্থস্য অর্জ্জুনস্য, ষোড়শীং কলাং ভাগমপি নার্হতি, অর্জ্জুনস্যেদানীং দেবাস্ত্রলাভাদিতি ভাবঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০—২২॥

যদিতি। হে অরিন্দম! কর্ণাৎ, ভয়ং ভয়হেতুভূতম্, যচ্চাপি অভেদ্যং কবচম্, মনসিস্থম্, তচ্চাপি সব্যসাচিনি অর্জ্জুনে, অতঃ স্বর্গলোকাৎ, গতে সতি, অহমপহরিষ্যামি ॥২৩॥

যদিতি। মানসং কর্ম্ম সঙ্কল্পঃ। স প্রসিদ্ধঃ। তৎ কথয়িষ্যতি ॥২৪॥

ভারতভাবদীপঃ

॥২০॥ বরবর্ণিনমতিসুন্দরম্ ॥২১॥ মহেশ্বরসুতপ্রখ্যং স্কন্দতুল্যম্, অতিস্কন্ধমুন্নতাংসম্, জ্ঞানগতিস্কন্ধমিতি পাঠে যোগিশ্রেষ্ঠম্ ॥২২—২৩॥ অপহরিষ্যামি কবচকুণ্ডলাপহরণে ইন্দ্রেণ কৃতে সতি তদশীন্দ্রস্তান্তঃ প্রবিশ্য সম্পাদয়িষ্যামি আর্ষেণাভেদদর্শনেনাহং মন্থরভব-

মহোৎসাহী, গুরুতর দৈহিক বল ও মানসিক বল-সম্পন্ন, মহাযুদ্ধে অতুলনীয় বিশারদ, মহাধনুর্দ্ধর, মহাবীর, মহাস্ত্রসমূহে অভিজ্ঞ, উত্তমবর্ম্মধারী, কার্ত্তিকেয় তুল্য, সূর্য্যের পুত্র এবং অস্ত্রপ্রভাবসম্পন্ন। আবার অর্জ্জুনকেও জানি; অর্জ্জুনও গুরুতর অধ্যবসায়ী এবং স্বভাবতই মহাপুরুষকারসম্পন্ন। সুতরাং সে কর্ণ এখন অর্জ্জুনের ষোল ভাগের একভাগেরও যোগ্য নহে ॥২০—২২॥

অরিন্দম যুধিষ্ঠির! কর্ণের যে অভেদ্য কবচ তোমার ভয়ের কারণ, তাহাও আমি—অর্জ্জুন এ স্থান হইতে গেলে পরই হরণ করিব ॥২৩॥

---

(২২)...তথা জ্ঞাতগতিং হ্যেনং সহস্রনয়নোপমম্...পি। [২৩] যচ্চাপি তে ভয়ং তস্মান্মনসিস্থং হি ধর্ম্মজ!। তদপ্যপহরিষ্যেঽহং সব্যসাচিন্যুপাগতে—পি।

যচ্চ কিঞ্চিত্তপোযুক্তং ফলং তীর্থেষু ভারত ! ।
ব্রহ্মর্ষিরেষ ব্রূয়াত্তে তচ্ছ্রদ্ধেয়মনন্যথা ॥২৫॥

লোমশ উবাচ।

ধনঞ্জয়েন চাপ্যুক্তং যত্তচ্ছৃণু যুধিষ্ঠির ! ।
যুধিষ্ঠিরং ভ্রাতরং মে যোজয়েধর্ম্ম্যয়া গিরা ॥২৬॥
ত্বং হি ধর্ম্মান্ পরান্ বেত্থ তপাংসি চ তপোধন ! ।
শ্রীমতাঞ্চাপি জানাসি ধর্ম্মং রাজ্ঞাং সনাতনম্ ॥২৭॥
স ভবান্ পরমং বেদ পাবনং পুরুষান্ প্রতি।
তেন সংযোজয়েথাস্ত্বং তীর্থপুণ্যেন পাণ্ডবান্ ॥২৮॥
যথা তীর্থানি গচ্ছেত গাশ্চ দদ্যাৎ স পার্থিবঃ।
তথা সর্ব্বাত্মনা কার্য্যমিতি মামর্জ্জুনোঽব্রবীৎ ॥২৯॥

ভারতকৌমুদী

যদিতি। অনন্যথা সংশয়াদিরাহিত্যেন, তৎ, শ্রদ্ধেয়ং বিশ্বাস্যম্ ॥২৫॥
ধনেতি। ধর্ম্ম্যয়া ধর্ম্মাদনপেতয়া গিরা যোজয়েঃ তাং শ্রাবয়েরিত্যর্থঃ ॥২৬॥
ত্বমিতি। পরান্ শ্রেষ্ঠান্। শ্রীমতাং ধনাদিসম্পত্তিশালিনাম্ ॥২৭॥
স ইতি। পাবনং তীর্থপুণ্যম্, পুরুষান্ প্রতি পুরুষাণামিত্যর্থঃ ॥২৮॥

বীর ! তীর্থযাত্রাবিষয়ে তোমার যে ইচ্ছা জন্মিয়াছে, সে বিষয়ে প্রসিদ্ধ মহর্ষি লোমশ নিশ্চয়ই নিয়মাদি বলিবেন ॥২৪॥

ভরতনন্দন ! তীর্থে তপস্যাপ্রযুক্ত যে কিছু ফল হয়, তাহা তোমার নিকট এই ব্রহ্মর্ষি লোমশই বলিবেন ; তুমি নিঃসন্দেহে তাহা বিশ্বাস করিও' ॥২৫॥

লোমশ বলিলেন—'যুধিষ্ঠির ! অর্জ্জুনও যাহা বলিয়া দিয়াছেন, তাহাও শোন—'আপনি আমার ভ্রাতৃগণকে ধর্ম্মসঙ্গত বাক্য শুনাইবেন ॥২৬॥

কারণ, আপনি উত্তম ধর্ম্ম ও তপস্যার বিষয় জানেন এবং সম্পত্তিশালী রাজাদের সনাতন ধর্ম্মও অবগত আছেন ॥২৭॥

আর, আপনি মানুষের পরম তীর্থধর্ম্মের বিষয়ও জানেন। সুতরাং আপনি পাণ্ডবগণকে সেই তীর্থধর্ম্মযুক্ত করিবেন ॥২৮॥

যাহাতে সেই রাজা তীর্থে গমন ও গোদান করেন, তাহা আপনি সর্ব্বপ্রযত্নে করিবেন, এই কথা অর্জ্জুন আমাকে বলিয়াছেন ॥২৯॥

[২৫]…ন তচ্ছ্রদ্ধেয়মন্যথা—বা ব কা নি। ইতঃ পরম্—'একনবতিতমোঽধ্যায়ঃ' বা ব কা। পি, '…একোনবতিতমোঽধ্যায়ঃ' নি। [২৬]…ধর্ম্ম্যয়া প্রিয়া—বা ব কা, ধর্ম্ম্যয়া ধিয়া—নি। [২৮]…পুরুষং প্রতি…বা ব কা নি।

ভবতা চানুগুপ্তোঽসৌ চরেত্তীর্থানি সর্ব্বশঃ।
রক্ষোভ্যো রক্ষিতব্যশ্চ দুর্গেষু বিষমেষু চ ॥৩০॥
দধীচ ইব দেবেন্দ্রং যথা চাপ্যঙ্গিরা রবিম্।
তথা রক্ষস্ব কৌন্তেয়ান্ রাক্ষসেভ্যো দ্বিজোত্তম! ॥৩১॥
যাতুধানা হি বহবো রাক্ষসাঃ পর্ব্বতোপমাঃ।
ত্বয়াভিগুপ্তান্ কৌন্তেয়ান্ নাভিবর্ত্তেয়ুরন্তিকাৎ ॥৩২॥
সোঽহমিন্দ্রস্য বচনান্নিয়োগাদর্জ্জুনস্য চ।
রক্ষমাণো ভয়েভ্যস্ত্বাং চরিষ্যামি ত্বয়া সহ ॥৩৩॥
দ্বিস্তীর্থানি ময়া পূর্ব্বং দৃষ্টানি কুরুনন্দন!।
ইদং তৃতীয়ং দ্রক্ষ্যামি তান্যেব ভবতা সহ ॥৩৪॥

ভারতকৌমুদী

যথেতি। স পার্থিবো যুধিষ্ঠিরঃ। সর্বাত্মনা সর্বপ্রযত্নেন, কার্য্যং কর্ত্তব্যম্ ॥২৯॥
ভবতেতি। অনুগুপ্তো রক্ষিতঃ। দুর্গেষু দুর্গমেষু, বিষমেষু উচ্চাবচেষু স্থানেষু ॥৩০॥
দধীচ ইতি। দধীচো নাম মুনিঃ। রক্ষস্ব রক্ষোঘ্নমন্ত্রপাঠাদিনা ॥৩১॥
যাত্বিতি। যাতুং সময় এব দধতীতি যাতুধানাঃ। অভি লক্ষ্যীকৃত্য ॥৩২॥
স ইতি। চরিষ্যামি তীর্থেম্বিতি শেষঃ ॥৩৩॥
দ্বিরিতি। দ্বির্বারদ্বয়ম্। তৃতীয়ং বারম্, তান্যেব তীর্থানি ॥৩৪॥

ভারতভাবদীপঃ

মিত্যাদিবদহমেবেন্দ্ররূপী করিষ্যামীতি ॥২৪॥ তৎ শ্রদ্ধেয়ং ন ত্বন্যায়গৃহীতব্যমিত্যর্থঃ ॥২৫॥ যোজয়েঃ যোজয়, ধর্ম্ম্যয়া ধর্ম্মাদনপেতয়া ॥২৬—২৭॥ দ্বিঃ দ্বিবারম্, তৃতীয়ং তৃতীয়বারম্

আপনি তাঁহাকে দুর্গমস্থানে এবং বিষমস্থানে রক্ষা করিবেন; আপনি রক্ষা করিলেই; তিনি সকল তীর্থে বিচরণ করিতে পারিবেন ॥৩০॥

ব্রাহ্মণশ্রেষ্ঠ! দধীচমুনি যেমন দেবরাজকে এবং অঙ্গিরা যেমন সূর্য্যকে রক্ষা করেন, আপনিও তেমনই রাক্ষসগণ হইতে পাণ্ডবগণকে রক্ষা করিবেন ॥৩১॥

আপনি রক্ষা করিতে থাকিলে, হঠকারী পর্বতপ্রমাণ বহুতর রাক্ষসও নিকট হইতে পাণ্ডবগণের সম্মুখে আসিতে পারিবে না ॥৩২॥

ইন্দ্রের কথায় ও অর্জ্জুনের অনুরোধে আমি সর্বপ্রকার ভয় হইতে তোমাকে রক্ষা করিতে থাকিয়া তোমার সহিত তীর্থে বিচরণ করিব ॥৩৩॥

কুরুনন্দন! আমি পূর্বে দুইবার তীর্থগুলি দেখিয়াছি; এখন তৃতীয় বার তোমার সহিত সেই গুলিই দেখিব ॥৩৪॥

ইয়ং রাজর্ষিভির্যাতা পুণ্যকৃদ্ভির্যুধিষ্ঠির ! ।
মন্বাদিভির্মহারাজ ! তীর্থযাত্রা ভয়াপহা ॥৩৫॥
নানৃজুর্নাকৃতাত্মা চ নাবিদ্যো ন চ পাপকৃৎ ।
স্নাতি তীর্থেষু কৌরব্য ! ন চ বক্রমতির্নরঃ ॥৩৬॥
ত্বন্তু ধর্ম্মমতির্নিত্যং ধর্ম্মজ্ঞঃ সত্যসঙ্গরঃ ।
বিমুক্তঃ সর্ব্বপাপেভ্যো ভূয় এব ভবিষ্যসি ॥৩৭॥
যথা ভগীরথো রাজা রাজানশ্চ গয়াদয়ঃ ।
যথা যযাতিঃ কৌন্তেয় ! তথা ত্বমপি পাণ্ডব ! ॥৩৮॥

যুধিষ্ঠির উবাচ ।

ন হর্ষাৎ সম্প্রপশ্যামি বাক্যস্যাস্যোত্তরং ক্বচিৎ ।
স্মরেদ্ধি দেবরাজো যং কো নামাভ্যধিকস্ততঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

ইয়মিতি। যাতা প্রাপ্তা কৃতেত্যর্থঃ। ভয়াপহা পাপভয়নাশিকা ॥৩৫॥

নেতি। অনৃজুঃ অসরলঃ শঠঃ তীর্থেষু ন স্নাতি, পরপ্রতারণাব্যাপৃতত্বাৎ, অকৃতাত্মা ভূপ্রদেশদর্শনাভাবেনাশিক্ষিতচিত্তঃ তীর্থেষু ন স্নাতি, কূপমণ্ডূকতুল্যত্বাৎ, অবিদ্যঃ তীর্থেষু ন স্নাতি শাস্ত্রাজ্ঞানেন তীর্থফলাজ্ঞানাৎ, পাপকৃৎ তীর্থেষু ন স্নাতি চৌর্য্যাদিনিরতত্বাৎ; বক্রমতির্নরশ্চ, তীর্থেষু ন স্নাতি হেতুবাদেন তীর্থফলানঙ্গীকারাৎ ॥৩৬॥

ত্বমিতি। সত্যসঙ্গরঃ সত্যপ্রতিজ্ঞঃ। বিমুক্তঃ, তীর্থস্নানাদিনা সর্ব্বপাপক্ষয়াৎ ॥৩৭॥

যথেতি। অতস্তীর্থপর্য্যটনেনাধিকধর্ম্মলাভে তব বুদ্ধির্ভবেদেবেতি ভাবঃ ॥৩৮॥

মহারাজ যুধিষ্ঠির! মনুপ্রভৃতি পুণ্যকারী রাজর্ষিরা পাপভয়নাশক এই তীর্থপর্য্যটন করিয়া গিয়াছেন ॥৩৫॥

কুরুনন্দন! শঠ, কূপমণ্ডূকস্বভাব, মূর্খ, পাপকারী এবং কুটিলবুদ্ধি লোক তীর্থে স্নান করে না ॥৩৬॥

কিন্তু তোমার সর্বদাই ধর্ম্মে মতি রহিয়াছে এবং তুমি ধর্ম্মজ্ঞ ও সত্য-প্রতিজ্ঞ। অতএব তুমি (তীর্থপর্য্যটন করিয়া) সম্পূর্ণরূপেই সমস্ত পাপ হইতে মুক্ত হইবে ॥৩৭॥

পাণ্ডুনন্দন! ভগীরথরাজা যেমন ছিলেন, গয়প্রভৃতি রাজারা যেমন গিয়াছেন এবং যযাতিরাজা যেমন ছিলেন, তুমিও তেমনই হইয়াছ' ॥৩৮॥

যুধিষ্ঠির বলিলেন—'আমি আনন্দবশতঃ এই বাক্যের উত্তর কোথাও খুজিয়া পাইতেছি না এবং দেবরাজ যাহাকে স্মরণ করেন, তাহা হইতে কোন্ ব্যক্তি বড়? ॥৩৯॥

---

(৩৭)···বিমুক্তঃ সর্বসঙ্গেভ্যঃ···বা ব কা।

ভবতা সঙ্গমো যস্য ভ্রাতা চৈব ধনঞ্জয়ঃ।
বাসবঃ স্মরতে যস্য কো নামাভ্যধিকস্ততঃ ॥৪০॥
যচ্চ মাং ভগবানাহ তীর্থানাং দর্শনং প্রতি।
ধৌম্যস্য বচনাদেষা বুদ্ধিঃ পূর্ব্বং কৃতৈব মে ॥৪১॥
তদ্‌যদা মন্যসে ব্রহ্মন্! গমনং তীর্থদর্শনে।
তদৈব গন্তাস্মি তীর্থান্যেষ মে নিশ্চয়ঃ পরঃ ॥৪২॥
বৈশম্পায়ন উবাচ।
গমনে কৃতবুদ্ধিস্তু পাণ্ডবং লোমশোঽব্রবীৎ।
লঘুর্ভব মহারাজ! লঘুঃ স্বৈরং গমিষ্যসি ॥৪৩॥
যুধিষ্ঠির উবাচ।
ভিক্ষাভুজো নিবর্ত্তন্তাং ব্রাহ্মণা যতয়শ্চ যে।
ক্ষুত্তৃষ্ণাধ্বশ্রমায়াসশীতার্ত্তিমসহিষ্ণবঃ ॥৪৪॥

ভারতকৌমুদী

নেতি। হর্ষাৎ অর্জ্জুনস্য সর্বদেবাস্ত্রলাভস্বাস্থ্যসংবাদপ্রাপ্তিজনিতাদানন্দাৎ ॥৩৯॥
ভবতেতি। বাসব ইন্দ্রঃ। যস্যেতি "স্মৃত্যর্থকর্ম্মণি" ইতি কর্ম্মণি ষষ্ঠী ॥৪০॥
যদিতি। *ভগবান্ ভবান্। দর্শনং প্রতি দর্শনবিষয়ে। মে ময়া ॥৪১॥
তদিতি। গন্তাস্মি গমিষ্যামি। বনবাসপ্রতিজ্ঞায়া অগৃহবাসতাৎপর্য্যকত্বাৎ তীর্থভ্রমণেনাপি ন তৎপ্রতিজ্ঞাভঙ্গঃ। কিঞ্চ অবসরে মহাধর্ম্মার্জ্জনং মহালাভ এবেতি ভাবঃ ॥৪২॥
গমন ইতি। লঘুর্ভাবশূন্যঃ স্বল্পপরিজন ইত্যর্থঃ। কথমিত্যাহ লঘুরিতি। লঘুঃ সন্, স্বৈরং স্বচ্ছন্দং যথেচ্ছমিতি যাবৎ, গমিষ্যসি। বহুপরিজনসত্বে তু ব্যাপারবাহুল্যাদিনা যথেচ্ছগমনব্যাঘাতো ভবিষ্যতীতি ভাবঃ। "মন্দস্বচ্ছন্দয়োঃ স্বৈরম্" ইত্যমরঃ ॥৪৩॥
ভিক্ষেতি। ভিক্ষাভুজো নিবর্ত্তন্তাম্, তীর্থে ভিক্ষালাভাসম্ভবাৎ "তীর্থে ন প্রতিগৃহ্লীয়াৎ

আপনার সহিত যাহার সম্মেলন হইল, অর্জ্জুন যাহার ভ্রাতা এবং ইন্দ্র যাহাকে স্মরণ করিয়াছেন, তাহা হইতে কোন্ ব্যক্তি প্রধান? ॥৪০॥

তা'র পর, আপনি যে আমাকে তীর্থদর্শনের বিষয়ে বলিতেছেন, এ বুদ্ধি আমি ধৌম্যপুরোহিতের বাক্যে পূর্বেই করিয়াছি ॥৪১॥

অতএব যখনই আপনি তীর্থদর্শনে গমন করা সঙ্গত মনে করিবেন, তখনই আমি তীর্থে গমন করিব; ইহাই আমার একান্ত নিশ্চয় ॥৪২॥

বৈশম্পায়ন বলিলেন—যুধিষ্ঠির তীর্থগমনে মত করিলে, লোমশ তাঁহাকে কহিলেন—'যুধিষ্ঠির! লঘু হও (অল্প পরিজন সঙ্গে লও), লঘু হইলে ইচ্ছানুসারে গমন করিতে পারিবে' ॥৪৩॥

---

* রাজোবাচ—পি।

তে সর্বে বিনিবর্ত্তন্তাং যে চ মিষ্টভুজো দ্বিজাঃ।
পক্কান্নলেহ্যপানানাং মাংসানাঞ্চ বিকল্পকাঃ ॥৪৫॥
তেঽপি সর্বে নিবর্ত্তন্তাং যেঽপি সূদানুযায়িনঃ।
ময়া যথোচিতাজীবৈঃ সংবিভক্তাশ্চ বৃত্তিভিঃ ॥৪৬॥
যে চাপ্যনুগতাঃ পৌরা রাজভক্তিপুরস্কৃতাঃ।
ধৃতরাষ্ট্রং মহারাজমভিগচ্ছন্তু তে চ বৈ।
স দাস্যতি যথাকালমুচিতা যস্য বা ভৃতিঃ ॥৪৭॥

ভারতকৌমুদী

প্রাণৈঃ কণ্ঠগতৈরপি" ইতি স্মৃত্যা নিষেধাচ্চেতি ভাবঃ। যে যতয়ো জিতেন্দ্রিয়া ব্রাহ্মণাশ্চ, তেঽপি নিবর্ত্তন্তাম্, তেষামিন্দ্রিয়জয়িতয়া দর্শনাদ্যর্থং তত্র তত্র গমনাসম্ভবেন সর্বেষামেব তদসম্ভবাৎ। ক্ষুধাদ্যসহিষ্ণূনাঞ্চ সর্ব্বত্র গমনস্যৈবাসম্ভবাৎ ॥৪৪॥

ত ইতি। মিষ্টভুজো মধুরভোজিনঃ, সর্বত্র মধুরবস্তুলাভাসম্ভবাৎ। বিকল্পকা আহারে উক্তবিবিধকল্পগ্রাহিণঃ, তীর্থে তাদৃশবিবিধকল্পসম্পাদনাসম্ভবাৎ ॥৪৫॥

ত ইতি। সূদানুযায়িনঃ স্বয়ং স্বয়ং পাকাসামর্থ্যেন পাচকাপেক্ষিতারঃ, সর্ব্বত্র পাচকপ্রাপ্ত্যসম্ভবাৎ। যথোচিতাজীবৈঃ যথোচিতনির্দ্দিষ্টখাদ্যাদিদানৈঃ, বৃত্তিভির্নির্দ্দিষ্টবেতনৈশ্চ, সংবিভক্তা বিভজ্য রক্ষিতাঃ, তেঽপি নিবর্ত্তন্তাম্, সর্ব্বত্র তদ্দানাসম্ভবাৎ ॥৪৬॥

য ইতি। অভিগচ্ছন্তু, তত্রাপি রাজভক্তিসম্ভবাৎ তস্যৈব প্রকৃতরাজত্বাৎ। ভৃতির্বেতনং খাদ্যাদিকঞ্চ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৭॥

ভারতভাবদীপঃ

॥২৮—৩৬॥ সত্যসঙ্গরঃ সত্যযজ্ঞঃ, "যান্যেব সংগ্রামনামানি তানি যজ্ঞনামানী"তি যাস্কবচনাৎ ॥৩৭—৪২॥ লঘুরল্পপরিবারঃ ॥৪৩—৪৪॥ বিকল্পকাঃ মৃষ্টামৃষ্টবিভাজকাঃ ॥৪৫॥ আজীবৈ্য-

যুধিষ্ঠির বলিলেন—'যে সকল ব্রাহ্মণ ভিক্ষাভোজী ও জিতেন্দ্রিয় এবং যাঁহারা ক্ষুধা, পিপাসা, পথের পরিশ্রম, গ্রীষ্মের কষ্ট ও শীতের কষ্ট সহ্য করিতে না পারেন, তাঁহারা সকলেই নিবৃত্ত হউন ॥৪৪॥

যে সকল ব্রাহ্মণ কেবল সুস্বাদু বস্তু ভোজন করেন এবং যাঁহারা পক্কান্ন লেহ্য, পেয় ও মাংস ইত্যাদি বিবিধ বস্তু ভোজন করিয়া থাকেন, তাঁহারা সকলেও নিবৃত্ত হউন ॥৪৫॥

যাঁহারা পাচকের অপেক্ষা রাখেন, কিংবা আমি যাঁহাদিগকে নির্দ্দিষ্ট উপযুক্ত খাদ্য এবং নির্দ্দিষ্ট বেতন দিয়া রাখিয়াছি, তাঁহারা সকলেও নিবৃত্ত হউন ॥৪৬॥

আর, যে সকল পুরবাসীরা রাজভক্তিবশতঃ আমার সঙ্গে আসিয়াছেন, তাঁহারা মহারাজ ধৃতরাষ্ট্রের নিকট গমন করুন; তিনিই—যাহার যাহা যোগ্য বৃত্তি আছে, তাহা তাঁহাকে যথাসময়ে দিবেন ॥৪৭॥

(৪৬)···ময়া যথোচিতাজীবৈ্যঃ···বা ব কা নি।

স চেদ্‌যথোচিতাং বৃত্তিং ন দদ্যাম্মনুজেশ্বরঃ।
অস্মৎপ্রিয়হিতার্থায় পাঞ্চাল্যো বঃ প্রদাস্যতি ॥৪৮॥

বৈশম্পায়ন উবাচ।

ততো ভূয়িষ্ঠশঃ পৌরা গুরুভারপ্রপীড়িতাঃ।
বিপ্রাশ্চ যতয়ো মুখ্যা জগ্মুর্নাগপুরং প্রতি ॥৪৯॥
তান্ সর্বান্ ধর্ম্মরাজস্য প্রেম্ণা রাজাঽম্বিকাসুতঃ।
প্রতিজগ্রাহ বিধিবদ্ধনৈশ্চ সমতর্পয়ৎ ॥৫০॥
ততঃ কুন্তীসুতো রাজা লঘুভির্ব্রাহ্মণৈঃ সহ।
লোমশেন চ সুপ্রীতস্ত্রিরাত্রং কাম্যকেঽবসৎ ॥৫১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং যুধিষ্ঠিরতীর্থযাত্রামন্ত্রণে ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

স ইতি। পাঞ্চাল্যো দ্রুপদো রাজা, বো যুষ্মভ্যম্। অতস্তত্রৈব গচ্ছেতেতি ভাবঃ ॥৪৮॥
তত ইতি। গুরুভারেণ দুঃখাতিরেকেণ প্রপীডিতাঃ। নাগপুরং হস্তিনাম্ ॥৪৯॥
তানিতি। ধর্ম্মরাজস্য যুধিষ্ঠিরস্য, প্রেম্ণা বাৎসল্যেন ॥৫০॥
তত ইতি। লঘুভিরল্পসংখ্যকৈঃ। লোমশাগমনাবধিত্রিরাত্রবাসাভাবে যুধিষ্ঠিরাদীনাং যাত্রাসিদ্ধাবপি লোমশস্য যাত্রা ন স্যাৎ "ত্রিরাত্রং যত্র নো বাসস্ততো যাত্রা ন সিধ্যতি" ইতি জ্যোতিষাৎ লোকব্যবহারাচ্চ। তথাত্বে লোমশস্য তীর্থযাত্রাঙ্গকার্য্যমপি ন স্যাৎ। অতস্ত্রিরাত্রং কাম্যকেঽবসদিত্যুক্তম্ ॥৫১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

ভৃত্যাদিভির্ বৃত্তিভির্জীবনহেতুভিরন্নাদিভিঃ ॥৪৬-৪৭॥ পাঞ্চাল্যো দ্রুপদঃ, বো যুষ্মভ্যম্ ॥৪৮-৫১॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষট্সপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৬॥

তিনি যদি যথোচিত বৃত্তি না দেন, তবে দ্রুপদরাজা আমাদের প্রীতি ও হিতের জন্য তাহা আপনাদিগকে দিবেন ॥৪৮॥

তাহার পর বহুসংখ্যক পুরবাসী এবং জিতেন্দ্রিয় শ্রেষ্ঠ ব্রাহ্মণগণ অত্যন্ত দুঃখিত হইয়া হস্তিনানগরে গমন করিলেন ॥৪৯॥

রাজা ধৃতরাষ্ট্র যুধিষ্ঠিরের প্রণয়বশতঃ তাঁহাদিগকে গ্রহণ করিলেন এবং ধনদ্বারা যথাবিধানে সন্তুষ্ট করিলেন ॥৫০॥

---

* '…দ্বিনবতিতমঃ…' বা ব কা পি, '· নবতিতমঃ…' নি।

সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

বৈশম্পায়ন উবাচ।

ততঃ প্রয়ান্তং কৌন্তেয়ং ব্রাহ্মণা বনবাসিনঃ।
অভিগম্য তদা রাজন্নিদং বচনমব্রুবন্ ॥১॥
রাজংস্তীর্থানি গন্তাসি পুণ্যানি ভ্রাতৃভিঃ সহ।
ঋষিণা চৈব সহিতো লোমশেন মহাত্মনা ॥২॥
অস্মানপি মহারাজ! নেতুমর্হসি পাণ্ডব!।
অস্মাভির্হি ন শক্যানি ত্বদৃতে তানি কৌরব! ॥৩॥
শ্বাপদৈরুপসৃষ্টানি দুর্গাণি বিষমাণি চ।
অগম্যানি নরৈরল্পৈস্তীর্থানি মনুজেশ্বর! ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। বনবাসিনঃ যুধিষ্ঠিরাদ্যাগমনাৎ পূর্ব্বাবধিকাম্যকবনস্থিতাঃ ॥১॥

রাজন্নিতি। গন্তাসি গমিষ্যসি ॥২॥

অস্মানিতি। নেতুং সহচরীকর্ত্তুম্। ত্বদৃতে ত্বাং বিনা, তানি তীর্থানি ॥৩॥

শ্বেতি। শ্বাপদৈর্হিংস্রজন্তুভিঃ, দুর্গাণি দুর্গমাণি, বিষমাণি বিপৎসঙ্কুলানি ॥৪॥

তদনন্তর যুধিষ্ঠির আনন্দিত হইয়া অল্পসংখ্যক ব্রাহ্মণ এবং লোমশমুনির সহিত আরও তিন রাত্রি কাম্যকবনে বাস করিলেন ॥৫১॥

——(-ঃ০ঃ-)——

বৈশম্পায়ন বলিলেন—রাজা জনমেজয়! তাহার পর যুধিষ্ঠির যখন তীর্থযাত্রার আয়োজন করিতে লাগিলেন, তখন পূর্ব হইতে কাম্যকবনবাসী ব্রাহ্মণেরা যাইয়া তাঁহাকে এই কথা বলিলেন—॥১॥

'রাজা! আপনি—ভ্রাতৃগণ ও মহাত্মা লোমশমুনির সহিত তীর্থসমূহে ভ্রমণ করিবেন ॥২॥

অতএব মহারাজ! আপনি আমাদিগকেও সঙ্গে লইয়া চলুন। কারণ, আমরা আপনাকে ছাড়া সে তীর্থভ্রমণে সমর্থ হইব না ॥৩॥

কারণ, নরনাথ! তীর্থ সকল হিংস্রজন্তুতে পরিপূর্ণ, দুর্গম ও বিপৎসঙ্কুল; সুতরাং সেগুলি অল্পলোকের অগম্য ॥৪॥

ভবন্তো ভ্রাতরঃ শূরা ধনুর্দ্ধরবরাঃ সদা।
ভবদ্ভিঃ পালিতাঃ শূরৈর্গচ্ছেম বয়মপ্যুত ॥৫॥
ভবৎপ্রসাদাদ্ধি বয়ং প্রাপ্নুয়ামঃ সুখং ফলম্।
তীর্থানাং পৃথিবীপাল! বনানাঞ্চ বিশাংপতে! ॥৬॥
তব বীর্য্যপরিত্রাতাঃ শুদ্ধাস্তীর্থপরিপ্লুতাঃ।
ভবেম ধূতপাপ্মানস্তীর্থসন্দর্শনান্নৃপ! ॥৭॥
ভবানপি নরেন্দ্রস্য কার্ত্তবীর্য্যস্য ভারত!।
অষ্টকস্য চ রাজর্ষের্লোমপাদস্য চৈব হ ॥৮॥
ভরতস্য চ বীরস্য সার্বভৌমস্য পার্থিব!।
ধ্রুবং প্রাপ্স্যসি দুষ্প্রাপান্ লোকাংস্তীর্থপরিপ্লুতঃ ॥৯॥ (যুগ্মকম্)
প্রভাসাদীনি তীর্থানি মহেন্দ্রাদীংশ্চ পর্বতান্।
গঙ্গাদ্যাঃ সরিতশ্চৈব প্লক্ষাদীংশ্চ বনস্পতীন্।
ত্বয়া সহ মহীপাল! দ্রষ্টুমিচ্ছামহে বয়ম্ ॥১০॥

ভারতকৌমুদী

ভবদ্ভিরিতি। পালিতা বিপদ্ভ্যো রক্ষিতাঃ। উতশব্দঃ পাদপূরণে ॥৫॥
ভবদিতি। সুখমনায়াসং যথা স্যাত্তথা। তীর্থানাং বনানাঞ্চ ভ্রমণাৎ ফলম্ ॥৬॥
তবেতি। শুদ্ধাঃ স্বভাবত এব নির্ম্মলচিত্তাঃ, তীর্থেষু পরিপ্লুতাঃ স্নাতাঃ ॥৭॥
ভবানিতি। অষ্টকস্য আদিপর্ব্বণি প্রাপ্তস্য। লোকান্ স্বর্গান্ ॥৮—৯॥

আপনারা ভ্রাতারা সকলেই প্রধান ধনুর্দ্ধর ও বীর। অতএব আপনারা সর্ব্বদা রক্ষা করিতে থাকিলে, আমরাও তীর্থভ্রমণ করিতে পারিব ॥৫॥

রাজা! নরনাথ! আপনার অনুগ্রহে আমরা তীর্থ ও বনভ্রমণের ফল অনায়াসে লাভ করিতে পারিব ॥৬॥

রাজা! আমরা স্বভাবতই নির্ম্মলচিত্ত। সুতরাং আপনার বলে রক্ষিত হইয়া, তীর্থস্নান ও তীর্থদর্শন করিয়া আমরা পাপশূন্য হইতে পারিব ॥৭॥

ভরতনন্দন রাজা! আপনিও তীর্থে স্নান করিয়া—রাজা কার্ত্তবীর্য্যার্জুন, রাজর্ষি অষ্টক ও লোমপাদ এবং মহাবীর ও সার্বভৌম ভরতের দুর্লভ স্বর্গগুলি নিশ্চয়ই লাভ করিবেন ॥৮—৯॥

রাজা! আমরা আপনার সহিত মিলিত হইয়া—প্রভাসপ্রভৃতি তীর্থ, মহেন্দ্রপ্রভৃতি পর্বত, গঙ্গাপ্রভৃতি নদী এবং প্লক্ষপ্রভৃতি বৃক্ষ সকল দেখিতে ইচ্ছা করি ॥১০॥

(৫) ভবতো ভ্রাতরঃ শূরাঃ...বা ব কা নি। (৯) ভরতস্য দিলীপস্য...পি।

যদি তে ব্রাহ্মণেষস্তি কাচিৎ প্রীতির্জনাধিপ ! ।
কুরু ক্ষিপ্রং বচোঽস্মাকং ততঃ শ্রেয়োঽভিপৎস্যসে ॥১১॥
তীর্থানি হি মহাবাহো ! তপোবিঘ্নকরৈঃ সদা ।
অনুকীর্ণানি রক্ষোভিস্তেভ্যো নস্ত্রাতুমর্হসি ॥১২॥
তীর্থান্যুক্তানি ধৌম্যেন নারদেন চ ধীমতা ।
যান্যুবাচ চ দেবর্ষির্লোমশঃ সুমহাতপাঃ ॥১৩॥
বিধিবত্তানি সর্বাণি পর্য্যটস্ব নরাধিপ ! ।
ধূতপাপ্মা সহাস্মাভির্লোমশেনাভিপালিতঃ ॥১৪॥
বৈশম্পায়ন উবাচ । *
স রাজা পূজ্যমানস্তৈর্হর্ষাদশ্রুপরিপ্লুতঃ ।
ভীমসেনাদিভির্বীরৈর্ভ্রাতৃভিঃ পরিবারিতঃ ॥১৫॥
বাঢ়মিত্যব্রবীৎ সর্বাংস্তানৃষীন্ পাণ্ডবর্ষভঃ ।
লোমশং সমনুজ্ঞাপ্য ধৌম্যঞ্চৈব পুরোহিতম্ ॥১৬॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

প্রভাসেতি। প্লক্ষাদীন্ প্লক্ষাপ্রবনাদিতীর্থগতান্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১০॥
যদীতি। বচো বাক্যানুরূপং কার্য্যম্। শ্রেয়ো মঙ্গলম্, অভিপৎস্যসে লপ্স্যসে ॥১১॥
তীর্থানিতি। অনুকীর্ণানি ব্যাপ্তানি। নঃ অস্মান্ ॥১২॥
তীর্থানীতি। উবাচ গন্তুমাদিদেশ, লোমশেন প্রাক্ তীর্থানামবর্ণনাৎ ॥১৩॥
বিধিবদিতি। ধূতপাপ্মা তীর্থস্নানাদিনা ক্ষপিতপাপো ভবিষ্যসীতি শেষঃ ॥১৪॥

নরনাথ ! আপনার যদি ব্রাহ্মণদের প্রতি কোনরূপ ভালবাসা থাকে, তবে সত্বর আমাদের প্রার্থনার অনুরূপ কার্য্য করুন ; তাহা হইলে মঙ্গলই লাভ করিবেন ॥১১॥

মহাবাহু ! তীর্থগুলি তপোবিঘ্নকারি-রাক্ষসগণকর্তৃক সর্ব্বদাই ব্যাপ্ত রহিয়াছে। সুতরাং আপনি সেই রাক্ষসগণ হইতে আমাদিগকে রক্ষা করিবেন ॥১২॥

জ্ঞানী নারদ ও ধৌম্য তীর্থসমূহের বিষয় বলিয়াছেন ; যে সকল তীর্থে গমন করিবার জন্য পরে মহাতপা দেবর্ষি লোমশ আদেশ করিয়াছেন ॥১৩॥

নরনাথ ! আপনি লোমশকর্তৃক রক্ষিত হইয়া যথাবিধানে সেই সকল তীর্থে পর্য্যটন করুন ; তাহা হইলে আপনি আমাদের সহিত নিষ্পাপ হইতে পারিবেন ॥১৪॥

* অয়ং পাঠঃ বা ব কা নি নাস্তি।

ততঃ স পাণ্ডবশ্রেষ্ঠো ভ্রাতৃভিঃ সহিতো বশী।
দ্রৌপদ্যা চানবদ্যাঙ্গ্যা গমনায় মনো দধে ॥১৭॥
অথ ব্যাসো মহাভাগস্তথা পর্ব্বতনারদৌ।
কাম্যকে পাণ্ডবং দ্রষ্টুং সমাজগ্মুর্মনীষিণঃ ॥১৮॥
তেষাং যুধিষ্ঠিরো রাজা পূজাঞ্চক্রে যথাবিধি।
সৎকৃতাস্তে মহাভাগা যুধিষ্ঠিরমথাব্রুবন্ ॥১৯॥
যুধিষ্ঠির! যমৌ! ভীম! মনসা কুরুতার্জবম্।
মনসা কৃতশৌচা বৈ শুদ্ধাস্তীর্থানি যাস্যথ ॥২০॥
শরীরনিয়মং প্রাহুর্ব্রাহ্মণা মানুষং ব্রতম্।
মনোবিশুদ্ধাং বুদ্ধিঞ্চ দৈবমাহুর্ব্রতং দ্বিজাঃ ॥২১॥

ভারতকৌমুদী

স ইতি। অশ্রুপবিপ্লুতো নয়নজলসিক্তগণ্ডঃ। বাঢং যুয়মবশ্যমেবাস্মাভিঃ সহচরীকর্ত্তব্যা ইতি বাচম্। সমনুজ্ঞাপ্য সম্যগনুজ্ঞাং কারয়িত্বা ॥১৫—১৬॥

তত ইতি। বশী জিতেন্দ্রিয়ঃ। অনবদ্যাঙ্গ্যা অনিন্দ্যাবয়বয়া ॥১৭॥

অথেতি। পর্ব্বতো নাম মুনিবিশেষঃ। মনীষিণো জ্ঞানিনস্তে ত্রয়ঃ ॥১৮॥

তেষামিতি। সৎকৃতাঃ পূজয়া সম্মানিতাঃ, তে ব্যাসাদয়স্ত্রয়ঃ ॥১৯॥

যুধীতি। হে যমৌ নকুলসহদেবৌ!। আর্জবং সারল্যং হিংসাচিন্তাদিত্যাগম্ ॥২০॥

শরীরেতি। শরীরস্য নিয়মম্ অগম্যদেশাগমনাদিকম্, মানুষং ব্রতং প্রাহুঃ। মনসা বিশুদ্ধাং হিংসাচিন্তাদিত্যাগেন নির্ম্মলাং বুদ্ধিঞ্চ, দৈবং ব্রতমাহুঃ ॥২১॥

বৈশম্পায়ন বলিলেন—সেই ব্রাহ্মণেরা ঐরূপ গৌরব করিলে, পাণ্ডবশ্রেষ্ঠ যুধিষ্ঠির ভীমপ্রভৃতি বীর ভ্রাতৃগণে পরিবেষ্টিত থাকিয়া, লোমশ ও ধৌম্য-পুরোহিতের অনুমতি লইয়া, সেই সকল ঋষিকে বলিলেন—'অবশ্যই আপনাদিগকে সঙ্গে লইয়া যাইব' ॥১৫—১৬॥

তদনন্তর জিতেন্দ্রিয় যুধিষ্ঠির ভ্রাতৃগণ ও অনিন্দ্যসুন্দরী দ্রৌপদীর সহিত মিলিত হইয়া তীর্থে গমন করিবার ইচ্ছা করিলেন ॥১৭॥

তাহার পর মহাত্মা বেদব্যাস, পর্বত ও নারদ এই জ্ঞানী তিন জন মহর্ষি যুধিষ্ঠিরের সহিত সাক্ষাৎ করিবার জন্য কাম্যকবনে আসিলেন ॥১৮॥

তখন রাজা যুধিষ্ঠির যথাবিধানে তাঁহাদের পূজা করিলেন। তৎপরে সেই মহাত্মারা পূজিত হইয়া যুধিষ্ঠিরপ্রভৃতিকে বলিলেন—॥১৯॥

'যুধিষ্ঠির! ভীম! নকুল! সহদেব! তোমরা আপন আপন মনকে নির্ম্মল কর; মন পবিত্র করিয়া শুদ্ধ হইয়া পরে তীর্থে যাইবে ॥২০॥

মনো হ্যদুষ্টং শৌচায় পর্য্যাপ্তং বৈ নরাধিপ ! ।
মৈত্রীং বুদ্ধিং সমাস্থায় শুদ্ধাস্তীর্থানি দ্রক্ষ্যথ ॥২২॥
তে যূয়ং মানসৈঃ শুদ্ধাঃ শরীরনিয়মব্রতৈঃ ।
দৈবং ব্রতং সমাস্থায় যথোক্তং ফলমাপ্স্যথ ॥২৩॥
তে তথেতি প্রতিজ্ঞায় কৃষ্ণয়া সহ পাণ্ডবাঃ ।
কৃতস্বস্ত্যয়নাঃ সর্ব্বে মুনিভির্দিব্যমানুষৈঃ ॥২৪॥
লোমশস্যোপসংগৃহ্য পাদৌ দ্বৈপায়নস্য চ ।
নারদস্য চ রাজেন্দ্র ! দেবর্ষেঃ পর্ব্বতস্য চ ॥২৫॥
ধৌম্যেন সহিতা বীরাস্তথা তৈর্বনবাসিভিঃ ।
মার্গশীর্ষ্যামতীতায়াং পুষ্যেণ প্রযযুস্ততঃ ॥২৬॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

মন ইতি। হিংসাচিন্তাদিভিরদুষ্টং মন এব শৌচায় পর্য্যাপ্তং যথেষ্টং শক্তম্ ॥২২॥

ত ইতি। তে যূয়ম্, দৈবং ব্রতং পরানিষ্টচিন্তাত্যাগাদিরূপম্, সমাস্থায় অবলম্ব্য, মানসৈর্দয়াদিভির্ভাবৈঃ, শরীরনিয়মব্রতৈর্নিরামিষৈকভক্তাদিরূপৈশ্চ, শুদ্ধাঃ সন্তঃ, যথোক্তং তীর্থকৃত্যানাং ফলম্, আপ্স্যথ লপ্স্যধ্বে। এতেনান্যেষামপ্যয়মেব নিয়ম উক্তঃ ॥২৩॥

ত ইতি। দিব্যৌ স্বর্গীয়ৌ নারদপর্বতৌ মানুষাশ্চ ব্যাসাদয়স্তৈর্মুনিভিঃ, কৃতস্বস্ত্যয়নাঃ কৃতযাত্রাকালীনমাঙ্গলিকোপাসনাঃ সন্তঃ। উপসংগৃহ্য প্রণম্যেত্যর্থঃ। মার্গশীর্ষ্যাম্ অগ্রহায়ণপূর্ণিমায়ামতীতায়াং সত্যাম্, পুষ্যেণ নক্ষত্রেণ। অর্থাৎ তৎপরবর্ত্তিকৃষ্ণপক্ষতৃতীয়ায়াম্, পূর্ণিমায়াং মৃগশিরসি তৎপরতৃতীয়ায়ামেব পুষ্যনক্ষত্রসম্ভবাৎ, বুধবারে তযোর্যোগে তু ত্র্যমৃতযোগলাভাৎ। যাত্রায়ান্তু পুষ্যনক্ষত্রস্য প্রাশস্ত্যম্, "অশ্বিনীমৈত্ররেবত্যো মৃগমূলে পুনর্বসুঃ।

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৩॥ দুর্গাণি কণ্টকাদ্যাক্রান্তত্বাৎ, বিষমাণি হিংস্রব্যাঘ্রাদ্যাবৃতত্বাৎ ॥৪—১২॥ অনুকীর্ণানি ব্যাপ্তানি, নোঽস্মান্ ॥১৩—১৯॥ আর্জ্জবমৃজুবুদ্ধিং শ্রদ্ধামিত্যর্থঃ ॥২০—২৬॥

কারণ, ব্রাহ্মণেরা বলিয়া থাকেন যে, শরীরসংযম মানুষ ব্রত; আর মনঃসংযম দৈব ব্রত ॥২১॥

কেন না, নির্দ্দোষ মনই পবিত্রতা জন্মাইতে সমর্থ। অতএব সর্বভূতে মৈত্রীবুদ্ধি অবলম্বন করিয়া পবিত্র হইয়া পরে তীর্থদর্শন করিবে ॥২২॥

তোমরা পরের অনিষ্টচিন্তাপ্রভৃতি দৈবব্রত অবলম্বন করিয়া, দয়াদাক্ষিণ্যপ্রভৃতি মানসিকভাবে এবং নিরামিষ একাহারাদি শারীরিক নিয়মে বিশুদ্ধ হইয়া, তীর্থে গমন করিলেই তীর্থের যথোক্ত ফল লাভ করিতে পারিবে' ॥২৩॥

'তাহাই হইবে' এইরূপ পাণ্ডবেরা স্বীকার করিলে, তখন স্বর্গীয়মুনি নারদপ্রভৃতি এবং পৃথিবীর মুনি বেদব্যাসপ্রভৃতি তাঁহাদের জন্য স্বস্ত্যয়ন করিলেন।

কঠিনানি সমাদায় চীরাজিনজটাধরাঃ।
অভেদ্যৈঃ কবচৈর্যুক্তাস্তীর্থান্যন্বচরংস্ততঃ ॥২৭॥
ইন্দ্রসেনাদিভিভৃর্ত্যৈ রথৈঃ পরিচতুর্দ্দশৈঃ।
মহানসব্যাপৃতৈশ্চ তথান্যৈঃ পরিচারকৈঃ ॥২৮॥
সায়ুধা বদ্ধনিস্ত্রিংশাস্তূণবন্তঃ সমার্গণাঃ।
প্রাঙ্মুখাঃ প্রযযুর্বীরাঃ পাণ্ডবা জনমেজয়! ॥২৯॥ (যুগ্মকম্)

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং যুধিষ্ঠিরতীর্থগমনে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

পুষ্যা হস্তা তথা জ্যেষ্ঠা যাত্রায়াঞ্চোত্তমাঃ স্মৃতাঃ" ইতি জ্যোতির্বচনাৎ। অত্রেদমবধেয়ম্—দ্বাদশ বর্ষাণি বনবাসঃ, একং বর্ষঞ্চাজ্ঞাতবাসঃ প্রতিজ্ঞাতঃ, তত্র চ বনবাসবর্ষাণাং পঞ্চবর্ষাতিক্রমঃ প্রাগুক্তঃ, স্থিতানি সপ্ত বর্ষাণি অজ্ঞাতবাসস্য চৈকং বর্ষম্, ততশ্চ কতিপয়মাসাৎ পরং যুদ্ধম্, ততোঽপি চ যুদ্ধজয়াৎ পরং যুধিষ্ঠিরাব্দারম্ভঃ কল্যব্দারম্ভশ্চ। এবঞ্চ যুধিষ্ঠিরাব্দারম্ভাৎ কল্যব্দারম্ভাচ্চ পূর্ব্ববর্ত্তিনি নবমে অব্দে তীর্থযাত্রা আরব্ধেতি ॥২৪—২৬॥

কঠিনানীতি। কঠিনানি সূর্য্যদত্তস্থাল্যাদিস্থালীঃ, "কঠিনং নিষ্ঠুরে স্থাল্যাং শর্করায়াং গুড়স্য চ" ইতি বিশ্বঃ। এতেন "কঠিনানি যষ্টীঃ" ইতি নীলকণ্ঠোক্তং হেয়ম্, প্রমাণাভাবাৎ বহুবচনং স্থাল্যন্তরগ্রহণার্থম্। সমাদায় পাকসৌকর্য্যার্থং গৃহীত্বা। ততঃ কাম্যকবনাৎ, অন্বচরন্ লোমশাদিভিঃ সহ প্রস্থিতবন্তঃ ॥২৭॥

ইন্দ্রেতি। চতুর্দ্দশভ্যঃ পরি অধিকা ইতি পরিচতুর্দ্দশাস্তৈঃ। "সমাসান্তগতানাং বা"

ভারতভাবদীপঃ

কঠিনানি যষ্টীঃ, কাঠীতি মহারাষ্ট্রপ্রসিদ্ধেঃ। অন্যে তু শিক্যানি করণ্ডানি, বেতি ব্যাচখ্যুঃ ॥২৭॥ পরিচতুর্দ্দশৈঃ পঞ্চদশভিঃ চতুর্দ্দশভ্যঃ পরি উপরীতি ব্যুৎপত্তেঃ। সংখ্যয়াব্যয়াসন্নেতি সমাসঃ, বহুব্রীহৌ সংখ্যেয়ে ডজিতি ডচ্ ॥২৮—২৯॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৭॥

তৎপরে পাণ্ডবগণ দ্রৌপদীর সহিত মিলিত হইয়া—লোমশ, বেদব্যাস, নারদ ও পর্বতমুনিকে নমস্কার করিয়া, ধৌম্যপুরোহিত ও সেই সকল বনবাসী ব্রাহ্মণের সহিত অগ্রহায়ণমাসের পূর্ণিমা অতীত হইলে পুষ্যানক্ষত্রে কাম্যকবন হইতে যাত্রা করিলেন ॥২৪—২৬॥

তাঁহারা কৌপীন, কৃষ্ণাজিন ও জটা ধারণ করিয়া, সূর্য্যদত্ত স্থালীপ্রভৃতি লইয়া, অভেদ্য কবচে আবৃত হইয়া, কাম্যকবন হইতে তীর্থে রওনা হইয়াছিলেন ॥২৭॥

মহারাজ জনমেজয়! ইন্দ্রসেনপ্রভৃতি ভৃত্যগণ, চতুর্দ্দশাধিক রথ, রন্ধন-

---

* '...ত্রিনবতিতমঃ...' বা ব কা পি, '...একনবতিতমঃ...' নি।

অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

যুধিষ্ঠির উবাচ।

ন বৈ নির্গুণমাত্মানং মন্যে দেবর্ষিসত্তম ! ।
তথাস্মি দুঃখসন্তপ্তো যথা নান্যো মহীপতিঃ ॥১॥
পরাংশ্চ নির্গুণান্ মন্যে ন চ ধর্ম্মরতানপি।
তে চ লোমশ ! লোকেঽস্মিন্নৃধ্যন্তে কেন হেতুনা ॥২॥

লোমশ উবাচ।

নাত্র দুঃখং ত্বয়া রাজন্ ! কার্য্যং পার্থ ! কথঞ্চন।
যদধর্ম্মেণ বর্দ্ধেয়ুরধর্ম্মরুচয়ো জনাঃ ॥৩॥

ভারতকৌমুদী

ইত্যাদিনা অদস্তত্বম্। মহানসব্যাপৃতৈঃ পাকস্থানাধিকৃতৈঃ পুরুষৈঃ, অন্যৈঃ পরিচারকৈশ্চ সহ। বদ্ধনিস্ত্রিংশাঃ কটিবদ্ধকৃপাণাঃ। সমার্গণাঃ সবাণাঃ ॥২৮—২৯॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সপ্তসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ০ঃ——

নেতি। নির্গুণং ধর্ম্মশৌর্য্যাদিগুণহীনম্। তথাপি তথা দুঃখসন্তপ্তঃ অস্মি, যথা অন্যো মহীপতির্ন। অত্র গুণসত্ত্বে তৎফলসুখাসত্ত্বম্, দোষাসত্ত্বে চ তৎফলদুঃখসত্ত্বমিত্যন্বয়ব্যতিরেকোভয়ব্যভিচার এব প্রশ্নবিষয় ইত্যাশয়ঃ। এবং পরত্রাপি ॥১॥

পরানিতি। পরান্ শত্রূন্ দুর্য্যোধনাদীন্। ঋধ্যন্তে বর্দ্ধন্তে ॥২॥

শালায় নিযুক্ত লোকসমূহ এবং অন্যান্য পরিচারকদের সহিত মিলিত হইয়া মহাবীর পাণ্ডবেরা কটীদেশে তরবারি বন্ধন করিয়া, অন্যান্য নানাবিধ অস্ত্র লইয়া, বাণপূর্ণ তূণ ধারণ করিয়া, পূর্ব্বমুখে প্রস্থান করিয়াছিলেন ॥২৮—২৯॥

——(-ঃ০ঃ-)——

যুধিষ্ঠির বলিলেন—'দেবর্ষিশ্রেষ্ঠ লোমশ ! আমি নিজেকে নির্গুণ মনে করি না; তথাপি অন্য রাজা যে রূপ দুঃখভোগ করেন না, আমি সেইরূপ দুঃখভোগ করিতেছি ! ॥১॥

আবার শত্রুগণকে নির্গুণ বলিয়াই মনে করি এবং তাহাদিগকে ধর্ম্মে নিরত বলিয়াও ধারণা করিতে পারি না; তথাপি তাহারা কি কারণে এই জগতে উন্নতি লাভ করিতেছে !' ॥২॥

বর্দ্ধত্যধর্ম্মেণ নরস্ততো ভদ্রাণি পশ্যতি।
ততঃ সপত্নান্ জয়তি সমূলস্তু বিনশ্যতি ॥৪॥
ময়া হি দৃষ্টা দৈতেয়া দানবাশ্চ মহীপতে!।
বর্দ্ধমানা হ্যধর্ম্মেণ ক্ষয়ঞ্চোপগতাঃ পুনঃ ॥৫॥
পুরা দেবযুগে চৈব দৃষ্টং সর্বং ময়া বিভো!।
অরোচয়ন্ সুরা ধর্ম্মং ধর্ম্মং তত্যজিরেঽসুরাঃ ॥৬॥
তীর্থানি দেবা বিবিশুর্নাবিশন্ ভারতাসুরাঃ।
তানধর্ম্মকৃতো দর্পঃ পূর্বমেব সমাবিশৎ ॥৭॥
দর্পান্মানঃ সমভবন্মানাৎ ক্রোধো ব্যজায়ত।
ক্রোধাদহ্রীস্ততোঽলজ্জা বৃত্তং তেষাং ততোঽনশৎ ॥৮॥

ভারতকৌমুদী

নেতি। অধর্ম্মরুচয়ঃ পাপপ্রবৃত্তয়ঃ ॥৩॥

বর্দ্ধতীতি। সপত্নান্ শত্রূন্। মূলং বংশস্থিতিহেতুঃ পুত্রাদিস্তৎসহিতঃ সমূলঃ। অত্র প্রাক্তনকর্ম্মবশাদ্বৃদ্ধিঃ, ঐহিককর্ম্মবশাচ্চ পরং সমূলধ্বংস ইতি ভাবঃ ॥৪॥

উক্তার্থে দৃষ্টান্তমাহ ময়েতি। হিশব্দোঽবধারণে, ময়ৈবেত্যর্থঃ ॥৫॥

পুরেতি। দেবযুগে সত্যযুগে। অরোচযন্ প্রবৃত্ত্যা গ্রহীতুমৈচ্ছন্ ॥৬॥

তীর্থানীতি। অধর্ম্মকৃতঃ পাপসম্পাদিতঃ, অন্যূনতীর্থত্রয়কৃত্যস্য নিত্যত্বাৎ তদকরণে প্রত্যবায়োদয়স্যাবশ্যম্ভাবাদিতি ভাবঃ। দর্পঃ বয়ং শ্রেষ্ঠা ইতি গর্বঃ ॥৭।

ভারতভাবদীপঃ

ন বা ইতি। নির্গুণমুত্তমগুণহীনম্ ॥১॥ পরান্ শত্রূন্ ॥২—৩॥ সমূলঃ পুত্রপৌত্রাদিবংশবৃদ্ধিমূলং তৎসহিতঃ ॥৪—৬॥ বিবিশুঃ স্নানার্থমিতি শেষঃ। অধর্ম্মস্তীর্থযাত্রাঽপ্রবেশজস্তৎকর্ত্তৄন্ অধর্ম্মকৃতঃ। অধর্ম্মেণ কৃত উৎপাদিতো বা দর্পো গর্ব্বঃ, ততো মানঃ

লোমশ বলিলেন—'পৃথানন্দন রাজা! পাপপ্রবৃত্তিসম্পন্ন লোকেরা যে পাপেই বৃদ্ধি পায়, এ বিষয়ে তুমি কোনপ্রকার দুঃখ করিও না ॥৩॥

কারণ, মানুষ প্রথমে পাপে বৃদ্ধি পায়, তাহার পর নানাবিধ মঙ্গল দেখিতে থাকে, তৎপরে শত্রু জয় করে, তদনন্তর সমূলে বিনষ্ট হইয়া যায় ॥৪॥

রাজা! আমিই দেখিয়াছি—দৈত্যেরা ও দানবেরা পাপে বৃদ্ধি পাইয়া, আবার ক্ষয় পাইয়া গিয়াছে ॥৫॥

রাজা! আমি সত্যযুগে সমস্তই দেখিয়াছিলাম—দেবতারা ইচ্ছাপূর্বক ধর্ম্ম গ্রহণ করিয়াছিলেন; আর অসুরেরা সেই ভাবে সে ধর্ম্ম ত্যাগ করিয়াছিল ॥৬॥

ভরতনন্দন! দেবতারা সমস্ত তীর্থে বিচরণ করিয়াছিলেন; আর অসুরেরা কোন তীর্থেই গিয়াছিল না; সেই পাপে প্রথমেই তাহাদের দর্প জন্মিয়াছিল ॥৭॥

তানলজ্জান্ গতহ্রীকান্ হীনবৃত্তান্ বৃথাব্রতান্ ।
ক্ষমা লক্ষ্মীশ্চ ধর্ম্মশ্চ নচিরাৎ প্রজহুস্ততঃ ॥৯॥
লক্ষ্মীস্তু দেবানগমদলক্ষ্মীরসুরান্ নৃপ ! ।
তানলক্ষ্মীসমাবিষ্টান্ দর্পোপহতচেতসঃ ॥১০॥
দৈতেয়ান্ দানবাংশ্চৈব কলিরপ্যাবিশত্ততঃ ।
তানলক্ষ্মীসমাবিষ্টান্ দানবান্ কলিনা হতান্ ॥১১॥
দর্পাভিভূতান্ কৌন্তেয় ! ক্রিয়াহীনানচেতসঃ ।
মানাভিভূতানচিরাদ্বিনাশঃ সমপদ্যত ॥১২॥ (বিশেষকম্)
নির্যশস্কাস্তথা দৈত্যাঃ কৃৎস্নশো বিলয়ং গতাঃ ।
অধর্ম্মরুচয়ো রাজন্নলক্ষ্ম্যা সমধিষ্ঠিতাঃ ॥১৩॥
দেবাস্তু সাগরাংশ্চৈব সরিতশ্চ সরাংসি চ ।
অভ্যগচ্ছন্ ধর্ম্মশীলাঃ পুণ্যান্যায়তনানি চ ॥১৪॥

ভারতকৌমুদী

দর্পাদিতি। মান আত্মনি পূজ্যত্ববুদ্ধিঃ। মানাৎ মানব্যাঘাতাৎ। অহ্রীঃ অকোমলতা। অলজ্জা নিন্দ্যেঽপি কর্ত্তব্যত্ববুদ্ধিঃ। বৃত্তং চবিত্রম্ ॥৮॥

তানিতি। গতহ্রীকান্ বিনষ্টকোমলভাবান্, হীনবৃত্তান্ ত্যক্তচবিত্রান্ ॥৯॥

লক্ষ্মীরিতি। দর্পোপহতচেতসঃ গর্বেণ নাশিতকর্ত্তব্যবুদ্ধীন্। আবিশৎ অধিষ্ঠিতবান্। হতান্ হতসদ্বৃত্তীন্। সমপদ্যত সমাশ্রয়ৎ ॥১০—১২॥

নিবিতি। তথা তাদৃশৈবপকর্ম্মভিঃ, নির্যশস্কা লোকে নিন্দিতাঃ সন্তঃ ॥১৩॥

দর্প হইতে তাহাদের মান আসিয়াছিল, মান হইতে ক্রোধ জন্মিয়াছিল, ক্রোধ হইতে উগ্রতা প্রকাশ পাইয়াছিল, তাহা হইতে নির্লজ্জতা দেখা দিয়াছিল এবং তাহা হইতেই চরিত্র নষ্ট হইয়াছিল ॥৮॥

তাহারা নির্লজ্জ, উগ্রস্বভাব, হীনচরিত্র ও নিষ্ফলনিয়ম হইয়া পড়িলে, তৎপরে অচিরকালমধ্যে তাহাদিগকে ক্ষমা, লক্ষ্মী ও ধর্ম্ম পরিত্যাগ করিলেন ॥৯॥

লক্ষ্মী দেবগণের পক্ষে গেলেন; আর অলক্ষ্মী অসুরদিগের পক্ষ লইলেন। এই ভাবে অলক্ষ্মীসমাবিষ্ট এবং দর্পনষ্টবুদ্ধি সেই দৈত্যগণ ও দানবগণের ঘাড়ে আসিয়া কলি (সয়তান) অধিষ্ঠিত হইল। কুন্তীনন্দন! তাহার পর অচিরকাল-মধ্যেই সেই অলক্ষ্মীসমাবিষ্ট, কলিকর্ত্তৃক হতচরিত্র, দর্পাভিভূত, সৎকার্য্যশূন্য, মানাক্রান্ত এবং অচেতনপ্রায় অসুরগণের বিনাশ উপস্থিত হইল ॥১০—১২॥

ক্রমে পাপপ্রবৃত্তি ও অলক্ষ্মীসমাবিষ্ট অসুরেরা সেই ভাবে জগতে নিন্দিত হইয়া সকলেই লয় পাইয়া গেল ॥১৩॥

তপোভিঃ ক্রতুভির্দানৈরাশীর্বাদৈশ্চ পাণ্ডব !’।
প্রজহুঃ সর্ব্বপাপানি শ্রেয়শ্চ প্রতিপেদিরে ॥১৫॥
এবমাদানবন্তশ্চ নিরাদানাশ্চ সর্ব্বশঃ।
তীর্থান্যগচ্ছন্ বিবুধাস্তেনাপুর্ভূতিমুত্তমাম্ ॥১৬॥
তথা ত্বমপি রাজেন্দ্র ! স্নাত্বা তীর্থেষু সানুজঃ।
পুনর্বেৎস্যসি তাং লক্ষ্মীমেষ পন্থাঃ সনাতনঃ ॥১৭॥
যথৈব হি নৃগো রাজা শিবিরৌশীনরো যথা।
ভগীরথো বসুমনা গয়ঃ পূরুঃ পুরূরবাঃ ॥১৮॥

ভারতকৌমুদী

দেবা ইতি। অত্র পুণ্যানীতি যথাসম্ভবলিঙ্গবিপরিণামেন সর্বত্র যোজ্যম্ ॥১৪॥

তপোভিরিতি। তপোভিঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিভিঃ। প্রতিপেদিরে লেভিরে ॥১৫॥

এবমিতি। আদানবন্তো বৈধকর্ম্মগ্রহণবন্তঃ, নিবাদানা নিষিদ্ধকর্ম্মাগ্রহণকারিণঃ, সর্ব্বশঃ সর্ব্বথা। বিবুধা দেবাঃ, আপুর্লেভিরে, ভূতিমৈশ্বর্য্যম্ ॥১৬॥

তথেতি। বেৎস্যসি লপ্স্যসে। লাভার্থস্য বিদেঃ প্রয়োগোঽয়ম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

পূজ্যোঽস্মীতি বুদ্ধিঃ ॥৭॥ ততঃ পূজায়া অলাভে প্রতিঘাতে বা ক্রোধঃ, ততঃ অহ্রীঃ অকার্য্যে প্রবৃত্তিঃ, ততঃ অলজ্জা লজ্জা নিন্দ্যতাদোষাত্তয়ং তস্য নাশঃ ॥৮॥ নচিরাৎ শীঘ্রমেব ॥৯—১৪॥ আদানবন্ত আর্জ্জবাদিনিয়মগ্রহণবন্তঃ, নিরাদানা অপ্রতিবদ্ধাঃ, সর্ব্বশঃ দেবাদিভিরপি ॥১৫—১৬॥ বেৎস্যসি লপ্স্যসে ॥১৭—২৩॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥৭৮॥

কিন্তু ধর্ম্মশীল দেবতারা সমুদ্র, নদী, সরোবর ও পুণ্যক্ষেত্রসমূহে গমন করিলেন ॥১৪॥

এবং তপস্যা, যজ্ঞ, দান ও আশীর্বাদলাভ দ্বারা সমস্ত পাপ হইতে মুক্ত হইলেন এবং উত্তম পুণ্য লাভ করিলেন ॥১৫॥

এই ভাবে সর্বপ্রকারে বৈধকর্ম্মের গ্রহণ এবং নিষিদ্ধ কর্ম্মের পরিত্যাগকারী দেবতারা তীর্থ পর্য্যটন করিয়াছিলেন, তাহাতেই উত্তম ঐশ্বর্য্য লাভ করিয়াছিলেন ॥১৬॥

রাজশ্রেষ্ঠ ! সেইরূপ তুমিও ভ্রাতাদের সহিত তীর্থে স্নান করিয়া পুনরায় সেই সম্পদ লাভ করিবে। কারণ, ইহাই সনাতন পদ্ধতি ॥১৭॥

নরনাথ রাজশ্রেষ্ঠ ! নৃগ, উশীনরপুত্র শিবি, ভগীরথ, বসুমনা, গয়, পূরু

---

(১৩) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

চরমাণাস্তপো নিত্যং স্পর্শনাদম্ভসশ্চ তে।
তীর্থাভিগমনাৎ পূতা দর্শনাচ্চ মহাত্মনাম্ ॥১৯॥
অলভন্ত যশঃ পুণ্যং ধনানি চ বিশাংপতে!।
তথা ত্বমপি রাজেন্দ্র! লব্ধা সুবিপুলাং শ্রিয়ম্ ॥২০॥ (বিশেষকম্)
যথা চেক্ষ্বাকুরভবৎ সপুত্রধনবান্ধবঃ।
মুচুকুন্দোঽথ মান্ধাতা মরুত্তশ্চ মহীপতিঃ ॥২১॥
কীর্ত্তিং পুণ্যামবিন্দন্ত যথা দেবাস্তপোবলাৎ।
দেবর্ষয়শ্চ কার্ৎস্ন্যেন তথা ত্বমপি বেৎস্যসি ॥২২॥
ধার্ত্তরাষ্ট্রাস্ত্বধর্ম্মেণ মোহেন চ বশীকৃতাঃ।
নচিরাদ্বৈ বিনঙ্ক্ষ্যন্তি দৈত্যা ইব ন সংশয়ঃ ॥২৩॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং যুধিষ্ঠিরতীর্থগমনে অষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

যথেতি। ঔশীনব উশীনরপুত্রঃ শিবিঃ। অম্ভসস্তীর্থজলস্য। পুণ্যং যশঃ পুণ্যজন্যাং সুখ্যাতিম্। লব্ধা ভবিষ্যসি, তৃন্প্রত্যয়ান্তত্বাৎ কর্ম্মণি দ্বিতীয়ৈব ॥১৮—২০॥

যথেতি। তথা ত্বমপি সপুত্রধনবান্ধবো ভবিষ্যসীতি শেষঃ ॥২১॥

কীর্ত্তিমিতি। অবিন্দন্ত অলভন্ত। কার্ৎস্ন্যেন সাকল্যেন। বেৎস্যসি লপ্স্যসে ॥২২॥

ধার্ত্তেতি। মোহেন অকর্ত্তব্যে কর্ত্তব্যবুদ্ধ্যা, বশীকৃতাঃ সমাবিষ্টাঃ ॥২৩॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামষ্টসপ্ততিতমোঽধ্যায়ঃ ॥০॥

এবং পুরূরবা এই সকল রাজা যেমন সর্ব্বদা তপস্যা করিতে থাকিয়া এবং তীর্থগমন, তীর্থজলস্পর্শ ও মহাত্মাদিগের দর্শন করিয়া, পবিত্র হইয়া, পুণ্যযশ ও ধনলাভ করিয়াছিলেন, তেমন তুমিও অতিবিপুল সম্পদ লাভ করিবে ॥১৮—২০॥

এবং ইক্ষ্বাকু, মুচুকুন্দ, মান্ধাতা ও মরুত্ত রাজা যেমন পুত্র, ধন ও বন্ধুসম্পন্ন হইয়াছিলেন, তুমিও তেমনই হইবে ॥২১॥

আর, দেবতারা ও ঋষিরা যেমন তপস্যার বলে পুণ্যকীর্ত্তি লাভ করিয়াছিলেন, তুমিও তেমনই সমস্ত পুণ্যকীর্ত্তি লাভ করিবে ॥২২॥

কিন্তু পাপ ও মোহের বশীভূত ধৃতরাষ্ট্রপুত্রগণ অচিরকালমধ্যেই অসুরগণের ন্যায় বিনষ্ট হইবে; এ বিষয়ে কোন সন্দেহ নাই' ॥২৩॥

---

(২০)…'লব্ধ্বা'…ইতি ক্বান্তঃ পাঠঃ বা কা পি নি। (২১)…সপুত্রজনবান্ধবঃ…বা ব কা পি। * '…চতুর্নবতিতমঃ…'বা ব কা পি, '…দ্বিনবতিতমঃ…' নি।

উনাশীতিতমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

বৈশম্পায়ন উবাচ।

তে তথা সহিতা বীরা বসন্তস্তত্র তত্র হ।
ক্রমেণ পৃথিবীপাল ! নৈমিষারণ্যমাগতাঃ ॥১॥
ততস্তীর্থেষু পুণ্যেষু গোমত্যাঃ পাণ্ডবা নৃপ ! ।
কৃতাভিষেকাঃ প্রদদুর্গাশ্চ বিত্তঞ্চ ভারত ! ॥২॥
তত্র দেবান্ পিতৄন্ বিপ্রাংস্তর্পয়িত্বা পুনঃ পুনঃ।
কন্যাতীর্থেঽশ্বতীর্থে চ গবাং তীর্থে চ ভারত ! ॥৩॥
কালকোট্যাং বিষপ্রস্থে গিরাবুষ্য চ পাণ্ডবাঃ।
বাহুদায়াং মহীপাল ! চক্রুঃ সর্বেঽভিষেচনম্ ॥৪॥ (যুগ্মকম্)
প্রয়াগে দেবযজনে দেবানাং পৃথিবীপতে ! ।
ঊষুরাপ্লুত্য গাত্রাণি তপশ্চাতস্থুরুত্তমম্ ॥৫॥

ভারতকৌমুদী

ত ইতি। সহিতাঃ সম্মিলিতাঃ, বসন্তো বিশ্রামায় অবতিষ্ঠমানাঃ সন্তঃ ॥১॥
তত ইতি। তীর্থেষু ঘট্টেষু, গোমত্যা নদ্যাঃ। কৃতাভিষেকাঃ কৃতস্নানাঃ ॥২॥
তত্রেতি। বিপ্রতর্পণং ধনদানেন। উষ্য বাসং কৃত্বা। বাহুদায়াং নদ্যাম্ ॥৩—৪॥
প্রয়াগ ইতি। দেবা ইজ্যন্তে অস্মিন্নিতি দেবযজনম্। আপ্লুত্য মজ্জয়িত্বা ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা ! বীর পাণ্ডবগণ সেই ভাবে সম্মিলিত থাকিয়া সেই সেই স্থানে বাস করিতে করিতে ক্রমশঃ নৈমিষারণ্যে আসিয়া উপস্থিত হইলেন ॥১॥

ভরতনন্দন রাজা ! তাহার পর পাণ্ডবেরা গোমতীনদীর পবিত্র তীর্থগুলিতে স্নান করিয়া বহুতর গরু ও ধন দান করিলেন ॥২॥

ভরতনন্দন রাজা ! পাণ্ডবেরা সেখানে দেবগণ ও পিতৃগণের তর্পণ করিয়া এবং বার বার ধনদানে ব্রাহ্মণদিগকে সন্তুষ্ট করিয়া কন্যাতীর্থ, অশ্বতীর্থ, গোতীর্থ, কালকোটীতীর্থ ও বিষপ্রস্থপর্বতে বাস করিয়া বাহুদানদীতে সকলেই স্নান করিলেন ॥৩—৪॥

রাজা ! তৎপরে তাঁহারা দেবগণের যজ্ঞস্থান প্রয়াগে স্নান করিয়া বাস করিলেন এবং উত্তম তপস্যা করিলেন ॥৫॥

(১)…পৃথিবীপালাঃ…পি। (৪)…গিরাবুষ্য চ কৌরবাঃ…বা ব কা নি।

গঙ্গাযমুনয়োশ্চাপি সঙ্গমে সত্যসঙ্গরাঃ।
বিপাপ্মানো মহাত্মানো বিপ্রেভ্যঃ প্রদদুর্বসু ॥৬॥
তপস্বিজনজুষ্টাঞ্চ ততো বেদীং প্রজাপতেঃ।
জগ্মুঃ পাণ্ডুসুতা রাজন্! ব্রাহ্মণৈঃ সহ ভারত! ॥৭॥
তত্র তে ন্যবসন্ বীরাস্তপশ্চাতস্থুরুত্তমম্।
সন্তর্পয়ন্তঃ সততং বন্যেন হবিষা দ্বিজান্ ॥৮॥
ততো মহীধরং জগ্মুর্ধর্ম্মজ্ঞেনাভিসংস্কৃতম্।
রাজর্ষিণা পুণ্যকৃতা গয়েনানুপমদ্যুতে! ॥৯॥
নগো গয়শিরো যত্র পুণ্যা চৈব মহানদী।
বানীরমালিনী রম্যা নদী পুলিনশোভিতা ॥১০॥
পরিতশ্চিত্রকূটঞ্চ পবিত্রং ধরণীধরম্।
ঋষিজুষ্টং সুপুণ্যঞ্চ তীর্থং পুণ্যসরোত্তমম্ ॥১১॥

ভারতকৌমুদী

গঙ্গেতি। সত্যসঙ্গরাঃ সত্যপ্রতিজ্ঞাঃ, বিপাপ্মানঃ স্নানেন নিষ্পাপাঃ। বসু ধনম্ ॥৬॥
তপস্বীতি। তপস্বিজনৈর্জুষ্টাং সেবিতাম্, বেদীং নাম তীর্থম্ ॥৭॥
তত্রেতি। হবিষা ফলমূলাদিনা। দ্বিজানামগ্নিরূপত্বেন তদ্ভক্ষ্যস্যাপি হবীরূপত্বম্ ॥৮॥
তত ইতি। অভিসংস্কৃতং যজ্ঞানুষ্ঠানেন পবিত্রীকৃতম্। গয়েন তন্নাম্না ॥৯॥
নগ ইতি। নগঃ পর্বতঃ, গয়শিরো নাম। মহানদী নাম। বানীরো বেতসঃ ॥১০॥
পরিত ইতি। পরিতঃ সর্ব্বতঃ চিত্রা নানাবিধাঃ কূটা গৃহাণি যস্য তৎ, "কূটঃ কোটে ঘটে গেহে" ইত্যাদি বিশ্বঃ। ধরণীধরং নাম। পুণ্যসরোত্তমমিতি বিসর্গলোপেঽপি সন্ধিরার্ষঃ ॥১১॥

সত্যপ্রতিজ্ঞ মহাত্মা পাণ্ডবেরা গঙ্গাযমুনাসঙ্গমে স্নান করিয়া নিষ্পাপ হইয়া ব্রাহ্মণদিগকে ধনদান করিলেন ॥৬॥

ভরতনন্দন রাজা! তাহার পর পাণ্ডবেরা ব্রাহ্মণদের সহিত মিলিত হইয়া তপস্বিসেবিত ব্রহ্মবেদীতে গমন করিলেন ॥৭॥

সেখানে সেই বীর পাণ্ডবগণ বন্য ফল-মূলপ্রভৃতি দ্বারা ব্রাহ্মণগণকে সন্তুষ্ট করিতে থাকিয়া বাস ও উত্তম তপস্যা করিলেন ॥৮॥

অসাধারণপ্রতাপসম্পন্ন রাজা! তাহার পর ধর্ম্মজ্ঞ ও ধর্ম্মচারী রাজর্ষি গয় যজ্ঞ করিয়া যাহাকে পবিত্র করিয়াছিলেন, সেই পর্ব্বতে পাণ্ডবেরা গমন করিলেন ॥৯॥

যেখানে 'গয়শির'- নামে পর্ব্বত এবং বেতসযুক্তা, পুলিনশোভিতা ও স্বভাবমনোহরা 'মহানদী'- নামে নদী আছে ॥১০॥

---

(১১) পবিত্রং চিত্রকূটঞ্চ…বা ব কা নি।

অগস্ত্যো ভগবান্ যত্র গতো বৈবস্বতং প্রতি।
উবাস চ স্বয়ং যত্র ধর্ম্মরাজঃ সনাতনঃ ॥১২॥
সর্বাসাং সরিতাঞ্চৈব সমুদ্ভেদো বিশাংপতে!।
তত্র সন্নিহিতো নিত্যং মহাদেবঃ পিনাকধৃক্ ॥১৩॥
তত্র তে পাণ্ডবা বীরাশ্চাতুর্মাস্যৈস্তদেজিরে।
ঋষিযজ্ঞেন মহতা যত্রাক্ষয়বটো মহান্ ॥১৪॥
অক্ষয়ে দেবযজনে অক্ষয়ং যত্র বৈ ফলম্।
তে তু তত্রোপবাসাংস্তু চক্রুর্নিশ্চিতমানসাঃ ॥১৫॥
ব্রাহ্মণাস্তত্র শতশঃ সমাজগ্মুস্তপোধনাঃ।
চাতুর্মাস্যেনাযজন্ত আর্ষেণ বিধিনা তদা ॥১৬॥
তত্র বিদ্যাতপোবৃদ্ধা ব্রাহ্মণা বেদপারগাঃ।
কথাং প্রচক্রিরে পুণ্যাং সদসিস্থা মহাত্মনাম্ ॥১৭॥

ভারতকৌমুদী

অগস্ত্য ইতি। বৈবস্বতং যমম্। ধর্ম্মরাজো যমঃ ॥১২॥
সর্বাসামিতি। সমুদ্ভেদঃ প্রভাবেণাবির্ভাবঃ স্বস্বস্নানফলজনকতেত্যর্থঃ ॥১৩॥
তত্রেতি। চাতুর্মাস্যৈর্ব্রতৈঃ, মহতা ঋষিযজ্ঞেন চ ঈজিরে দেবান্ পূজিতবন্তঃ ॥১৪॥
অক্ষয় ইতি। দেবা ইজ্যন্তে যস্মিন্ তত্র, অক্ষয়ে অক্ষয়বটসন্নিধানে ॥১৫॥
ব্রাহ্মণা ইতি। চাতুর্মাস্যেন চতুর্মাসব্যাপিনা, আর্ষেণ ঋষিবিহিতেন ॥১৬॥

এবং অতিশয় পুণ্যজনক, ঋষিসেবিত ও পবিত্র 'ধরণীধর-' নামে একটী উত্তম সরোবর আছে; তাহার সকল দিকে নানাবিধ গৃহ রহিয়াছে ॥১১॥

যেখানে সনাতন স্বয়ং ধর্ম্মরাজ বাস করিয়াছিলেন; সুতরাং তাঁহার নিকটে ভগবান্ অগস্ত্যমুনি গিয়াছিলেন ॥১২॥

নরনাথ! সেখানে সমস্ত নদীরই (প্রভাবপ্রকাশদ্বারা) অধিষ্ঠান আছে এবং পিনাকধারী মহাদেব সর্ব্বদা সন্নিহিত রহিয়াছেন ॥১৩॥

সেই তীর্থে যেখানে অক্ষয়বট রহিয়াছে, তাহার নিকটে বীর পাণ্ডবগণ চাতুর্ম্মাস্যব্রত ও বৃহৎ ঋষিযজ্ঞ করিয়া দেবগণের তৃপ্তিসাধন করিলেন ॥১৪॥

এবং দেবগণের যজ্ঞস্থান যে অক্ষয়বটের নিকটে কর্ম্মমাত্রেরই অক্ষয় ফল হয়, সেইখানে তাঁহারা স্থিরচিত্ত হইয়া উপবাস করিলেন ॥১৫॥

তখন সেখানে শত শত তপস্বী ব্রাহ্মণ আগমন করিলেন এবং তাঁহারা ঋষিবিহিত বিধানে চতুর্ম্মাসব্যাপী যজ্ঞ আরম্ভ করিলেন ॥১৬॥

এবং তখন বিদ্যাবৃদ্ধ, তপোবৃদ্ধ ও বেদপারদর্শী ব্রাহ্মণেরা আসিয়া মহাত্মা পাণ্ডবদের সভায় থাকিয়া পুণ্য উপাখ্যান সকল বলিতে লাগিলেন ॥১৭॥

তত্র বিদ্যাব্রতস্নাতঃ কৌমারং ব্রতমাস্থিতঃ।
শমঠোঽকথয়দ্রাজন্নামূর্ত্তরয়সং গয়ম্ ॥১৮॥

শমঠ উবাচ।

অমূর্ত্তরয়সঃ পুত্রো গয়ো রাজর্ষিসত্তমঃ।
পুণ্যানি তস্য কর্ম্মাণি তানি মে শৃণু ভারত ! ॥১৯॥
যস্য যজ্ঞো বভূবেহ বহ্বন্নো বহুদক্ষিণঃ।
যত্রান্নপর্বতা রাজন্ ! শতশোঽথ সহস্রশঃ ॥২০॥
ঘৃতকুল্যাশ্চ দধ্নশ্চ নদ্যো বহুশতাস্তথা।
ব্যঞ্জনানাং প্রবাহাশ্চ মহার্হাণাং সহস্রশঃ ॥২১॥
অহন্যহনি চাপ্যেতদ্ যাচতাং সম্প্রদীয়তে।
অন্যে চ ব্রাহ্মণা রাজন্ ! ভুঞ্জতেঽন্নং সুসংস্কৃতম্ ॥২২॥

ভারতকৌমুদী

তত্রেতি। কথামাখ্যানম্। সদসিস্থা ইতি "বা তু বনেচরাদৌ" ইতি সপ্তম্যা অলুক্ ॥১৭॥
তত্রেতি। বিদ্যাব্রতাভ্যাং স্নাতঃ শোধিতচিত্তদেহঃ। আমূর্ত্তরয়সম্ অমূর্ত্তরয়সঃ পুত্রম্ ॥১৮॥
অমূর্ত্তেতি। অমূর্ত্তরয়া নাম কশ্চিদ্রাজা তস্য। গয়ো নাম ॥১৯॥
যস্যেতি। বহূনি অন্নানি যত্র সঃ, বহবো দক্ষিণা যত্র স চ ॥২০॥
ঘৃতেতি। ঘৃতস্য কুল্যাঃ ক্ষুদ্রাঃ কৃত্রিমাঃ সরিতঃ। মহার্হাণাং মহামূল্যানাম্ ॥২১॥
অহনীতি। এতদ্‌ঘৃতাদিকম্। সম্প্রদীয়তে ভুঞ্জতে ইত্যুভয়ত্রাপি স্মশব্দাধ্যাহারঃ ॥২২॥

রাজা ! তাঁহাদের মধ্যে বিদ্যা ও ব্রত অনুশীলনে পরমপবিত্র এবং কৌমার-ব্রতাবলম্বী 'শমঠ'—নামে এক ব্রাহ্মণ অমূর্ত্তরয়ার পুত্র গয়ের উপাখ্যান বলিতে লাগিলেন ॥১৮॥

শমঠ বলিলেন—'অপূর্ত্তরয়ার পুত্র গয় রাজর্ষিদের মধ্যে শ্রেষ্ঠ ছিলেন ; ভরতনন্দন ! আপনি তাঁহার প্রসিদ্ধ পুণ্যকর্ম্মগুলি আমার নিকট শ্রবণ করুন ॥১৯॥

রাজা ! এইখানেই যাঁহার যজ্ঞ হইয়াছিল এবং সেই যজ্ঞে প্রচুর অন্ন ও প্রচুর দক্ষিণা বিতরণ করা হইয়াছিল ; আর সেই যজ্ঞে শত শত সহস্র সহস্র অন্নপর্ব্বত হইয়াছিল ॥২০॥

এবং বহুশত ঘৃতের হ্রদ, দধির নদী ও সহস্র সহস্র মহামূল্য ব্যঞ্জনের প্রবাহ হইয়াছিল ॥২১॥

রাজা ! যে কেহ আসিয়া প্রার্থনা করিলেই তাহাকে এই সকল বস্তু দেওয়া হইত ; তাহাতে ব্রাহ্মণেরা ও অন্যান্য লোকেরা প্রত্যহই সুপক্ক অন্ন ভোজন করিতেন ॥২২॥

তত্রৈব দক্ষিণাকালে ব্রহ্মঘোষো দিবং গতঃ।
ন চ প্রজ্ঞায়তে কিঞ্চিদ্‌ব্রহ্মশব্দেন ভারত ! ॥২৩॥
পুণ্যেন চরতা রাজন্ ! ভূর্দিশঃ খং নভস্তথা।
আপূর্ণমাসীচ্ছব্দেন তদপ্যাসীন্মহাদ্ভুতম্ ॥২৪॥
তত্র স্ম গাথা গায়ন্তি মনুষ্যা ভরতর্ষভ ! ।
অন্নপানৈঃ শুভৈস্তৃপ্তা দেশে দেশে সুবর্চ্চসঃ ॥২৫॥
গয়স্য যজ্ঞে কে ত্বদ্য প্রাণিনো ভোক্তুমীপ্সবঃ।
তত্র ভোজনশিষ্টস্য পর্বতাঃ পঞ্চবিংশতিঃ ॥২৬॥
ন তৎ পূর্বে জনাশ্চক্রুর্ন করিষ্যন্তি চাপরে।
গয়ো যদকরোদ্‌যজ্ঞে রাজর্ষিরমিতদ্যুতিঃ ॥২৭॥
কথং নু দেবা হবিষা গয়েন পরিতোষিতাঃ।
পুনঃ শক্ষ্যন্ত্যুপাদাতুমন্যৈর্দত্তানি কানিচিৎ ॥২৮॥

ভারতকৌমুদী

তত্রেতি। ব্রহ্মঘোষো বেদধ্বনিঃ, "বেদস্তত্ত্বং তপো ব্রহ্ম" ইত্যমরঃ ॥২৩॥
পুণ্যেনেতি। খং স্বর্গঃ, নভ আকাশম্। শব্দেন জয়ধ্বনিনা ॥২৪॥
তত্রেতি। সুবর্চ্চসঃ অতিতেজসো গয়স্য শুভৈরন্নপানৈস্তৃপ্তা মনুষ্যাঃ ॥২৫॥
গয়স্যেতি। ঈপ্সব ইচ্ছবঃ সন্তি, তে আগচ্ছন্ত্বিতি শেষঃ ॥২৬॥
নেতি। পূর্ব্বে পূর্ববর্ত্তিনঃ, অপবে পববর্ত্তিনঃ। অমিতদ্যুতিরতুলপ্রতাপঃ ॥২৭॥
কথমিতি। হবিষা ঘৃতাদিনা। দত্তানি হবীংষি ॥২৮॥

ভরতনন্দন ! সেই যজ্ঞেই দক্ষিণাদানের সময়ে বেদধ্বনি উঠিয়া আকাশে গিয়াছিল ; সুতরাং সেই বেদধ্বনিতে অন্য কিছুই শুনা যায় নাই ॥২৩॥

রাজা ! পবিত্র জয়ধ্বনি উঠিয়া ভূলোক, স্বর্গলোক, আকাশ ও দিক্ সকল পরিপূর্ণ করিয়াছিল ; তাহাও অত্যন্ত অদ্ভুতই হইয়াছিল ॥২৪॥

ভরতশ্রেষ্ঠ ! মহাতেজা গয়রাজাব সেই যজ্ঞে উৎকৃষ্ট অন্ন-পানে পরিতৃপ্ত হইয়া মানুষেরা দেশে দেশে এই সকল গাথা গাহিয়াছিল— ॥২৫॥

'গয়রাজার যজ্ঞে কোন্ কোন্ প্রাণী ভোজন করিতে ইচ্ছা কর, (তাহারা আইস) ; এখনও সেখানে ভুক্তাবশিষ্ট অন্নের পঁচিশটী পাহাড় রহিয়াছে ॥২৬॥

পূর্ব্ববর্ত্তী লোকেরা তাহা করিতে পারেন নাই, পরবর্ত্তী লোকেরাও করিতে পারিবেন না, যাহা অমিতপ্রতাপ রাজর্ষি গয় করিলেন ॥২৭॥

হবিদ্বারা গয়কর্ত্তৃক পরিতর্পিত দেবতারা অন্যপ্রদত্ত কিঞ্চিন্মাত্র হবিও কি করিয়া আবার গ্রহণ করিতে সমর্থ হইবেন ॥২৮॥

সিকতা বা যথা লোকে যথা বা দিবি তারকাঃ।
যথা বা বর্ষতো ধারা অসংখ্যেয়াঃ স্ম কেনচিৎ
তথা গণয়িতুং শক্যা গয়যজ্ঞে ন দক্ষিণাঃ ॥২৯॥
এবংবিধাঃ সুবহবস্তস্য যজ্ঞা মহীপতেঃ।
বভূবুরস্য সরসঃ সমীপে কুরুনন্দন! ॥৩০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং গয়যজ্ঞকথনে ঊনাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতকৌমুদী

সিকতা ইতি। সিকতা বালুকাঃ। কেনচিদপি গণয়িতুং ন শক্যাঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥

এবমিতি। তস্য গয়স্য। অস্য প্রাগ্‌বর্ণিতস্য ॥৩০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াম্ ঊনাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

ভারতভাবদীপঃ

তে তথেতি ॥১—৯॥ বানীরমালিনী বেত্রপঙ্‌ক্তিযুক্তা ॥১০—২২॥ ব্রহ্মশব্দেন বেদ-ধ্বনিনা ॥২৩—২৮॥ সিকতাদিবদ্‌যজ্ঞে দক্ষিণা ন গণয়িতুং শক্যা ইত্যন্বয়ঃ ॥২৯—৩০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ঊনাশীতিতমোঽধ্যায়ঃ ॥৭৯॥

——(:*:)——

ভূতলের বালি, আকাশের নক্ষত্র এবং মেঘের বৃষ্টিধারা যেমন সংখ্যা করিতে পারা যায় না, তেমন গয়রাজার যজ্ঞের দক্ষিণাও কেহ সংখ্যা করিতে পারে নাই' ॥২৯॥

কুরুনন্দন! এই সরোবরের নিকটে গয়রাজার এইরূপ বহুতর যজ্ঞ হইয়াছিল' ॥৩০॥

——(-:০:-)——

* '...পঞ্চনবতিতমঃ...' বা ব কা পি, '...ত্রিনবতিতমঃ...' নি।

অশীতিতমোঽধ্যায়ঃ

——∘∘(*)∘∘——

বৈশম্পায়ন উবাচ।

ততঃ সংপ্রস্থিতো রাজা কৌন্তেয়ো ভূরিদক্ষিণঃ।
অগস্ত্যাশ্রমমাসাদ্য দুর্জয়ায়ামুবাস হ ॥১॥
তত্রৈব লোমশং রাজা পপ্রচ্ছ বদতাং বরঃ।
অগস্ত্যেনেহ বাতাপিঃ কিমর্থমুপশামিতঃ ॥২॥
আসীদ্বা কিংপ্রভাবশ্চ স দৈত্যো মানবান্তকঃ।
কিমর্থঞ্চোদিতো মন্যুরগস্ত্যস্য মহাত্মনঃ ॥৩॥

লোমশ উবাচ।

ইল্বলো নাম দৈতেয় আসীৎ কৌরবনন্দন!।
মণিমত্যাং পুরি পুরা বাতাপিস্তস্য চানুজঃ ॥৪॥
স ব্রাহ্মণং তপোযুক্তমুবাচ দিতিনন্দনঃ।
পুত্রং মে ভগবানেকমিন্দ্রতুল্যং প্রয়চ্ছতু ॥৫॥

ভারতকৌমুদী

তত ইতি। দুর্জয়ায়াং পরিখাপ্রাচীরাদিমত্ত্বাদিতি ভাবঃ। নাম তু তস্যা মণিমতীতি ॥১॥
তত্রেতি। উপশামিতো বিনাশিতঃ। অমস্তত্বেঽপি দীর্ঘত্বমার্ষম্ ॥২॥
আসীদিতি। কঃ কীদৃশঃ প্রভাবো যস্য স কিংপ্রভাবঃ। মন্যুঃ ক্রোধঃ ॥৩॥
ইল্বল ইতি। মণিমত্যাং তদাখ্যায়াম্। বাতাপির্নাম ॥৪॥
স ইতি। স ইল্বলঃ। প্রয়চ্ছতু, আত্মনস্তপোবলাদিতি ভাবঃ ॥৫॥

বৈশম্পায়ন বলিলেন—তদনন্তর রাজা যুধিষ্ঠির তত্রত্য ব্রাহ্মণদিগকে প্রচুর দক্ষিণা দিয়া, সে স্থান হইতে প্রস্থান করিয়া, অগস্ত্যাশ্রমে যাইয়া, দুর্জ্জয় মণিমতীপুরীতে অবস্থান করিলেন ॥১॥

বাগ্মিশ্রেষ্ঠ যুধিষ্ঠির সে স্থানে থাকিয়াই লোমশের নিকট জিজ্ঞাসা করিলেন—'মহর্ষি অগস্ত্য কি কারণে এখানে বাতাপিকে বিনাশ করিয়াছিলেন? ॥২॥

মানুষহন্তা সেই দৈত্যের প্রভাবই বা কি প্রকার ছিল? মহাত্মা অগস্ত্যেরই বা কি জন্য ক্রোধ জন্মিয়াছিল?' ॥৩॥

লোমশ বলিলেন—'কৌরবনন্দন! পূর্ব্বকালে এই মণিমতীপুরীতে 'ইল্বল' নামে এক দৈত্য ছিল; বাতাপি ছিল—তাহার কনিষ্ঠ ভ্রাতা ॥৪॥

তস্মৈ স ব্রাহ্মণো নাদাৎ পুত্রং বাসবসম্মিতম্ ।
চুক্রোধ সোঽসুরস্তস্য ব্রাহ্মণস্য ততো ভৃশম্ ॥৬॥
ততঃ প্রভৃতি রাজেন্দ্র ! ইল্বলো ব্রহ্মহাঽসুরঃ ।
মন্যুমান্ ভ্রাতরং ছাগং মায়াবী হ্যকরোত্ততঃ ॥৭॥
মেষরূপী চ বাতাপিঃ কামরূপ্যভবৎ ক্ষণাৎ ।
সংস্কৃত্য চ ভোজয়তি ততো বিপ্রং জিঘাংসতি ॥৮॥
স চাহ্বয়তি যং বাচা গতং বৈবস্বতক্ষয়ম্ ।
স পুনর্দেহমাস্থায় জীবন্ সংপ্রত্যদৃশ্যত ॥৯॥
ততো বাতাপিমসুরং ছাগং কৃত্বা সুসংস্কৃতম্ ।
তং ব্রাহ্মণং ভোজয়িত্বা পুনরেব সমাহ্বয়ৎ ॥১০॥

ভারতকৌমুদী

তস্মা ইতি। বাসবসম্মিতমিন্দ্রতুল্যম্। তস্য ব্রাহ্মণস্য উপরি ॥৬॥

তত ইতি। ব্রহ্মহা ব্রহ্মঘ্নঃ সন্, তদ্ব্রাহ্মণং প্রতি ক্রোধেন ব্রাহ্মণজাত্যামেব ক্রোধাৎ ॥৭॥

মেষেতি। কামরূপী বাতাপিশ্চ, ক্ষণাদেব, মেষরূপী চকারাচ্ছাগরূপী চাভবৎ। ভোক্তুরিচ্ছয়া তাদৃশো রূপবিকল্প ইতি ভাবঃ। ততশ্চেল্বলঃ সংস্কৃত্য ছাগরূপিণং বাতাপিং ছিত্ত্বা পক্ত্বা চ বিপ্রং ভোজয়তি স্ম, ততোঽপি চ তং জিঘাংসতি হন্তুমিচ্ছতি স্ম ॥৮॥

কেন ভাবেন জিঘাংসতীত্যাকাঙ্ক্ষানিরাসমুখেন ইল্বলপ্রভাবমাহ স ইতি। স ইল্বলশ্চ, বৈবস্বতক্ষয়ং যমালয়ং গতং যং জনং বাচা আহ্বয়তি স্ম, স জনঃ পুনর্দেহম্, আস্থায় ধৃত্বা জীবন্ উপস্থিতঃ সংপ্রত্যদৃশ্যত লোকৈঃ। অনির্বচনীয়ঃ খল্বয়ং মায়াপ্রভাবঃ ॥৯॥

তত ইতি। ছাগং ছাগীভূতম্। সুসংস্কৃতং কৃত্বা ছিন্নং পক্কঞ্চ বিধায় ॥১০॥

একদা সেই ইল্বল এক তপস্বী ব্রাহ্মণকে বলিল—'ভগবন্! আপনি আমাকে ইন্দ্রতুল্য একটী পুত্র দান করুন' ॥৫॥

কিন্তু সেই ব্রাহ্মণ ইল্বলকে ইন্দ্রতুল্য পুত্র দান করিলেন না; তাহাতেই ইল্বল সেই ব্রাহ্মণের উপরে অত্যন্ত ক্রুদ্ধ হইল ॥৬॥

এবং তদবধিই মায়াবী ইল্বল ব্রাহ্মণদের উপর ক্রুদ্ধ ও ব্রাহ্মণহন্তা হইয়া (মায়াপ্রভাবে) ভ্রাতা বাতাপিকে ছাগল করিতে লাগিল ॥৭॥

কামরূপী বাতাপিও তৎক্ষণাৎ ভোক্তার ইচ্ছানুসারে কখনও ছাগরূপী এবং কখনও মেষরূপী হইত; তাহার পর ইল্বল তাহাকে ছেদন ও রন্ধন করিয়া ব্রাহ্মণকে ভোজন করাইত। এই ভাবে সে, ব্রাহ্মণদিগকে হত্যা করিবার ইচ্ছা করিত ॥৮॥

ইল্বল যে কোন মৃতব্যক্তিকে বাক্যদ্বারা আহ্বান করিত; সেই ব্যক্তিই আবার দেহধারণপূর্ব্বক জীবিত হইয়া আসিত; ইহা দেখা যাইত ॥৯॥

তামিল্বলেন মহতা স্বরেণ বাচমীরিতাম্।
শ্রুত্বাতিমায়ো বলবান্ ক্ষিপ্রং ব্রাহ্মণকন্টকঃ ॥১১॥
তস্য পার্শ্বং বিনির্ভিদ্য ব্রাহ্মণস্য মহাসুরঃ।
বাতাপিঃ প্রহসন্ রাজন্! নিশ্চক্রাম বিশাংপতে! ॥১২॥ (যুগ্মকম্)
এবং স ব্রাহ্মণান্ রাজন্! ভোজয়িত্বা পুনঃ পুনঃ।
হিংসয়ামাস দৈতেয় ইল্বলো দুষ্টচেতনঃ ॥১৩॥
অগস্ত্যশ্চাপি ভগবানেতস্মিন্ কাল এব তু।
পিতৄন্ দদর্শ গর্ত্তে বৈ লম্বমানানধোমুখান্ ॥১৪॥
সোঽপৃচ্ছল্লম্বমানাংস্তান্ ভবন্ত ইহ কিংপরাঃ।
সন্তানহেতোরিতি তে প্রত্যূচুর্ব্রহ্মবাদিনঃ ॥১৫॥

ভারতকৌমুদী

তামিতি। বাচম্ 'আগচ্ছ' ইত্যাহ্বানবাক্যম্। ব্রাহ্মণস্য কণ্টকঃ শত্রুর্বাতাপিঃ ॥১১--১২॥

এবমিতি। দুষ্টচেতনো দুর্বুদ্ধিঃ, অসকৃন্নিবপরাধজনহত্যাকরণাদিতি ভাবঃ ॥১৩॥

অগস্ত্য ইতি। পিতৄন্ আত্মন এবোর্দ্ধপুরুষান্। জরৎকারুবৃত্তান্তসমানোঽয়ম্ ॥১৪॥

স ইতি। কিংপরাঃ লম্বমানাঃ সন্তঃ কিংকার্য্যব্যাপৃতাঃ। সন্তানহেতোঃ সন্তানবিচ্ছেদ-সম্ভবাৎ লম্বামহ ইতি শেষঃ, তে অগস্ত্যপিতরঃ ॥১৫॥

ভারতভাবদীপঃ

তত ইতি। দুর্জ্জয়ায়াং বাতাপিপুর্য্যাং মণিমতীসংজ্ঞায়াম্ ॥১—৫॥ নাদাৎ ন দত্তবান্ ॥৬—৭॥ কামরূপী যথাকামং রূপাণি কর্ত্তুং সমর্থঃ, সংস্কৃত্য পক্ত্বা ॥৮॥ স চ ইল্বলশ্চ ॥৯—১৪॥ সোঽপৃচ্ছদিতি। তান্ ভবং লম্বমানেন রূপেণ তেষামুদ্ভবম্ অপৃচ্ছৎ। পৃচ্ছতির্দ্বিকর্ম্মা, কমর্থং যূয়ং লম্বধ্বমিত্যপৃচ্ছদিত্যর্থঃ। তে ঋষয়ঃ কম্পিতা ইব সন্তস্তে তব সন্তানহেতোরয়-

সুতরাং বাতাপি ছাগল হইলে, ইল্বল তাহাকে ছেদন ও রন্ধন করিয়া, ব্রাহ্মণকে ভোজন করাইয়া পুনরায় আহ্বান করিত ॥১০॥

এবং অত্যন্ত মায়াবী, বলবান্ ও ব্রাহ্মণকণ্টক মহাসুর বাতাপিও ইল্বলের সেই উচ্চস্বরের আহ্বান শুনিয়া, তৎক্ষণাৎ সেই ব্রাহ্মণের পার্শ্ব ভেদ করিয়া, হাসিতে হাসিতে নির্গত হইয়া আসিত ॥১১—১২॥

রাজা! এই ভাবে সেই দুষ্টবুদ্ধি ইল্বল ভোজন করাইয়া ব্রাহ্মণদিগকে বধ করিতে থাকিল ॥১৩॥

এই সময়েই ভগবান্ অগস্ত্যমুনি একটা গর্ত্তের ভিতরে আপন পিতৃপুরুষ-গণকে অধোমুখে ঝুলিতে দেখিলেন ॥১৪॥

তখন অগস্ত্য তাঁহাদের নিকট জিজ্ঞাসা করিলেন—'আপনারা কি জন্য এই

তে তস্মৈ কথয়ামাসুর্বয়ন্তে পিতরঃ স্বকাঃ।
গর্ত্তমেতমনুপ্রাপ্তা লম্বামঃ প্রসবার্থিনঃ ॥১৬॥
যদি নো জনয়েথাস্ত্বমগস্ত্যাপত্যমুত্তমম্।
স্যান্নোঽস্মান্নিরয়ান্মোক্ষস্ত্বঞ্চ পুত্রাপ্নুয়া গতিম্ ॥১৭॥
স তানুবাচ তেজস্বী সত্যধর্ম্মপরায়ণঃ।
করিষ্যে পিতরঃ! কামং ব্যেতু বো মানসো জ্বরঃ ॥১৮॥
ততঃ প্রসবসন্তানং চিন্তয়ন্ ভগবানৃষিঃ।
আত্মনঃ প্রসবস্যার্থে নাপশ্যৎ সদৃশীং স্ত্রিয়ম্ ॥১৯॥
স তস্য তস্য সত্ত্বস্য তত্তদঙ্গমনুত্তমম্।
সংগৃহ্য তৎসমৈরঙ্গৈর্নির্ম্মমে স্ত্রিয়মুত্তমাম্ ॥২০॥

ভারতকৌমুদী

তে ইতি। স্বকাঃ স্বকীয়াঃ। প্রসবার্থিনঃ সন্তানার্থিনঃ ॥১৬॥

যদীতি। হে পুত্র অগস্ত্য! যদি ত্বং নঃ অস্মাকম্, উত্তমমপত্যং পুংসন্তানং জনয়েথাঃ, তদা নঃ অস্মাকম্, অস্মান্নিরয়ান্নরকাৎ মোক্ষঃ স্যাৎ, ত্বঞ্চ গতিমাপ্নুয়াঃ ॥১৭॥

স ইতি। হে পিতরঃ! কামং যুষ্মাকমভিলাষম্, ব্যেতু যাতু, জ্বরঃ সন্তাপঃ ॥১৮॥

তত ইতি। প্রসবসন্তানম্ অপত্যধারাম্। প্রসবস্য পুত্রস্য ॥১৯॥

স ইতি। সোঽগস্ত্যঃ, তস্য তস্য সত্ত্বস্য লক্ষ্মীহরিণ্যাদিপ্রাণিনঃ, অনুত্তমং সর্ব্বোত্তমম্,

ভারতভাবদীপঃ

মস্মাকং ভব ইতি প্রত্যূচুরিতি সম্বন্ধঃ ॥১৫॥ এতস্যৈব বিবরণং তে তস্মা ইতি ॥১৬—১৭॥ বো যুষ্মাকম্, কামম্ ঈপ্সিতং করিষ্যে ॥১৮॥ প্রসবসন্তানং সন্ততেরবিচ্ছেদম্ ॥১৯॥ তস্য তস্য

গর্ত্তের ভিতরে ঝুলিতেছেন'?। তাহাতে সেই বেদবাদী পিতৃগণ প্রত্যুত্তর করিলেন—'বংশলোপের সম্ভব হওয়ায় আমরা ঝুলিতেছি' ॥১৫॥

তা'র পর আবার তাঁহারা অগস্ত্যকে বলিলেন—'আমরা তোমার নিজের পিতৃপুরুষ; আমরা পুত্রার্থী হইয়া এই গর্ত্তে পড়িয়া ঝুলিতেছি ॥১৬॥

অতএব পুত্র অগস্ত্য! যদি তুমি আমাদের উত্তম বংশধর উৎপাদন করিতে পার, তবে আমাদেরও এই নরক হইতে মুক্তি হয়, তুমিও উত্তম গতি লাভ করিতে পার' ॥১৭॥

তখন তেজস্বী ও সত্যধর্ম্মপরায়ণ অগস্ত্য তাঁহাদিগকে বলিলেন—'পিতৃগণ! আমি আপনাদের অভিলাষ পূরণ করিব, আপনাদের মনের দুঃখ দূর হউক' ॥১৮॥

তাহার পর অগস্ত্য ধারাবাহিক বংশরক্ষার বিষয় চিন্তা করিয়া নিজের পুত্রের নিমিত্ত যোগ্য স্ত্রী দেখিতে পাইলেন না ॥১৯॥

(১৫)…ভবন্ত ইব কল্পিতাঃ…বা ব কা।

স তাং বিদর্ভরাজস্য পুত্রার্থং তপ্যতস্তপঃ। ·
নির্ম্মিতামাত্মনোঽর্থায় মুনিঃ প্রাদান্মহাতপাঃ ॥২১॥
সা তত্র যজ্ঞে সুভগা বিদ্যুৎসৌদামিনী যথা।
বিভ্রাজমানা বপুষা ব্যবর্দ্ধত শুভাননা ॥২২॥
জাতমাত্রাঞ্চ তাং দৃষ্ট্বা বৈদর্ভঃ পৃথিবীপতিঃ।
প্রহর্ষেণ দ্বিজাতিভ্যো ন্যবেদয়ত ভারত! ॥২৩॥
অভ্যনন্দন্ত তাং সর্ব্বে ব্রাহ্মণা বসুধাধিপ!।
লোপামুদ্রেতি তস্যাশ্চ চক্রিরে নাম তে দ্বিজাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

তত্তদঙ্গং মুখনয়নাদ্যবয়বম্, সংগৃহ্য মনসা আনীয় বিভাব্যেত্যর্থঃ, তৎসমৈরঙ্গৈঃ উত্তমাং স্ত্রিয়ং নির্ম্মমে সঙ্কল্পমাত্রেণৈব সৃষ্টবান্ সত্যসঙ্কল্পত্বাৎ ॥২০॥

স ইতি। স মহাতপা মুনিঃ, আত্মনোঽর্থায় নির্ম্মিতাং সঙ্কল্পিতাম্, তাং স্ত্রিয়ম্, পুত্রার্থং সন্তানার্থং তপস্তপ্যতো বিদর্ভরাজস্য প্রাদাৎ সঙ্কল্পেনৈব দত্তবান্ ॥২১॥

সেতি। বিদ্যুতি সন্ধ্যায়াং সৌদামিনী তড়িৎ বিদ্যুৎসৌদামিনী। সন্ধ্যাকালে তড়িতো বিশেষদ্যুতিদ্যোতনার্থং বিদ্যুৎপদম্। "বিদ্যুত্তড়িতি সন্ধ্যায়াম্" ইতি বিশ্বঃ ॥২২॥

জাতেতি। বৈদর্ভো বিদর্ভদেশস্য শাস্তা। দ্বিজাতিভ্যো ব্রাহ্মণাদিভ্যঃ ॥২৩॥

ভারতভাবদীপঃ

সিংহমৃগাদেঃ অঙ্গং কটিদৃষ্ট্যাদি, সর্ব্বগুণবতীমিত্যর্থঃ ॥২০—২১॥ জজ্ঞে জাতা, সৌদামিনীতি বিশেষ্যম্, বিদ্যুদিতি বিশেষণং—দ্যুতিবিশেষোপপাদনার্থম্, "কুর্য্যাং হরস্যাপিপিনাকপাণের্ধৈর্য্যচ্যুতিং কে মম ধন্বিনোঽন্যে" ইত্যাদৌ পিনাকপাণিপদম্ উর্জ্জিতচাপবত্ত্বদ্যোতনার্থমুপক্ষীণং সন্নবিশেষ্যসমর্পণায়ালমিতি হরস্যেতি পৃথক্ প্রত্যুক্তং তদ্বদিহাপি ধ্যেয়ম্ ॥২২—২৩॥ মুদ্রাণাং

তখন অগস্ত্য সেই সেই প্রাণীর সেই সেই সর্ব্বোৎকৃষ্ট অঙ্গ মনে মনে চিন্তা করিয়া তাহার তুল্য তুল্য অঙ্গদ্বারা (মনে মনে) একটী উৎকৃষ্ট স্ত্রী নির্ম্মাণ করিলেন ॥২০॥

সেই সময়ে বিদর্ভদেশের রাজা সন্তানের জন্য তপস্যা করিতেছিলেন; তাই মহাতপা অগস্ত্যমুনি নিজের জন্য সঙ্কল্পিত সেই স্ত্রীটী তাঁহাকে দান করিলেন ॥২১॥

সন্ধ্যাকালে বিদ্যুতের ন্যায় সেই সুন্দরী ও সুলক্ষণমুখী আসিয়া বিদর্ভরাজমহিষীর গর্ভে জন্ম গ্রহণ করিল এবং শরীরদ্বারা দীপ্তি পাইতে থাকিয়া বৃদ্ধি পাইতে থাকিল ॥২২॥

জন্মিবামাত্র সেই কন্যাটীকে দেখিয়া বিদর্ভরাজ অত্যন্ত আনন্দবশতঃ সে সংবাদ ব্রাহ্মণপ্রভৃতির নিকট জানাইলেন ॥২৩॥

---

(২৪) অভ্যনন্দত তাং সর্ব্বে…বা ব কা পি।

বরৃধে সা মহারাজ ! বিভ্রতী রূপমুত্তমম্ ।
অপ্সি্বোৎপলিনী শীঘ্রমগ্নেরিব শিখা শুভা ॥২৫॥
তাং যৌবনস্থাং রাজেন্দ্র ! শতং কন্যাঃ স্বলঙ্কৃতাঃ ।
দাস্যঃ শতঞ্চ কল্যাণীমুপতস্থুর্বশানুগাঃ ॥২৬॥
সা স্ম দাসীশতবৃতা মধ্যে কন্যাশতস্য চ ।
আস্তে তেজস্বিনী কন্যা রোহিণীব দিবিপ্রভা ॥২৭॥
যৌবনস্থামপি চ তাং শীলাচারসমন্বিতাম্ ।
ন বব্রে পুরুষঃ কশ্চিদ্ভয়াত্তস্য মহাত্মনঃ ॥২৮॥

ভারতকৌমুদী

অভীতি। অভ্যনন্দস্ত প্রাশংসস্ত। লোপো নিবৃত্তিঃ আমুদ্রাণাং চন্দ্রাদিগতাহ্লাদকত্বাদি-চিহ্নানাং যস্যাঃ সকাশাৎ সা। নামত্বাদ্ব্যধিকরণবহুব্রীহিঃ ॥২৪॥

ববৃধ ইতি। শুভা সা শীঘ্রং ববৃধ ইতি সম্বন্ধঃ। অপ্সু জলে ॥২৫।

তামিতি। বশানুগাঃ সত্যঃ, উপতস্থুঃ সিষেবিরে ॥২৬॥

সেতি। দিবি প্রভাতীতি দিবিপ্রভা, "প্রায়েণ সপ্তম্যাঃ কৃতি" ইত্যলুক্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

তত্তন্মৃগাদিজাতিগতানামসাধারণানাং চিহ্নানাং কমনীয়চক্ষুষ্ট্বাদীনাং লোপ ইব লোপস্তিরস্কারো যয়া সা লোপামুদ্রা। আহিতাগ্ন্যাদিবৎপূর্ব্বনিপাতঃ, অন্যেষপি দৃশ্যত ইতি দীর্ঘঃ, প্রকারান্তরেণ যোগে তু বেদে পদপাঠলোপ আমুদ্রেত্যবগ্রহঃ স্যাৎ, স চ ন দৃশ্যতেঽত উক্তবিধৈব ব্যুৎপত্তির্যুক্তা ॥২৪—২৫॥ বশানুগাঃ ইচ্ছানুরূপাঃ ॥২৬—৩০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে অশীতিতমোঽধ্যায়ঃ ॥৮০॥

রাজা! ব্রাহ্মণেরা সকলেই তাহার প্রশংসা করিলেন এবং সেই দ্বিজাতিরা সেই কন্যাটীর নাম করিলেন—'লোপামুদ্রা' ॥২৪॥

মহারাজ! সুলক্ষণা কন্যাটী উত্তম রূপ ধারণ করিয়া জলে পদ্মিনীর ন্যায় এবং (কাষ্ঠে) অগ্নিশিখার ন্যায় সত্বর সত্বর বৃদ্ধি পাইতে লাগিল ॥২৫॥

রাজশ্রেষ্ঠ! সেই কন্যাটী যৌবনে পদার্পণ করিলে, (রাজনিযুক্ত) নানা অলঙ্কারে অলঙ্কৃত একশত কন্যা এবং একশত দাসী বশে থাকিয়া তাহার সেবা করিতে লাগিল ॥২৬॥

বহুতর দাসী ও বহুতর কন্যার মধ্যবর্ত্তিনী সেই তেজস্বিনী কন্যাটী, আকাশে বহু নক্ষত্রের মধ্যবর্ত্তী রোহিণীনক্ষত্রের ন্যায় শোভা পাইতে লাগিল ॥২৭॥

লোপামুদ্রা যৌবনে পদার্পণ করিলে এবং সুশীলা ও সদাচারসম্পন্না হইলেও রাজার ভয়ে কোন পুরুষই তাহাকে প্রার্থনা করিল না ॥২৮॥

সা তু সত্যবতী কন্যা রূপেণাপ্সরসোঽপ্যতি।
তোষয়ামাস পিতরং শীলেন স্বজনং তথা ॥২৯॥
বৈদর্ভীন্তু তথা যুক্তাং যুবতীং প্রেক্ষ্য বৈ পিতা।
মনসা চিন্তয়ামাস কস্মৈ দদ্যামিমাং সুতাম্ ॥৩০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াম্ অগস্ত্যোপাখ্যানে অশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

একাশীতিতমোঽধ্যায়ঃ

—— ০০ (*) ০০ ——

লোমশ উবাচ।
যদা ত্বমন্যতাগস্ত্যো গার্হস্থ্যে তাং ক্ষমামিতি।
তদাভিগম্য প্রোবাচ বৈদর্ভং পৃথিবীপতিম্ ॥১॥
রাজন্! নিবেশে বুদ্ধির্মে বর্ত্ততে পুত্রকারণাৎ।
বরয়ে ত্বাং মহীপাল! লোপামুদ্রাং প্রয়চ্ছ মে ॥২॥

ভারতকৌমুদী

যৌবনেতি। ন বব্রে ন প্রার্থয়ামাস। তস্য বিদর্ভরাজস্য ॥২৮॥
সেতি। সত্যবতী বাচা ব্যবহারেণ চেতি ভাবঃ। অতি অতিক্রান্তা ॥২৯॥
বৈদর্ভীমিতি। বৈদর্ভীং লোপামুদ্রাম্, তথা গুণৈর্যুক্তাম্ ॥৩০॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

যদেতি। তাং লোপামুদ্রাম্, গার্হস্থ্যে গৃহস্থধর্ম্মাচরণে, ক্ষমাং যোগ্যাম্ ॥১॥

অপ্সরা অপেক্ষাও অধিকরূপবতী এবং সত্যপরায়ণা সেই কন্যাটী আপন স্বভাবদ্বারা পিতাকে ও আত্মীয়গণকে সন্তুষ্ট করিতে লাগিল ॥২৯॥

বিদর্ভরাজ লোপামুদ্রাকে সেই রূপ গুণবতী ও যুবতি দেখিয়া, কাহার হস্তে তাহাকে দান করিবেন এই চিন্তা করিতে লাগিলেন ॥৩০॥

——(-:০:-)——

লোমশ কহিলেন—'অগস্ত্য যখন লোপামুদ্রাকে গৃহস্থধর্ম্মাচরণে যোগ্যা বলিয়া মনে করিলেন, তখন যাইয়া বিদর্ভরাজকে বলিলেন—॥১॥

* '...ষণ্ণবতিতমঃ...' বা ব কা পি, '...চতুর্নবতিতমঃ...' নি।

এবমুক্তঃ স মুনিনা মহীপালো বিচেতনঃ।
প্রত্যাখ্যানায় চাশক্তঃ প্রদাতুঞ্চৈব নৈচ্ছত ॥৩॥
ততঃ স ভার্য্যামভ্যেত্য প্রোবাচ পৃথিবীপতিঃ।
মহর্ষির্বীর্য্যবানেষ ক্রুদ্ধঃ শাপাগ্নিনা দহেৎ ॥৪॥
তৎ কিমিচ্ছসি কল্যাণি! তদ্ব্রূহি শুভাননে!।
তস্য তদ্বচনং শ্রুত্বা রাজ্ঞী নোবাচ কিঞ্চন ॥৫॥
তং তথা দুঃখিতং দৃষ্ট্বা সভার্য্যং পৃথিবীপতিম্।
লোপামুদ্রাভিগম্যেদং কালে বচনমব্রবীৎ ॥৬॥
ন মৎকৃতে মহীপাল! পীড়ামভ্যেতুমর্হসি।
প্রয়চ্ছ মামগস্ত্যায় ত্রাহ্যাত্মানং ময়া পিতঃ! ॥৭॥

ভারতকৌমুদী

রাজন্নিতি। নিবেশে বিবাহে, "নিবেশঃ পুংসি বিন্যাসে শিবিরোদ্বাহয়োরপি" ইতি মেদিনী। পুত্রকারণাৎ ন তু ভোগমাত্রেচ্ছাত ইতি ভাবঃ। বরয়ে প্রার্থয়ে ॥২॥
এবমিতি। প্রত্যাখ্যানায় চাশক্তঃ শাপভয়াৎ, প্রদাতুঞ্চৈব নৈচ্ছত বৃদ্ধত্বদর্শনাৎ ॥৩॥
তত ইতি। বীর্য্যবান্ তপঃপ্রভাববান্। অতএব দহেৎ দগ্ধং শক্নুয়াৎ ॥৪॥
তদিতি। কিঞ্চন নোবাচ, বক্তব্যনির্ণয়ানর্হত্বাদিত্যাশয়ঃ ॥৫॥
তমিতি। কালে তাদৃশে যোগ্যসময় এব ॥৬॥
নেতি। মৎকৃতে মন্নিমিত্তম্। অভ্যেতুং প্রাপ্তুম্। ময়া করণেন ॥৭॥

'রাজা! পুত্রের জন্য বর্ত্তমান সময়ে আমার বিবাহের ইচ্ছা হইয়াছে। অতএব ভূপাল! আমি আপনাকে প্রার্থনা করিতেছি—আপনি লোপামুদ্রাকে আমার হস্তে প্রদান করুন' ॥২॥

অগস্ত্য এইরূপ বলিলে, রাজা হতবুদ্ধি হইয়া প্রত্যাখ্যান করিতেও পারিলেন না এবং দান করিতেও ইচ্ছা করিলেন না ॥৩॥

তৎপরে রাজা মহিষীর নিকট যাইয়া বলিলেন—'এই মহর্ষি অত্যন্ত তপঃপ্রভাবসম্পন্ন; সুতরাং ক্রুদ্ধ হইয়া শাপাগ্নিদ্বারা দগ্ধ করিতেও পারেন ॥৪॥

অতএব কল্যাণি! তুমি কি ইচ্ছা কর? শুভাননে! তাহা তুমি বল'। কিন্তু রাণী রাজার সেই কথা শুনিয়া কোন কথাই বলিলেন না ॥৫॥

তখন মহিষীর সহিত রাজাকে সেইরূপ দুঃখিত দেখিয়া লোপামুদ্রা আসিয়া উপযুক্ত সময়েই এই কথা বলিল—॥৬॥

'রাজা! আপনি আমার জন্য দুঃখ করিবেন না, আমাকে অগস্ত্যের হস্তে সমর্পণ করুন; পিতা! আমাদ্বারা নিজেকে রক্ষা করুন' ॥৭॥

(৫) শ্লোকঃ বা ব পি নি নাস্তি।

দুহিতুর্বচনাদ্রাজা সোঽগস্ত্যায় মহাত্মনে।
লোপামুদ্রাং ততঃ প্রাদাদ্বিধিপূর্বং বিশাংপতে! ॥৮॥
প্রাপ্য ভার্য্যামগস্ত্যস্তু লোপামুদ্রামভাষত।
মহার্হাণ্যুৎসৃজৈতানি বাসাংস্যাভরণানি চ ॥৯॥
ততঃ সা দর্শনীয়ানি মহার্হাণি তনূনি চ।
সমুৎসসর্জ্জ রম্ভোরূর্বসনান্যায়তেক্ষণা ॥১০॥
ততশ্চীরাণি জগ্রাহ বল্কলান্যজিনানি চ।
সমানব্রতচর্য্যা চ বভূবায়তলোচনা ॥১১॥
গঙ্গাদ্বারমথাগম্য ভগবানৃষিসত্তমঃ।
উগ্রমাতিষ্ঠত তপঃ সহ পত্ন্যানুকূলয়া ॥১২॥
সা প্রীতা বহুমানাচ্চ পতিং পর্য্যচরত্তদা।
অগস্ত্যশ্চ পরাং প্রীতিং ভার্য্যায়ামাচরৎ প্রভুঃ ॥১৩॥

ভারতকৌমুদী

দুহিতুরিতি। প্রাদাৎ, বয়স্থায়া লোপামুদ্রায়া এব সম্মতিদর্শনাদিত্যাশয়ঃ ॥৮॥
প্রাপ্যেতি। উৎসৃজ ত্যজ, তপস্বিভার্য্যায়া ঈদৃশপরিচ্ছদস্যাযুক্তত্বাদিতি ভাবঃ ॥৯॥
তত ইতি। দর্শনীয়ানি সুন্দরাণি, মহার্হাণি মহামূল্যানি, তনূনি সূক্ষ্মাণি ॥১০॥
তত ইতি। চীরাণি কৌপীনানি। সমানব্রতচর্য্যা ভর্ত্তুস্তুল্যনিয়মচারিণী ॥১১॥
গঙ্গেতি। উগ্রং ভয়ঙ্করম্, আতিষ্ঠত অবালম্বত ॥১২॥

নরনাথ! তাহার পর রাজা বয়স্থা কন্যার বচন অনুসারে মহাত্মা অগস্ত্যের হস্তে তাহাকে যথাবিধানে সম্প্রদান করিলেন ॥৮॥

তদনন্তর অগস্ত্য লোপামুদ্রাকে ভার্য্যা লাভ করিয়া বলিলেন—'তুমি এই সকল মহামূল্য বস্ত্র ও অলঙ্কার পরিত্যাগ কর' ॥৯॥

তৎপরে রম্ভোরু ও আয়তনয়না লোপামুদ্রা সুদৃশ্য, মহামূল্য ও সূক্ষ্ম বস্ত্র সকল পরিত্যাগ করিলেন ॥১০॥

তাহার পর তিনি কৌপীন, বল্কল ও মৃগচর্ম্ম ধারণ করিলেন এবং ভর্ত্তার সমান-ব্রতচারিণী হইলেন ॥১১॥

তদনন্তর ভগবান্ অগস্ত্য গঙ্গাদ্বারে আসিয়া অনুকূলা পত্নীর সহিত মিলিত হইয়া ভয়ঙ্কর তপস্যা করিতে আরম্ভ করিলেন ॥১২॥

তখন লোপামুদ্রা সন্তুষ্ট থাকিয়া অত্যন্ত আদরের সহিত পতির পরিচর্য্যা করিতে লাগিলেন; প্রভাবশালী অগস্ত্যও ভার্য্যার প্রতি অত্যন্ত ভালবাসা জানাইতে থাকিলেন ॥১৩॥

ততো বহুতিথে কালে লোপামুদ্রাং বিশাংপতে ! ।
তপসা দ্যোতিতাং স্নাতাং দদর্শ ভগবানৃষিঃ ॥১৪॥
স তস্যাঃ পরিচারেণ শৌচেন চ দমেন চ ।
শ্রিয়া রূপেণ চ প্রীতো মৈথুনায়াজুহাব তাম্ ॥১৫॥
ততঃ সা প্রাঞ্জলিভূর্ত্বা লজ্জমানেব ভাবিনী ।
তদা সপ্রণয়ং বাক্যং ভগবন্তমথাব্রবীৎ ॥১৬॥
অসংশয়ং প্রজাহেতোর্ভার্য্যাং পতিরবিন্দত ।
যা তু ত্বয়ি মম প্রীতিস্তামৃষে ! কর্ত্তুমর্হসি ॥১৭॥
যথা পিতুর্গৃহে বিপ্র ! প্রাসাদে শয়নং মম ।
তথাবিধে ত্বং শয়নে মামুপৈতুমিহার্হসি ॥১৮॥
ইচ্ছামি ত্বাং স্রগ্বিমঞ্চ ভূষণৈশ্চ বিভূষিতম্ ।
উপসর্ত্তুং যথাকামং দিব্যাভরণভূষিতা ॥১৯॥

ভারতকৌমুদী

সেতি। বহুমানাদত্যাদরাৎ। পরাং পরমাম্, প্রীতিং প্রণয়ম্ ॥১৩॥
তত ইতি। স্নাতাং প্রথমরজোদর্শনানন্তরং কৃতস্নানাম্ ॥১৪॥
স ইতি। দমেন ইন্দ্রিয়নিগ্রহেণ। শ্রিয়া লাবণ্যেন, রূপেণ সৌন্দর্য্যেণ ॥১৫॥
তত ইতি। ভাবিনী অনুরাগবতী। ভগবন্তম্ অগস্ত্যম্ ॥১৬॥
অসংশয়মিতি। প্রজাহেতোঃ পুত্রার্থম্। ভার্য্যাং মাম্, পতির্ভবান্। যা যৎকারণা ॥১৭॥
যথেতি। শয়নং মহার্হা শয্যা। উপৈতুমুপগন্তুম্ ॥১৮॥
ইচ্ছামীতি। স্রগ্বিনং মাল্যবন্তম্। ইচ্ছামি, স্ত্রীণাং পরিচ্ছদস্য লোভনীয়ত্বাৎ ॥১৯॥

নরনাথ! তাহার পর অনেকদিন অতীত হইলে একদা ভগবান্ অগস্ত্য তপস্যাপ্রভাবে উজ্জ্বলাঙ্গী লোপামুদ্রাকে ঋতুস্নাতা দর্শন করিলেন ॥১৪॥

লোপামুদ্রার পরিচর্য্যা, পবিত্রতা, ইন্দ্রিয়দমন, লাবণ্য ও সৌন্দর্য্যের গুণে প্রীত হইয়া অগস্ত্য তাঁহাকে মৈথুনের জন্য আহ্বান করিলেন ॥১৫॥

তখন অনুরাগিণী লোপামুদ্রা কৃতাঞ্জলি হইয়া, যেন লজ্জার ভাব দেখাইয়া, প্রণয়ের সহিত অগস্ত্যকে এই কথা বলিলেন—॥১৬॥

'ঋষি! নিশ্চয়ই আপনি আমাকে পুত্রের জন্যই ভার্য্যারূপে গ্রহণ করিয়াছেন, অতএব যাহাতে আপনার বিষয়ে আমার প্রীতি জন্মে, আপনি তাহা করুন ॥১৭॥

ব্রাহ্মণ! আমার পিতৃগৃহে অট্টালিকার ভিতরে আমার যেমন শয্যা ছিল, তেমন শয্যাতেই আপনি আমার সহিত সঙ্গম করুন ॥১৮॥

অন্যথা নোপতিষ্ঠেয়ং চীরকাষায়বাসিনী।
নৈবাপবিত্রো বিপ্রর্ষে! ভূষণোঽয়ং কথঞ্চন ॥২০॥

অগস্ত্য উবাচ।

ন তে ধনানি বিদ্যন্তে লোপামুদ্রে! তথা মম।
যথাবিধানি কল্যাণি! পিতুস্তব সুমধ্যমে! ॥২১॥

লোপামুদ্রোবাচ।

ঈশোঽসি তপসা সর্বং সমাহর্ত্তুং তপোধন!।
ক্ষণেন জীবলোকে যদ্বসু কিঞ্চন বিদ্যতে ॥২২॥

অগস্ত্য উবাচ।

এবমেতদ্‌যথাত্থ ত্বং তপোব্যয়করন্তু তৎ।
যথা তু মে ন নশ্যেত তপস্তন্মাং প্রচোদয় ॥২৩॥

ভারতকৌমুদী

অন্যথেতি। অয়ং চীরাদিভূর্ষণঃ পবিচ্ছদঃ, কথঞ্চনাপি অপবিত্রো নৈব কার্য্যঃ ॥২০॥
নেতি। উত্তমপবিচ্ছদসংগ্রহে ধনাবশ্যকতয়া তদভাবে কথং তৎসংগ্রহ ইত্যাশয়ঃ ॥২১॥
ঈশ ইতি। ঈশঃ সমর্থঃ। সমাহর্ত্তুং সমানেতুম্। বসু ধনম্ ॥২২॥
এবমিতি। আত্থ ব্রবীষি। তপসো ব্যয়করং ক্ষয়জনকম্। তত্তস্মিন্ বিষয়ে ॥২৩॥

ভারতভাবদীপঃ

যদেতি ॥১॥ নিবেশে বিবাহে ॥২—১৩॥ স্নাতাং ঋতাবিতি শেষঃ ॥১৪॥ পরিচারেণ সেবয়া ॥১৫—১৯॥ ভূষণোঽয়ং চীবকাষায়াদিস্তপস্বিনাম্, শ্লাঘ্যোঽয়ং সামগ্রীকলাপো ভোগ-

---

আর, আপনি মাল্যধারণপূর্বক নানাবিধ অলঙ্কারে অলঙ্কৃত হউন, আমিও দিব্য অলঙ্কারে অলঙ্কৃত হই, তাহার পরই আমি অভিলাষ অনুসারে আপনার সহিত মিলিত হইতে ইচ্ছা করি ॥১৯॥

না হইলে, আমি গৈরিক কৌপীন ধারণ করিয়া আপনাব নিকট যাইব না। কারণ, ব্রহ্মর্ষি! এই পরিচ্ছদকে কোন প্রকারেই অপবিত্র করা উচিত নহে ॥২০॥

অগস্ত্য বলিলেন—'কল্যাণি! সুমধ্যমে! লোপামুদ্রে! তোমার পিতার যেমন ধন আছে, তেমন ধন ত তোমারও নাই, আমারও নাই' ॥২১॥

লোপামুদ্রা বলিলেন—'তপোধন! এই জীবলোকে যে কিছু ধন আছে, আপনি তপোবলে ক্ষণকালমধ্যে সে সমস্তই ত আনয়ন করিতে সমর্থ হন' ॥২২॥

অগস্ত্য বলিলেন—'তুমি যাহা বলিলে, তাহা সত্য; কিন্তু তাহা তপস্যার ক্ষয় জন্মায়। অতএব যাহাতে তপস্যার ক্ষয় না হয়, সেই বিষয়ে আমাকে প্রণোদিত কর' ॥২৩॥

লোপামুদ্রোবাচ।

অল্পাবশিষ্টঃ কালোঽয়মৃতোর্মম তপোধন!।
ন চান্যথাহমিচ্ছামি ত্বামুপৈতুং কথঞ্চন ॥২৪॥
ন চাপি ধর্ম্মমিচ্ছামি বিলোপ্তুং তে কথঞ্চন।
এবন্তু মে যথাকামং সম্পাদয়িতুমর্হসি ॥২৫॥

অগস্ত্য উবাচ।

যদ্যেষ কামঃ সুভগে! তব বুদ্ধ্যা বিনিশ্চিতঃ।
হর্ত্তুং গচ্ছাম্যহং ভদ্রে! চর কামমিহ স্থিতা ॥২৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামগস্ত্যোপাখ্যানে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

অল্পেতি। ঋতোঃ ষোড়শদিনাত্মকস্য ঋতুকালস্য, "ষোড়শর্ত্তুনিশাঃ স্ত্রীণাং তাসু যুগ্মাসু সংবিশেৎ" ইতি মনুবচনাৎ। অন্যথা পূর্ব্বোক্তাদন্যরূপেণ ॥২৪॥

নেতি। ধর্ম্মং বিলোপ্তুং ধনজননেন তপঃক্ষয়ং কর্ত্তুম্। কামোঽভিলাষঃ ॥২৫॥

যদীতি। হর্ত্তুং ধনমাহর্ত্তুম্। প্রার্থনয়া ধনাহরণে ন তপঃক্ষয় ইতি ভাবঃ। কামম্ অভীষ্টং গৃহস্থকার্য্যম্, চর কুরু, ইহ আশ্রম এব ॥২৬॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং একাশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

সম্পর্কেণাপবিত্রো নৈব ভবত্বিতি শেষঃ ॥২০—২৩॥ ঋতোঃ কালঃ ষোড়শদিনানি তেষল্পোঽবশিষ্টঃ ॥২৪—২৬॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাশীতিতমোঽধ্যায়ঃ ॥৮১॥

লোপামুদ্রা বলিলেন—'তপোধন! আমার এই ঋতুকাল অল্পমাত্র অবশিষ্ট রহিয়াছে; অথ চ আমি অন্য কোন প্রকারেই আপনার সহিত সম্মিলিত হইতে ইচ্ছা করি না ॥২৪॥

আবার কোন প্রকারে আপনার ধর্ম্মলোপও করিতে ইচ্ছা করি না; অথ চ আমার অভীষ্টসম্পাদনও আপনার করিতে হইবে' ॥২৫॥

অগস্ত্য বলিলেন—'সুন্দরি! তোমার বুদ্ধি যদি এই কামনাই স্থির করিয়া থাকে, তবে আমি ধন আহরণ করিবার জন্য চলিলাম; তুমি এই খানে থাকিয়াই অভীষ্ট গৃহকার্য্য করিতে থাক' ॥২৬॥

---

* '...সপ্তনবতিতমঃ...' বা ব কা পি, '...পঞ্চনবতিতমঃ...' নি।

দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ

—— ০০ (*) ০০ ——

লোমশ উবাচ।

ততো জগাম কৌরব্য ! সোঽগস্ত্যো ভিক্ষিতুং বসু।
শ্রুতর্বাণং মহীপালং যং বেদাভ্যধিকং নৃপৈঃ ॥১॥
স বিদিত্বা তু নৃপতিঃ কুম্ভযোনিমুপাগতম্।
বিষয়ান্তে সহামাত্যঃ প্রত্যগৃহ্লাৎ সুসৎকৃতম্ ॥২॥
অস্মৈ চার্ঘ্যং যথান্যায়মানীয় পৃথিবীপতিঃ।
প্রাঞ্জলিঃ প্রণতো ভূত্বা পপ্রচ্ছাগমনেঽর্থিতাম্ ॥৩॥

অগস্ত্য উবাচ।

বিত্তার্থিনমনুপ্রাপ্তং বিদ্ধি মাং পৃথিবীপতে !।
যথাশক্ত্যবিহিংস্যান্যান্ সংবিভাগং প্রয়চ্ছ মে ॥৪॥

ভারতকৌমুদী

তত ইতি। হে কৌরব্য! ততঃ সোঽগস্ত্যঃ, বসু ধনম্, ভিক্ষিতুং যাচিতুম্, শ্রুতর্বাণং নাম মহীপালং জগাম; যং শ্রুতর্বাণম্, নৃপৈঃ রাজান্তরেভ্যঃ, অভ্যধিকম্ অধিকধনম্, বেদ বেত্তি স্ম। শ্রুতা বিখ্যাতা অর্বন্তঃ অশ্বা যস্য স শ্রুতর্বা, পৃষোদরাদিত্বাদকারলোপঃ ॥১॥

স ইতি। কুম্ভযোনিমগস্ত্যম্। বিষয়ান্তে স্বরাজ্যপ্রান্তে, সুসৎকৃতমত্যাদৃতম্ ॥২॥

অস্মা ইতি। আগমনে অর্থিতাং প্রয়োজনবত্বং প্রয়োজনমিত্যর্থঃ, পপ্রচ্ছ ॥৩॥

বিত্তেতি। বিত্তার্থিনং ধনার্থিনম্। অন্যান্ অবিহিংস্য অপীড়য়িত্বা অন্যেষাং পীড়া যথা ন স্যাত্তথেত্যর্থঃ, সংবিভজ্যত ইতি সংবিভাগো যাচকেভ্যো বিভক্তোঽর্থস্তম্ ॥৪॥

লোমশ বলিলেন—'কুরুনন্দন! তাহার পর অগস্ত্য ধন প্রার্থনা করিবার জন্য শ্রুতর্বা রাজার নিকট গেলেন; যাঁহাকে তিনি অন্যান্য রাজা হইতে অধিক-ধনী বলিয়া জানিতেন ॥১॥

অগস্ত্যমুনি আপন রাজ্যসীমান্তে আসিয়াছেন জানিয়া শ্রুতর্বা রাজা মন্ত্রীদের সহিত যাইয়া বিশেষ আদর করিয়া অগস্ত্যকে আনয়ন করিলেন ॥২॥

এবং তিনি অগস্ত্যকে যথানিয়মে অর্ঘ্যদান করিয়া, কৃতাঞ্জলি ও অবনত হইয়া, তাঁহার আগমনের প্রয়োজন জিজ্ঞাসা করিলেন ॥৩॥

অগস্ত্য বলিলেন—'রাজা! আপনি অবগত হউন যে, আমি ধনার্থী হইয়া

---

(৩)…প্রাঞ্জলিঃ প্রয়তো ভূত্বা…বা ব কা নি।

লোমশ উবাচ।

তত আয়ব্যয়ৌ পূর্ণৌ তস্মৈ রাজা ন্যবেদয়ৎ।
অতো বিদ্বন্নুপাদৎস্ব যদত্র বসু মন্যসে ॥৫॥
তত আয়ব্যয়ৌ দৃষ্ট্বা সমৌ সমমতির্দ্বিজঃ।
সর্ব্বথা প্রাণিনাং পীড়ামুপাদানাদমন্যত ॥৬॥
স শ্রুতর্বাণমাদায় ব্রধ্নশ্বমগমত্ততঃ।
স চ তৌ বিষয়স্যান্তে প্রত্যগৃহ্লাদ্‌যথাবিধি ॥৭॥
তয়োরর্ঘ্যঞ্চ পাদ্যঞ্চ ব্রধ্নশ্বঃ প্রত্যবেদয়ৎ।
অনুজ্ঞাপ্য চ পপ্রচ্ছ প্রয়োজনমুপক্রমে ॥৮॥

ভারতকৌমুদী

তত ইতি। পূর্ণৌ পর্য্যাপ্তৌ। উপাদৎস্ব গৃহাণ, বসু উদ্‌বৃত্তং ধনম্ ॥৫॥
তত ইতি। সমমতিঃ সর্বপ্রাণিষু সমানবুদ্ধিঃ। উপাদানাদাত্মনা ধনগ্রহণাৎ ॥৬॥
স ইতি। শ্রুতর্বণ আদানন্তু প্রার্থনাগৌরবজ্ঞাপনেন ধনগ্রহণাবশ্যম্ভাবার্থম্। পরত্রাপ্যেবম্। ব্রধ্নং জয়মূলমশ্বো যস্য তং ব্রধ্নশ্বং নাম নৃপম্। পূর্ব্ববদকারলোপঃ ॥৭॥
তয়োরিতি। অনুজ্ঞাপ্য স্বভবনগমনানুমতিং কারয়িত্বা, উপক্রমে আগমনে ॥৮॥

ভারতভাবদীপঃ

তত ইতি। যং বেদ বেত্তি ॥১॥ বিষয়ান্তে দেশসীমান্তে ॥২॥ আগমনে নিমিত্তভূতামথিতাং কিমিচ্ছন্নাগতোঽসীতি পপ্রচ্ছেত্যর্থঃ ॥৩—৫॥ উপাদানাৎ ধনগ্রহণাৎ ॥৬—৭॥ উপ-

আসিয়াছি। সুতরাং অন্যের যাহাতে কষ্ট না হয়, এমন ভাবে শক্তি অনুসারে আমাকে ধন দান করুন' ॥৪॥

লোমশ বলিলেন—তৎপরে রাজা তাঁহাকে বলিলেন যে, আমার আয় ও ব্যয় সমান। অতএব এখানে ধন উদ্‌বৃত্ত হয় বলিয়া যদি মনে করেন, তবে গ্রহণ করিতে পারেন ॥৫॥

তাহার পর সর্বত্র সমজ্ঞানী অগস্ত্য শ্রুতর্বা রাজার আয় ও ব্যয় সমান দেখিয়া তাহা হইতে গ্রহণ করিলে অন্য প্রাণীদের সর্বপ্রকারেই কষ্ট হইবে বলিয়া মনে করিলেন ॥৬॥

তদনন্তর অগস্ত্য শ্রুতর্বা রাজাকে লইয়া ব্রধ্নশ্বরাজার নিকট গেলেন; তখন ব্রধ্নশ্বরাজাও আপন রাজ্যসীমান্তে যাইয়া যথাবিধানে তাঁহাদিগকে গ্রহণ করিলেন ॥৭॥

এবং তিনি অগস্ত্যমুনি ও শ্রুতর্বারাজাকে অর্ঘ্য নিবেদন করিলেন, পরে আপন ভবনে যাইবার অনুমতি করাইয়া তাঁহাদের আগমনের প্রয়োজন জিজ্ঞাসা করিলেন ॥৮॥

অগস্ত্য উবাচ।

বিত্তকামাবিহ প্রাপ্তৌ বিদ্ধ্যাবাং পৃথিবীপতে ! ।
যথাশক্ত্যবিহিংস্যান্যান্ সংবিভাগং প্রয়চ্ছ নৌ ॥৯॥

লোমশ উবাচ।

তত আয়ব্যয়ৌ পূর্ণৌ তাভ্যাং রাজা ন্যবেদয়ৎ।
অতো জ্ঞাত্বা তু গৃহ্লীতং যদত্র ব্যতিরিচ্যতে ॥১০॥
তত আয়ব্যয়ৌ দৃষ্ট্বা সমৌ সমমতির্দ্বিজঃ।
সর্বথা প্রাণিনাং পীড়ামুপাদানাদমন্যত ॥১১॥
পৌরুকুৎসং ততো জগ্মুস্ত্রসদস্যুং মহাধনম্।
অগস্ত্যশ্চ শ্রুতর্বা চ ব্রধ্নশ্বশ্চ মহীপতিঃ ॥১২॥
ত্রসদস্যুশ্চ তান্ দৃষ্ট্বা প্রত্যগৃহ্লাদ্‌যথাবিধি।
অভিগম্য মহারাজ ! বিষয়ান্তে মহামনাঃ ॥১৩॥
অর্চ্চয়িত্বা যথান্যায়মিক্ষ্বাকুরাজসত্তমঃ।
সমস্তাংশ্চ ততোঽপৃচ্ছৎ প্রয়োজনমুপক্রমে ॥১৪॥

ভারতকৌমুদী

বিত্তেতি। বিত্তকামৌ ধনার্থিনৌ, প্রাপ্তৌ আগতৌ। নৌ আবাভ্যাম্ ॥৯॥
তত ইতি। রাজা ব্রধ্নশ্বঃ। গৃহ্লীতং যুবাম্। ব্যতিরিচ্যতে উদ্‌বৃত্তং ভবতি ॥১০॥
তত ইতি। প্রাগ্‌ব্যাখ্যাতমিদম্ ॥১১॥
পৌবিতি। পৌরুকুৎসং পুরুকুৎসাপত্যম্। ত্রসা ভীতা দস্যবো যস্মাত্তং নাম ॥১২॥
ত্রসেতি। বিষয়ান্তে স্বরাজ্যসীমান্তে ॥১৩॥

অগস্ত্য বলিলেন—'রাজা ! আপনি অবগত হউন যে, আমরা ধনার্থী হইয়া এখানে আসিয়াছি। অতএব যাহতে অন্যের কষ্ট না হয়, এমন ভাবে শক্তি অনুসারে আমাদিগকে ধন দান করুন' ॥৯॥

লোমশ বলিলেন—'তাহার পর ব্রধ্নশ্বরাজা তাঁহাদিগকে জানাইলেন যে, আমার আয় ও ব্যয় সমান। সুতরাং আপনারা জানিয়া—যাহা উদ্‌বৃত্ত থাকে তাহা গ্রহণ করুন' ॥১০॥

তদনন্তর সর্বত্র সমজ্ঞানী অগস্ত্য তাঁহারও আয়-ব্যয় সমান দেখিয়া, তাহা হইতে গ্রহণ করিলে, প্রাণিগণের সর্বপ্রকারেই কষ্ট হইবে মনে করিলেন ॥১১॥

তখন অগস্ত্যমুনি এবং শ্রুতর্বা ও ব্রধ্নশ্বরাজা সে স্থান হইতে পুরুকুৎস-বংশীয় মহাধনী ত্রসদস্যুরাজার নিকট গমন করিলেন ॥১২॥

মহারাজ ! মহামনা ত্রসদস্যুরাজাও আপন রাজ্যসীমান্তে যাইয়া, তাঁহাদিগকে দেখিয়া যথাবিধানে গ্রহণ করিলেন ॥১৩॥

অগস্ত্য উবাচ।

বিত্তকামানিহ প্রাপ্তান্ বিদ্ধি নঃ পৃথিবীপতে!।
যথাশক্ত্যবিহিংস্যান্যান্ সংবিভাগং প্রয়চ্ছ নঃ ॥১৫॥

লোমশ উবাচ।

তত আয়ব্যয়ৌ পূর্ণৌ তেষাং রাজা ন্যবেদয়ৎ।
এতজ্জ্ঞাত্বা হ্যুপাদদ্ধ্বং যদত্র ব্যতিরিচ্যতে ॥১৬॥
তত আয়ব্যয়ৌ দৃষ্ট্বা সমৌ সমমতির্দ্বিজঃ।
সর্ব্বথা প্রাণিনাং পীড়ামুপাদানাদমন্যত ॥১৭॥
ততঃ সর্ব্বে সমেত্যাথ তে নৃপাস্তং মহামুনিম্।
ইদমূচুর্মহারাজ! সমবেক্ষ্য পরস্পরম্ ॥১৮॥
অয়ং বৈ দানবো ব্রহ্মন্নিল্বলো বসুমান্ ভুবি।
তমভিক্রম্য সর্ব্বেঽদ্য বয়ঞ্চার্থামহে বসু ॥১৯॥

ভারতকৌমুদী

অর্চ্চয়িত্বেতি। ইক্ষ্বাকুরাজেষু ইক্ষ্বাকুবংশীয়নৃপতিষু সত্তমঃ শ্রেষ্ঠতমঃ ॥১৪॥
বিত্তেতি। প্রাপ্তান্ আগতান্, বিদ্ধি জানীহি, নঃ অস্মান্। নঃ অস্মভ্যম্ ॥১৫॥
তত ইতি। রাজা ত্রসদস্যুঃ। উপাদদ্ধ্বং গৃহ্নীত। ব্যতিরিচ্যতে উদ্বর্ত্ততে ॥১৬॥
তত ইতি। প্রাগ্ ব্যাখ্যাতমিদম্ ॥১৭॥
তত ইতি। সমেত্য মিলিত্বা, তে নৃপাঃ শ্রুতর্ব্ব-ব্রধ্নশ্ব-ত্রসদস্যবঃ ॥১৮॥
অয়মিতি। বসুমান্ ধনী। অভিক্রম্য গত্বা। বসু ধনম্ ॥১৯॥

তৎপরে ইক্ষ্বাকুবংশীয়-রাজ-শ্রেষ্ঠ ত্রসদস্যু যথানিয়মে সকলের পূজা করিয়া তাঁহাদের আগমনের কারণ জিজ্ঞাসা করিলেন ॥১৪॥

অগস্ত্য বলিলেন—'রাজা! আপনি অবগত হউন যে, আমরা এখানে ধনপ্রার্থী হইয়া আসিয়াছি। অতএব অন্যের কষ্ট না হয়, এমন ভাবে শক্তি-অনুসারে আমাদিগকে ধনদান করুন' ॥১৫॥

লোমশ বলিলেন—'তাহার পর ত্রসদস্যুরাজা তাঁহাদের নিকট জানাইলেন যে, আমার আয় ব্যয় সমান; ইহা জানিয়াও যাহা উদ্বৃত্ত দেখেন, তাহা গ্রহণ করুন' ॥১৬॥

তদনন্তর সর্ব্বত্র সমজ্ঞানী অগস্ত্য তাঁহারও আয়-ব্যয় সমান দেখিয়া, ধন গ্রহণ করিলে অন্যান্য প্রাণীর সর্ব্বপ্রকারেই কষ্ট হইবে বলিয়া মনে করিলেন ॥১৭॥

মহারাজ! তাহার পর সেই রাজারা সকলে মিলিত হইয়া, পরস্পর পর্য্যালোচনা করিয়া মহর্ষি অগস্ত্যকে এই কথা বলিলেন—॥১৮॥

লোমশ উবাচ। †

তেষাং তদাসীদ্রুচিতমিল্বলস্যৈব ভিক্ষণম্।
ততস্তে সহিতা রাজন্নিল্বলং সমুপাদ্রবন্ ॥২০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াম্ অগস্ত্যোপাখ্যানে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——ঃ(*)ঃ——

ত্র্যশীতিতমোঽধ্যায়ঃ

——ঃ০ঃ——

লোমশ উবাচ।

ইল্বলস্তান্ বিদিত্বা তু মহর্ষিসহিতান্ নৃপান্।
উপস্থিতান্ সহামাত্যো বিষয়ান্তেঽভ্যপূজয়ৎ ॥১॥

ভারতকৌমুদী

তেষামিতি। রুচিতং সম্মতম্, ধনিত্বেন জ্ঞাতত্বাদিতি ভাবঃ। সমুপাদ্রবন্ অগচ্ছন্ ॥২০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ০ঃ——

ইল্বল ইতি। অমাত্যৈঃ সহেতি সহামাত্যঃ, বিষয়ান্তে স্বরাজ্যসীমান্তে ॥১॥

ভারতভাবদীপঃ

ক্রমে আগমনে ॥৮॥ নৌ আবাভ্যাম্ ॥৯—১৮॥ বসুমান্ ধনবান্ ॥১৯॥ অধ্যায়তাৎপর্য্যম্—ব্রাহ্মণেনাপি হিংসাপূর্ব্বকং ভিক্ষা ন কর্ত্তব্যেতি ॥২০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্ব্যশীতিতমোঽধ্যায়ঃ ॥৮২॥

'মহর্ষি! এই ইল্বলদানব জগতের মধ্যেই ধনী। অতএব আজ আমরা সকলে উহার নিকট যাইয়া ধন প্রার্থনা করি' ॥১৯॥

লোমশ বলিলেন—'রাজা! তখন তাঁহাদের ইল্বলের নিকট প্রার্থনা করাই সর্ব্বসম্মত হইল; তাই তাঁহারা মিলিত হইয়া ইল্বলের নিকটই গেলেন' ॥২০॥

——(-ঃ০ঃ-)——

লোমশ বলিলেন—'রাজারা মহর্ষি অগস্ত্যের সহিত আপন রাজ্যের সীমান্তে উপস্থিত হইয়াছেন, ইহা জানিয়া ইল্বল মন্ত্রিবর্গের সহিত যাইয়া তাঁহাদের সম্মান করিল ॥১॥

---

† বৈশম্পায়ন উবাচ—পি। (২০) তেষাং তদাসীদ্রুচিতম্···বা ব কা নি। * '···অষ্টনবতিতমঃ···বা ব কা পি, '···ষণ্ণবতিতমঃ···' নি। (১)···বিষয়ান্তে হ্যপূজয়ৎ—বা ব কা নি।

তেষাং ততোঽসুরশ্রেষ্ঠস্ত্বাতিথ্যমকরোত্তদা।
সুসংস্কৃতেন কৌরব্য ! ভ্রাত্রা বাতাপিনা তদা ॥২॥
ততো রাজর্ষয়ঃ সর্ব্বে বিষণ্ণা গতচেতসঃ।
বাতাপিং সংস্কৃতং দৃষ্ট্বা মেষভূতং মহাসুরম্ ॥৩॥
অথাব্রবীদগস্ত্যস্তান্ রাজর্ষীনৃষিসত্তমঃ।
বিষাদো বো ন কর্ত্তব্যো হ্যহং ভোক্ষ্যে মহাসুরম্ ॥৪॥
ধুর্য্যাসনমথাসাদ্য নিষসাদ মহানৃষিঃ।
তং পর্য্যবেশয়দ্দৈত্য ইল্বলঃ প্রহসন্নিব ॥৫॥
অগস্ত্য এব কৃৎস্নন্তু বাতাপিং বুভুজে ততঃ।
ভুক্তবত্যসুরো হ্বানমকরোত্তস্য চেল্বলঃ ॥৬॥
ততো বায়ুঃ প্রাদুরভূদধস্তস্য মহাত্মনঃ।
শব্দেন মহতা তাত ! গর্জন্নিব মহাঘনঃ ॥৭॥

ভারতকৌমুদী

তেষামিতি। অসুরশ্রেষ্ঠ ইল্বলঃ। সুসংস্কৃতেন ছিত্ত্বা পক্বেন ॥২॥
তত ইতি। বিষণ্ণা গতচেতসস্তিরোহিতকর্ত্তব্যবুদ্ধয়শ্চাভবন্। সংস্কৃতং পক্বম্ ॥৩॥
অথেতি। বো যুষ্মাকম্। অহং হি অহমেব। অতো যুষ্মাকমনিষ্টাশঙ্কা নাস্তি ॥৪॥
ধুর্য্যেতি। ধুর্য্যাসনং প্রধানপীঠম্। নিষসাদ ভোক্তুমুপবিবেশ ॥৫॥
অগস্ত্য ইতি। কৃৎস্নং সর্ব্বম্। হ্বানমাহ্বানম্, তস্য বাতাপেঃ ॥৬॥

কুরুনন্দন ! তাহার পর তখনই ইল্বল, ভ্রাতা বাতাপিকে ছেদন ও রন্ধন করিয়া তখনই তাঁহাদের অতিথিসৎকার করিতে প্রবৃত্ত হইল ॥২॥

তদনন্তর মহাসুর বাতাপি মেষ হইল এবং তাহাকে ছেদন ও রন্ধন করিল, ইহা দেখিয়া রাজর্ষিরা সকলেই বিষণ্ণ ও কর্ত্তব্যজ্ঞানহীন হইলেন ॥৩॥

তৎপরে মহর্ষি অগস্ত্য সেই রাজর্ষিগণকে বলিলেন—'আপনারা বিষণ্ণ হইবেন না ; আমিই মহাসুরকে ভক্ষণ করিব' ॥৪॥

তাহার পর মহর্ষি যাইয়া প্রধান আসনে উপবেশন করিলেন ; তখন ইল্বল-দৈত্য হাসিতে হাসিতেই যেন তাঁহাকে পরিবেশন করিল ॥৫॥

তদনন্তর অগস্ত্যই বাতাপির সমস্ত মাংস ভোজন করিলেন ; তিনি ভোজন করিলে, ইল্বল (পূর্ব্বের ন্যায়ই) বাতাপিকে আহ্বান করিল ॥৬॥

বৎস ! তাহার পর মহামেঘগর্জনের ন্যায় একটা বায়ু মহাশব্দে মহাত্মা অগস্ত্যের অধোদেশ দিয়া নির্গত হইয়া গেল ॥৭॥

---

(৭)···গর্জন্নিব যথা ঘনঃ—বা ব কা নি।

বাতাপে! নিষ্ক্রমস্বেতি পুনঃ পুনরুবাচ হ।
তং প্রহস্যাব্রবীদ্রাজন্নগস্ত্যো মুনিসত্তমঃ ॥৮॥
কুতো নিষ্ক্রমিতুং শক্তো ময়া জীর্ণস্তু সোঽসুরঃ।
ইল্বলস্তু বিষণ্ণোঽভূদ্দৃষ্ট্বা জীর্ণং মহাসুরম্ ॥৯॥
প্রাঞ্জলিশ্চ সহামাত্যৈরিদং বচনমব্রবীৎ।
কিমর্থমুপযাতাঃ স্থ ব্রূত কিং করবাণি বঃ ॥১০॥
প্রত্যুবাচ ততোঽগস্ত্যঃ প্রহসন্নিল্বলং তদা।
ঈশং হ্যসুর! বিদ্মস্ত্বাং বয়ং সর্ব্বে ধনেশ্বরম্ ॥১১॥
এতে চ নাতিধনিনো ধনার্থশ্চ মহান্ মম।
যথাশক্ত্যবিহিংস্যান্যান্ সংবিভাগং প্রয়চ্ছ নঃ ॥১২॥
ততোঽভিবাদ্য তমৃষিমিল্বলো বাক্যমব্রবীৎ।
দিৎসিতং যদি বেৎসি ত্বং ততো দাস্যামি তে বসু ॥১৩॥

ভারতকৌমুদী

তত ইতি। তস্য অগস্ত্যস্য। অত্র গর্জ্জনমেবোপমানম্, মহাঘনো মহামেঘঃ ॥৭॥
বাতাপ ইতি। উবাচ, ইল্বল এবেতি শেষঃ। তমিল্বলম্ ॥৮॥
কুত ইতি। মহাসুরং বাতাপিং জীর্ণং দৃষ্ট্বা অনাগমনাদবগম্য ॥৯॥
প্রেতি। অব্রবীৎ, ইল্বল ইতি শেষঃ। উপযাতা আগতাঃ স্থ যূয়ম্ ॥১০॥
প্রতীতি। ঈশং দানে সমর্থম্। ধনেশ্বরং মহাধনিনম্ ॥১১॥
এত ইতি। এতে চ রাজানঃ। ধনার্থঃ ধনস্য প্রয়োজনম্ ॥১২॥
তত ইতি। দিৎসিতং যুষ্মভ্যং ময়া দাতুমিষ্টম্। বসু ধনম্। মুনের্যোগবলপরীক্ষার্থ-

'বাতাপি! নির্গত হও' এই ভাবে ইল্বল বার বার ডাকিল। রাজা! তখন মুনিশ্রেষ্ঠ অগস্ত্য হাস্য করিয়া তাহাকে বলিলেন—॥৮॥

'বাতাপি কি করিয়া নির্গত হইবে; আমি তাহাকে জীর্ণ করিয়া ফেলিয়াছি।' বাতাপি জীর্ণ হইয়া গিয়াছে জানিয়া ইল্বল বিষণ্ণ হইল ॥৯॥

এবং মন্ত্রিগণের সহিত কৃতাঞ্জলি হইয়া এই কথা বলিল—'আপনারা কি জন্য আসিয়াছেন—বলুন, আমি আপনাদের কি করিব' ॥১০॥

তাহার পর অগস্ত্য তখন হাস্য করিয়া ইল্বলকে কহিলেন—'অসুর! আমরা সকলেই জানি যে, তুমি মহাধনী এবং দান করিতে সমর্থ ॥১১॥

এ রাজারা অধিক ধনী নহেন, অথ চ আমার গুরুতর ধনের প্রয়োজন। অতএব অন্যের যাহাতে কষ্ট না হয়, এমন ভাবে শক্তি অনুসারে আমাদিগকে ধনদান কর' ॥১২॥

অগস্ত্য উবাচ।

গবাং দশ সহস্রাণি রাজ্ঞামেকৈকশোঽসুর ! ।
তাবদেব সুবর্ণস্য দিৎসিতং তে মহাসুর ! ॥১৪॥
মহ্যং ততো বৈ দ্বিগুণং রথশ্চৈব হিরণ্ময়ঃ।
মনোজবৌ বাজিনৌ চ দিৎসিতং তে মহাসুর ! ॥১৫॥
জিজ্ঞাস্যতাং রথঃ সদ্যো ব্যক্ত এব হিরণ্ময়ঃ।
জিজ্ঞাস্যমানঃ স রথঃ কৌন্তেয়াসীদ্ধিরণ্ময়ঃ ॥১৬॥
ততঃ প্রব্যথিতো দৈত্যো দদাবভ্যধিকং বসু।
বিরাবশ্চ সুরাবশ্চ তস্মিন্ যুক্তৌ রথে হয়ৌ ॥১৭॥

ভারতকৌমুদী

মিদমভিহিতম্, অন্যথা যত্নপাত্রে দানং স্যাৎ। বাতাপের্জীর্ণতাকরণন্তু স্বভাবতোঽপি স্যাৎ, জঠরাগ্নের্বৈচিত্র্যাদিতি ভাবঃ॥১৩॥

গবামিতি। সুবর্ণস্য "পঞ্চকৃষ্ণলকো মাষস্তে সুবর্ণস্তু ষোড়শ" ইতি মনুপরিভাষিতস্য স্বর্ণমুদ্রাবিশেষস্য, তাবদেব দশসহস্রসংখ্যানমেব, দিৎসিতং দাতুমিষ্টম্॥১৪॥

মহ্যমিতি। হিরণ্ময়ঃ স্বর্ণময়ঃ। মনস ইব জবো বেগো যয়োস্তৌ বাজিনাবশ্বৌ। তে ত্বয়া, দিৎসিতম্ এতৎ সর্ব্বং দাতুমিষ্টম্॥১৫॥

জিজ্ঞাস্যতামিতি। জিজ্ঞাস্যতাং জ্ঞাতুমিষ্যতাং পরীক্ষ্যতামিত্যর্থঃ॥১৬॥

তত ইতি। প্রব্যথিতঃ, অগস্ত্যস্য পরীক্ষণাদিতি ভাবঃ। অভ্যধিকম্ উক্তদ্বিগুণাদপ্যতিরিক্তম্, বসু ধনম্। বিরাবশ্চ সুরাবশ্চ নাম, হয়াবশ্বৌ॥১৭॥

তাহার পর ইল্বল অগস্ত্যকে অভিবাদন করিয়া এই কথা বলিল—'আমি যাহা দিতে ইচ্ছা করিয়াছি, তাহা যদি আপনি জানিয়া থাকেন, তবেই আমি আপনাকে ধনদান করিব'॥১৩॥

অগস্ত্য বলিলেন—'অসুর ! তুমি এই রাজাদের এক এক জনকে দশ হাজার করিয়া গরু এবং দশ হাজার করিয়া মোহর দিতে ইচ্ছা করিয়াছ॥১৪॥

স্বর্গমিতি। মৎপিতৄন্ মম পিতৃপূর্ব্বপুরুষান্ ॥২০॥

এতদিতি। সুপ্রীতা, পূর্ব্বপুরুষোদ্ধারায় ঈদৃশায়াসস্বীকরণাদিত্যাশয়ঃ ॥২১॥

করিষ্যামীতি। দুর্দ্ধার্য্যমিতি ভাবে প্রত্যয়াৎ "ন কর্তৃকর্ম্মপ্রাপ্তৌ" ইতি কর্ম্মণি ষষ্ঠী-নিষেধাৎ বেগমিতি দ্বিতীয়ৈব, "কাং দিশং গন্তব্যম্" ইতি শ্রীপত্যুদাহৃতবৎ ॥২২॥

নেতি। ধারয়িতুং মম বেগমিতি শেষঃ। বিবুধশ্রেষ্ঠাৎ দেবপ্রধানাৎ ॥২৩॥

তমিতি। প্রচ্যুতাং ভুবি পতন্তীম্ ॥২৪॥

অতএব মহাভাগে! মহানদি! আপনি আমার পূর্ব্বপুরুষ সগরপুত্রদিগকে স্বর্গে প্রেরণ করুন; তাঁহাদের জন্যই আমি আপনার নিকট এই প্রার্থনা করিতেছি' ॥২০॥

লোমশ কহিলেন—'ভগীরথের এই কথা শুনিয়া জগৎপূজনীয়া গঙ্গা সন্তুষ্ট হইয়া ভগীরথকে এই কথা বলিলেন—॥২১॥

'মহারাজ! আমি আপনার প্রার্থনার অনুরূপ কার্য্য করিব, এ বিষয়ে কোন সন্দেহ নাই বটে; কিন্তু আকাশ হইতে ভূতলে পড়িবার সময়ে আমার বেগ ধারণ করা দুষ্কর' ॥২২॥

রাজা! দেবশ্রেষ্ঠ নীলকণ্ঠ মহাদেব ব্যতীত ত্রিভুবনের মধ্যে অন্য কোন লোকই আমার বেগ ধারণ করিতে সমর্থ হইবে না ॥২৩॥

অতএব মহাভাগ! আপনি তপস্যাদ্বারা সেই বরদাতা মহাদেবকে সন্তুষ্ট করুন; তিনিই পড়িবার সময়ে আমাকে মস্তকদ্বারা ধারণ করিবেন ॥২৪॥

---

(২১)···বাক্যমুবাচ প্রীতমানসা—বা ব কা। (২২)···গগনাদ্ভ্রুতম্—পি।

কৈলাসং পর্ব্বতং গত্বা তোষয়ামাস শঙ্করম্ ।
তপস্তীব্রমুপাগম্য কালযোগেন কেনচিৎ ॥২৬॥ (যুগ্মকম্)
অগৃহ্লাচ্চ বরং তস্মাদ্‌গঙ্গায়া ধারণে নৃপ ! ।
স্বর্গে বাসং সমুদ্দিশ্য পিতৄণাং স নরোত্তমঃ ॥২৭॥
ভগীরথবচঃ শ্রুত্বা প্রিয়ার্থঞ্চ দিবৌকসাম্ ।
এবমস্ত্বিতি রাজানং ভগবান্ প্রত্যভাষত ॥২৮॥
ধারয়িষ্যে মহাভাগ ! গগনাৎ প্রচ্যুতাং শিবাম্ ।
দিব্যাং দেবনদীং পুণ্যাং ত্বৎকৃতে নৃপসত্তম ! ॥২৯॥
এবমুক্ত্বা মহাবাহো ! হিমবন্তমুপাগমৎ ।
বৃতঃ পারিষদৈর্ঘোরৈর্নানাপ্রহরণোদ্যতৈঃ ॥৩০॥
তত্র স্থিত্বা নরশ্রেষ্ঠং ভগীরথমুবাচ হ ।
প্রযাচস্ব মহাবাহো ! শৈলরাজসুতাং নদীম্ ॥৩১॥

ভারতকৌমুদী

স ইতি। কামমভীষ্টম্। উপাগম্য অঙ্গীকৃত্য কৃত্বেত্যর্থঃ ॥২৫—২৬॥
অগৃহ্লাদিতি। অগৃহ্লাৎ অযাচতেত্যর্থঃ। স ভগীরথঃ ॥২৭॥
ভগীতি। প্রিয়ার্থং সমুদ্রপূরণরূপপ্রীতিকবকার্য্যার্থম্, দিবৌকসাং দেবানাম্ ॥২৮॥
ধারয়িষ্য ইতি। প্রচ্যুতাং পতিতাম্, শিবাং মঙ্গলকরীম্, দিব্যাং স্বর্গীয়াম্ ॥২৯॥
এবমিতি। উপাগমৎ, ভগবানিতি পূর্ব্বতোঽনুবৃত্তিঃ ॥৩০॥

এবং তিনিই আপনাব পিতৃপুরুষগণের হিত করিবাব ইচ্ছায় আপনার অভীষ্ট সম্পাদন কবিবেন'। রাজা! এই কথা শুনিয়া তাহার পর মহারাজ ভগীরথ কৈলাসপর্ব্বতে যাইয়া তীব্র তপস্যা কবিয়া বহুকাল পরে মহাদেবকে সন্তুষ্ট করিলেন ॥২৫—২৬॥

এবং নবশ্রেষ্ঠ ভগীরথ আপন পিতৃপুরুষগণের স্বর্গে বাস উদ্দেশ্য করিয়া গঙ্গাকে ধারণ করিবার বিষয়ে মহাদেবের নিকট বর প্রার্থনা করিলেন ॥২৭॥

ভগীরথের কথা শুনিয়া ভগবান্ মহাদেব দেবগণেরও প্রীতিকর কার্য্য করিবার জন্য ভগীরথকে বলিলেন—'এইরূপই হউক ॥২৮॥

মহাভাগ রাজশ্রেষ্ঠ! আকাশ হইতে নিপতিতা মঙ্গলকারিণী স্বর্গীয়া পবিত্রা গঙ্গাকে তোমার জন্যই আমি ধারণ করিব' ॥২৯॥

মহাবাহু! মহাদেব এইরূপ বলিয়া—নানাবিধ অস্ত্রধারী ভয়ঙ্কর পারিষদবর্গে পরিবেষ্টিত হইয়া হিমালয়ে গমন করিলেন ॥৩০॥

(২৭) শ্লোকাৎ পরম্ '...অষ্টাধিকশততমোঽধ্যায়ঃ। লোমশ উবাচ' বা ব কা পি নি।

পিতৄণাং পাবনার্থং তে তামহং মনুজাধিপ!।
পতমানাং সরিচ্ছ্রেষ্ঠাং ধারয়িষ্যে ত্রিপিষ্টপাৎ ॥৩২॥
এতচ্ছ্রুত্বা বচো রাজা শর্ব্বেণ সমুদাহৃতম্।
প্রয়তঃ প্রণতো ভূত্বা গঙ্গাং সমনুচিন্তয়ৎ ॥৩৩॥
ততঃ পুণ্যজলা রম্যা রাজ্ঞা সমনুচিন্তিতা।
ঈশানঞ্চ স্থিতং দৃষ্ট্বা গগনাৎ সহসা চ্যুতা ॥৩৪॥
তাং প্রচ্যুতামথো দৃষ্ট্বা দেবাঃ সার্দ্ধং মহর্ষিভিঃ।
গন্ধর্ব্বোরগযক্ষাশ্চ সমাজগ্মুর্দিদৃক্ষবঃ ॥৩৫॥
ততঃ পপাত গগনাদ্গঙ্গা হিমবতঃ সুতা।
সমুদ্ধতমহাবর্ত্তা মীনগ্রাহসমাকুলা ॥৩৬॥

ভারতকৌমুদী

তত্রেতি। প্রযাচস্ব অবতরণমিতি শেষঃ। নদীং গঙ্গাম্ ॥৩১॥
পিতৃণামিতি। পতমানাং পতন্তীম্। ত্রিপিষ্টপাৎ স্বর্গাৎ ॥৩২॥
এতদিতি। শর্ব্বেণ মহাদেবেন। সমনুচিন্তয়দিতি অড়াগমাভাব আর্ষঃ ॥৩৩॥
তত ইতি। পুণ্যজলা গঙ্গা। ঈশানং মহাদেবঞ্চ, স্থিতং ধারণায়েতি শেষঃ ॥৩৪॥
তামিতি। প্রচ্যুতাং পতন্তীম্। দিদৃক্ষবো দ্রষ্টুমিচ্ছবঃ ॥৩৫॥
তত ইতি। সমুদ্ধতো গর্বিত ইব মহানাবর্ত্তো জলভ্রমির্যস্যাঃ সা, গ্রাহো জলজন্তুঃ ॥৩৬॥

তিনি সেই খানে থাকিয়া (দাঁড়াইয়া) নরশ্রেষ্ঠ ভগীরথকে বলিলেন—'মহাবাহু! তুমি পর্ব্বতরাজকন্যা গঙ্গার নিকট তাঁহার অবতরণ প্রার্থনা কর ॥৩১॥

নরনাথ! তোমার পিতৃপুরুষগণকে পবিত্র করিবার জন্য স্বর্গ হইতে পড়িবার সময়ে আমি সেই নদীশ্রেষ্ঠা গঙ্গাকে ধারণ করিব' ॥৩২॥

মহাদেবের এই কথা শুনিয়া রাজা ভগীরথ পবিত্র ও প্রণত হইয়া গঙ্গাকে স্মরণ করিলেন ॥৩৩॥

তাহার পর ভগীরথকর্ত্তৃক স্মৃত হইয়া এবং মহাদেবকে দাঁড়াইয়া থাকিতে দেখিয়া পুণ্যজলা ও রম্যা গঙ্গা তৎক্ষণাৎ আকাশ হইতে পতিত হইলেন ॥৩৪॥

তখন তাঁহাকে পতিত দেখিয়া মহর্ষিদের সহিত দেবগণ এবং গন্ধর্ব্বগণ, নাগগণ ও যক্ষগণ দেখিবার ইচ্ছায় আগমন করিলেন ॥৩৫॥

তাহার পর হিমালয়তনয়া গঙ্গা মৎস্য ও জলজন্তুতে পরিপূর্ণ হইয়াই আকাশ হইতে পতিত হইতে লাগিলেন; সেই সময়েই তাঁহার জলে বিশাল আবর্ত্ত (ঘোলা) সকল উদ্ধতভাবে চলিতে লাগিল ॥৩৬॥

(৩২) প্রথমার্দ্ধং ব্া ব কা পি নাস্তি।

তাং দধার হরো রাজন্ ! গঙ্গাং গগনমেখলাম্ ।
ললাটদেশে পতিতাং মালাং মুক্তাময়ীমিব ॥৩৭॥
সা বভূব বিসর্পন্তী ত্রিধা রাজন্ ! সমুদ্রগা ।
ফেনপুঞ্জাকুলজলা হংসানামিব পঙ্‌ক্তয়ঃ ॥৩৮॥
ক্বচিদাভোগকুটিলা প্রস্খলন্তী ক্বচিৎ ক্বচিৎ ।
সা ফেনপটসংবীতা মত্তেব প্রমদাঽব্রজৎ ।
ক্বচিৎ সা তোয়নিনদৈর্নদন্তী নাদমুত্তমম্ ॥৩৯॥
এবংপ্রকারান্ সুবহূন্ কুর্বতী গগনাচ্চ্যুতা ।
পৃথিবীতলমাসাদ্য ভগীরথমথাব্রবীৎ ॥৪০॥
দর্শয়স্ব মহারাজ ! মার্গং কেন ব্রজাম্যহম্ ।
ত্বদর্থমবতীর্ণাস্মি পৃথিবীং পৃথিবীপতে ! ॥৪১॥

ভারতকৌমুদী

তামিতি। গগনস্থ মেখলাং কাঞ্চীমিব। মুক্তেত্যাদিনা অনায়াসধাবণং সূচিতম্ ॥৩৭॥

সেতি। বিসর্পন্তী নিপতন্তী, ত্রিধা ধাবাত্রয়েণ বিভক্তা, হবস্থ দ্বিধাবিভক্তজটাগ্রদ্বয়াৎ নাসিকাগ্রাচ্চ স্রবণাদিতি ভাবঃ, সমুদ্রগা সমুদ্রাভিমুখগমনপ্রবৃত্তা ॥৩৮॥

ক্বচিদিতি। আ সম্যগ্‌ভোগঃ সর্পশরীবং তদ্বৎ কুটিলা বক্রা, অন্যত্র আ ভোগায় সম্যগ্‌রতিসুখায় কুটিলা বক্রাভিপ্রায়া, ক্বচিৎ ক্বচিৎ উন্নতপাষাণাদৌ, প্রস্খলন্তী প্রতিহত-বেগা, ফেনঃ পট ইব তেন সংবীতা আবৃতা। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩৯॥

এবমিতি। এবম্ ঈদৃশান্, প্রকারান্ অবস্থাঃ। চ্যুতা পতিতা ॥৪০॥

দর্শয়স্বেতি। মার্গং মদ্‌গমনপথম্, কেন মার্গেণ ॥৪১॥

রাজা ! তখন আকাশের মেখলার ন্যায় গঙ্গা মহাদেবের ললাটদেশে পতিত হইতে লাগিলেন ; মহাদেবও মুক্তাময়ী মালার ন্যায় তাঁহাকে ধারণ করিতে থাকিলেন ॥৩৭॥

রাজা ! গঙ্গা পতিত হইতে থাকিয়াই তিন ভাগে বিভক্ত হইয়া সমুদ্রাভি-মুখে চলিতে লাগিলেন ; তখন হংসশ্রেণীর ন্যায় ফেনরাশিতে তাঁহার জল ব্যাপ্ত হইতে থাকিল ॥৩৮॥

কোথাও সর্পশরীরের ন্যায় বক্রা, কোথাও কোথাও প্রতিহতবেগা এবং কোথাও জলের শব্দে মনোহরশব্দকারিণী হইয়া এবং ফেনবসনে দেহ আবৃত করিয়া, মত্তা কামিনীর ন্যায় তিনি চলিতে লাগিলেন ॥৩৯॥

গঙ্গা আকাশ হইতে পড়িবার সময়ে এইরূপ বহুবিধ ভাব করিয়া, তাহার পর ভূতলে আসিয়া ভগীবথকে বলিলেন—॥৪০॥

এতচ্ছ্রুত্বা বচো রাজা প্রাতিষ্ঠত ভগীরথঃ।
যত্র তানি শরীরাণি সাগরাণাং মহাত্মনাম্।
প্লাবনার্থং নরশ্রেষ্ঠ! পুণ্যেন সলিলেন চ ॥৪২॥
গঙ্গায়া ধারণং কৃত্বা হরো লোকনমস্কৃতঃ।
কৈলাসং পর্ব্বতশ্রেষ্ঠং জগাম ত্রিদশৈঃ সহ ॥৪৩॥
সমাসাদ্য সমুদ্রঞ্চ গঙ্গয়া সহিতো নৃপঃ।
পূরয়ামাস বেগেন সমুদ্রং বরুণালয়ম্ ॥৪৪॥
দুহিতৃত্বে চ নৃপতির্গঙ্গাং সমনুকল্পয়ৎ।
পিতৃণাঞ্চোদকং তত্র দদৌ পূর্ণমনোরথঃ ॥৪৫॥
এতত্তে সর্বমাখ্যাতং গঙ্গা ত্রিপথগা যথা।
পূরণার্থং সমুদ্রস্য পৃথিবীমবতারিতা ॥৪৬॥
কালেয়াশ্চ মহারাজ! ত্রিদশৈর্বিনিপাতিতাঃ।
সমুদ্রশ্চ যথা পীতঃ কারণার্থং মহাত্মনা ॥৪৭॥

ভারতকৌমুদী

এতদিতি। প্রাতিষ্ঠত পন্থানং প্রদর্শয়ন্ অগ্রে অগ্রে অগচ্ছৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৪২॥

গঙ্গায়া ইতি। ত্রিদশৈঃ—গঙ্গায়াঃ পতনদর্শনেচ্ছয়া প্রাগাগতৈর্দেবৈঃ ॥৪৩॥

সমাসাদ্যেতি। পূরয়ামাস গঙ্গায়া জলদ্বারা ॥৪৪॥

দুহিতৃত্ব ইতি। গঙ্গাং দুহিতৃত্বে সমনুকল্পয়ৎ, তস্যাঃ পৃথিব্যামুৎপাদনাদিত্যাশয়ঃ। অতএব সা ভাগীরথীত্যাখ্যায়তে। সমনুকল্পয়দিত্যড়াগমাভাব আর্ষঃ ॥৪৫॥

'মহারাজ! আমি কোন্ পথে যাইব, তাহা আপনি দেখাইয়া দিন; পৃথিবীপতি! আমি আপনার জন্যই পৃথিবীতে অবতীর্ণ হইয়াছি' ॥৪১॥

নরশ্রেষ্ঠ! ভগীরথরাজা এই কথা শুনিয়া—যেখানে মহাত্মা সগরপুত্রগণের সেই শরীরগুলি ছিল, সে গুলিকে গঙ্গার পবিত্র জলদ্বারা প্লাবিত করাইবার জন্য সেই পথে চলিতে লাগিলেন ॥৪২॥

জগৎপূজিত মহাদেব গঙ্গাকে ধারণ করিয়া দেবগণের সহিত পর্বতশ্রেষ্ঠ কৈলাসে চলিয়া গেলেন ॥৪৩॥

রাজা ভগীরথও গঙ্গার সহিত সমুদ্রে যাইয়া তাঁহার জলদ্বারা বরুণালয় সমুদ্রকে বেগে পরিপূর্ণ করিলেন ॥৪৪॥

এবং তিনি গঙ্গাকে আপন কন্যারূপে কল্পনা করিলেন, আর সেখানে পিতৃপুরুষগণকে গঙ্গাজল দান করিয়া পূর্ণমনোরথ হইলেন ॥৪৫॥

---

(৪৭) প্রথমার্দ্ধং বা ব কা পি নাস্তি।

বাতাপিশ্চ যথা নীতঃ ক্ষয়ং স ব্রহ্মহা প্রভো ! ।
অগস্ত্যেন মহারাজ ! যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥৪৮॥ (বিশেষকম্)
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং গঙ্গাবতরণকথনে একনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

—:০:—

দ্বিনবতিতমোঽধ্যায়ঃ

—— ০০ (*) ০০ ——

বৈশম্পায়ন উবাচ।
ততঃ প্রয়াতঃ কৌন্তেয়ঃ ক্রমেণ ভরতর্ষভ ! ।
নন্দামপরনন্দাঞ্চ নদ্যৌ পাপভয়াপহে ॥১॥
পর্বতং স সমাসাদ্য হেমকূটমনাময়ম্ ।
অচিন্ত্যানদ্ভুতান্ ভাবান্ দদর্শ সুবহূন্ নৃপঃ ॥২॥

ভারতকৌমুদী

এতদিতি। অবতারিতা আনীতা। কারণার্থং কালেয়বিনাশরূপপ্রয়োজনসাধনার্থম্। ব্রহ্মহা ব্রহ্মহত্যাকারী। মহাত্মনা অগস্ত্যেনেতি সম্বন্ধঃ ॥৪৬—৪৮॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামেকনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

তত ইতি। ততো ভৃগুতীর্থাৎ, প্রয়াতো গতঃ, কৌন্তেয়ো যুধিষ্ঠিরঃ ॥১॥

মহারাজ যুধিষ্ঠির ! তুমি আমাকে যাহা জিজ্ঞাসা করিয়াছিলে—অর্থাৎ সমুদ্রপূরণের জন্য ত্রিপথগামিনী গঙ্গাকে যে পৃথিবীতে আনয়ন করা হইয়াছিল, দেবতারা কালেয় অসুরগণকে যে নিপাত করিয়াছিলেন, দেবগণের উদ্দেশ্য সাধন করিবার জন্য মহাত্মা অগস্ত্য যে সমুদ্রকে পান করিয়াছিলেন এবং তিনি—সেই ব্রহ্মহত্যাকারী বাতাপি দানবকে যে ক্ষয় করিয়াছিলেন, সেই সমস্তই এই তোমার নিকট বলিলাম' ॥৪৬—৪৮॥

——:(*):——

বৈশম্পায়ন বলিলেন—ভরতশ্রেষ্ঠ জনমেজয় ! যুধিষ্ঠির সেই ভৃগুতীর্থ হইতে ক্রমে পাপভয়নাশিনী নন্দা ও অপরনন্দানাম্নী দুইটী নদীতে গমন করিলেন ॥১॥

---

* '…নবাধিকশততমোঽধ্যায়ঃ' বা ব কা পি নি।

বাচা যত্রাভবন্ মেঘা উপলাশ্চ সহস্রশঃ।
নাশক্নুবংস্তমারোঢ়ুং বিষণ্ণমনসো জনাঃ ॥৩॥
বায়ুর্নিত্যং ববৌ তত্র নিত্যং দেবশ্চ বর্ষতি।
স্বাধ্যায়ঘোষশ্চ তথা শ্রূয়তে ন চ দৃশ্যতে ॥৪॥
সায়ং প্রাতশ্চ ভগবান্ দৃশ্যতে হব্যবাহনঃ।
মক্ষিকাশ্চাদশংস্তত্র তপসঃ প্রতিঘাতিকাঃ।
নির্ব্বেদো জায়তে তত্র গৃহাণি স্মরতে জনঃ ॥৫॥
এবং বহুবিধান্ ভাবানদ্ভুতান্ বীক্ষ্য পাণ্ডবঃ।
লোমশং পুনরেবাথ পর্য্যপৃচ্ছত্তদদ্ভুতম্ ॥৬॥

ভারতকৌমুদী

পর্ব্বতমিতি। অনাময়ং নিরুপদ্রবম্। ভাবান্ পদার্থান্ ॥২॥

বাচেতি। বাচা বাগুচ্চারণমাত্রেণ। উপলাঃ পাষাণাঃ। তং হেমকূটপর্ব্বতম্ ॥৩॥

বায়ুরিতি। স্বাধ্যায়ঘোষো বেদপাঠধ্বনিঃ, ন চ দৃশ্যতে তৎপাঠক ইতি শেষঃ ॥৪॥

সায়মিতি। হব্যবাহনো বহ্নিঃ। নির্ব্বেদো বৈরাগ্যম্, গৃহাণি ভার্য্যাদীন্। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৫॥

এবমিতি। ভাবান্ পদার্থান্। পাণ্ডবো যুধিষ্ঠিরঃ ॥৬॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১॥ ভাবান্ পদার্থান্ ॥২॥ বাতাবদ্ধা বাতেনাবদ্ধা মেঘা উপলাশ্চ ভবন্ বাতং বিনৈব সহসা মেঘাঃ শিলাশ্চ প্রযুজ্যন্তে ইত্যর্থঃ। ভবন্নিত্যড়ভাব আর্ষঃ। বাচা যত্র ভবন্নিতি পাঠেশব্দোচ্চারণেনৈব যত্র মেঘা উপলাশ্চ, হে ভবন্! ভাসমান! আবির্ভবন্তীতি শেষঃ॥৩॥ ন চ দৃশ্যতেঽধ্যেতা ॥৪॥ নির্ব্বেদো গিরিদর্শনবৈরাগ্যম্, গৃহাণি স্ত্র্যাদীনি ॥৫—৬॥

তিনি নিরুপদ্রব হেমকূটপর্ব্বতে যাইয়া অচিন্তনীয় ও অদ্ভুত বহুতর পদার্থ দর্শন করিলেন ॥২॥

যেখানে যে কোন বাক্য উচ্চারণ করা মাত্রেই সহস্র সহস্র মেঘ ও পাষাণ আবির্ভূত হইত এবং বিষণ্ণচিত্ত লোকেরা সেই পর্বতে আরোহণ করিতে সমর্থ হইত না ॥৩॥

এবং সর্ব্বদাই সেখানে বায়ু বহিত হয়, সর্ব্বদাই মেঘ বর্ষণ করে এবং বেদপাঠের শব্দ শুনা যায়, অথ চ তাহার পাঠককে দেখা যায় না ॥৪॥

আর, সেখানে প্রাতঃকালে ও সন্ধ্যাকালে ভগবান্ অগ্নিকে দেখা যায়, তপস্যার বিঘ্নকারী মক্ষিকা সকল আসিয়া দংশন করে, তপস্যায় মানুষের বৈরাগ্য উপস্থিত হয় এবং মানুষ গৃহপ্রভৃতি স্মরণ করিতে থাকে ॥৫॥

(৩) বাতাবদ্ধা ভবন্ মেঘাঃ···বা ব কা। (৫)···মক্ষিকাশ্চাপ্যপশ্যন্ত···পি।

লোমশ উবাচ।

যথা শ্রুতমিদং পূর্ব্বমস্মাভিররিকর্ষণ ! ।
তদেকাগ্রমনা রাজন্ ! নিবোধ গদতো মম ॥৭॥
অস্মিন্নৃষভকূটেঽভূদৃষভো নাম তাপসঃ ।
অনেকশতবর্ষায়ুস্তপস্বী কোপনো ভৃশম্ ॥৮॥
স বৈ সম্ভাষ্যমাণোঽন্যৈঃ কোপাদ্‌গিরিমুবাচ হ ।
য ইহ ব্যাহরেৎ কশ্চিদুপলান্ৎসৃজেস্তদা ॥৯॥
বাতঞ্চাহূয় মা শব্দমিত্যুবাচ স তাপসঃ ।
ব্যাহরংশ্চেহ পুরুষো মেঘশব্দেন বার্য্যতে ॥১০॥
এবমেতানি কর্ম্মাণি রাজংস্তেন মহর্ষিণা ।
কৃতানি কানিচিৎ ক্রোধাৎ প্রতিষিদ্ধানি কানিচিৎ ॥১১॥

ভারতকৌমুদী

যথেতি। গদতো মম সকাশাৎ, নিবোধ শৃণু ॥৭॥
অস্মিন্নিতি। কূটে শৃঙ্গে ঋষভমুনেরবস্থানাদৃষভকূট এব হেমকূটস্য নামাভূৎ ॥৮॥
স ইতি। গিরিং হেমকূটম্। ব্যাহরেৎ বাচমুচ্চারয়েৎ। উপলান্ পাষাণান্ ॥৯॥
বাতমিতি। বাতং বায়ুম্। মা শব্দং কুর্বিতি শেষঃ। ব্যাহরন্ বাচমুচ্চারয়ন্ ॥১০॥
এবমিতি। কৃতানি উপলবর্ষণাদীনি। প্রতিষিদ্ধানি বায়োরপি শব্দকরণাদীনি ॥১১॥

এইরূপ বহুবিধ অদ্ভুত ভাব দর্শন করিয়া যুধিষ্ঠির পুনরায় সেই অদ্ভুত ব্যাপারগুলির বিষয় লোমশের নিকট জিজ্ঞাসা করিলেন ॥৬॥

লোমশ বলিলেন—'শত্রুনাশক রাজা! পূর্বে আমরা যেমন শুনিয়াছি, তেমনই বলিতেছি; তুমি একাগ্রচিত্ত হইয়া তাহা আমার নিকট শ্রবণ কর ॥৭॥

পূর্বকালে এই ঋষভকূট-(হেমকূট) পর্ব্বতে 'ঋষভ'-নামে এক তপস্বী ছিলেন; তিনি অতিপ্রাচীন, তপস্বী ও অত্যন্তকোপনস্বভাব ছিলেন ॥৮॥

একদা অন্য লোক আসিয়া তাঁহার সহিত আলাপে প্রবৃত্ত হইলে, তিনি কোপবশতঃ এই পর্বতকে বলিয়াছিলেন—'যে কোন লোক এখানে আসিয়া কথা বলিবে, তুমি তখনই তাহার উপরে প্রস্তর নিক্ষেপ করিবে' ॥৯॥

এবং তিনি বায়ুকে ডাকিয়া বলিয়াছিলেন—'বায়ু! তুমিও শব্দ করিও না'। তাই এখানে মানুষ কথা বলিলেই, বায়ু মেঘশব্দদ্বারা তাহাকে বারণ করে ॥১০॥

রাজা! এই ভাবে সেই মহর্ষি ক্রোধবশতঃ কতকগুলি কার্য্যের বিধান এবং কতকগুলি কার্য্যের নিষেধ করিয়াছিলেন ॥১১॥

নন্দাং হ্যভিগতা দেবাঃ পুরা রাজন্নিতি শ্রুতিঃ।
অন্বপদ্যন্ত সহসা পুরুষা দেবদর্শিনঃ ॥১২॥
তে দর্শনং ত্বনিচ্ছন্তো দেবাঃ শক্রপুরোগমাঃ।
দুর্গং চক্রুরিমং দেশং গিরিপ্রত্যূহরূপকম্ ॥১৩॥
তদা প্রভৃতি কৌন্তেয়! নরা গিরিমিমং সদা।
নাশক্নুবন্নভিদ্রষ্টুং কুত এবাধিরোহিতুম্ ॥১৪॥
নাতপ্ততপসা শক্যো দ্রষ্টুমেষ মহাগিরিঃ।
আরোঢুং বাপি কৌন্তেয়! তস্মান্নিয়তবাগ্ ভব ॥১৫॥
ইহ দেবাস্তদা সর্ব্বে যজ্ঞানাজহ্রুরুত্তমান্।
তেষামেতানি লিঙ্গানি দৃশ্যন্তেঽদ্যাপি ভারত! ॥১৬॥
কুশাকারেব দূর্বেয়ং সংস্তীর্ণেব চ ভূরিয়ম্।
যূপপ্রকারা বহবো বৃক্ষাশ্চেমে বিশাংপতে! ॥১৭॥

ভারতকৌমুদী

ইদানীং পর্ব্বতারোহণব্যাঘাতমাহ চতুর্ভিঃ। নন্দামিতি। অন্বপদ্যন্ত অন্বসরন্ ॥১২॥
ত ইতি। দর্শনম্ আত্মপ্রত্যক্ষম্। দুর্গং দুর্গমম্, গিরিরেব প্রত্যূহরূপো যত্র তম্ ॥১৩॥
তদেতি। অধিরোহিতুম্ অধিরোঢুম্, ইডাগম আর্ষঃ ॥১৪॥
নেতি। নিয়তবাক্ নিবৃত্তবচনো ভব, পর্ব্বতকর্তৃকোপলবর্ষণভয়াদিতি ভাবঃ ॥১৫॥
ইহেতি। আজহ্রুঃ অনুষ্ঠিতবন্তঃ। তেষাং যজ্ঞানাম্, লিঙ্গানি চিহ্নানি ॥১৬॥

ভারতভাবদীপঃ

পৃষ্টশ্চ লোমশ উবাচ—যথা শ্রুতমিতি ॥৭॥ ঋষভকূটে ঋষভাশ্রিতে শৈলশৃঙ্গে ॥৮—৯॥ মা শব্দং কুর্ব্বিতি শেষঃ ॥১০—১১॥ অন্বপদ্যন্ত অনুগতবন্তঃ, দেবদর্শিনো দেবদর্শনার্থিনঃ ॥১২॥

রাজা! ইহাও আমাদের শুনা আছে যে, পূর্ব্বকালে দেবতারা একদা এই নন্দানদীতে আসিতেছিলেন; তখন মানুষেরা তাঁহাদিগকে দেখিবার জন্য তাঁহাদের অনুসরণ করিয়াছিল ॥১২॥

তখন ইন্দ্রপ্রভৃতি সেই দেবতারা দেখা দেওয়ার অনিচ্ছাবশতঃ এই পর্বতরূপ বিঘ্নদ্বারা এই দেশটাকে মানুষের পক্ষে দুর্গম করিয়াছিলেন ॥১৩॥

কুন্তীনন্দন! সেই অবধি মানুষেরা এই পর্ব্বত দেখিতেও পারে না; সুতরাং কি করিয়া আরোহণ করিবে ॥১৪॥

যে লোক তপস্যা করে নাই, সে লোক এই মহাগিরি দেখিতে বা আরোহণ করিতে পারে না। অতএব কুন্তীনন্দন! তুমি নীরব হও ॥১৫॥

ভরতনন্দন! তখন দেবতারা সকলে এই খানেই উত্তম উত্তম যজ্ঞ করিয়াছিলেন; সে যজ্ঞগুলির এই সকল চিহ্ন অদ্যাপি দেখা যাইতেছে ॥১৬॥

দেবাশ্চ ঋষয়শ্চৈব বসন্ত্যদ্যাপি ভারত ! ।
তেষাং সায়ং তথা প্রাতর্দৃশ্যতে হব্যবাহনঃ ॥১৮॥
ইহাপ্লুতানাং কৌন্তেয় ! সদ্যঃ পাপ্মাভিহন্যতে ।
কুরুশ্রেষ্ঠাভিষেকং বৈ তস্মাৎ কুরু সহানুজঃ ॥১৯॥
ততো নন্দাপ্লুতাঙ্গস্ত্বং কৌশিকীমভিযাস্যসি ।
বিশ্বামিত্রেণ যত্রোগ্রং তপস্তপ্তমনুত্তমম্ ॥২০॥

বৈশম্পায়ন উবাচ । ণ

ততস্তত্র সমাপ্লুত্য গাত্রাণি সগণো নৃপঃ ।
জগাম কৌশিকীং পুণ্যাং রম্যাং শীতজলাং শুভাম্ ॥২১॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামৃষভমাহাত্ম্যকথনে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তানি লিঙ্গান্যাহ কুশেতি। সংস্তীর্ণা কৃতকুশাস্তরণা ॥১৭॥
দেবা ইতি। বসন্তি অদৃশ্যভাবেনেতি ভাবঃ। হব্যবাহনো যজ্ঞাগ্নিঃ ॥১৮॥
ইহেতি। আপ্লুতানাং স্নাতানাম্। হে কুরুশ্রেষ্ঠ! তস্মাদিহ অভিষেকং কুরু ॥১৯॥
তত ইতি। নন্দায়াং নদ্যামাপ্লুতানি অবগাঢানি অঙ্গানি যস্য সঃ। কৌশিকীং নদীম্ ॥২০॥

ভারতভাবদীপঃ

প্রত্যুহরূপকং দর্শনে বিঘ্নরূপম্ ॥১৩—১৪॥ নিয়তবাঙ্মৌনবান্ ॥১৫—১৮॥ হে কুরুশ্রেষ্ঠ! ইতি চ্ছেদঃ ॥১৯—২১॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯২॥

নরনাথ! এই দূর্বাগুলি যেন কুশের মত, এই ভূমিটা যেন কুশাস্তৃত এবং এই বহুতর বৃক্ষও যেন যূপের তুল্য দেখা যাইতেছে ॥১৭॥

ভরতনন্দন! সেই দেবতারা ও ঋষিরা প্রচ্ছন্নভাবে অদ্যাপি এখানে বাস করিতেছেন; তাই প্রাতঃকালে ও সন্ধ্যাকালে তাঁহাদেরই যজ্ঞাগ্নি দেখা যায় ॥১৮॥

কুরুশ্রেষ্ঠ কুন্তীনন্দন! এখানে যাহারা স্নান করে, তাহাদের সদ্যই পাপ নষ্ট হয়। অতএব তুমি অনুজগণের সহিত এই খানে স্নান কর ॥১৯॥

এই নন্দানদীতে স্নান করিয়া তাহার পর তুমি কৌশিকীনদীতে যাইবে; যে খানে বিশ্বামিত্র অত্যুত্তম ও ভয়ঙ্কর তপস্যা করিয়াছিলেন' ॥২০॥

ণ অয়ং পাঠঃ বা ব কা পি নাস্তি। * '...দশাধিকশততমোঽধ্যায়ঃ' পি নি, বা ব কা অধ্যায়সমাপ্তির্নাস্তি।

ত্রিনবতিতমোঽধ্যায়ঃ

—— ০০(*)০০ ——

লোমশ উবাচ।

এষা দেবনদী পুণ্যা কৌশিকী ভরতর্ষভ!।
বিশ্বামিত্রাশ্রমো রম্য এষ চাত্র প্রকাশতে ॥১॥
আশ্রমশ্চৈব পুণ্যাখ্যঃ কাশ্যপস্য মহাত্মনঃ।
ঋষ্যশৃঙ্গঃ সুতো যস্য তপস্বী সংযতেন্দ্রিয়ঃ ॥২॥
তপসো যঃ প্রভাবেণ বর্ষয়ামাস বাসবম্।
অনাবৃষ্ট্যাং ভয়াদ্‌যস্য ববর্ষ বলবৃত্রহা ॥৩॥

ভারতকৌমুদী

তত ইতি। তত্র নন্দানদ্যাম্। সগণঃ সপরিজনঃ। কৌশিকীং নদীম্ ॥২১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং দ্বিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

এষেতি। পুণ্যা পুণ্যজনিকা, অতএব দেবনদী দেবানামপ্যাদৃতা নদী ॥১॥

আশ্রম ইতি। কাশ্যপস্য কাশ্যপগোত্রজস্য বিভাণ্ডকস্য। ঋষ্যস্য মৃগবিশেষস্যেব শৃঙ্গং যস্য সঃ। অয়ং মূর্দ্ধন্যষকারবান্ তালব্যশকারবাংশ্চ, "গোকর্ণপৃষতৈণর্ষ্যরোহিতাঃ" ইত্যমরোক্তেঃ, "গতং রোহিদ্ভূতাং রিরময়িষুমৃষ্যস্য বপুষা" ইতি মহিম্নঃ স্তোত্রাৎ, "বলবদৃশ্যা দৃশ্যা স্থলী" ইতি বৃন্দাবনযমকাচ্চ ॥২॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যুধিষ্ঠির সহচরদিগের সহিত সেই নন্দা-নদীতে স্নান করিয়া পুণ্যজনিকা, মনোহরা, শীতলজলা ও মঙ্গলকারিণী কৌশিকী-নদীতে গমন করিলেন ॥২১॥

———*(:০:)*———

লোমশ বলিলেন—'ভরতশ্রেষ্ঠ! পুণ্যজনিকা ও দেবাদৃতা এই কৌশিকী-নদী এবং ইহার তীরে এই মনোহর বিশ্বামিত্রের আশ্রম শোভা পাইতেছে ॥১॥

আর, মহাত্মা বিভাণ্ডকমুনির এই পুণ্যাখ্য আশ্রম দেখা যাইতেছে; যাঁহার পুত্র ঋষ্যশৃঙ্গ তপস্বী ও সংযতেন্দ্রিয় ছিলেন ॥২॥

যিনি তপস্যার প্রভাবে ইন্দ্রদ্বারা বর্ষণ করাইয়াছিলেন এবং ইন্দ্রও যাঁহার ভয়ে অনাবৃষ্টির সময়ে বর্ষণ করিয়াছিলেন ॥৩॥

মৃগ্যাং জাতঃ স তেজস্বী কাশ্যপস্য সুতঃ প্রভুঃ ।
বিষয়ে লোমপাদস্য যশ্চকারাদ্ভুতং মহৎ ॥৪॥
প্রবর্ত্তিতেষু শস্যেষু যস্মৈ শান্তাং দদৌ নৃপঃ ।
লোমপাদো দুহিতরং সাবিত্রীং সবিতা যথা ॥৫॥

যুধিষ্ঠির উবাচ ।

ঋষ্যশৃঙ্গঃ কথং মৃগ্যামুৎপন্নঃ কাশ্যপাত্মজঃ ।
বিরুদ্ধে যোনিসংসর্গে কথঞ্চ তপসা যুতঃ ॥৬॥
কিমর্থঞ্চ ভয়াচ্ছক্রস্তস্য বালস্য ধীমতঃ ।
অনাবৃষ্ট্যাং প্রবৃত্তায়াং ববর্ষ বলবৃত্রহা ॥৭॥
কথংরূপা চ সা শান্তা রাজপুত্রী যতব্রতা ।
লোভয়ামাস যা চেতো মৃগভূতস্য তস্য বৈ ॥৮॥
লোমপাদশ্চ রাজর্ষির্যদাশ্রূয়ত ধার্ম্মিকঃ ।
কথং বৈ বিষয়ে তস্য নাবর্ষৎ পাকশাসনঃ ॥৯॥

ভারতকৌমুদী

তপস ইতি। বর্ষয়ামাস বৃষ্টিং কারয়ামাস। বলবৃত্রহা ইন্দ্রঃ ॥৩॥
মৃগ্যামিতি। কাশ্যপস্য বিভাণ্ডকস্য। বিষয়ে দেশে, লোমপাদস্য রাজ্ঞঃ ॥৪॥
প্রবর্ত্তিতেম্বিতি। প্রবর্ত্তিতেষু বৃষ্ট্যা উৎপাদিতেষু। শান্তাং নাম ॥৫॥
ঋষ্যেতি। যোনিসংসর্গে বিরুদ্ধে সতি ভিন্নপ্রাণিত্বাদিতি ভাবঃ। জাত ইতি শেষঃ ॥৬॥
কিমর্থমিতি। শক্র ইন্দ্রঃ, তস্য ঋষ্যশৃঙ্গস্য। প্রবৃত্তায়ামুপস্থিতায়াম্ ॥৭॥
কথমিতি। কথংরূপা কিম্ভূতা আসীৎ। যতম্ ইন্দ্রিয়সংযম এব ব্রতং যস্যাঃ সা ॥৮॥

তেজস্বী ও তপঃপ্রভাবশালী সেই ঋষ্যশৃঙ্গ লোমপাদরাজার রাজ্যে বিভাণ্ডক-মুনির ঔরসে মৃগীর গর্ভে জন্মিয়াছিলেন; যিনি গুরুতর অদ্ভুত কার্য্য করিয়াছিলেন ॥৪॥

সূর্য্য যেমন সাবিত্রীকে দান করিয়াছিলেন, সেই রূপ লোমপাদরাজা শস্য উৎপন্ন হইলে আপন কন্যা শান্তাকে যাঁহার হস্তে দান করিয়াছিলেন ॥৫॥

যুধিষ্ঠির বলিলেন—'বিভাণ্ডকমুনির পুত্র ঋষ্যশৃঙ্গ কি করিয়া মৃগীর গর্ভে উৎপন্ন হইলেন? বিভিন্ন প্রাণীর সংসর্গজাত সন্তানই বা কি করিয়া তপস্বী হইল? ॥৬॥

বল ও বৃত্রাসুরহন্তা ইন্দ্রই বা কি জন্য অনাবৃষ্টির সময়ে সেই বালক ঋষ্যশৃঙ্গের ভয়ে বর্ষণ করিয়াছিলেন? ॥৭॥

আর, সেই রাজকন্যা শান্তাই বা কিরূপ ছিলেন, যিনি সংযত হইয়া মৃগভূত ঋষ্যশৃঙ্গের চিত্ত লুব্ধ করিয়াছিলেন ॥৮॥

এতন্মে ভগবন্! সর্ব্বং বিস্তরেণ যথাতথম্।
বক্তুমর্হসি শুশ্রূষোর্ঋষ্যশৃঙ্গস্য চেষ্টিতম্ ॥১০॥
লোমশ উবাচ।
বিভাণ্ডকস্য বিপ্রর্ষেস্তপসা ভাবিতাত্মনঃ।
অমোঘবীর্য্যস্য সতঃ প্রজাপতিসমদ্যুতেঃ ॥১১॥
শৃণু পুত্রো যথা জাত ঋষ্যশৃঙ্গঃ প্রতাপবান্।
মহার্হস্য মহাতেজা বালঃ স্থবিরসম্মতঃ ॥১২॥ (যুগ্মকম্)
মহাহ্রদং সমাসাদ্য কাশ্যপস্তপসি স্থিতঃ।
দীর্ঘকালং পরিশ্রান্ত ঋষিঃ স দেবসম্মিতঃ ॥১৩॥
তস্য রেতঃ প্রচস্কন্দ দৃষ্ট্বাপ্সরসমুর্ব্বশীম্।
অপ্সূপস্পৃশতো রাজন্! মৃগী তচ্চাপিবত্তদা ॥১৪॥

ভারতকৌমুদী

লোমেতি। যদা ধার্ম্মিকঃ অশ্রূয়ত, তদা কথম্, তস্য বিষয়ে দেশে রাজ্যে ॥৯॥

এতদিতি। শুশ্রূষোঃ শ্রোতুমিচ্ছোঃ। চেষ্টিতং চরিতম্ ॥১০॥

বিভেতি। ভাবিতাত্মনঃ শোধিতচিত্তস্যাপি সত ইতি সম্বন্ধঃ। মহার্হস্য মহর্ষিত্বান্মহামান্যস্য। স্থবিরসম্মতঃ জ্ঞানতপোঽতিরেকাদ্‌বৃদ্ধত্বেন লোকৈরভিমতঃ ॥১১—১২॥

মহেতি। কাশ্যপো বিভাণ্ডকঃ। দীর্ঘকালং তপসি স্থিতঃ অতএব পরিশ্রান্তঃ ॥১৩॥

ভারতভাবদীপঃ

এষেতি ॥১॥ কাশ্যপস্য বিভাণ্ডকস্য। ঋশ্যেতি তালব্যাদিঃ, মূর্দ্ধন্যাদিপাঠঃ প্রামাদিকঃ, ঋশ্যো মৃগস্তস্যৈব শৃঙ্গমস্যাস্তীতি ঋষ্যশৃঙ্গঃ, "ঋশ্যো ন ঋষ্যন্" ইতি মন্ত্রবর্ণাৎ ॥২—৯॥ শুশ্রূষোর্মে

এবং রাজর্ষি লোমপাদকে যখন ধার্ম্মিক বলিয়া শুনা যায়, তখন তাঁহার রাজ্যেই বা কেন ইন্দ্র বর্ষণ করেন নাই? ॥৯॥

ভগবন্! আমি শুনিতে ইচ্ছা করি; অতএব আপনি এই সমস্ত ঋষ্যশৃঙ্গের চরিত্র বিস্তরক্রমে এবং যথাযথভাবে আমার নিকট বলুন' ॥১০॥

লোমশ বলিলেন—'অব্যর্থবীর্য্য, ব্রহ্মার তুল্য তেজস্বী, মহামান্য এবং ব্রহ্মর্ষি বিভাণ্ডকমুনি তপঃপ্রভাবে শোধিতচিত্ত হইলেও, তপঃপ্রভাবশালী, মহাতেজা এবং বালক হইয়াও স্থবিরসম্মত ঋষ্যশৃঙ্গ যে ভাবে তাঁহার পুত্র হইয়াছিলেন, তাহা তুমি শ্রবণ কর ॥১১—১২॥

কাশ্যপগোত্র ও দেবতুল্য সেই বিভাণ্ডকমুনি কোন মহাহ্রদে যাইয়া দীর্ঘকাল তপস্যায় প্রবৃত্ত থাকিয়া পরিশ্রান্ত হইয়াছিলেন ॥১৩॥

রাজা! একদা তিনি স্নান করিতেছিলেন, এমন সময়ে অপ্সরা উর্ব্বশীকে

সহ তোয়েন তৃষিতা গর্ভিণী চাভবত্ততঃ।
সা পুরোক্তা ভগবতা ব্রহ্মণা লোককর্ত্তৃণা ॥১৫॥ (যুগ্মকম্)
দেবকন্যা মৃগী ভূত্বা মুনিং সূয় বিমোক্ষ্যসে।
অমোঘত্বাদ্বিধেশ্চৈব ভাবিত্বাদ্দৈবনির্ম্মিতাৎ ॥১৬॥
তস্যাং মৃগ্যাং সমভবত্তস্য পুত্রো মহানৃষিঃ।
ঋষ্যশৃঙ্গস্তপোনিত্যো বন এবাভ্যবর্ত্তত ॥১৭॥ (যুগ্মকম্)
তস্যর্ষেঃ শৃঙ্গং শিরসি রাজন্নাসীন্মহাত্মনঃ।
তেনর্ষ্যশৃঙ্গ ইত্যেবং তদা স প্রথিতোঽভবৎ ॥১৮॥
ন তেন দৃষ্টপূর্ব্বোঽন্যঃ পিতুরন্যত্র মানুষঃ।
তস্মাত্তস্য মনো নিত্যং ব্রহ্মচর্য্যেঽভবন্নৃপ! ॥১৯॥

ভারতকৌমুদী

তস্যেতি। উপস্পৃশতঃ স্নানং কুর্বতস্তস্য বেতঃ, অপ্সু জলে, প্রচস্কন্দ স্খলতি স্ম। তচ্চ তৃষিতা মৃগী তোয়েন সহাপিবৎ। লোককর্ত্তৃণেতি আর্ষত্বাদনিত্বেঽপি নাদেশঃ ॥১৪—১৫॥

ব্রহ্মণা কিমুক্তেত্যাহ দেবেতি। ত্বং দেবকন্যাপি অপবাধান্মৃগী ভূত্বা, মুনিং সূয় প্রসূয় বিমোক্ষ্যস ইতি। অমোঘত্বাদ্ব্রহ্মবাক্যস্য অব্যর্থত্বাৎ, বিধেশ্চ অবশ্যম্ভাবিনো ব্যাপাবস্য চ দৈবনির্ম্মিতাৎ অদৃষ্টকৃতাদ্ভাবিত্বাদ্ধেতোঃ। তস্য বিভাণ্ডকস্য। তপ এব নিত্যং যস্য সঃ। অভ্যবর্ত্তত অতিষ্ঠৎ ॥১৬—১৭॥

অথ তস্য ঋষ্যশৃঙ্গনামত্বে কো হেতুরিত্যাহ তস্যেতি। ইত্যেবং নাম্না ॥১৮॥

ভাবতভাবদীপঃ

মম ইতি সম্বন্ধঃ ॥১০—১১॥ মহার্হস্যাতিপূজ্যস্য ॥১৩—১৪॥ তোয়েন সহাঽপিবদিত্যন্বয়ঃ ॥১৫॥ সূয় প্রসূয়, বিধের্বিধিবাক্যস্য দৈবনির্ম্মিতাদ্ধেতোর্ভাবিত্বাৎ অপরিহার্য্যত্বাচ্চ ॥১৬—১৯॥

দেখিয়া জলের ভিতবেই তাঁহাব শুক্র স্খলন হইয়াছিল; তখন পিপাসার্ত্ত কোন হরিণী জলের সহিত সেই শুক্র পান করিয়াছিল; তাহাতেই সেই হরিণী গর্ভবতী হইয়াছিল। কারণ, জগৎস্রষ্টিকর্ত্তা ভগবান্ ব্রহ্মা পূর্ব্বজন্মে তাহাকে বলিয়াছিলেন—॥১৪—১৫॥

'তুমি দেবকন্যা হইলেও (অপরাধনিবন্ধন) হরিণী হইয়া কোন মুনিকে প্রসব করিয়া পরে মুক্তি লাভ করিবে'। বিধাতার বাক্য অব্যর্থ বলিয়া এবং দৈব-বশতঃ সেই রূপ হইবে বলিয়া সেই হরিণীর গর্ভেই বিভাণ্ডকের মহর্ষি পুত্র হইয়াছিল। সেই ঋষ্যশৃঙ্গ সর্বদা তপস্যায় প্রবৃত্ত থাকিয়া বনেই থাকিতেন ॥১৬—১৭॥

রাজা! মহাত্মা বিভাণ্ডকপুত্রের মস্তকে শৃঙ্গ ছিল; সেই জন্যই তিনি তখন 'ঋষ্যশৃঙ্গ' এই নামে প্রসিদ্ধ হইয়াছিলেন ॥১৮॥

এতস্মিন্নেব কালে তু সখা দশরথস্য বৈ।
লোমপাদ ইতি খ্যাতো হ্যঙ্গানামীশ্বরোঽভবৎ ॥২০॥
তেন কামাৎ কৃতং মিথ্যা ব্রাহ্মণস্যেতি নঃ শ্রুতিঃ।
স ব্রাহ্মণৈঃ পরিত্যক্তস্তদা বৈ জগতঃ পতিঃ ॥২১॥
পুরোহিতাপচারাচ্চ তস্য রাজ্ঞো মহামতেঃ।
ন ববর্ষ সহস্রাক্ষস্ততোঽপীড্যন্ত বৈ প্রজাঃ ॥২২॥
স ব্রাহ্মণান্ পর্য্যপৃচ্ছত্তপোযুক্তান্ মনীষিণঃ।
প্রবর্ষণে সুরেন্দ্রস্য সমর্থান্ পৃথিবীপতে! ॥২৩॥

ভারতকৌমুদী

নেতি। পিতুর্বিভাণ্ডকাৎ। অন্যত্র স্থানেঽপি। ব্রহ্মচর্য্যে সর্ব্বথা স্ত্রীসংসর্গরাহিত্যে ॥১৯॥
এতস্মিন্নিতি। অঙ্গানাম্ অঙ্গদেশস্য, ঈশ্বরঃ পতিঃ ॥২০॥
তেনেতি। কামাদিচ্ছাত এব, মিথ্যা নিক্ষিপ্তধনস্যানঙ্গীকারাদিতি ভাবঃ ॥২১॥
পুরোহিতেতি। পুরোহিতে ব্রাহ্মণে অপচারাদপব্যবহারাচ্চ। সহস্রাক্ষ ইন্দ্রঃ ॥২২॥
স ইতি। প্রবর্ষণে অর্চ্চনাদিনা প্রকৃষ্টবর্ষণসম্পাদনে সমর্থান্ ॥২৩॥

ভারতভাবদীপঃ

অঙ্গানাং দেশানাম্ ॥২০॥ তেন কামাৎ বুদ্ধিপূর্ব্বং ব্রাহ্মণস্য প্রতিশ্রুত্যেতি শেষঃ, মিথ্যা-কৃতং—"ময়া তুভ্যং দাতুং কিমপি ন প্রতিশ্রুত"মিত্যপলাপং কৃতবানিত্যর্থঃ ॥২১॥ তত্র হেতুঃ—

রাজা! তিনি অন্য স্থানেও পিতা বিভাণ্ডক ব্যতীত অন্য কোন মানুষ দেখিতে পাইতেন না; তাহাতেই তাঁহার মন সর্ব্বদা ব্রহ্মচর্য্যে নিবিষ্ট থাকিত ॥১৯॥

এই সময়েই দশরথের সখা 'লোমপাদ'-নামে একব্যক্তি অঙ্গদেশের রাজা ছিলেন ॥২০॥

আমাদের শুনা আছে যে, তিনি ইচ্ছাবশতই এক ব্রাহ্মণের সম্বন্ধে মিথ্যা ব্যবহার করিয়াছিলেন; তাহাতেই তখন ব্রাহ্মণেরা তাঁহাকে পরিত্যাগ করিয়া-ছিলেন ॥২১॥

আর, তিনি নিজের পুরোহিতের সঙ্গেও অপব্যবহার করিয়াছিলেন। তাহাতেই ইন্দ্র সেই মহামতি লোমপাদের রাজ্যে বর্ষণ করেন নাই; সেই কারণেই তাঁহার প্রজারা কষ্ট পাইতেছিল ॥২২॥

রাজা! তখন লোমপাদ—তপস্বী, জ্ঞানী ও ইন্দ্রকে দিয়া বর্ষণ করাইতে সমর্থ এইরূপ ব্রাহ্মণগণের নিকট জিজ্ঞাসা করিলেন—॥২৩॥

(২১)…নঃ শ্রুতম্ …পি। (২২)…তস্য রাজ্ঞো যদৃচ্ছয়া…বা ব কা নি।

কথং প্রবর্ষেৎ পর্জন্য উপায়ঃ পরিদৃশ্যতাম্ ।
তমূচুশ্চোদিতাস্তে তু স্বমতানি মনীষিণঃ ॥২৪॥
তত্র ত্বেকো মুনিবরস্তং রাজানমুবাচ হ ।
কুপিতাস্তব রাজেন্দ্র ! ব্রাহ্মণা নিষ্কৃতিং চর ॥২৫॥
ঋষ্যশৃঙ্গং মুনিসুতমানয়স্ব চ পার্থিব ! ।
বানেয়মনভিজ্ঞঞ্চ নারীণামার্জবে রতম্ ॥২৬॥
স চেদবতরেদ্রাজন্ ! বিষয়ং তে মহাতপাঃ ।
সদ্যঃ প্রবর্ষেৎ পর্জন্য ইতি মে নাত্র সংশয়ঃ ॥২৭॥
এতচ্ছ্রুত্বা বচো রাজন্ ! কৃত্বা নিষ্কৃতিমাত্মনঃ ।
স গত্বা পুনরাগচ্ছৎ প্রসন্নেষু দ্বিজাতিষু ।
রাজানমাগতং দৃষ্ট্বা প্রতিসংজহৃষুঃ প্রজাঃ ॥২৮॥
ততোঽঙ্গপতিরাহূয় সচিবান্ মন্ত্রকোবিদান্ ।
ঋষ্যশৃঙ্গাগমে যত্নমকরোন্মন্ত্রনিশ্চয়ে ॥২৯॥

ভারতকৌমুদী

কথমিতি। পর্জ্জন্যো মেঘঃ। পরিদৃশ্যতামালোচ্যতাম্। চোদিতা নিযুক্তাঃ ॥২৪॥
তত্রেতি। নিষ্কৃতিং ব্রাহ্মণকোপোপশমায় সামদানাদিরূপং প্রায়শ্চিত্তম্ ॥২৫॥
ঋষ্যেতি। বানেয়ং বনোৎপন্নম্। অতএব নারীণাং সম্বন্ধে অনভিজ্ঞম্ ॥২৬॥
স ইতি। অবতরেদাগচ্ছেৎ, বিষয়ং দেশম্। পর্জ্জন্যো মেঘঃ ॥২৭॥
এতদিতি। নিষ্কৃতিং প্রায়শ্চিত্তম্। ব্রাহ্মণভবনং গত্বা তেষু দ্বিজাতিষু প্রসন্নেষু সৎসু, পুনঃ স্বরাজ্যমাগচ্ছৎ। প্রতিসংজহৃষুঃ আনন্দং চক্রুঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

'মেঘ কি করিয়া বর্ষণ করে, এই বিষয়ের উপায় আপনারা পর্য্যালোচনা করুন'। তখন সেই মনস্বীরা আপন আপন মত রাজাকে বলিলেন ॥২৪॥

তাঁহাদের মধ্যে একজন প্রধান মুনি রাজাকে বলিলেন—'রাজশ্রেষ্ঠ ! আপনার উপরে ব্রাহ্মণেরা কুপিত হইয়াছেন। সুতরাং প্রথমে আপনি তাহার প্রায়শ্চিত্ত করুন ॥২৫॥

রাজা ! তাহার পর বনে উৎপন্ন, স্ত্রীলোকদের সম্বন্ধে অনভিজ্ঞ এবং সর্ব্বদা সরলতায় নিরত মুনিপুত্র ঋষ্যশৃঙ্গকে আনয়ন করুন ॥২৬॥

রাজা ! সেই মহাতপা ঋষ্যশৃঙ্গ যদি আপনার রাজ্যে আগমন করেন, তবে সদ্যই মেঘ বর্ষণ করিবে ; এ বিষয়ে আমার সন্দেহ নাই' ॥২৭॥

রাজা ! এই কথা শুনিয়া লোমপাদ নিজের প্রায়শ্চিত্ত করিয়া, ব্রাহ্মণদের ভবনে যাইয়া, ব্রাহ্মণেরা প্রসন্ন হইলে আবার আগমন করিলেন ; তখন তাঁহাকে আগত দেখিয়া প্রজারা আনন্দিত হইল ॥২৮॥

সোঽধ্যগচ্ছদুপায়ন্তু তৈরমাত্যৈঃ সহাচ্যুত!।
শাস্ত্রজ্ঞৈরলমর্থজ্ঞৈর্নীত্যাঞ্চ পরিনিষ্ঠিতৈঃ ॥৩০॥
তত আনায়য়ামাস বারমুখ্যা মহীপতিঃ।
বেশ্যাঃ সর্বত্র নিষ্ণাতাস্তা উবাচ স পার্থিবঃ ॥৩১॥
ঋষ্যশৃঙ্গমৃষেঃ পুত্রমানয়ধ্বমুপায়তঃ।
লোভয়িত্বাভিবিশ্বাস্য বিষয়ং মম শোভনাঃ! ॥৩২॥
তা রাজভয়ভীতাশ্চ শাপভীতাশ্চ যোষিতঃ।
অশক্যমূচুস্তৎ কার্য্যং বিবর্ণা গতচেতসঃ ॥৩৩॥
তত্র ত্বেকা জরদ্‌যোষা রাজানমিদমব্রবীৎ।
প্রযতিষ্যে মহারাজ! তমানেতুং তপোধনম্ ॥৩৪॥

ভাবতকৌমুদী

তত ইতি। অঙ্গপতির্লোমপাদঃ। মন্ত্রনিশ্চয়ে মন্ত্রণয়া উপায়নির্দ্ধারণে ॥২৯॥

স ইতি। হে অচ্যুত। ধর্ম্মাদভ্রষ্ট।। অলমতিশয়েন। পরিনিষ্ঠিতৈরভিজ্ঞৈঃ ॥৩০॥

তত ইতি। বারমুখ্যা বেশ্যাগণপ্রধানাঃ। সর্ব্বত্র সর্ব্বপ্রকারেষেব পুরুষেষু, নিষ্ণাতা বশীকরণনিপুণাঃ। "প্রবীণে নিপুণাভিজ্ঞবিজ্ঞনিষ্ণাতশিক্ষিতাঃ" ইত্যমরঃ। বলপ্রয়োগেণানয়নচেষ্টায়াং শাপাৎ সর্বনাশাশঙ্কা, সাম্না পিত্রধীনস্য দানেন চ নিস্পৃহস্যানয়নচেষ্টা নিষ্ফলৈব, অতঃ প্রতারণামূলকপ্রলোভনেনৈব ঋষ্যশৃঙ্গস্যানয়নপ্রবৃত্তিরিত্যবধেয়ম্ ॥৩১॥

ঋষ্যেতি। উপায়ত উপযুক্তোপায়েন। অভিবিশ্বাস্য, যথা শাপং ন দদ্যাদিতি ভাবঃ ॥৩২॥

তা ইতি। রাজভয়ভীতা অগমনে, শাপভীতাশ্চ গমনে। অতএবোদ্বেগাদ্বিবর্ণাঃ ॥৩৩॥

তত্রেতি। জরদ্‌যোষা বৃদ্ধস্ত্রী। তম্ ঋষ্যশৃঙ্গম্ ॥৩৪॥

তাহার পর লোমপাদ মন্ত্রণাভিজ্ঞ মন্ত্রিগণকে ডাকিয়া, ঋষ্যশৃঙ্গের আগমন সম্বন্ধে মন্ত্রণাদ্বারা উপায় নির্দ্ধারণ করিবার জন্য চেষ্টা করিলেন ॥২৯॥

হে ধার্ম্মিক! তদনন্তর বিশেষ শাস্ত্রজ্ঞ, কার্য্যজ্ঞ ও নীতিজ্ঞ সেই মন্ত্রিগণের সহিত আলোচনা করিয়া লোমপাদ তাহার উপায় অবগত হইলেন ॥৩০॥

তৎপরে রাজা লোমপাদ, বেশ্যাগণের মধ্যে প্রধান এবং সমস্ত পুরুষকেই বশ করিতে নিপুণ কতকগুলি বেশ্যাকে আনাইলেন এবং তাহাদিগকে বলিলেন—॥৩১॥

'সুন্দরীগণ! তোমরা উপযুক্ত উপায়ে ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গকে প্রলুব্ধ করিয়া এবং তাঁহার বিশ্বাস জন্মাইয়া তাঁহাকে আমার রাজ্যে আনয়ন কর' ॥৩২॥

সেই রমণীরা এদিকে রাজার ভয়ে ওদিকে শাপের ভয়ে ভীত হইয়া, বিবর্ণ ও গতচৈতন্যের ন্যায় থাকিয়া সে কার্য্য অসাধ্য বলিয়াই রাজাকে জানাইল ॥৩৩॥

অভিপ্রেতাংস্তু মে কামাংস্ত্বমনুজ্ঞাতুমর্হসি।
ততঃ শক্ষ্যাম্যানয়িতুমৃষ্যশৃঙ্গমৃষেঃ সুতম্ ॥৩৫॥
তস্যাঃ সর্বমভিপ্রেতমন্বজানাৎ স পার্থিবঃ।
ধনঞ্চ প্রদদৌ ভূরি রত্নানি বিবিধানি চ ॥৩৬॥
ততো রূপেণ সম্পন্না বয়সা চ মহীপতে!।
স্ত্রিয় আদায় কাশ্চিৎ সা জগাম বনমঞ্জসা ॥৩৭॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামৃষ্যশৃঙ্গোপাখ্যানে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥ *

——ঃ(*)ঃ——

ভারতকৌমুদী

অভীতি। কাম্যন্ত ইতি কামা অভীষ্টপদার্থাস্তান্। আনয়িতুমানেতুম্ ॥৩৫॥
তস্যা ইতি। অন্বজানাৎ দাতুমনুমতবান্, পার্থিবো লোমপাদঃ ॥৩৬॥
তত ইতি। স্ত্রিয়ো বেশ্যা এব। সা জরদ্যোষা, অঞ্জসা ঝটিতি ॥৩৭॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥০॥

———(ঃ*ঃ)———

ভারতভাবদীপঃ

পুরোহিতস্যাপচারে দোষঃ, সোঽপি যদৃচ্ছয়া ব্রাহ্মণাপরাধাভাবেঽপি স্বেচ্ছয়া কৃতঃ ॥২২—২৪॥ নিষ্কৃতিং প্রায়শ্চিত্তম্ ॥২৫॥ বানেয়ং বনভবম্ ॥২৬—৩০॥ সর্বত্র পরবঞ্চনাদৌ, নিষ্ণাতাঃ কুশলাঃ ॥৩১—৩৩॥ জরদ্যোষা বৃদ্ধা স্ত্রী ॥৩৪—৩৫॥ অন্বজানাদনুজ্ঞাতবান্ ॥৩৬—৩৭॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রিনবতিতমোঽধ্যায়ঃ ॥৯৩॥

তাহাদের মধ্যে একজন বৃদ্ধবেশ্যা রাজাকে এই কথা বলিল—'মহারাজ! সেই তপোধন ঋষ্যশৃঙ্গকে আনিবার জন্য আমি চেষ্টা করিব ॥৩৪॥

আপনি আমার অভিপ্রেত বস্তুগুলি দিয়া দিবার অনুমতি করুন, তাহা হইলেই আমি ঋষিপুত্র ঋষ্যশৃঙ্গকে আনিতে পারিব' ॥৩৫॥

তখন রাজা তাহার অভিপ্রেত সমস্ত বস্তুই দিয়া দিবার অনুমতি করিলেন এবং তাহাকে প্রচুর ধন ও নানাবিধ রত্ন দান করিলেন ॥৩৬॥

রাজা! তাহার পর সেই বৃদ্ধবেশ্যা কতকগুলি রূপবতী ও যুবতি বেশ্যা লইয়া সত্বরই বনে গমন করিল ॥৩৭॥

---

* '...দশাধিকশততমঃ...' বা ব কা, '...একাদশাধিকশততমঃ...' পি নি।

চতুর্নবতিতমোঽধ্যায়ঃ

—— ০০ (*) ০০ ——

লোমশ উবাচ।

সা তু নাব্যাশ্রমং চক্রে রাজকার্য্যার্থসিদ্ধয়ে।
সন্দেশাচ্চৈব নৃপতেঃ স্ববুদ্ধ্যা চৈব ভারত ! ॥১॥
নানাপুষ্পফলৈর্বৃক্ষৈঃ কৃত্রিমৈরুপশোভিতৈঃ।
নানাগুল্মলতোপেতৈঃ স্বাদুকামফলপ্রদৈঃ ॥২॥
অতীব রমণীয়ং তদতীব চ মনোহরম্।
চক্রে নাব্যাশ্রমং রম্যমদ্ভুতোপমদর্শনম্ ॥৩॥ (যুগ্মকম্)
ততো নিবধ্য তাং নাবমদূরে কাশ্যপাশ্রমাৎ।
চারয়ামাস পুরুষৈর্বিহারং তস্য বৈ মুনেঃ ॥৪॥

ভারতকৌমুদী

সেতি। সা জরদ্‌যোষা, নাবি কস্যাঞ্চিদ্‌বৃহন্নৌকায়াম্। সন্দেশাদুপদেশাৎ। বিভাণ্ডকাশ্রমান্তিকে তদদূরে বা স্থলে আশ্রমনির্ম্মাণে বিভাণ্ডকেন তদ্দর্শনে প্রতারণাভিব্যক্তিঃ স্যাৎ। অতো যথাপসারণেন বিভাণ্ডকো ন পশ্যেৎ, উপসরণেন চ ঋষ্যশৃঙ্গ এব পশ্যেদিতি বিভাব্য নৌকায়ামেবাশ্রমনির্ম্মাণমিতি বোধ্যম্ ॥১॥

নানেতি। স্বাদুকামফলপ্রদৈঃ মধুরাভীষ্টফলদায়িভির্বৃক্ষৈঃ। রমণীয়ং লোভনীয়ম্, তদ্বনম্, মনোহরং সুন্দরম্। রম্যং ক্রীডাযোগ্যম্। নাবি বৃহন্নৌকায়াম্ ॥২—৩॥

তত ইতি। পুরুষৈঃ, তস্য বিভাণ্ডকস্য মুনের্বিহারম্ অন্যত্র গমনম্, চারয়ামাস জ্ঞাপয়ামাস, দুহিতবমিতি শেষঃ। তস্য মুনেরাশ্রমে স্থিতৌ কার্য্যসিদ্ধেরসম্ভব ইতি ভাবঃ ॥৪॥

লোমশ বলিলেন—'ভরতনন্দন! সেই বৃদ্ধরমণী রাজার কার্য্যসিদ্ধির জন্য তাঁহার উপদেশে এবং নিজের বুদ্ধি অনুসারে একখানা বড় নৌকার উপরে একটী আশ্রম নির্ম্মাণ করিল ॥১॥

তাহাতে সুন্দর সুন্দর কৃত্রিম বৃক্ষ এবং নানাবিধ গুল্ম ও লতা সাজাইয়া রাখিল; সে-গুলিতে আবার নানাবিধ ফুল, ফল এবং সুমধুর বাঞ্ছনীয় ফল সাজাইয়া দিল। তাহাতে সেই কৃত্রিম বনটী অত্যন্ত লোভনীয় ও অত্যন্ত মনোহর হইল। এই ভাবে সেই নৌকার উপরে মনোহর ও অদ্ভুতদর্শন কৃত্রিম আশ্রম নির্ম্মাণ করিল ॥২—৩॥

তেতো দুহিতরং বেশ্যাং সমাধায়েতিকার্য্যতাম্ ।
দৃষ্ট্বান্তরং কাশ্যপস্য প্রাহিণোদ্‌বুদ্ধিসম্মতাম্ ॥৫॥
সা তত্র গত্বা কুশলা তপোনিত্যস্য সন্নিধৌ ।
আশ্রমং তং সমাসাদ্য দদর্শ তমৃষেঃ সুতম্ ॥৬॥

বেশ্যোবাচ ।

কচ্চিন্মুনে ! কুশলং তাপসানাং কচ্চিচ্চ বো মূলফলং প্রভূতম্ ।
কচ্চিদ্ভবান্ রমতে চাশ্রমেঽস্মিংস্ত্বাং বৈ দ্রষ্টুং সাম্প্রতমাগতোঽস্মি ॥৭॥
কচ্চিত্তপো বর্দ্ধতে তাপসানাং পিতা চ তে কচ্চিদহীনতেজাঃ ।
কচ্চিত্ত্বয়া প্রীয়তে চৈব বিপ্র ! কচ্চিৎ স্বাধ্যায়ঃ ক্রিয়তে চর্য্যশৃঙ্গ ! ॥৮॥

ঋষ্যশৃঙ্গ উবাচ ।

ঋদ্ধ্যা ভবান্ জ্যোতিরিব প্রকাশতে মন্যে চাহং ত্বামভিবাদনীয়ম্ ।
পাদ্যং তে বৈ সম্প্রদাস্যামি কামাদ্‌যথাধর্ম্মং মূলফলানি চৈব ॥৯॥

ভারতকৌমুদী

তত ইতি । সমাধায় উপদিশ্য, ইতিকার্য্যতাম্ ইতিকর্ত্তব্যতাম্ । অন্তরমন্তর্দ্ধানম্ ॥৫॥
সেতি । সা জরদ্‌যোষায়া দুহিতা । তপ এব নিত্যং যস্য তস্য ঋষ্যশৃঙ্গস্য ॥৬॥
কচ্চিদিতি । কচ্চিৎ বেদিতুমিচ্ছামীত্যর্থঃ । বো যুষ্মাকম্, প্রভূতং প্রচুরম্ ॥৭॥
কচ্চিদিতি । অহীনতেজা অনষ্টব্রাহ্মপ্রভাবঃ । স্বাধ্যায়ো বেদপাঠঃ ॥৮॥
ঋদ্ধ্যেতি । ঋদ্ধ্যা তেজঃসম্পদা, জ্যোতিস্তেজঃপুঞ্জঃ । কামাদিচ্ছাতঃ ॥৯॥

তাহার পর যাইয়া বিভাণ্ডকের আশ্রমের অদূরে সেই নৌকা বাঁধিয়া, কতকগুলি লোক দ্বারা বিভাণ্ডকমুনির অনুপস্থিতি জানিয়া লইল ॥৪॥

তৎপরে সেই বৃদ্ধরমণী বিভাণ্ডকমুনির অনুপস্থিতি জানিয়া, নিজের বুদ্ধিমতী বেশ্যাকন্যাকে কর্ত্তব্য বিষয় বুঝাইয়া দিয়া, তাহাকে পাঠাইয়া দিল ॥৫॥

তখন সেই কার্য্যনিপুণা বেশ্যাকন্যা সর্ব্বদা তপস্যানিরত ঋষ্যশৃঙ্গের নিকটে যাইয়া, ক্রমে তাঁহার আশ্রমেই উপস্থিত হইয়া তাঁহাকে দর্শন করিল ॥৬॥

পরে সেই বেশ্যাকন্যা বলিল—'মুনি ! তপস্বীদিগের মঙ্গল ত ? আপনাদের প্রচুর পরিমাণে ফল-মূল আছে ত ? এবং আপনি এই আশ্রমে সুখে আছেন ত ? আমি এখন আপনার সহিত সাক্ষাৎ করিতে আসিয়াছি ॥৭॥

তপস্বীদিগের তপস্যা বৃদ্ধি পাইতেছে ত ? আপনার পিতার তেজ নষ্ট হয় নাই ত ? ব্রাহ্মণ ! আপনি সুখে আছেন ত ? এবং ঋষ্যশৃঙ্গ ! আপনি বেদপাঠ করিয়া থাকেন ত' ? ॥৮॥

ঋষ্যশৃঙ্গ বলিলেন—'আপনি কান্তিসম্পদে তেজঃপুঞ্জের ন্যায় প্রকাশ পাইতে-

কৌশ্যাং বৃষ্যামাস্স্ব যথোপজোষং কৃষ্ণাজিনেনাবৃতায়াং সুখায়াম্।
ক চাশ্রমস্তব কিং নাম চেদং ব্রতং ব্রহ্মংশ্চরসি দেববত্ত্বম্ ॥১০॥

বেশ্যোবাচ।

মমাশ্রমঃ কাশ্যপপুত্র! রম্যস্ত্রিযোজনং শৈলমিমং পরেণ।
তত্র স্বধর্ম্মোঽনভিবাদনং মে ন চোদকং পাদ্যমুপস্পৃশামি ॥১১॥
ভবতা নাভিবাদ্যোঽহমভিবাদ্যো ভবান্ ময়া।
ব্রতমেতাদৃশং ব্রহ্মন্! পরিষ্বজ্যো ভবান্ ময়া ॥১২॥

ঋষ্যশৃঙ্গ উবাচ।

ফলানি পক্কানি দদানি তেঽহং ভল্লাতকান্যামলকানি চৈব।
করূষকাণীঙ্গুদধন্বনানি প্রিয়ালকানাং কাঙ্ক্ষিতং বৈ কুরুষ্ব ॥১৩॥

ভারতকৌমুদী

কৌশ্যামিতি। কৌশ্যাং কুশময্যাম্, বৃষ্যাং ব্রতিযোগ্যাসনে, "ব্রতিনামাসনং বৃষী" ইত্যমরঃ। আস্স্ব উপবিশ, যথোপজোষং যথাসুখম্। সুখায়াং সুখজনিকায়াম্ ॥১০॥
মমেতি। পরেণেত্যেনপ্রত্যয়ান্তত্বয়া শৈলমিতি "দ্বিতীয়ৈনেন" ইতি দ্বিতীয়া ॥১১॥
ভবতেতি। ব্রতং মজ্জাতিনিয়মঃ। ইদং সর্ব্বথা সত্যমুক্তম্। পরিষ্বজ্য আলিঙ্গনীয়ঃ ॥১২॥

ভারতভাবদীপঃ

সাত্বিতি। নাব্যাশ্রমং নাবাতার্য্যমাশ্রমম্ ॥১—৩॥ মুনের্বিভাণ্ডকস্য বিহারং বহির্গমনম্, চারয়ামাস চারৈরধিগতবতী ॥৪॥ সমাধায় বোধয়িত্বা, ইতিকার্য্যতামিতিকর্ত্তব্যতাম্, অন্তর-

ছেন। অতএব আপনি আমার নমস্য বলিয়া আমি মনে করি; আর আমি ইচ্ছা করিয়া অতিথির নিয়ম অনুসারে আপনাকে পাদ্য, ফল ও মূল প্রদান করিব ॥৯॥

ব্রাহ্মণ! আপনি এই কৃষ্ণাজিনাবৃত সুখজনক কুশময় ব্রতীর আসনে যথাসুখে উপবেশন করুন; আপনার আশ্রম কোথায়? এবং আপনি দেবতার ন্যায় এই কোন্ ব্রত আচরণ করিতেছেন'? ॥১০॥

বেশ্যাকন্যা বলিল—'বিভাণ্ডকপুত্র! এই ত্রিযোজনব্যাপী পর্ব্বতের অপর দিকে আমার মনোহর আশ্রম রহিয়াছে। তাহাতে আমার স্বধর্ম্ম এই যে, আমি কাহারও অভিবাদন গ্রহণ করি না, কিংবা পাদ্যজল স্পর্শ করি না ॥১১॥

সুতরাং আপনি আমাকে অভিবাদন করিবেন না, আমিই আপনাকে অভিবাদন করিব; আর ব্রাহ্মণ! আমাদের এইরূপ একটী ব্রত আছে যে, আমি আপনাকে আলিঙ্গন করিব' ॥১২॥

(১৩)…পিপ্পলানাং কামকারং কুরুষ—বা ব কা পি।

লোমশ উবাচ।

সা তানি সর্ব্বাণি বিসর্জয়িত্বা ভক্ষ্যাণ্যনর্হাণি দদৌ ততোঽস্য।
তান্যৃষ্যশৃঙ্গস্য মহারসানি ভৃশং সুরূপাণি রুচিং দদুর্হি ॥১৪॥
দদৌ চ মাল্যানি সুগন্ধবন্তি চিত্রাণি বাসাংসি চ ভানুমন্তি।
পেয়ানি চাগ্র্যাণি ততো মুমোদ চিক্রীড় চৈব প্রজহাস চৈব ॥১৫॥
সা কন্দুকেনারমতাস্য মূলে বিভজ্যমানা ফলিতা লতেব।
গাত্রৈশ্চ গাত্রাণি নিষেবমাণা সমাশ্লিষচ্চাসকৃদৃষ্যশৃঙ্গম্ ॥১৬॥
সর্জ্জানশোকাংস্তিলকাংশ্চ বৃক্ষান্ সুপুষ্পিতানবনাম্যাবভজ্য।
বিলজ্জমানেব মদাভিভূতা প্রলোভয়ামাস সুতং মহর্ষেঃ ॥১৭॥

ভারতকৌমুদী

ফলানীতি। প্রিয়ালকপদমন্যেষামুপলক্ষণম্। কাঙ্ক্ষিতং ত্বদভীষ্টং ভোজনম্ ॥১৩॥
সেতি। অনর্হাণি রাজভবননির্ম্মিতত্বাদমূল্যানি। রুচিমুৎকটপ্রবৃত্তিম্ ॥১৪॥
দদাবিতি। ভানুমন্তি স্বর্ণাদিখচিতত্বাদুজ্জ্বলানি। অগ্র্যাণি উত্তমানি ॥১৫॥
সেতি। কন্দুকেন গেণ্ডুকেন। মূলে সমীপে, বিভজ্যমানা বক্রীক্রিয়মাণা ॥১৬॥
সর্জ্জানিতি। বৃক্ষাণামবনমনমবভঞ্জনঞ্চ ধৃষ্টতাপ্রদর্শনার্থম্ ॥১৭॥

ভারতভাবদীপঃ

মসান্নিধ্যম্ ।৫—৯॥ কৌশ্যাং বৃস্যামাস্স্ব কুশাসনে উপবিশ, যথোপজোষং যথাসুখম্, সুখায়াং সুখকর্য্যাম্ ॥১০—১৩॥ অনর্হাণ্যত্যুত্তমত্বাদমূল্যানি ॥১৪—১৫॥ মূলে সমীপে, বিভজ্যমানা অঙ্গমোটনাদীনি কুর্ব্বাণা নিষেবমাণা সূচীবদভ্যন্তরং প্রবিশন্তী। "ষিবু—তন্তুসন্তানে" ইতি

ঋষ্যশৃঙ্গ বলিলেন—'মহাশয়! আমি আপনাকে পক্ক ভল্লাতক, আমলক, করূষক, ইঙ্গুদ, ধন্বন ও প্রিয়ালক ফল দিব, আপনি ইচ্ছানুসারে সে গুলির সদ্ব্যবহার করুন' ॥১৩॥

লোমশ বলিলেন—'সেই বেশ্যাকন্যা সে সমস্ত ফলই পরিত্যাগ করিয়া, তৎপরে ঋষ্যশৃঙ্গকে অমূল্য খাদ্যবস্তু সকল প্রদান করিল; তখন অতিসুস্বাদু ও পরমসুন্দর সেই খাদ্যবস্তুগুলি ঋষ্যশৃঙ্গের বিশেষ রুচিকর হইল ॥১৪॥

পরে সুগন্ধ মাল্য, বিচিত্র ও উজ্জ্বল বস্ত্র এবং উত্তম পানীয় বস্তু সকল ঋষ্যশৃঙ্গকে দান করিল; তাহার পর আমোদ, ক্রীড়া ও হাস পরিহাস করিতে লাগিল ॥১৫॥

তদনন্তর বেশ্যাকন্যা ফলবতী লতার ন্যায় বক্র হইয়া হইয়া ঋষ্যশৃঙ্গের নিকটে কন্দুক-(গেঁড়ু) ক্রীড়া করিল এবং গাত্র দ্বারা ঋষ্যশৃঙ্গের গাত্র সেবা করতঃ বার বার তাঁহাকে গাঢ় আলিঙ্গন করিল ॥১৬॥

অথর্ষ্যশৃঙ্গং বিকৃতং সমীক্ষ্য পুনঃ পুনঃ পীড্য চ কায়মস্য।
অবেক্ষ্যমাণা শনকৈর্জগাম কৃত্বাঽগ্নিহোত্রস্য তদাপদেশম্ ॥১৮॥
তস্যাং গতায়াং মদনেন মত্তো বিচেতনশ্চাভবদৃষ্যশৃঙ্গঃ।
তামেব ভাবেন গতেন শূন্যো বিনিশ্বসন্নার্ত্তরূপো বভূব ॥১৯॥
ততো মুহূর্ত্তাদ্ধরিপিঙ্গলাক্ষঃ প্রবেষ্টিতো রোমভিরানখাগ্রাৎ।
স্বাধ্যায়বান্ বৃত্তসমাধিযুক্তো বিভাণ্ডকঃ কাশ্যপঃ প্রাদুরাসীৎ ॥২০॥
সোঽপশ্যদাসীনমুপেত্য পুত্রং ধ্যায়ন্তমেকং বিপরীতচিত্তম্।
বিনিশ্বসন্তং মুহুরূর্দ্ধদৃষ্টিং বিভাণ্ডকঃ পুত্রমুবাচ দীনম্ ॥২১॥
ন কল্প্যন্তে সমিধঃ কিন্নু তাত! কচ্চিদ্ধুতঞ্চাগ্নিহোত্রং ত্বয়াদ্য।
সুনির্ণিক্তং স্রুক্স্রুবং হোমধেনুঃ কচ্চিৎ সবৎসাদ্য কৃতা ত্বয়া চ ॥২২॥

ভারতকৌমুদী

অথেতি। পীড্য গাঢালিঙ্গনেন পীডয়িত্বা। অগ্নিহোত্রস্য অপদেশং ছলম্ ॥১৮॥
তস্যামিতি। তাং বেশ্যামেব গতেন, ভাবেন মনোবৃত্ত্যা, শূন্যশ্চিন্তান্তররহিতঃ ॥১৯॥
তত ইতি। হরিঃ সিংহ ইব পিঙ্গলাক্ষঃ, প্রবেষ্টিত আবৃতঃ। বৃত্তং সদাচারঃ ॥২০॥
স ইতি। আসীনমুপবিষ্টম্। একমেকাকিনম্। মুহুর্বিনিশ্বসন্তম্ ॥২১॥

তৎপরে আশ্রমস্থ পুষ্পভূষিত সর্জ্জ, অশোক ও তিলকবৃক্ষগুলিকে অবনত ও ভগ্ন করিয়া লজ্জিত হইয়াই যেন মদমত্তা সেই বেশ্যাকন্যা ঋষ্যশৃঙ্গকে প্রলুব্ধ করিয়া ফেলিল ॥১৭॥

তাহার পর ঋষ্যশৃঙ্গকে বিকারগ্রস্ত দেখিয়া, গাঢ়ালিঙ্গনদ্বারা বার বার উঁহার শরীরটাকে নিপীড়িত করিয়া, অগ্নিহোত্রহোম করিবার ছল করিয়া ধীরে ধীরে চলিয়া গেল; তখন ঋষ্যশৃঙ্গ তাহার দিকে চাহিয়া রহিলেন ॥১৮॥

সেই বেশ্যাকন্যা চলিয়া গেলে, ঋষ্যশৃঙ্গ কামে মত্ত ও অচেতন প্রায় হইয়া পড়িলেন এবং তদ্‌গত চিন্তায় শূন্যচিত্ত ও পীড়িতের ন্যায় হইলেন এবং ঘন ঘন নিশ্বাস ত্যাগ করিতে লাগিলেন ॥১৯॥

তাহার পর মুহূর্ত্তকালমধ্যেই সিংহের ন্যায় পিঙ্গলনয়ন, নখাগ্র হইতে আরম্ভ করিয়া রোমাবৃতদেহ, বেদপাঠনিরত এবং সদাচার ও সমাধিযুক্ত কাশ্যপ বিভাণ্ডকমুনি উপস্থিত হইলেন ॥২০॥

তিনি উপস্থিত হইয়া দেখিলেন—পুত্র ঋষ্যশৃঙ্গ দীনভাবে একাকী বসিয়া রহিয়াছেন, কি যেন চিন্তা করিতেছেন, তাঁহার চিত্ত যেন বিপরীত হইয়া গিয়াছে, তিনি মুহুর্মুহু নিশ্বাস ত্যাগ করিতেছেন এবং তাঁহার দৃষ্টি উপরের দিকে রহিয়াছে। তখন তিনি ঋষ্যশৃঙ্গকে বলিলেন—॥২১॥

ন বৈ যথাপূর্ব্বমিবাসি পুত্র ! চিন্তাপরশ্চাসি বিচেতনশ্চ ।
দীনোঽতিমাত্রং ত্বমিহাদ্য কিন্নু পৃচ্ছামি ত্বাং ক ইহাদ্যাগতোঽভূৎ ॥২৩॥

ঋষ্যশৃঙ্গ উবাচ ।

ইহাগতো জটিলো ব্রহ্মচারী ন বৈ হ্রস্বো নাতিদীর্ঘো মনস্বী ।
সুবর্ণবর্ণঃ কমলায়তাক্ষঃ সুতঃ সুরাণামিব শোভমানঃ ॥২৪॥
সমৃদ্ধরূপঃ সবিতেব দীপ্তঃ সুশ্লক্ষ্ণকৃষ্ণাক্ষিরতীবগৌরঃ ।
নীলাঃ প্রসন্নাশ্চ জটাঃ সুগন্ধা হিরণ্যরজ্জুগ্রথিতাঃ সুদীর্ঘাঃ ॥২৫॥

ভারতকৌমুদী

নেতি। কল্যান্তে অগ্নিপ্রক্ষেপোপযোগিন্যঃ ক্রিয়ন্তে। সুনির্ণিক্তং সম্মার্জ্জিতম্ ॥২২॥
নেতি। যথাপূর্ব্বং নাসীব, বিকৃতাবস্থাপন্নত্বাদিতি ভাবঃ। দীনো বিষণ্ণঃ ॥২৩॥
ইহেতি। আজীবনং ব্রহ্মচারীতরদর্শনাভাবাৎ বেশ্যায়ামপি ব্রহ্মচারিবিজ্ঞানম্ ॥২৪॥
সমৃদ্ধেতি। সমৃদ্ধরূপঃ সম্পন্নসৌন্দর্য্যঃ। সুশ্লক্ষ্ণে অতিকোমলে কৃষ্ণে চাক্ষিণী যস্য সঃ। হিরণ্যরজ্জুগ্রথিতাঃ স্বর্ণরজ্জুবদ্ধাঃ। ইদন্তু বেণিষু জটাজ্ঞানম্ ॥২৫॥

ভারতভাবদীপঃ

ধাতুঃ ॥১৬—১৭॥ কায়ং দেহম্, পীড্য আলিঙ্গনেন নিপীড্য, অপদেশং ছলম্ ॥১৮॥ ভাবেনাভিপ্রায়েণ ॥১৯॥ প্রবেষ্টিতো ব্যাপ্তঃ ॥২০—২১॥ কল্যান্তে সিদ্ধাঃ ক্রিয়ন্তে, নির্ণিক্তং প্রক্ষালিতং সবৎসা কৃতা দোহনায়েতি শেষঃ ॥২২—২৩॥ স্বত এব নালঙ্কারাদিনা ॥২৪—২৫॥

'বৎস! তুমি সমিধ নির্ম্মাণ কর নাই কেন? তুমি আজ অগ্নিহোত্রহোম করিয়াছ ত? স্রুক্ ও স্রুব মাজিয়াছ ত? এবং তুমি আজ হোমধেনুকে তাহার বৎসের সহিত সংযোজিত করিয়াছ ত? ॥২২॥

পুত্র! তোমার ভাব যেন আজ আর পূর্ব্বের মত নাই; তুমি চিন্তাসক্ত রহিয়াছ; যেন অচেতনের মত হইয়া পড়িয়াছ; এখানে আজ তুমি অত্যন্ত-দীনভাবাপন্ন হইয়াছ কেন? আমি তোমাকে জিজ্ঞাসা করি—এখানে আজ কে আসিয়াছিল'? ॥২৩॥

ঋষ্যশৃঙ্গ বলিলেন—'এখানে আজ একজন জটিল ব্রহ্মচারী আসিয়াছিলেন; তিনি অতিখর্ব্বও নহেন, অতিদীর্ঘও নহেন, অথ চ প্রশস্তহৃদয়; তাঁহার বর্ণ সোণার মত এবং নয়ন দুইটী পদ্মের মত দীর্ঘ। সুতরাং তিনি দেবপুত্রের ন্যায় শোভা পাইতেছিলেন ॥২৪॥

তিনি অত্যন্ত রূপবান্, সূর্য্যের ন্যায় উজ্জ্বল ও অত্যন্তগৌরবর্ণ এবং তাঁহার

---

(২৩) শ্লোকাৎ পরম্ '...একাদশাধিকশততমোঽধ্যায়ঃ' বা ব কা পি, '...দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ' নি।

আলোলমানা পুনরস্য কণ্ঠে বিভ্রাজতে বিদ্যুদিবাম্বরীক্ষে।
যৌ চাস্য পিণ্ডাবধরেণ কণ্ঠাদজাতরোমৌ সুমনোহরৌ চ ॥২৬॥
বিলগ্নমধ্যশ্চ স নাভিদেশে কটিশ্চ তস্যাতিকৃশপ্রমাণা।
তথাস্য চীরান্তরতঃ প্রভাতি হিরণ্ময়ী মেখলা মে যথেয়ম্ ॥২৭॥
অন্যচ্চ তস্যাদ্ভুতদর্শনীয়ং বিকূজিতং পাদয়োঃ সম্প্রভাতি।
পাণ্যোশ্চ তদ্বৎ স্বনবন্নিবদ্ধৌ কলাপকাবক্ষমালা যথেয়ম্ ॥২৮॥
বিচেষ্টমানস্য চ তস্য তানি কূজন্তি হংসাঃ সরসীব মত্তাঃ।
চীরাণি তস্যাদ্ভুতদর্শনানি নেমানি তদ্বন্মম রূপবন্তি ॥২৯॥

ভারতকৌমুদী

আলোলেতি। আলোলমানা দোদুল্যমানা। হারলতেয়ম্। পিণ্ডৌ মাংসস্তেতি ভাবঃ। স্তনয়োরুক্তিরিয়ম্। অধরেণ অধস্তাৎ। রোমশব্দস্য নকারলোপ আর্ষঃ ॥২৬॥

বিলগ্নেতি। বিলগ্নঃ পিপীলিকা তদ্বন্মধ্যো যস্য সঃ, স ব্রহ্মচারী। চীরান্তরতঃ কৌপীনাভ্যন্তরতঃ। চিরমেব চীরদর্শনাৎ পূর্বসনেঽপি চীরজ্ঞানম্ ॥২৭॥

অন্যদিতি। বিশিষ্টং কূজিতং শিঞ্জিতং যস্য তৎ নূপুরদ্বয়মিত্যর্থঃ। স্বনবন্তৌ চ তৌ নিবদ্ধৌ চেতি তৌ, কলাপকৌ ভূষণদ্বয়ং কঙ্কণদ্বয়মিতি যাবৎ ॥২৮॥

বীতি। বিচেষ্টমানস্য নৃত্যাদিনা ক্রীড়তঃ, তানি করচরণভূষণানি ॥২৯॥

ভারতভাবদীপঃ

আধাররূপা আলবালসদৃশী কণ্ঠাভরণবিশেষঃ। "আধারশ্চাধিকরণেঽপ্যালবালেঽম্বুধারণে" ইতি বিশ্বঃ ॥২৬॥ বিলগ্ন ইবেতি কৃশত্বং লক্ষ্যতে। অতিকৃতপ্রমাণাতিকৃশা ॥২৭॥ কলাপকৌ

নয়ন দুইটী অতিকোমল ও কৃষ্ণবর্ণ এবং জটাগুলি ঘোর কৃষ্ণবর্ণ, নির্ম্মল, সুগন্ধ, স্বর্ণরজ্জুবদ্ধ ও সুদীর্ঘ ॥২৫॥

আবার আকাশে যেমন বিদ্যুৎ শোভা পায়, তেমন উঁহার কণ্ঠদেশে একটী বস্তু দুলিতে থাকিয়া শোভা পাইতেছিল ; আর উঁহার কণ্ঠের নিম্নভাগে রোমশূন্য অতিমনোহর দুইটী মাংসপিণ্ড রহিয়াছে ॥২৬॥

তাঁহার নাভিদেশটী পিপীলিকার মধ্যভাগের ন্যায় ক্ষীণ এবং কটিদেশটীও অতিকৃশ ; আর আমার এই মেখলার ন্যায় তাঁহারও কৌপীনের ভিতর হইতে স্বর্ণময়ী মেখলা প্রকাশ পাইতেছিল ॥২৭॥

আর, তাঁহার চরণযুগলে আশ্চর্য্যদৃশ্য ও রবকারী দুইটী বস্তু শোভা পাইতেছিল এবং আমার যেমন এই জপের মালা, তেমন তাঁহারও হস্তযুগলে দুইটী অলঙ্কার বদ্ধ ছিল এবং শব্দ করিতেছিল ॥২৮॥

তা'র পর সরোবরে যেমন মত্ত হংসগণ রব করে, চলিবার সময়ে তাঁহার

---

(২৬) আধাররূপা...বা ব কা, আধারভূতঃ...নি। (২৭)...তস্যাতিকৃতপ্রমাণা...বা ব কা নি।

বক্ত্রঞ্চ তস্যাদ্ভুতদর্শনীয়ং প্রব্যাহৃতং হ্লাদয়তীব চেতঃ।
পুংস্কোকিলস্যেব চ তস্য বাণী তাং শৃণ্বতো মে ব্যথিতোঽন্তরাত্মা ॥৩০॥
যথা বনং মাধবমাসমধ্যে সমীরিতং শ্বসনেনাবভাতি।
তথা স ভাত্যুত্তমপুণ্যগন্ধী নিষেব্যমাণঃ পবনেন তাত! ॥৩১॥
সুসংযতাশ্চাপি জটা বিভক্তা দ্বৈধীকৃতা ভান্তি ললাটদেশে।
কর্ণৌ চ চিত্রৈরিব চক্রবাকৈঃ সমাবৃতৌ তস্য সুরূপবদ্ভিঃ ॥৩২॥
তথা ফলং বৃত্তমথো বিচিত্রং সমাহরৎ পাণিনা দক্ষিণেন।
তদ্ভূমিমাসাদ্য পুনঃ পুনশ্চ সমুৎপতত্যদ্ভুতরূপমুচ্চৈঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

বক্ত্রমিতি। প্রব্যাহৃতম্ উক্তিঃ। পুংস্কোকিলস্যেবেতি স্বরমাত্রে সাদৃশ্যম্ ॥৩০॥
যথেতি। মাধবমাসমধ্যে বৈশাখে মাসি, সমীরিতং সঞ্চালিতম্, শ্বসনেন বায়ুনা। স ব্রহ্মচারী। পবননিষেবণেন সৌরভসঞ্চারাদিতি ভাবঃ ॥৩১॥
জটাস্বেন বেণীর্বিবৃণোতি সুসমিতি। সুসংযতাঃ সুবদ্ধাঃ। কর্ণয়োঃ কুণ্ডলানি বর্ণয়তি কর্ণাবিতি। চিত্রৈশ্চক্রবাকৈরিব সুরূপবদ্ভির্ভূষণৈস্তস্য কর্ণৌ সমাবৃতৌ ॥৩২॥
কন্দুকক্রীড়াং বর্ণয়তি তথেতি। ফলং ফলাকারং কন্দুকম্, বৃত্তং গোলম্ ॥৩৩॥

সেই অলঙ্কারগুলিও তেমনই রব করিয়াছিল এবং তাঁহার কৌপীনগুলি অদ্ভুত-দৃশ্য ; কিন্তু আমার এ কৌপীনগুলি সেরূপ সুন্দর নহে ॥২৯॥

আর, তাঁহার মুখখানি অদ্ভুতদৃশ্য, বাক্যোচ্চারণ যেন চিত্তে আহ্লাদ জন্মায় এবং কোকিলের ন্যায় তাঁহার বাক্য ; তাহা শুনিবার সময়ে আমার অন্তঃকরণ ব্যথিত হইয়াছিল ॥৩০॥

পিতঃ! বৈশাখমাসে বায়ুসঞ্চালিত বন যেমন (সৌরভ বিস্তার করিতে থাকিয়া) শোভা পায়, তিনিও তেমন বায়ুসেবিত হইয়া উত্তম ও পবিত্র সৌরভ বিস্তার করিতে থাকিয়া শোভা পাইয়াছিলেন ॥৩১॥

তাঁহার জটাগুলি পরিপাটীরূপে বদ্ধ এবং ললাটদেশে দুই ভাগে বিভক্ত ছিল ; আর বিচিত্র চক্রবাকপক্ষীর ন্যায় অতিসুন্দর কতকগুলি বস্তু (কুণ্ডল) দ্বারা তাঁহার কাণ দু'খানি আবৃত ছিল ॥৩২॥

তাহার পর তিনি দক্ষিণ হস্ত দ্বারা একটী গোলাকার ফলকে (গেঁডুকে) আঘাত করিতে লাগিলেন ; তখন সেই ফলটী বার বার ভূতলে পড়িয়া আবার অদ্ভুতভাবে উপরে উঠিতে লাগিল ॥৩৩॥

---

(৩১)···মাধবমাসি মধ্যে···শ্বসনেনৈব ভাতি···বা ব কা নি। (৩২)···দ্বৈধীকৃতা নাতিসমা ললাটে···বা ব কা,···দ্বিধাকৃতাশ্চাপি সমা ললাটে ···পি।

তচ্চাভিহত্বা পরিবর্ত্ততেঽসৌ বাতেরিতো বৃক্ষ ইবাথ ঘূর্ণন্।
তং প্রেক্ষতঃ পুত্রমিবামরাণাং প্রীতিঃ পরা তাত! রতিশ্চ জাতা ॥৩৪॥
স মে সমাশ্লিষ্য পুনঃ শরীরং জটাসু গৃহ্যাভ্যবনাম্য বক্ত্রম্।
বক্ত্রেণ বক্ত্রং প্রণিধায় শব্দং চকার তন্মেঽজনয়ৎ প্রহর্ষম্ ॥৩৫॥
ন চাপি পাদ্যং বহু মন্যতেঽসৌ ফলানি চেমানি ময়াহৃতানি।
এবংব্রতোঽস্মীতি চ মামবোচৎ ফলানি চান্যানি স চাদদন্মে ॥৩৬॥
ময়োপযুক্তানি ফলানি যানি নেমানি তুল্যানি রসেন তেষাম্।
ন চাপি তেষাং ত্বগিয়ং যথৈষাং সারাণি নৈষামিব সন্তি তেষাম্ ॥৩৭॥

ভারতকৌমুদী

তদিতি। তচ্চ ফলঞ্চ, অভিহত্বা আহত্য। অসৌ ব্রহ্মচারী। রতিরনুরাগঃ ॥৩৪॥

স ইতি। গৃহ্য ধৃত্বা। বক্ত্রমভ্যবনাম্যেত্যনেন ঋষ্যশৃঙ্গস্য দীর্ঘশরীরত্বম্, তেন চ যৌবনং সূচিতম্। প্রণিধায় ধৃত্বা বিচুম্ব্যেত্যর্থঃ, শব্দং চুম্বনরবম্ ॥৩৫॥

স্বদত্তপাদ্যাদিপ্রত্যাখ্যানমাহ নেতি। আহৃতানি আহৃত্য দত্তানি ॥৩৬॥

ময়েতি। উপযুক্তানি ভক্ষিতানি, ফলানি তদ্দত্তানি। ইমানি অস্মদাশ্রমজাতানি। তেষাং তদ্দত্তফলানাম্, ত্বগ্ বল্কলং নাস্তি যথা এষামস্মদাশ্রমজাতানাং ফলানামিয়ং ত্বগস্তি। সারাণি অষ্ঠয়ঃ সন্তি। এতেনেদানীমিব তদানীমপি শর্করাদিমিশ্রণেনামিক্ষালড্ডুকাদি-নির্ম্মাণরীতিবাসীদিতি প্রতীয়তে ॥৩৭॥

ভারতভাবদীপঃ

ভূষণবিশেষৌ—স্বার্থে কঃ। "কলাপঃ সংহতে বর্হে তূণীবে ভূষণে হরে" ইতি বিশ্বঃ। কঙ্কণা-বিত্যর্থঃ ॥২৮—৩২॥ তথা ফলং ফলসদৃশং কন্দুকম্ ॥৩৩॥ প্রীতিরাহ্লাদঃ, রতিরাসক্তিঃ

সেই ফলটীকে আঘাত করিয়া করিয়া সেই ব্রহ্মচারী বায়ুসঞ্চালিত বৃক্ষের ন্যায় ঘুরিতে থাকিয়া ফিরিতে থাকিলেন। বাবা! তখন দেবপুত্রের ন্যায় তাঁহাকে দেখিয়া আমার পরম প্রীতি ও পরম অনুরাগ জন্মিল ॥৩৪॥

তা'র পর আবার তিনি আমাকে গাঢ় আলিঙ্গন করিয়া, আমার জটা ধরিয়া মুখখানিকে নোয়াইয়া, মুখদ্বারা আমার মুখখানিকে ধরিয়া (চুম্বন করিয়া) এক-রকম শব্দ করিলেন; তাহা আমার অত্যন্ত আনন্দ জন্মাইল ॥৩৫॥

আমার প্রদত্ত পাদ্য কিংবা আমার প্রদত্ত এই সকল ফল তিনি গ্রহণ করিলেন না; আমাকে বলিলেন—'এই প্রকারই আমাদের ব্রত'। পরে তিনিও আমাকে অন্যান্য ফল দিলেন ॥৩৬॥

তাঁহার প্রদত্ত যে সকল ফল আমি ভোজন করিয়াছি, আমাদের আশ্রমের এই সকল ফল, রসে সে ফলের তুল্য নহে; এই ফলগুলির যে রকম বাকল আছে, সে ফলগুলির সে রকম বাকল নাই এবং এই ফলগুলির যে রকম আঁঠি আছে, সে ফলগুলির সে রকম আঁঠি নাই। ॥৩৭॥

তোয়ানি চৈবাতিরসানি মহ্যং প্রাদাৎ স বৈ পাতুমুদাররূপঃ।
পীত্বৈব যান্যভ্যধিকঃ প্রহর্ষো মমাভবদ্ভূশ্চলিতেব চাসীৎ ॥৩৮॥
ইমানি চিত্রাণি চ গন্ধবন্তি মাল্যানি তস্যোদ্‌গ্রথিতানি পট্টৈঃ।
যানি প্রকীর্য্যেহ গতঃ স্বমেব স আশ্রমং তপসা দ্যোতমানঃ ॥৩৯॥
গতেন তেনাস্মি কৃতো বিচেতা গাত্রঞ্চ মে সম্পরিদহ্যতীব।
ইচ্ছামি তস্যান্তিকমাশু গন্তুং তঞ্চেহ নিত্যং পরিবর্ত্তমানম্ ॥৪০॥
গচ্ছামি তস্যান্তিকমেব তাত! কা নাম সা ব্রহ্মচর্য্যা নু তস্য।
ইচ্ছাম্যহং চরিতুং তেন সার্দ্ধং যথা তপঃ স চরত্যার্য্যধর্ম্মা ॥৪১॥

ভারতকৌমুদী

তোয়ানীতি। উদাররূপঃ অতীবসুন্দরঃ। তোয়ানি আসবরূপাণীতি প্রতীয়তে ॥৩৮॥

ইমানীতি। পট্টৈঃ পট্টসূত্রৈঃ। প্রকীর্য্য বিক্ষিপ্য। স ব্রহ্মচারী ॥৩৯॥

গতেনেতি। বিচেতা বিকৃতচিত্তঃ। সম্পরিদহ্যতীতি পরস্মৈপদমার্ষম্ ॥৪০॥

গচ্ছামীতি। আর্য্যধর্ম্মা সজ্জননিয়মশালী। অহো! ধন্যমিদং কবিত্বম্, ধন্যং তদাশ্রমপদম্, ধন্যশ্চাসৌ যুবা ঋষ্যশৃঙ্গঃ, যেন বারবনিতায়ামেব ব্রহ্মচারিপ্রকার ঋষ্যশৃঙ্গাত্মনি দর্শিতঃ, যত্র চ তাবতি কালেঽপি স্ত্রীদর্শনং নাসীৎ, যশ্চ যুবাপি বারবনিতামেব ব্রহ্মচারিণং জানাতি স্ম ॥৪১॥

সেই পরমসুন্দর ব্রহ্মচারী আমাকে পান করিবার জন্য অতিসুস্বাদু জল দিয়াছিলেন; যাহা পান করিবার পরেই আমার অত্যন্ত আনন্দ হইয়াছিল এবং পৃথিবীটাই যেন ঘুরিতেছিল বলিয়া বোধ হইতেছিল ॥৩৮॥

পট্টসূত্রদ্বারা গ্রথিত সৌরভশালী এই সকল বিচিত্র মালা তাঁহারই; যেগুলি এই খানে ফেলিয়া সেই তপস্যার প্রভাবে উজ্জ্বলকান্তি ব্রহ্মচারী নিজেরই আশ্রমে চলিয়া গিয়াছেন ॥৩৯॥

তিনি চলিয়া গিয়া আমাকে বিকৃতচিত্ত করিয়া গিয়াছেন এবং আমার গাত্র যেন দগ্ধ হইতেছে। অতএব আমার ইচ্ছা হইতেছে যে, আমি সত্বরই তাঁহার নিকট যাই, কিংবা তিনি সর্ব্বদাই এখানে থাকেন ॥৪০॥

বাবা! আমি তাঁহার নিকটেই যাই; তাঁহার সেই ব্রহ্মচর্য্যটার নাম কি? সেই সজ্জন যেরূপ তপস্যা করিতেছেন, তাঁহার সহিত সেই রূপ তপস্যা করিতে আমি ইচ্ছা করি' ॥৪১॥

---

(৪১) শ্লোকাৎ পরম্ 'চর্ত্তুং তথেচ্ছা হৃদয়ে মমাস্তি দুনোতি চিত্তং যদি তং ন পশ্যে' ইতি চরণদ্বয়মধিকং বা ব কা নি। তৎপরঞ্চ '. দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ' বা ব কা পি, '.. ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ' নি।

বিভাণ্ডক উবাচ।

রক্ষাংসি চৈতানি চরন্তি পুত্র! রূপেণ তেনাদ্ভুতদর্শনেন।
অতুল্যবীর্য্যাণ্যতিরূপবন্তি বিঘ্নং সদা তপসশ্চিন্তয়ন্তি ॥৪২॥
সুরূপরূপাণি চ তানি তাত! প্রলোভয়ন্তে বিবিধৈরুপায়ৈঃ।
সুখাচ্চ লোকাচ্চ নিপাতয়ন্তি তান্যুগ্ররূপাণি মুনীন্ বনেষু ॥৪৩॥
ন তানি সেবেত মুনির্যতাত্মা সতাং লোকান্ প্রার্থয়ানঃ কথঞ্চিৎ।
কৃত্বা বিঘ্নং তাপসানাং রমন্তে পাপাচারাস্তাপসস্তান্ ন পশ্যেৎ ॥৪৪॥
অসজ্জনেনাচরিতানি পুত্র! পানান্যপেয়ানি মধূনি তানি।
মাল্যানি চৈতানি ন বৈ মুনীনাং স্মৃতানি চিত্রোজ্জ্বলগন্ধবন্তি ॥৪৫॥

লোমশ উবাচ।*

রক্ষাংসি তানীতি নিবার্য্য পুত্রং বিভাণ্ডকস্তাং মৃগয়াম্বভূব।
নাসাদয়ামাস যদা ত্র্যহেণ তদা স পর্য্যাববৃতে শ্রমায় ॥৪৬॥

ভারতকৌমুদী

রক্ষাংসীতি। তেন ত্বদ্দৃষ্টপ্রকারেণ। অতিরূপবন্তি পরমসুন্দরাণি ॥৪২॥
সুরূপেতি। সুরূপরূপাণি পরমসুন্দরাকৃতীনি, তানি রক্ষাংসি। লোকাৎ স্বর্গাৎ ॥৪৩॥
নেতি। তানি রক্ষাংসি, যতাত্মা সংযতচিত্তঃ। পাপাচারা রাক্ষসাঃ ॥৪৪॥
অসদিতি। আচরিতানি কৃতানি। যেন হি তানি মধূনি মদ্যানি ॥৪৫॥

বিভাণ্ডক বলিলেন—'পুত্র! উহারা রাক্ষস; উহারা সেই রূপ অদ্ভুত রূপ ধারণ করিয়া বিচরণ করে এবং পরমসুন্দর রূপ ধারণ করিয়া সর্ব্বদা তপস্যার বিঘ্ন করিবার চিন্তা করে ॥৪২॥

বৎস! সেই রাক্ষসেরা পরমসুন্দর আকৃতি ধারণ করিয়া নানাবিধ উপায়ে মানুষকে প্রলুব্ধ করে এবং সেই ভয়ঙ্কর রাক্ষসেরাই তপোবনে আসিয়া মুনিগণকে সুখ ও স্বর্গ হইতে নিপাতিত করে ॥৪৩॥

যিনি সাধুদিগের লোক প্রার্থনা করেন, সেই সংযতচিত্ত মুনি সেই রাক্ষসদের সেবা করিবেন না। সেই পাপকারীরা তপস্বিগণের বিঘ্ন করিয়াই আনন্দ অনুভব করে; সুতরাং তপস্বী লোক তাহাদের প্রতি দৃষ্টিপাতও করিবেন না ॥৪৪॥

পুত্র! অসজ্জনেরাই মদ্যপান করিয়া থাকে; কিন্তু সে মদ্য সজ্জনদিগের পান করা উচিত নহে। আর বিচিত্র, উজ্জ্বল ও সৌরভশালী এই মালাগুলি মুনিদের ব্যবহার্য্য নহে' ॥৪৫॥

---

* অয়ং পাঠো নাস্তি বা ব কা নি।

যদা পুনঃ কাশ্যপো বৈ জগাম ফলান্যাহর্ত্তুং বিধিনাশ্রমেঽসৌ।
তদা পুনর্লোভয়িতুং জগাম সা বেশযোষা মুনিমৃষ্যশৃঙ্গম্ ॥৪৭॥
দৃষ্ট্বৈব তামৃষ্যশৃঙ্গঃ প্রহৃষ্টঃ সম্ভ্রান্তরূপোঽভ্যপতত্তদানীম্।
প্রোবাচ চৈনাং ভবতোশ্রমায় গচ্ছাব যাবন্ন পিতা মমৈতি ॥৪৮॥
ততো রাজন্! কাশ্যপস্যৈকপুত্রং প্রবেশ্য যোগেন বিমুচ্য নাবম্।
প্রলোভয়ন্ত্যো বিবিধৈরুপায়ৈরাজগ্মুরঙ্গাধিপতেঃ সমীপম্ ॥৪৯॥
সংস্থাপ্য তামাশ্রমদর্শনে তু সন্তারিতাং নাবমথাতিশুভ্রাম্।
তীরাদুপাদায় তথৈব চক্রে রাজাশ্রমং নাম বনং বিচিত্রম্ ॥৫০॥

ভারতকৌমুদী

রক্ষাংসীতি। তাং বেশ্যাকন্যাম্। শ্রমায় আশ্রমায় আকারলোপ আর্ষঃ ॥৪৬॥
যদেতি। বেশযোষা বেশ্যা, "বেশো বেশ্যাজনসমাশ্রয়ঃ" ইত্যমরঃ ॥৪৭॥
দৃষ্টেতি। অভ্যপতৎ তামভিগতবান্। ভবতোশ্রমায়েতি সন্ধিরাকারলোপশ্চার্ষঃ ॥৪৮॥
তত ইতি। প্রবেশ্য নৌকাস্থিতাশ্রমে, যোগেন যোগ্যোপায়েন ॥৪৯॥
সংস্থাপ্যেতি। অথ রাজা লোমপাদঃ, সন্তারিতাং নাবিকৈর্নদীজলে সংবাহিতাম্,

ভারতভাবদীপঃ

॥৩৪—৩৭॥ ভূস্খলিতেবেতি মধুপানজা ভ্রান্তিঃ সূচিতা ॥৩৮—৪৫॥ শ্রমায় আশ্রমায় ॥৪৬॥ অশ্রাবণেন অপাষণ্ডেন বৈদিকেন। "শ্রবণো মাসি পাষণ্ডে" ইতি বিশ্বঃ। আশ্রাবণেনেতি

লোমশ বলিলেন—'তাহারা রাক্ষস' এই কথা বলিয়া পুত্র ঋষ্যশৃঙ্গকে নিবারণ করিয়া বিভাণ্ডকমুনি সেই বেশ্যাটার অন্বেষণ করিতে লাগিলেন; কিন্তু যখন তিনি তিন দিনেও তাহাকে পাইলেন না, তখন আশ্রমে ফিরিয়া আসিলেন ॥৪৬॥

তা'র পর যখন সেই বিভাণ্ডকমুনি যথাবিধানে আশ্রমে ফল আহরণ করিয়া আনিবার জন্য পুনরায় গমন করিলেন, তখন সেই বেশ্যাটা ঋষ্যশৃঙ্গকে প্রলুব্ধ করিবার জন্য পুনরায় আশ্রমে গমন করিল ॥৪৭॥

তাহাকে দেখিয়াই ঋষ্যশৃঙ্গ আনন্দিত ও চকিত হইয়া তখনই তাহার সম্মুখে গেলেন এবং তাহাকে বলিলেন—'যে পর্য্যন্ত আমার পিতা না আইসেন, তাহার মধ্যেই আমরা আপনার আশ্রমে যাইব' ॥৪৮॥

রাজা! তাহার পর সেই বেশ্যারা বিভাণ্ডকের একমাত্র পুত্র ঋষ্যশৃঙ্গকে সঙ্গত উপায়ে নৌকায় উঠাইয়া, নৌকা ছাড়িয়া, নানা উপায়ে তাহাকে প্রলুব্ধ করিতে থাকিয়া লোমপাদের নিকটে আগমন করিল ॥৪৯॥

(৪৭)···বিধিনাশ্রামণেন···পি,···বিধিনাশ্রাবণেন···বা ব কা। (৫০)···নীরাদুপাদায়··· নাব্যাশ্রমং নাম···বা ব কা।

অন্তপুরে তং তু নিবেশ্য রাজা বিভাণ্ডকস্যাত্মজমেকপুত্রম্।
দদর্শ দেবং সহসা প্রবৃষ্টমাপূর্য্যমাণঞ্চ জগজ্জলেন ॥৫১॥
স লোমপাদঃ পরিপূর্ণকামঃ সুতাং দদাবৃষ্যশৃঙ্গায় শান্তাম্।
ক্রোধপ্রতীকারকরঞ্চ চক্রে গাশ্চৈব মার্গেষু চ কর্ষণানি ॥৫২॥
বিভাণ্ডকস্যাব্রজতঃ স রাজা পশূন্ প্রভূতান্ পশুপাংশ্চ বীরান্।
সমাদিশৎ পুত্রগৃদ্ধী মহর্ষির্বিভাণ্ডকঃ পরিপৃচ্ছেদ্‌যদা বঃ ॥৫৩॥

ভারতকৌমুদী

খদ্যোতবদভিজ্ঞাতং তন্ময়া বিদ্ধমন্তিকাৎ ॥৪৫॥
এতচ্ছ্রুত্বা তু বল্মীকং শর্য্যাতিস্তূর্ণমভ্যগাৎ।
তত্রাপশ্যত্তপোবৃদ্ধং বয়োবৃদ্ধঞ্চ ভার্গবম্ ॥৪৬॥
অযাচদথ সৈন্যার্থং প্রাঞ্জলিঃ পৃথিবীপতিঃ।
অজ্ঞানাদ্বালয়া যত্তে কৃতং তৎ ক্ষন্তুমর্হসি ॥৪৭॥

ভারতকৌমুদী

তমিতি। যথাকামং যথেচ্ছম্, অধিগচ্ছতু জানাতু ॥৪২॥

তত ইতি। সাম্না কোমলবাক্যেন, উগ্রেণ রুক্ষবাক্যেন চ। তে সুহৃদঃ ॥৪৩॥

আনাহেতি। আনাহার্ত্তং মলমূত্রবন্ধরোগপীড়িতম্ ॥৪৪॥

ময়েতি। অটন্ত্যা বিচরন্ত্যা। সত্ত্বং কিমপি দ্রব্যম্ ॥৪৫॥

এতদিতি। বল্মীকম্ উয়ীকামৃত্তিকাস্তূপম্। ভার্গবং চ্যবনম্ ॥৪৬॥

অযাচদিতি। পৃথিবীপতিঃ শর্য্যাতিঃ। যৎ পীড়নম্ ॥৪৭॥

তখন সৈন্যেরা সকলেই রাজাকে বলিল—'আমরা উহার কোন অপকারের বিষয় জানি না'; আপনি ইচ্ছানুসারে সর্বপ্রকারে তাহা জানুন' ॥৪২॥

তাহার পর শর্য্যাতিরাজা নিজেই কোমল ও কঠোর বাক্যে বন্ধুবর্গের নিকট জিজ্ঞাসা করিলেন; তাহারাও জানে না (বলিল) ॥৪৩॥

তৎপরে সেই সৈন্যগণকে আনাহরোগে পীড়িত ও যাতনাগ্রস্ত এবং পিতাকেও দুঃখিত দেখিয়া সুকন্যা এই কথা বলিল—॥৪৪॥

'আমি এই খানে বিচরণ করিবার সময়ে উয়ীর মাটীর ভিতরে উজ্জ্বল একটী বস্তু দেখিয়াছিলাম এবং সেটাকে জোনাকিপোকার মত মনে করিলাম; তাই নিকটে যাইয়া উহা আমি বিদ্ধ করিয়াছি' ॥৪৫॥

ইহা শুনিয়া শর্য্যাতিরাজা সত্বরই সেই উয়ীর মাটীর নিকট গেলেন এবং তাহার ভিতরে তপোবৃদ্ধ ও বয়োবৃদ্ধ চ্যবনকে দেখিলেন ॥৪৬॥

তাহার পর তিনি কৃতাঞ্জলি হইয়া সৈন্যগণের জন্য প্রার্থনা করিলেন যে,

ততোঽব্রবীন্মহীপালং চ্যবনো ভার্গবস্তদা।
অপমানাদহং বিদ্ধো হ্যনয়া দর্পপূর্ণয়া ॥৪৮॥
রূপৌদার্য্যসমাযুক্তাং লোভমোহবলাৎ কৃতাম্।
তামেব প্রতিগৃহ্যাহং রাজন্! দুহিতরং তব।
ক্ষংস্যামীতি মহীপাল! সত্যমেতদ্ব্রবীমি তে ॥৪৯॥

লোমশ উবাচ।

ঋষের্বচনমাজ্ঞায় শর্য্যাতিরবিচারয়ন্।
দদৌ দুহিতরং তস্মৈ চ্যবনায় মহাত্মনে ॥৫০॥
প্রতিগৃহ্য চ তাং কন্যাং ভগবান্ প্রসসাদ হ।
প্রাপ্তপ্রসাদো রাজা বৈ সসৈন্যঃ পুরমাব্রজৎ ॥৫১॥
সুকন্যাপি পতিং লব্ধ্বা তপস্বিনমনিন্দিতা।
নিত্যং পর্য্যচরৎ প্রীত্যা তপসা নিয়মেন চ ॥৫২॥

ভারতকৌমুদী

তত ইতি। অপমানাৎ অপমানমবজ্ঞাং কৃত্বেতি ল্যব্‌লোপে পঞ্চমী ॥৪৮॥

রূপেতি। রূপং সৌন্দর্য্যম্ ঔদার্য্যং বংশগুণাৎ সম্ভাব্যমানং মহত্ত্বঞ্চ তাভ্যাং সমাযুক্তাম্, লোভঃ কৌতুকচরিতার্থতাপ্রবণতা মোহশ্চ মম নয়ন এব খদ্যোতভ্রমস্তাভ্যাং বলাৎ কৃতাং বলেনাবিষ্টাম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৪৯॥

ঋষেরিতি। আজ্ঞায় শ্রুত্বা। অবিচারয়ন্ মুনের্বার্দ্ধক্যাদিকম্, সৈন্যপীড়াদর্শনাৎ ॥৫০॥

প্রতীতি। প্রাপ্তঃ প্রসাদঃ প্রসন্নতানিবন্ধনং সৈন্যস্বাস্থ্যং যেন সঃ ॥৫১॥

সুকন্যেতি। নিয়মেন বৈধস্নানাদিনা পর্য্যচরৎ, পত্যনুসারিত্বাৎ পত্ন্যা ইতি ভাবঃ ॥৫২॥

'মহর্ষি! বালিকা অজ্ঞানবশতঃ আপনাকে যে পীড়ন করিয়াছে, তাহা আপনি ক্ষমা করুন' ॥৪৭॥

তদনন্তর ভৃগুনন্দন চ্যবন রাজাকে বলিলেন—'রাজা! এই দর্পিতা বালিকা অবজ্ঞা করিয়া আমাকে বিদ্ধ করিয়াছে ॥৪৮॥

রাজা! রূপ ও উদারতাযুক্তা এবং লোভ ও মোহসমাবিষ্টা আপনার সেই কন্যাটীকে গ্রহণ করিয়াই আমি ক্ষমা করিব; ইহা আপনার নিকট সত্য বলিতেছি' ॥৪৯॥

লোমশ বলিলেন—চ্যবনের উক্তি শুনিয়া শর্য্যাতিরাজা কোন বিবেচনা না করিয়াই সেই মহাত্মা চ্যবনকে কন্যা সমর্পণ করিলেন ॥৫০॥

চ্যবনও সেই কন্যাটীকে গ্রহণ করিয়া প্রসন্ন হইলেন; রাজাও তাঁহার প্রসন্নতা লাভ করিয়া সৈন্যগণের সহিত রাজধানীতে চলিয়া গেলেন ॥৫১॥

অগ্নীনামতিথীনাঞ্চ শুশ্রূষুরনসূয়িকা।
সমারাধয়ত ক্ষিপ্রং চ্যবনং সা শুভাননা ॥৫৩॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সুকন্যোপাখ্যানে একাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——:০:——

দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ

——:(*):——

লোমশ উবাচ।
কস্যচিত্ত্বথ কালস্য ত্রিদশাবশ্বিনৌ নৃপ!।
কৃতাভিষেকাং বিবৃতাং সুকন্যাং তামপশ্যতাম্ ॥১॥
তাং দৃষ্ট্বা দর্শনীয়াঙ্গীং দেবরাজসুতামিব।
ঊচতুঃ সমভিদ্রুত্য নাসত্যাবশ্বিনাবিদম্ ॥২॥

ভারতকৌমুদী

অগ্নীনামিতি। অগ্নীনাং শুশ্রূষুঃ প্রজ্বলনাদিনা, অতিথীনাঞ্চ শুশ্রূষুঃ সৎকারেণ। অনসূয়িকা পরদোষাবিষ্কারবহিতা। সমারাধয়ত শুশ্রূষয়া বশীভূতমকরোৎ ॥৫৩॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামেকাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(:*:)——

কস্যচিদিতি। কস্যচিৎ কালস্য অতিক্রমে সতীতি শেষঃ, ত্রিদশৌ দেবৌ। কৃতাভিষেকাং কৃতস্নানাম্, অতএব বিবৃতাং বসনপরিধানাৎ প্রাগনাবৃতাঙ্গীম্ ॥১॥
তামিতি। সমভিদ্রুত্য দ্রুতমুপেত্য, ন অসত্যং মিথ্যা চিকিৎসা যয়োস্তৌ ॥২॥

এদিকে অনিন্দিতা সুকন্যাও তপস্বী পতি লাভ করিয়া তপস্যা ও নিয়ম দ্বারা প্রীতিসহকারে সর্ব্বদা তাঁহার পরিচর্য্যা করিতে লাগিলেন ॥৫২॥

এই ভাবে পরদোষানুসন্ধানরহিতা সুমুখী সুকন্যা অগ্নি ও অতিথিগণের শুশ্রূষায় প্রবৃত্ত থাকিয়া সত্বরই সেবা দ্বারা চ্যবনকে বশীভূত করিলেন ॥৫৩॥

——(০:*:০)——

লোমশ বলিলেন—'রাজা! তাহার পর কিছু কাল অতীত হইলে, একদা দেবতা অশ্বিনীকুমারেরা, স্নান করিবার পরে নগ্ন অবস্থায় সেই সুকন্যাকে দর্শন করিলেন ॥১॥

দেবরাজের কন্যার ন্যায় সুদৃশ্যাঙ্গী সেই সুকন্যাকে দেখিয়া অশ্বিনীকুমারেরা সত্বর তাঁহার নিকট যাইয়া এই কথা বলিলেন—॥২॥

---

* '...দ্বাবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব কা, '...ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' পি নি।

কস্য ত্বমসি বামোরু ! বনেঽস্মিন্ কিং করোষি চ।
ইচ্ছাব ভদ্রে ! জ্ঞাতুং ত্বাং তত্ত্বমাখ্যাহি শোভনে ! ॥৩॥
ততঃ সুকন্যা সব্রীড়া তাবুবাচ সুরোত্তমৌ।
শর্য্যাতিতনয়াং বিত্তং ভার্য্যাং মাং চ্যবনস্য চ ॥৪॥
অথাশ্বিনৌ প্রহস্যৈতামব্রূতাং পুনরেব তু।
কথং ত্বমসি কল্যাণি ! পিত্রা দত্তা গতাধ্বনে ॥৫॥
ভ্রাজসেঽস্মিন্ বনে ভীরু ! বিদ্যুৎ সৌদামিনী যথা।
ন দেবেষ্বপি তুল্যাং হি ত্বয়া পশ্যাব ভাবিনি ! ॥৬॥
অনাভরণসম্পন্না পরমাম্বরবর্জিতা।
শোভয়স্যধিকং ভদ্রে ! বনমপ্যনলঙ্কৃতা ॥৭॥
সর্বাভরণসম্পন্না পরমাম্বরধারিণী।
শোভসে ত্বনবদ্যাঙ্গি ! ন ত্বেবং মলপঙ্কিনী ॥৮॥

ভারতকৌমুদী

কস্যেতি। হে বামোরু ! সুন্দরোরুযুগলে !। ইচ্ছাব আবাম্ ॥৩॥
তত ইতি। সব্রীড়া পরপুরুষদৃষ্টসর্বাঙ্গত্বাৎ সলজ্জা। বিত্তং যুবাং জানীতম্ ॥৪॥
অথেতি। গতাধ্বনে অতীতযৌবনকালায়, "স্যাদধ্বা কালবর্ত্মনোঃ" ইতি ত্রিকাণ্ডশেষঃ ॥৫॥
ভ্রাজস ইতি। বিদ্যুৎ তড়িৎ, সৌদামিনী তদাখ্যা স্বর্বেশ্যা চ। পশ্যাব আবাম্ ॥৬॥
অনেতি। অনাভরণসম্পন্না, অতএবানলঙ্কৃতাপি বনমধিকং শোভয়সি ॥৭॥
সর্ব্বেতি। মলপঙ্কৌ শরীরস্বেদাদিকর্দ্দমৌ অস্যাস্ত ইতি মলপঙ্কিনী ॥৮॥

'বামোরু ! তুমি কাহার ? এ বনেই বা কি কর ? ভদ্রে ! আমরা তোমাকে জানিতে ইচ্ছা করি, সুন্দরি ! তুমি তাহা বল' ॥৩॥

তাহার পর সুকন্যা লজ্জিত হইয়া সেই দেবশ্রেষ্ঠ দুই জনকে বলিলেন—'আপনারা অবগত হউন যে, আমি শর্য্যাতিরাজার তনয়া এবং মহর্ষি চ্যবনের ভার্য্যা' ॥৪॥

তৎপরে অশ্বিনীকুমারেরা হাস্য করিয়া আবারও তাঁহাকে বলিলেন—'কল্যাণি ! তোমার পিতা তোমাকে বৃদ্ধের হস্তে দান করিয়াছেন কেন ?' ॥৫॥

ভীরু ! তুমি এই বনের ভিতরে বিদ্যুৎ ও সৌদামিনীনাম্নী অপ্সরার ন্যায় শোভা পাইতেছ ; ভাবিনি। দেবতাদের মধ্যেও তোমার মত সুন্দরী আমরা দেখিতে পাই না ॥৬॥

ভদ্রে ! তোমার কোন অলঙ্কার নাই ; সুতরাং তুমি অনলঙ্কৃতা এবং উৎকৃষ্ট-বস্ত্ররহিতা ; তথাপি তুমি এই বনটীর পরম শোভা জন্মাইতেছ ॥৭॥

কস্মাদেবংবিধা ভূত্বা জরাজর্জ্জরিতং পতিম্।
ত্বমুপাস্সে হ কল্যাণি! কামভোগবহিষ্কৃতম্ ॥৯॥
অসমর্থং পরিত্রাণে পোষণে চ শুচিস্মিতে!।
সা ত্বং চ্যবনমুৎসৃজ্য বরয়স্বৈকমাবয়োঃ ॥১০॥
পত্যর্থং দেবগর্ভাভে! মা বৃথা যৌবনং কৃথাঃ।
এবমুক্তা সুকন্যাপি সুরৌ তাবিদমব্রবীৎ ॥১১॥ (বিশেষকম্)
রতাহং চ্যবনে পত্যৌ মৈবং মাং পর্য্যশঙ্কতম্।
তাবব্রূতাং পুনস্ত্বেনামাবাং দেবভিষগ্বরৌ ॥১২॥
যুবানং রূপসম্পন্নং করিষ্যাবঃ পতিং তব।
ততস্তস্যাবয়োশ্চৈব বৃণীষ্বান্যতমং পতিম্।
এতেন সময়েনৈনমামন্ত্রয় পতিং শুভে! ॥১৩॥ (যুগ্মকম্)
সা তয়োর্বচনাদ্রাজন্নুপসঙ্গম্য ভার্গবম্।
উবাচ বাক্যং যত্তাভ্যামুক্তং ভৃগুসুতং প্রতি ॥১৪॥

ভারতকৌমুদী

কস্মাদিতি। উপাস্সে সেবসে। হশব্দঃ পাদপূরণে। হে শুচিস্মিতে! শুভ্রহাস্যে!। পত্যর্থং বরয়স্বেতি সম্বন্ধঃ। হে দেবগর্ভাভে! দেববালিকাতুল্যে! ॥৯—১১॥

রতেতি। এবং বৃদ্ধত্বাচ্চ্যবনবিরক্তাম্। সময়েন প্রতিজ্ঞয়া। পরঃ শ্লোকঃ ষট্পাদঃ ॥১২-১৩॥

সুন্দরি! তুমি—সমস্ত অলঙ্কার ও উৎকৃষ্টবস্ত্র ধারণ করিয়াই শোভা পাইতে পার, কিন্তু এইরূপ মল-কর্দ্দম-যুক্ত হইয়া নহে ॥৮॥

কল্যাণি! তুমি এমন সুন্দরী হইয়া—জরাজর্জ্জরিত, কামভোগশক্তিশূন্য এবং রক্ষা করিতে ও ভরণ-পোষণ করিতে অসমর্থ পতির সেবা করিতেছ কেন? শুভ্রহাসিনি! তুমি চ্যবনকে পরিত্যাগ করিয়া পতিরূপে আমাদের একজনকে বরণ কর; দেববালিকাতুল্যে! তুমি তোমার যৌবনটীকে বৃথা করিও না'। অশ্বিনীকুমারেরা এইরূপ বলিলে, সুকন্যাও সেই দেবতা দুই জনকে এই কথা বলিলেন—॥৯—১১॥

'আমি—পতি চ্যবনের প্রতি অনুরক্ত; কিন্তু আপনারা আমাকে তাঁহার প্রতি বিরক্ত বলিয়া মনে করিবেন না'। তখন অশ্বিনীকুমারেরা পুনরায় সুকন্যাকে কহিলেন—'কল্যাণি! আমরা দেবচিকিৎসকদের মধ্যে প্রধান; সুতরাং আমরা তোমার পতিকে যুবক ও রূপবান্ করিয়া দিব; তাহার পর তিনি এবং আমরা—এই তিন জনের মধ্যে কোন একজনকে পতিত্বে বরণ করিও। অতএব এই সর্ত্ত জানাইয়াই তোমার সেই পতিকে ডাক' ॥১২—১৩॥

তচ্ছ্রুত্বা চ্যবনো ভার্য্যামুবাচ ক্রিয়তামিতি।
ভর্ত্রা সা সমনুজ্ঞাতা ক্রিয়তামিত্যথাব্রবীৎ ॥১৫॥
শ্রুত্বা তদাশ্বিনৌ বাক্যং তত্তস্যাঃ ক্রিয়তামিতি।
ঊচতূ রাজপুত্রীং তাং পতিস্তব বিশত্বপঃ ॥১৬॥
ততোঽম্ভশ্চ্যবনঃ শীঘ্রং রূপার্থী প্রবিবেশ হ।
অশ্বিনাবপি তদ্রাজন্! সরঃ প্রাবিশতাং তদা ॥১৭॥
ততো মুহূর্ত্তাদুত্তীর্ণাঃ সর্বে তে সরসস্তদা।
দিব্যরূপধরাঃ সর্বে যুবানো মৃষ্টকুণ্ডলাঃ ॥১৮॥
তুল্যবেশধরাশ্চৈব মনসঃ প্রীতিবর্দ্ধনাঃ।
তেঽব্রুবন্ সহিতাঃ সর্ব্বে বৃণীষ্বান্যতমং শুভে! ॥১৯॥
অস্মাকমীপ্সিতং ভদ্রে! পতিত্বে বরবর্ণিনি!।
যত্র বাপ্যভিকামাসি তং বৃণীষ্ব সুশোভনে! ॥২০॥ (বিশেষকম্)

ভারতকৌমুদী

সেতি। ভার্গবং চ্যবনং তদন্তিকমিত্যর্থঃ ॥১৪॥
তদিতি। ক্রিয়তাম্, উক্তরূপং কার্য্যমশ্বিনীকুমারাভ্যামিতি শেষঃ ॥১৫॥
শ্রুত্বেতি। তস্যাঃ সুকন্যায়াঃ। অপো জলম্ ॥১৬॥
তত ইতি। রূপার্থী যৌবনার্থী চ। প্রাবিশতাং প্রবিষ্টবন্তৌ ॥১৭॥
তত ইতি। মুহূর্ত্তাৎ পরম্। মৃষ্টকুণ্ডলাঃ পরিষ্কৃতকুণ্ডলাঃ। অস্মাকং মধ্যে ঈপ্সিতমন্যতমং জনং পতিত্বে বৃণীষ্বেতি সম্বন্ধঃ। অভিকামা আদিতঃ কামুকী ॥১৮—২০॥

রাজা! অশ্বিনীকুমারদের সেই কথা অনুসারে সুকন্যা চ্যবনের নিকট যাইয়া—তাঁহার প্রতি তাঁহারা যে কথা বলিয়াছিলেন, তাহা বলিলেন ॥১৪॥

তাহা শুনিয়া চ্যবন সুকন্যাকে বলিলেন—'অশ্বিনীকুমারেরা উক্তরূপ কার্য্যই করুন'। তখন সুকন্যা ভর্ত্তার অনুমতি পাইয়া যাইয়া অশ্বিনীকুমারদিগকে বলিলেন—'আপনারা তাহাই করুন' ॥১৫॥

তখন সুকন্যার মুখে 'করুন'-এই কথা শুনিয়া অশ্বিনীকুমারেরা তাঁহাকে বলিলেন—'তবে তোমার পতি জলে প্রবেশ করুন' ॥১৬॥

তাহার পর রূপ ও যৌবনার্থী চ্যবন সত্বরই জলে প্রবেশ করিলেন। রাজা! তখন অশ্বিনীকুমারেরাও সেই সরোবরে প্রবেশ করিলেন ॥১৭॥

তদনন্তর তাঁহারা সকলেই মুহূর্ত্তকালপরে সরোবর হইতে উঠিলেন; তখন তাঁহারা সকলেই দিব্য-রূপ-সম্পন্ন, যুবক, পরিমার্জিতকুণ্ডলধারী, সমান-বেশসমন্বিত এবং মনের আনন্দবর্দ্ধক হইয়া বিরাজ করিতে লাগিলেন। পরে,

স্যা সমীক্ষ্য তু তান্ সর্বাংস্তুল্যরূপধরান্ স্থিতান্।
নিশ্চিত্য মনসা বুদ্ধ্বা দেবী বব্রে স্বকং পতিম্ ॥২১॥
লব্ধ্বা তু চ্যবনো ভার্য্যাং বয়ো রূপঞ্চ বাঞ্ছিতম্।
হৃষ্টোঽব্রবীন্মহাতেজাস্তৌ নাসত্যাবিদং বচঃ ॥২২॥
যথাহং রূপসম্পন্নো বয়সা চ সমন্বিতঃ।
কৃতো ভবদ্ভ্যাং বৃদ্ধঃ সন্ ভার্য্যাঞ্চ প্রাপ্তবানিমাম্ ॥২৩॥
তস্মাদ্যুবাং করিষ্যামি প্রীত্যাহং সোমপীথিনৌ।
মিষতো দেবরাজস্য সত্যমেতদ্‌ব্রবীমি বাম্ ॥২৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

সেতি। নিশ্চিত্য বুদ্ধ্বা যোগিযোগ্যনয়নভাবাদিনা নিশ্চয়েনাবগম্য ॥২১॥
লব্ধ্বেতি। বয়ো যৌবনম্। নাসত্যৌ অশ্বিনীকুমারৌ ॥২২॥
যথেতি। যথা যস্মাৎ। সোমপীথিনৌ যজ্ঞে সোমপায়িনৌ। মিষতঃ পশ্যতঃ পশ্যন্তং তমনাদৃত্যেত্যর্থঃ। এতেনাশ্বিনৌ পূর্বমসোমপাবাস্তামিতি সূচিতম্ ॥২৩—২৪॥

ভারতভাবদীপঃ

কস্যচিদিতি। বিবৃতামনাচ্ছাদিতাম্ ॥১—৪॥ গতাধ্বনে অতীতবয়সে ইত্যর্থঃ ॥৫—২৩॥ "অশ্বিনৌ বৈ দেবানামসোমপাবাস্তা"মিতি শ্রুতং তস্যৈতদুপবৃংহণম্, তস্মাদ্যুবামিতি। যুবয়োরসোমপত্বং মিষতঃ পশ্যতঃ দূবীকবিষ্যামীত্যর্থঃ ॥২৪—২৫॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভাবতভাবদীপে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১০২॥

---:০:---

তাঁহারা সকলেই সম্মিলিত হইয়া সুকন্যাকে বলিলেন—'কল্যাণি! তুমি আমাদের মধ্যে তোমার অভীষ্ট কোন একজনকে পতিত্বে বরণ কর, অথবা ভদ্রে! বরবর্ণিনি! সুন্দরি! যাঁহার উপরে তোমাব পূর্ব্ব হইতেই অভিলাষ আছে, তাঁহাকেই বরণ কর' ॥১৮—২০॥

তখন সুকন্যাদেবী তাঁহাদের সকলকেই সমানরূপধারণপূর্বক থাকিতে দেখিয়া মনে মনে নিশ্চিতভাবে বুঝিয়া আপন পতিকেই বরণ করিলেন ॥২১॥

তাহার পর মহাতেজা চ্যবন ভার্য্যা, অভীষ্ট বয়স ও রূপ লাভ করিয়া আনন্দিত হইয়া সেই অশ্বিনীকুমারদিগকে এই কথা বলিলেন—॥২২॥

'আমি বৃদ্ধ ছিলাম, তথাপি আপনারা যখন আমাকে যুবা ও রূপবান্ করিলেন এবং আমি এই ভার্য্যাটী লাভ করিলাম; তখন আমিও প্রণয়বশতঃ দেবরাজের সাক্ষাতেই আপনাদিগকে সোমপায়ী করিব; ইহা আপনাদিগকে সত্য বলিলাম' ॥২৩—২৪॥

(২১)…নিশ্চিত্য মনসা বুদ্ধ্যা…বা ব কা নি।

তচ্ছ্রুত্বা হৃষ্টমনসৌ দিবং তৌ প্রতি জগ্মতুঃ।
চ্যবনশ্চ সুকন্যা চ সুরাবিব বিজহ্রতুঃ ॥২৫॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং সুকন্যোপাখ্যানে দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—— ০০ (*) ০০ ——

ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ

——:০:——

লোমশ উবাচ।
ততঃ শুশ্রাব শর্য্যাতির্বয়স্থং চ্যবনং কৃতম্।
সংহৃষ্টঃ সেনয়া সার্দ্ধমুপায়াদ্ভার্গবাশ্রমম্ ॥১॥
চ্যবনঞ্চ সুকন্যাঞ্চ দৃষ্ট্বা দেবসুতাবিব।
রেমে সভার্য্যঃ শর্য্যাতিঃ কৃৎস্নাং প্রাপ্য মহীমিব ॥২॥

ভারতকৌমুদী

তদিতি। তৌ অশ্বিনৌ। সুরশ্চ সুরী চ সুরৌ দেবদেব্যাবিবেত্যর্থঃ ॥২৫॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং দ্ব্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(-:০:-)——

তত ইতি। বয়স্থং তরুণম্, "বয়স্থস্তরুণো যুবা" ইত্যমরঃ ॥১॥
চ্যবনমিতি। দেবস্য সুতশ্চ সুতা চ দেবসুতৌ। রেমে আনন্দ ॥২॥

তাহা শুনিয়া আনন্দিত হইয়া অশ্বিনীকুমারেরা স্বর্গের দিকে চলিয়া গেলেন; এদিকে চ্যবন এবং সুকন্যাও দেব-দেবীর ন্যায় বিহার করিতে লাগিলেন ॥২৫॥

——০:(*):০——

লোমশ বলিলেন—তাহার পর শর্য্যাতিরাজা শুনিলেন যে, অশ্বিনীকুমারেরা চ্যবনকে যুবা করিয়াছেন; ইহা শুনিয়া তিনি বিশেষ আনন্দিত হইয়া সৈন্য-গণের সহিত চ্যবনের আশ্রমে গমন করিলেন ॥১॥

শর্য্যাতিরাজা ভার্য্যার সহিত যাইয়া চ্যবনকে ও সুকন্যাকে দেবতার পুত্র-কন্যার ন্যায় দেখিয়া, সমগ্র পৃথিবীর রাজত্ব পাইয়াই যেন আনন্দ লাভ করিলেন ॥২॥

---

* '…ত্রয়োবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব কা, '…চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' পি নি।

ঋষিণা সৎকৃতস্তেন সভার্য্যঃ পৃথিবীপতিঃ।
উপোপবিষ্টঃ কল্যাণীঃ কথাশ্চক্রে মনোরমাঃ ॥৩॥
অথৈনং ভার্গবো রাজন্নুবাচ পরিসান্ত্বয়ন্।
যাজয়িষ্যামি রাজংস্ত্বাং সম্ভারানুপকল্পয় ॥৪॥
ততঃ পরমসংহৃষ্টঃ শর্য্যাতিরবনীপতিঃ।
চ্যবনস্য মহারাজ! তদ্বাক্যং প্রত্যপূজয়ৎ ॥৫॥
প্রশস্তেঽহনি যজ্ঞীয়ে সর্ব্বকামসমৃদ্ধিমৎ।
কারয়ামাস শর্য্যাতির্যজ্ঞায়তনমুত্তমম্ ॥৬॥
তত্রৈনং চ্যবনো রাজন্! যাজয়ামাস ভার্গবঃ।
অদ্ভুতানি চ তত্রাসন্ যানি তানি নিবোধ মে ॥৭॥

ভারতকৌমুদী

ঋষিণেতি। উপ সমীপে, কল্যাণীর্মঙ্গলময়ীঃ, কথা আলাপান্ ॥৩॥
অথেতি। পরিসান্ত্বয়ন্ অনুনয়ন্। সম্ভারান্ যজ্ঞোপযোগিদ্রব্যাণি ॥৪॥
তত ইতি। প্রত্যপূজয়ৎ অঙ্গীকারেণাদৃতবান্ ॥৫॥
প্রশস্ত ইতি। কাম্যন্ত ইতি কামা অভীষ্টদ্রব্যাণি। যজ্ঞায়তনং যজ্ঞশালাম্ ॥৬॥
তত্রেতি। এনং শর্য্যাতিম্। অদ্ভুতানি আশ্চর্য্যব্যাপারাঃ। নিবোধ শৃণু ॥৭॥

ভারতভাবদীপঃ

তত ইতি। বয়স্থং যুবানম্, "যুবং চ্যবানমশ্বিনা জরন্তং পুনর্যুবানং চরথায় চক্রথু"রিতি মন্ত্রলিঙ্গাৎ। চ্যবানং চ্যবনম্, চরথায় ধর্ম্মাচরণার্থম্ ॥১—৩॥ সম্ভারান্ যজ্ঞোপকরণানি ॥৪—৭॥

তখন চ্যবন তাঁহাদের সংবর্দ্ধনা করিলে, শর্য্যাতিরাজা ভার্য্যার সহিত নিকটে বসিয়া মঙ্গলকর ও মনোহর আলাপ করিলেন ॥৩॥

যুধিষ্ঠির! তাহার পর চ্যবন অনুনয় করিয়া শর্য্যাতিরাজাকে বলিলেন— 'রাজা! আমি আপনাকে যজ্ঞ করাইব, আপনি তাহার দ্রব্যসামগ্রী সংগ্রহ করুন' ॥৪॥

মহারাজ! তদনন্তর শর্য্যাতিরাজা অত্যন্ত আনন্দিত হইয়া চ্যবনের সেই বাক্যের সমাদর করিলেন ॥৫॥

তৎপরে শর্য্যাতিরাজা যজ্ঞের প্রশস্ত দিনে সর্বাঙ্গসম্পন্ন উত্তম যজ্ঞশালা নির্ম্মাণ করাইলেন ॥৬॥

রাজা! ভৃগুনন্দন চ্যবন সেই যজ্ঞশালায় শর্য্যাতিরাজাকে যজ্ঞ করাইতে লাগিলেন; তাহাতে যে সকল অদ্ভুত ঘটনা ঘটিয়াছিল, তাহা আমার নিকট শ্রবণ কর ॥৭॥

অগৃহ্লাচ্চ্যবনঃ সোমমশ্বিনোর্দ্দেবয়োস্তদা।
তমিন্দ্রো বারয়ামাস গৃহ্লানং স তয়োর্গ্রহম্ ॥৮॥

ইন্দ্র উবাচ।

উভাবেতৌ ন সোমার্হৌ নাসত্যাবিতি মে মতিঃ।
ভিষজৌ দিবি দেবানাং কর্ম্মণা তেন নার্হতঃ ॥৯॥

চ্যবন উবাচ।

মহোৎসাহৌ মহাত্মানৌ রূপদ্রবিণবত্তরৌ।
যৌ চক্রতুর্মাং মঘবন্! বৃন্দারকমিবাজরম্ ॥১০॥
ঋতে ত্বাং বিবুধাংশ্চান্যান্ কথং বৈ নার্হতঃ সবম্।
অশ্বিনাবপি দেবেন্দ্র! দেবৌ বিদ্ধি পুরন্দর! ॥১১॥

ইন্দ্র উবাচ।

চিকিৎসকৌ কর্ম্মকরৌ কামরূপসমন্বিতৌ।
লোকে চরন্তৌ মর্ত্ত্যানাং কথং সোমমিহার্হতঃ ॥১২॥

ভারতকৌমুদী

অগৃহ্লাদিতি। অশ্বিনোরর্থে। গৃহ্যতে অনেনেতি গ্রহঃ সোমপাত্রম্, তম্ ॥৮॥
উভাবিতি। নাসত্যাবশ্বিনৌ। ভিষজৌ চিকিৎসকমাত্রৌ ন পুনর্দেবাবিতি ভাবঃ ॥৯॥
মহেতি। রূপদ্রবিণবত্তরৌ প্রাধান্যেন সৌন্দর্য্যধনবন্তৌ। বৃন্দারকং দেবম্ ॥১০॥
ঋত ইতি। সবং যজ্ঞং যজ্ঞীয়সোমমিত্যর্থঃ। দেবৌ বিদ্ধি, অতঃ সোমমর্হতঃ ॥১১॥
চিকিৎসকাবিতি। কামরূপসমন্বিতৌ, মায়ামাত্রেণ ন পুনর্দেবত্বেনেত্যাশয়ঃ ॥১২॥

চ্যবন অশ্বিনীকুমারদের জন্য সোমরস লইবার সঙ্কল্প করিলেন, এমন কি তিনি তাঁহাদিগকে দিবার জন্য সোমপাত্র গ্রহণই করিলেন; তখন ইন্দ্র তাঁহাকে নিষেধ করিলেন ॥৮॥

ইন্দ্র বলিলেন—'ঋষি! আমার ধারণা এই যে, এই অশ্বিনীকুমারেরা দুই জনই সোমরস পাইতে পারেন না। কারণ, ইঁহারা স্বর্গে দেবগণের চিকিৎসকমাত্র; সুতরাং সেই কার্য্যবশতই সোমরস পাইতে পারেন না' ॥৯॥

চ্যবন বলিলেন—'দেবরাজ! ইঁহারা অত্যন্ত উৎসাহী ও মহাত্মা এবং বিশেষ রূপবান্ ও ধনবান্; বিশেষতঃ যাঁহারা আমাকে দেবতার ন্যায় জরাবিহীন করিয়াছেন' ॥১০॥

অতএব দেবরাজ! আপনি বা অন্যান্য দেবতা ব্যতীত ইঁহারা কেন যজ্ঞীয় সোমরস পাইবেন না। পুরন্দর! আপনি এই অশ্বিনীকুমার দুই জনকে দেবতা বলিয়াই জানুন' ॥১১॥

লোমশ উবাচ।

এতদেব যদা বাক্যমাম্রেড়য়তি দেবরাট্।
অনাদৃত্য ততঃ শক্রং গ্রহং জগ্রাহ ভার্গবঃ ॥১৩॥
গ্রহীষ্যন্তস্তু তং সোমমশ্বিনোরুত্তমং তদা।
সমীক্ষ্য বলভিদ্দেব ইদং বচনমব্রবীৎ ॥১৪॥
আভ্যামর্থায় সোমং ত্বং গ্রহীষ্যসি যদি স্বয়ম্।
বজ্রং তে প্রহরিষ্যামি ঘোররূপমনুত্তমম্ ॥১৫॥
এবমুক্তঃ স্ময়ন্নিন্দ্রমভিবীক্ষ্য স ভার্গবঃ।
জগ্রাহ বিধিবৎ সোমমশ্বিভ্যামুত্তমং গ্রহম্ ॥১৬॥
ততোঽস্মৈ প্রাহরদ্বজ্রং ঘোররূপং শচীপতিঃ।
অস্য প্রহরতো বাহুং স্তম্ভয়ামাস সর্বতঃ ॥১৭॥

ভারতকৌমুদী

এতদিতি। আম্রেড়য়তি দ্বিস্ত্রির্বদতি, "আম্রেড়িতং দ্বিস্ত্রিরুক্তম্" ইত্যমরঃ ॥১৩॥
গ্রহীষ্যন্তমিতি। অশ্বিনোরর্থে। বলভিৎ ইন্দ্রঃ ॥১৪॥
আভ্যামিতি। আভ্যাম্ অনয়োরশ্বিনোঃ অর্থায় প্রয়োজনায় ॥১৫॥
এবমিতি। স্ময়ন্ ঈষদ্ধসন্। সোমং সোমাধারভূতম্, গ্রহং পাত্রম্ ॥১৬॥
তত ইতি। প্রাহরৎ প্রহর্ত্তুমুদযচ্ছৎ। স্তম্ভয়ামাস চ্যবন ইতি শেষঃ ॥১৭॥

ইন্দ্র বলিলেন—'ঋষি! ইঁহারা দেবগণের চিকিৎসক ও কার্য্যকারী এবং মায়া করিয়া কামরূপী হন, বিশেষতঃ মর্ত্ত্যলোকে বিচরণ করেন। সুতরাং ইঁহারা কি করিয়া সোমরস পাইতে পারেন?' ॥১২॥

লোমশ বলিলেন—দেবরাজ যখন এই কথাই দুই তিন বার বলিলেন, তখন চ্যবন তাঁহাকে অগ্রাহ্য করিয়া সোমপাত্র গ্রহণ করিতে প্রবৃত্ত হইলেন ॥১৩॥

চ্যবন অশ্বিনীকুমারদের জন্য উত্তম সোমরস গ্রহণই করিবেন, ইহা দেখিয়া তখন দেবরাজ এই কথা বলিলেন—॥১৪॥

'তুমি যদি অশ্বিনীকুমারদের জন্য নিজেই সোমরস গ্রহণ কর, তবে তোমার উপরে দারুণ ও শ্রেষ্ঠ বজ্র প্রহার করিব' ॥১৫॥

ইন্দ্র এইরূপ বলিলে, চ্যবন ঈষৎ হাস্য করিয়া তাঁহার দিকে চাহিয়া অশ্বিনীকুমারদের জন্য যথাবিধানে উত্তম সোমপাত্র গ্রহণ করিলেন ॥১৬॥

তাহার পর ইন্দ্র চ্যবনের উপরে ভয়ঙ্কর বজ্র প্রহার করিবার উদ্যম করিলেন; উদ্যম করিবামাত্র চ্যবন তাঁহার বাহু সর্ব্বপ্রকারে স্তব্ধ করিলেন ॥১৭॥

তং স্তম্ভয়িত্বা চ্যবনো জুহুবে মন্ত্রতোঽনলম্ ।
কৃত্যার্থী সুমহাতেজা দেবং হিংসিতুমুদ্যতঃ ॥১৮॥
ততঃ কৃত্যাথ সংজজ্ঞে মুনেস্তস্য তপোবলাৎ ।
মদো নাম মহাবীর্য্যো বৃহৎকায়ো মহাসুরঃ ॥১৯॥
শরীরং যস্য নির্দ্দেষ্টুমশক্যন্তু সুরাসুরৈঃ ।
তস্যাস্যমভবদ্‌ঘোরং তীক্ষ্ণাগ্রদশনং মহৎ ॥২০॥
হনুরেকা স্থিতা তস্য ভূমাবেকা দিবং গতা ।
চতস্রশ্চায়তা দংষ্ট্রা যোজনানাং শতং শতম্ ॥২১॥
ইতরে তস্য দশনা বভূবুর্দশযোজনাঃ ।
প্রাসাদশিখরাকারাঃ শূলাগ্রসমদর্শনাঃ ॥২২॥
বাহূ পর্বতসঙ্কাশাবায়তাবযুতং সমৌ ।
নেত্রে রবিশশিপ্রখ্যে বক্ত্রং কালাগ্নিসন্নিভম্ ॥২৩॥

ভারতকৌমুদী

তমিতি। মন্ত্রতো মন্ত্রং পঠিত্বা। কৃত্যার্থী মারণদেবতোৎপাদনার্থী ॥১৮॥
তত ইতি। কৃত্যা কাচিন্মারণদেবতা, "কৃত্যা ক্রিয়াদেবতয়োঃ" ইত্যমরঃ ॥১৯॥
শরীরমিতি। আস্যং বদনম্, তীক্ষ্ণাগ্রা দশনা দন্তা যত্র তৎ ॥২০॥
হনুরিতি। হনুরোষ্ঠ ইত্যর্থঃ দিবম্ আকাশম্। আয়তা দীর্ঘাঃ, দংষ্ট্রা দন্তাঃ ॥২১॥
ইতর ইতি। দশনা দন্তাঃ। প্রাসাদশিখরাকারা দেবমন্দিরচূড়াতুল্যাঃ ॥২২॥
বাহূ ইতি। অযুতম্ অযুতযোজনম্, সমৌ সমানপরিমাণৌ ॥২৩॥

অতিমহাতেজা চ্যবন ইন্দ্রের বাহু স্তব্ধ করিয়া তাঁহাকে বিনষ্ট করিবার জন্য কোন মারণদেবতা সৃষ্টি করিবার ইচ্ছায় মন্ত্রপাঠপূর্বক অগ্নিতে আহুতি দিলেন ॥১৮॥

তদনন্তর চ্যবনমুনির তপস্যার প্রভাবে মহাসুরের ন্যায় মহাবীর ও বৃহৎকায় 'মদ'-নামে একটা মারণদেবতা জন্মিল ॥১৯॥

দেবগণ ও দানবগণ যাহার শরীরের ইয়ত্তা করিতে পারেন নাই। তাহার মুখখানা বিশাল ও ভয়ঙ্কর হইয়াছিল এবং তাহার দন্ত সকল তীক্ষ্ণাগ্র ছিল ॥২০॥

তাহার একটা ওষ্ঠ ভূতলে ছিল, আর একটা আকাশে উঠিয়াছিল এবং সম্মুখের চারিটা দাঁত শত শত যোজন দীর্ঘ ছিল ॥২১॥

তাহার অপর দন্ত সকল দশযোজনদীর্ঘ, মন্দিরের চূড়ার ন্যায় ক্রমিক সরু এবং শূলাগ্রের ন্যায় তীক্ষ্ণ ও উজ্জ্বল ছিল ॥২২॥

আর তাহার পর্ব্বততুল্য বাহুযুগল সমান ও অযুতযোজন দীর্ঘ, নয়নযুগল

লেলিহন্ জিহ্বয়া বক্ত্রং বিদ্যুচ্চপললোলয়া।
ব্যাত্তাননো ঘোরদৃষ্টিগ্রসন্নিব জগদ্বলাৎ ॥২৪॥
স ভক্ষয়িষ্যন্ সংক্রুদ্ধঃ শতক্রতুমুপাদ্রবৎ।
মহতা ঘোররূপেণ লোকান্ শব্দেন নাদয়ন্ ॥২৫॥ (যুগ্মকম্)
তং দৃষ্ট্বা ঘোরবদনং মদং দেবঃ শতক্রতুঃ।
আয়ান্তং ভক্ষয়িষ্যন্তং ব্যাত্তাননমিবান্তকম্ ॥২৬॥
ভয়াৎ সংস্তম্ভিতভুজঃ সৃক্কণী লেলিহন্মুহুঃ।
ততোঽব্রবীদ্দেবরাজশ্চ্যবনং ভয়পীড়িতঃ ॥২৭॥ (যুগ্মকম্)
সোমার্হাবশ্বিনাবেতাবদ্যপ্রভৃতি ভার্গব!।
ভবিষ্যতঃ সত্যমেতদ্বচো বিপ্র! প্রসীদ মে ॥২৮॥
ন তে মিথ্যা সমারম্ভো ভবত্বেষ পরো বিধিঃ।
জানামি চাহং বিপ্রর্ষে! ন মিথ্যা ত্বং করিষ্যসি।
সোমার্হাবশ্বিনাবেতৌ যথৈবাদ্য কৃতৌ ত্বয়া ॥২৯॥

ভারতকৌমুদী

লেলিহন্নিতি। অত্র নকাবলোপসম্ভবে তকাবলোপ আর্ষঃ। বিদ্যুদিব চপলা চঞ্চলা লোলা লম্বিতা চ' তয়া। ব্যাত্তাননো বিবৃতমুখঃ। শতক্রতুমিন্দ্রম্ ॥২৪—২৫॥

তমিতি। মদং তদাখ্যমসুরম্। সৃক্কণী ওষ্ঠপ্রান্তদ্বয়ম্ ॥২৬—২৭॥

সোমেতি। সোমার্হৌ যজ্ঞীয়সোমপ্রাপ্তিযোগ্যৌ। হে ভার্গব! চ্যবন। ॥২৮॥

চন্দ্র ও সূর্য্যের ন্যায় উজ্জ্বল এবং মুখের ভিতরটা প্রলয়কালীন অগ্নির ন্যায় ছিল ॥২৩॥

সেই ঘোবদর্শন অসুব অত্যন্তক্রুদ্ধ হইয়া, বিদ্যুতের ন্যায় চঞ্চল ও লম্বিত জিহ্বাদ্বারা মুখলেহন করিতে থাকিয়া, বিশাল ও ভয়ঙ্কব শব্দে ত্রিভুবন নিনাদিত করিয়া বলপূর্বক জগৎ গ্রাসেই যেন প্রবৃত্ত হইয়া, হাঁ করিয়া, ইন্দ্রকে ভক্ষণ করিবার জন্য ধাবিত হইল ॥২৪—২৫॥

প্রকটিতমুখ যমের ন্যায় ভয়ঙ্করমুখ সেই মদাসুর ভক্ষণ করিতে আসিতেছে দেখিয়া স্তম্ভিতবাহু দেবরাজ ইন্দ্র অত্যন্তভীত হইয়া, বার বার ওষ্ঠপ্রান্ত লেহন করিয়া ভয়বশতঃ চ্যবনকে বলিলেন—॥২৬—২৭॥

'ভৃগুনন্দন! আজ হইতে এই অশ্বিনীকুমারেরা যজ্ঞে সোমভাগী হইবেন; এই কথা ধ্রুব সত্য। অতএব ব্রাহ্মণ! আপনি আমার প্রতি প্রসন্ন হউন' ॥২৮॥

(২৫) শ্লোকাৎ পরম্ '... চতুর্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ। লোমশ উবাচ।' বা ব কা, '...পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ। লোমশ উবাচ।' পি নি।

ভূয় এব তু তে বীর্য্যং প্রকাশেদিতি ভার্গব ।
সুকন্যায়াঃ পিতুশ্চাস্য লোকে কীর্ত্তিঃ প্রথেদিতি ॥৩০॥
অতো ময়েতদ্বিহিতং তব বীর্য্যপ্রকাশনম্ ।
তস্মাৎ প্রসাদং কুরু মে ভবত্বেবং যথেচ্ছসি ॥৩১॥ (যুগ্মকম্)
এবমুক্তস্য শক্রেণ ভার্গবস্য মহাত্মনঃ ।
স মন্যুর্ব্যগমচ্ছীঘ্রং মুমোচ চ পুরন্দরম্ ॥৩২॥
মদঞ্চ ব্যভজদ্রাজন্ ! পানে স্ত্রীষু চ বীর্য্যবান্ ।
অক্ষেষু মৃগয়ায়াঞ্চ পূর্ব্বসৃষ্টং পুনঃ পুনঃ ॥৩৩॥

ভারতকৌমুদী

নেতি। সমারম্ভো মদসৃষ্টিঃ। পরো বিধিঃ উত্তমা সৃষ্টিঃ। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥২৯॥
ভূয় ইতি। বীর্য্যং তপঃপ্রভাবঃ। প্রথেৎ বিস্তৃতা ভবেৎ ॥৩০—৩১॥
এবমিতি। মন্যুঃ ইন্দ্রং প্রতি ক্রোধঃ। মুমোচ বাহুস্তম্ভাৎ ॥৩২॥
মদমিতি। ব্যভজৎ বিভজ্য নিহিতবান্। পানে সুরায়াঃ। অক্ষেষু দ্যূতক্রীড়াসু। অনর্থকারিণঃ খলু পানাদয়ঃ, তদ্বর্জনায় চ মদাশ্রয়ীকরণম্, অতএব চ মদসৃষ্টিঃ পরো বিধিরিত্যাশয়ঃ। পুনঃ পুনরিত্যনেন পানাদিষু মদাধিক্যং প্রদর্শিতম্ ॥৩৩॥

ভারতভাবদীপঃ

গ্রহং সোমস্য, গৃহ্লাণং তয়োরর্থে ॥৮—১০॥ সবং সোমম্ ॥১১—১২॥ আম্রেড়য়তি পুনঃপুনরাবর্ত্তয়তি ॥১৩—২৬॥ সৃক্কণী গলগর্ভৌ ॥২৭—৩২॥ মদঞ্চেতি। সুরাপান-স্ত্রী-দ্যূত-

---

ব্রহ্মর্ষি! আপনার এই মদসৃষ্টি যেন মিথ্যা হয় না, বরং ইহা প্রধান কার্য্যে পরিণত হউক। আমিও জানি যে, আপনি আজ যেমন এই অশ্বিনীকুমারদিগকে যথার্থই সোমরসভাগী করিলেন, তেমন এই মদকেও মিথ্যা করিবেন না, (যথার্থই করিবেন) ॥২৯॥

ভৃগুনন্দন! আপনার তপস্যার প্রভাব অধিক পরিমাণেই প্রকাশিত হউক এবং সুকন্যার পিতা শর্যাতিরাজার কীর্ত্তিও জগতে বিস্তৃতি লাভ করুক; এইরূপ ভাবিয়াই আমি এই ভাবে আপনার প্রভাব প্রকাশ করিয়াছি। অতএব আপনি আমার প্রতি অনুগ্রহ করুন; এবং আপনি যেমন ইচ্ছা করেন, মদ তেমনই হউক' ॥৩০—৩১॥

ইন্দ্র এইরূপ বলিলে, মহাত্মা চ্যবনের ক্রোধ সত্বরই তিরোহিত হইল এবং তিনি ইন্দ্রকে (বাহুস্তম্ভ হইতে) ছাড়িয়া দিলেন ॥৩২॥

রাজা! তাহার পর তপঃপ্রভাবশালী চ্যবন পূর্ব্বসৃষ্ট মদকে বিভক্ত করিয়া সুরাপান, স্ত্রী, দ্যূতক্রীড়া ও মৃগয়াতে বার বার স্থাপিত করিলেন ॥৩৩॥

তথা মদং বিনিক্ষিপ্য শক্রং সন্তর্প্য চেন্দুনা।
অশ্বিভ্যাং সহিতান্ দেবান্ যাজয়িত্বা চ তং নৃপম্ ॥৩৪॥
বিখ্যাপ্য বীর্য্যং লোকেষু সর্ব্বেষু বদতাং বরঃ।
সুকন্যয়া সহারণ্যে বিজহারানুকূলয়া ॥৩৫॥ (যুগ্মকম্)
তস্যৈতদ্দ্বিজসংঘুষ্টং সরো রাজন্! প্রকাশতে।
অত্র ত্বং সহ সোদর্য্যৈঃ পিতৃন্ দেবাংশ্চ তর্পয় ॥৩৬॥
এতদ্‌দৃষ্ট্বা মহীপাল! সিকতাক্ষঞ্চ ভারত!।
সৈন্ধবারণ্যমাসাদ্য কুল্যানাং কুরু দর্শনম্ ॥৩৭॥
পুষ্করেষু মহারাজ! সর্বেষু চ জলং স্পৃশন্।
স্থাণোর্মন্ত্রাণি চ জপন্ সিদ্ধিং যাস্যসি ভারত! ॥৩৮॥
সন্ধির্দ্বয়োর্নরশ্রেষ্ঠ! ত্রেতায়া দ্বাপরস্য চ।
অয়ং হি দৃশ্যতে পার্থ! সর্বপাপপ্রণাশনঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

তথেতি। ইন্দুনা সোমেন, অশ্বিভ্যাং সহিতান্ দেবান্ শক্রঞ্চ সন্তর্প্যেতি সম্বন্ধঃ। নৃপং শর্যাতিম্। বিখ্যাপ্য প্রচার্য্য, বীর্য্যমাত্মনস্তপঃপ্রভাবম্ ॥৩৪—৩৫॥

তস্যেতি। দ্বিজসংঘুষ্টং পক্ষিশব্দশব্দিতম্। সোদর্য্যৈর্ভ্রাতৃভিঃ ॥৩৬॥

এতদিতি। সিকতাক্ষং নাম তীর্থম্। কুল্যানাং ক্ষুদ্রকৃত্রিমসরিতাম্ ॥৩৭॥

পুষ্করেষ্বিতি। পুষ্করেষু প্রাগুক্ততন্নামকতীর্থেষু। স্থাণোঃ শিবস্য ॥৩৮॥

বাগ্মিপ্রবর চ্যবন মদকে সেই ভাবে স্থাপিত করিয়া, সোমদ্বারা অশ্বিনীকুমারদের সহিত দেবগণকে এবং ইন্দ্রকে পরিতৃপ্ত করিয়া, শর্যাতিরাজার যজ্ঞ সমাপ্ত করিয়া এবং সমস্ত জগতে আপন প্রভাব প্রচারিত করিয়া, অনুকূলা ভার্য্যা সুকন্যার সহিত বনে বিহার করিতে লাগিলেন ॥৩৪—৩৫॥

রাজা! সেই চ্যবনমুনির সরোবর এই প্রকাশ পাইতেছে, ইহাতে পক্ষিগণ রব করিয়া বেড়াইতেছে; তুমি ভ্রাতাদের সহিত ইহাতে পিতৃতর্পণ ও দেবতর্পণ কর ॥৩৬॥

ভরতনন্দন রাজা! এই সরোবর ও সিকতাক্ষতীর্থ দর্শন করিয়া সৈন্ধবারণ্যে যাইয়া ক্ষুদ্র কৃত্রিম নদীগুলিকে দর্শন কর ॥৩৭॥

ভরতনন্দন মহারাজ! সকল পুষ্করতীর্থের জলে স্নান এবং শিবের মন্ত্র জপ করিয়া সিদ্ধিলাভ করিতে পারিবে ॥৩৮॥

নরশ্রেষ্ঠ পৃথানন্দন! ত্রেতা ও দ্বাপরযুগের সন্ধিসময়ে উৎপন্ন সর্বপাপনাশক এই সেই বৈদূর্য্যপর্বত দেখা যাইতেছে ॥৩৯॥

আর্চ্চীকপর্বতশ্চৈব নিবাসো বৈ মনীষিণাম্ ।
সদাফলঃ সদাস্রোতো মরুতাং স্থানমুত্তমম্ ॥৪০॥
চৈত্যাশ্চৈতে বহুবিধাস্ত্রিদশানাং যুধিষ্ঠির ! ।
এতচ্চন্দ্রমসস্তীর্থমৃষয়ঃ পর্য্যুপাসতে ।
বৈখানসা বালখিল্যাঃ পাবকা বায়ুভোজনাঃ ॥৪১॥
শৃঙ্গাণি ত্রীণি পুণ্যানি ত্রীণি প্রস্রবণানি চ ।
সর্বাণ্যনুপরিক্রম্য যথাকামমুপস্পৃশ ॥৪২॥
শান্তনুশ্চাত্র রাজেন্দ্র ! শুনকশ্চ নরাধিপঃ ।
নরনারায়ণৌ চোভৌ স্থানং প্রাপ্তাঃ সনাতনম্ ॥৪৩॥

ভারতকৌমুদী

সন্ধিরিতি। সন্ধিঃ সন্ধিকালোৎপন্নঃ প্রাগুক্তো বৈদূর্য্যপর্ব্বতঃ ॥৩৯॥
আর্চ্চীকেতি। সদা ফলানি যত্র সঃ। সদাস্রোতো যত্র তৎ ॥৪০॥
চৈত্যা ইতি। চৈত্যা যজ্ঞায়তনানি। পাবকা অগ্নিতুল্যাঃ। ষট্পাদমিদং পদ্যম্ ॥৪১॥
শৃঙ্গাণীতি। শৃঙ্গাণি উক্তার্চীকপর্ব্বতস্যেত্যর্থঃ। উপস্পৃশ স্নাহি ॥৪২॥

ভারতভাবদীপঃ

মৃগয়া-ব্যসনানি, মদকরত্বাৎ ত্যাজ্যানীতি ভাবঃ ॥৩৩—৩৮॥ সন্ধির্দ্বয়োরিতি'। সম্প্রতি কলি-দ্বাপরসন্ধাবপ্যত্র তীর্থে ত্রেতাদ্বাপরসন্ধিতুল্যঃ কালোঽস্তি, অত্র স্নাতানাং কলিস্পর্শো নাস্তীতি ভাবঃ ॥৩৯॥ সদাস্রোতঃ সদাপ্রবাহযুক্তম্ ॥৪০॥ পাবকা ইব দীপ্যমানাঃ পাবকাঃ ॥৪১॥ ত্রীণি শৃঙ্গাণীতি। প্রাগ্ব্যাখ্যাতরীত্যা ত্রিকোণং বারাণসীক্ষেত্রম্, ত্রীণি প্রস্রবণানীতি চ প্রয়াগম্। এতানি সর্বাণ্যনু পরিক্রম্য প্রদক্ষিণীকৃত্য যথাকামমিহ স্নাহি। যথাকামমিত্যস্য কাশী-প্রয়াগসেবিনাং চন্দ্রতীর্থসেবনমৈচ্ছিকমিতরেষামিত্যাবশ্যকমিতি ভাবঃ। গৌড়াস্তু—"ত্রীণি শৃঙ্গাণি শুভ্রাণি ত্রীণি প্রস্রবণানি চ। পুষ্করাণ্যাদিসিদ্ধানি ন বিদ্মস্তত্র কারণ"মিতি শ্লোকমত্রাপি

জ্ঞানিগণের বাসস্থান আর্চ্চীকপর্বত এবং দেবগণের উত্তম স্থানও দেখা যাইতেছে ; এখানে সর্ব্বদাই ফল পাওয়া যায় এবং সর্ব্বদাই স্রোত বহিয়া থাকে ॥৪০॥

যুধিষ্ঠির ! এই দেবগণের নানাবিধ যজ্ঞস্থান এবং এই চন্দ্রের তীর্থ ; অগ্নির ন্যায় তেজস্বী এবং বায়ুভোজী বনবাসী বালখিল্য ঋষিরা এই চন্দ্রতীর্থের সেবা করিয়া থাকেন ॥৪১॥

আর্চ্চীকপর্ব্বতের তিনটী শৃঙ্গ ও তিনটী প্রস্রবণ আছে ; তুমি ইচ্ছানুসারে সেই সকলগুলিতে বিচরণ করিয়া স্নান কর ॥৪২॥

রাজশ্রেষ্ঠ ! এখানে শান্তনু ও শুনকরাজা এবং নরনারায়ণ ঋষি (স্নান করিয়া) সনাতন স্থান লাভ করিয়াছিলেন ॥৪৩॥

ইহ নিত্যশয়া দেবাঃ পিতরশ্চ মহর্ষিভিঃ।
আর্চ্চীকপর্বতে তেপুস্তান্ যজস্ব যুধিষ্ঠির!॥৪৪॥
ইহ তে বৈ চরূন্ প্রাশন্ন্ ঋষয়শ্চ বিশাংপতে!।
যমুনা চাক্ষয়স্রোতাঃ কৃষ্ণশ্চেহ তপোরতঃ॥৪৫॥
যমৌ চ ভীমসেনশ্চ কৃষ্ণা চামিত্রকর্ষণ!।
সর্বে চাত্র গমিষ্যামস্ত্বয়ৈব সহ পাণ্ডব!॥৪৬॥
এতৎ প্রস্রবণং পুণ্যমিন্দ্রস্য মনুজেশ্বর!।
যত্র ধাতা বিধাতা চ বরুণশ্চোর্দ্ধমাগতাঃ॥৪৭॥
ইহ তেঽপ্যবসন্ রাজন্! ক্ষান্তাঃ পরমধর্ম্মিণঃ।
মৈত্রাণামৃজুবুদ্ধীনাময়ং গিরিবরঃ শুভঃ॥৪৮॥
এষা সা যমুনা রাজন্! মহর্ষিগণসেবিতা।
নানাযজ্ঞচিতা রাজন্! পুণ্যা পাপভয়াপহা॥৪৯॥

ভারতকৌমুদী

শান্তনুরিতি। নবনারায়ণৌ ঋষী। সনাতনং স্থানং বৈকুণ্ঠম্॥৪৩॥
ইহেতি। নিত্যং শেরতে অবতিষ্ঠন্ত ইতি নিত্যশয়াঃ। তেপুস্তপশ্চক্রুঃ॥৪৪॥
ইহেতি। প্রাশন্ ভুক্তবন্তঃ। যমুনা বর্ত্ততে। তপোরত আসীৎ॥৪৫॥
যমাবিতি। যমৌ নকুলসহদেবৌ। সর্বে বয়ম্॥৪৬॥
এতদিতি। ঊর্দ্ধম্ ঊর্দ্ধবর্ত্তিনং স্বস্বলোকম্, আগতাঃ প্রাপ্তাঃ॥৪৭॥
ইহেতি। ক্ষান্তাঃ ক্ষমাশীলাঃ। মৈত্রাণাং মিত্রমুনিবংশ্যানাম্॥৪৮॥

দেবগণ ও পিতৃগণ মহর্ষিগণের সহিত মিলিত হইয়া এই আর্চ্চীকপর্বতেই সর্ব্বদা থাকিয়া তপস্যা করিয়াছিলেন। অতএব যুধিষ্ঠির! তুমি তাঁহাদের পূজা কর॥৪৪॥

নরনাথ! এই খানেই সেই দেবগণ, পিতৃগণ ও ঋষিগণ চরু ভক্ষণ করিয়াছিলেন। এই অক্ষয়স্রোতা যমুনা, ইহার তীরেই কৃষ্ণ তপস্যায় নিরত হইয়াছিলেন॥৪৫॥

শত্রুনাশন পাণ্ডুনন্দন! ভীম, নকুল, সহদেব, দ্রৌপদী এবং আমরা সকলে তোমার সহিতই এই সকল স্থানে যাইব॥৪৬॥

রাজা! এই ইন্দ্রের পুণ্য প্রস্রবণ; যেখানে ধাতা, বিধাতা ও বরুণ (তপস্যা করিয়া) ঊর্দ্ধবর্ত্তী আপন আপন লোকে গমন করিয়াছেন॥৪৭॥

রাজা! ক্ষমাশীল ও পরমধার্ম্মিক সেই ধাতাপ্রভৃতিও এখানে বাস করিয়াছিলেন। সরলবুদ্ধি মিত্রবংশীয়গণের এই মঙ্গলময় পর্বতশ্রেষ্ঠ॥৪৮॥

অত্র রাজা মহেষ্বাসো মান্ধাতাঽযজত স্বয়ম্ ।
সাহদেবিশ্চ কৌন্তেয় ! সোমকো দদতাং বরঃ ॥৫০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং সুকন্যোপাখ্যানে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——০০(*)০০——

চতুরধিকশততমোঽধ্যায়ঃ

যুধিষ্ঠির উবাচ ।
মান্ধাতা রাজশার্দ্দূলস্ত্রিষু লোকেষু বিশ্রুতঃ ।
কথং জাতো মহাব্রহ্মন্ ! যৌবনাশ্বো নৃপোত্তমঃ ॥১॥

ভারতকৌমুদী

এষেতি। নানাযজ্ঞৈশ্চিতা ব্যাপ্তা ॥৪৯॥

অত্রেতি। মহেষ্বাসো মহাধনুর্দ্ধরঃ। এষামাখ্যানং পরস্তাদ্বক্ষ্যতি ॥৫০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

মান্ধাতেতি। হে মহাব্রহ্মন্ ! শ্রেষ্ঠব্রাহ্মণ !, যৌবনাশ্বো যুবনাশ্বপুত্রঃ ॥১॥

ভারতভাবদীপঃ

পঠন্তি, স চ প্রাগেব ব্যাখ্যাতঃ। অত্র পাঠস্ত কাশ্যাদিস্তত্যা পূর্ব্বোক্তার্থস্য দৃঢ়ীকারার্থঃ ॥৪২—৪৩॥ নিত্যশয়া—নিত্যং শয়ানাঃ সন্নিহিতা ইত্যর্থঃ। তেপুস্তপশ্চক্রুঃ ॥৪৪—৪৯॥ সাহদেবিঃ সৃঞ্জয়পুত্রস্য পুত্রঃ ॥৫০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্র্যধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৩॥

রাজা! মহর্ষিগণসেবিতা এই যমুনা নদী ; ইহার তীরে নানাবিধ যজ্ঞ হইয়াছিল ; সুতরাং এই নদী পুণ্য জন্মায় এবং পাপভয় নষ্ট করে ॥৪৯॥

কুন্তীনন্দন! এই খানে মহাধনুর্দ্ধর রাজা স্বয়ং মান্ধাতা, সহদেবরাজার পুত্র এবং দাতৃশ্রেষ্ঠ সোমকরাজা যজ্ঞ করিয়াছিলেন ॥৫০॥

——:(*):——

যুধিষ্ঠির বলিলেন—'ব্রাহ্মণশ্রেষ্ঠ! ত্রিভুবনবিখ্যাত রাজশ্রেষ্ঠ এবং বস্তুতও নৃপপ্রধান যুবনাশ্বপুত্র মান্ধাতা কি প্রকারে জন্মিয়াছিলেন ? ॥১॥

---

* '...পঞ্চবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব ক্ষা, '...ষড়্বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' পি নি।

কথঞ্চৈনাং পরাং কাষ্ঠাং প্রাপ্তবানমিতদ্যুতিঃ।
যস্য লোকাস্ত্রয়ো বশ্যা বিষ্ণোরিব মহাত্মনঃ ॥২॥
এতদিচ্ছাম্যহং শ্রোতুং চরিতং তস্য ধীমতঃ।
সত্যকীর্ত্তেহি মান্ধাতুঃ কথ্যমানং ত্বয়াঽনঘ ! ॥৩॥
যথা মান্ধাতৃশব্দশ্চ তস্য শক্রসমদ্যুতেঃ।
জন্ম চাপ্রতিবীর্য্যস্য কুশলো হ্যসি ভাষিতুম্ ॥৪॥

লোমশ উবাচ।

শৃণুষ্বাবহিতো রাজন্ ! রাজ্ঞস্তস্য মহাত্মনঃ।
যথা মান্ধাতৃশব্দো বৈ লোকেষু পরিগীয়তে ॥৫॥
ইক্ষ্বাকুবংশপ্রভবো যুবনাশ্বো মহীপতিঃ।
সোঽযজৎ পৃথিবীপাল ! ক্রতুভির্ভূরিদক্ষিণৈঃ ॥৬॥

ভাবতকৌমুদী

কথমিতি। পবাং কাষ্ঠাম্ উৎকর্ষস্য চরমামবস্থাম্, অমিতদ্যুতির্মান্ধাতা ॥২॥
এতদিতি। সত্যকীর্ত্তেবনারোপিতযশসঃ। লোকা হি প্রভোর্মিথ্যাপি যশো ব্রুবন্তি ॥৩॥
যথেতি। মান্ধাতৃশব্দো মান্ধাতেতি নাম, যথাঽভবৎ। কুশলো দক্ষঃ ॥৪॥
শৃণুষ্বেতি। অবহিতঃ শ্রবণে কৃতমনোযোগঃ। তস্য মান্ধাতুঃ ॥৫॥
ইক্ষ্বাকিতি। মহীপতিবাসীদিতি শেষঃ। অযজৎ দেবান্ পূজিতবান্ ॥৬॥

এবং সেই অসাধাবণ তেজস্বী কি করিয়াই বা সেইরূপ উৎকর্ষের পরা কাষ্ঠা লাভ কবিয়াছিলেন ? সমস্ত ত্রিভুবন বিষ্ণুবই মত যে মহাত্মার বশীভূত হইয়াছিল ॥২॥

নিষ্পাপ ব্রহ্মর্ষি ! জ্ঞানবান্ ও সত্যকীর্ত্তি সেই মান্ধাতাব চবিত্র আপনি বলুন, আমি তাহা শুনিতে ইচ্ছা করি ॥৩॥

ইন্দ্রের তুল্য তেজস্বী ও অসাধাবণ বলবান্ সেই রাজার যেভাবে 'মান্ধাতা'-নাম ও জন্ম হইয়াছিল, তাহা আপনি বলুন। কারণ, আপনি ইতিহাস বলিতে বড়ই নিপুণ' ॥৪॥

লোমশ বলিলেন—'রাজা ! যাহাতে সেই মহাত্মার 'মান্ধাতা'-নাম জগতে কীর্ত্তন করে, তাহা তুমি মনোযোগী হইয়া শ্রবণ কর ॥৫॥

রাজা ! ইক্ষ্বাকুবংশোৎপন্ন 'যুবনাশ্ব'-নামে এক রাজা ছিলেন, তিনি প্রচুর-দক্ষিণা-সম্পন্ন বহুতর যজ্ঞ করিয়াছিলেন ॥৬॥

---

(৩) দ্বিতীয়ার্দ্ধং বা ব কা পি নাস্তি।

অশ্বমেধসহস্রঞ্চ প্রাপ্য ধর্ম্মভৃতাং বরঃ।
অন্যৈশ্চ ক্রতুভিঃ পুণ্যৈরযজৎ স্বাপ্তদক্ষিণৈঃ ॥৭॥
অনপত্যস্তু রাজর্ষিঃ স মহাত্মা মহাব্রতঃ।
মন্ত্রিষ্বাধায় তদ্রাজ্যং বননিত্যো বভূব হ।
শাস্ত্রদৃষ্টেন বিধিনা সংযোজ্যাত্মানমাত্মবান্ ॥৮॥
স কদাচিন্নৃপো রাজন্নুপবাসেন দুঃখিতঃ।
পিপাসাশুষ্কহৃদয়ঃ প্রবিবেশাশ্রমং ভৃগোঃ ॥৯॥
তামেব রাত্রিং রাজেন্দ্র! মহাত্মা ভৃগুনন্দনঃ।
ইষ্টিঞ্চকার সৌদ্যুম্নের্মহর্ষিঃ পুত্রকারণাৎ ॥১০॥

ভারতকৌমুদী

অশ্বেতি। প্রাপ্য অনুষ্ঠায়। স্বাপ্তদক্ষিণৈঃ পর্য্যাপ্তদক্ষিণৈঃ ॥৭॥

অনপত্য ইতি। মহাব্রতো দৃঢভাবেন শাস্ত্রোক্তনিয়মশালী। বনমেব নিত্যং সর্বদাধিষ্ঠেয়ং যস্য সঃ। আত্মবান্ যোগসাধনে যত্নবান্, আত্মানং স্বজীবম্, সংযোজ্য পরমাত্মনি আধায়, "সংযোগো যোগ ইত্যুক্তো জীবাত্মপরমাত্মনোঃ" ইতি যোগিযাজ্ঞবল্ক্যবচনাৎ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥৮॥

স ইতি। স যুবনাশ্বঃ। ভৃগোর্ভৃগুপুত্রস্য চ্যবনস্য ॥৯॥

তামিতি। ইষ্টিং যাগম্। সৌদ্যুম্নেঃ সুদ্যুম্নপুত্রস্য যুবনাশ্বস্য ॥১০॥

ভারতভাবদীপঃ

মান্ধাতেতি। যৌবনাশ্বো যুবনাশ্বপুত্রঃ ॥১॥ পরাং কাষ্ঠাং স্বর্গিষ্বেব শ্রেষ্ঠং স্থানম্ ॥২—৭॥ আত্মানং চিত্তম্, আত্মবান্ জিতচিত্তঃ, সংযোজ্যেষ্টদেবতয়া ঐক্যং নীত্বা ॥৮—৯॥ সৌদ্যুম্নেঃ

সেই ধার্ম্মিকশ্রেষ্ঠ যুবনাশ্ব বহুতর অশ্বমেধযজ্ঞ করিয়া প্রচুর-দক্ষিণা-যুক্ত পুণ্যজনক আরও অনেক যজ্ঞ করিয়াছিলেন ॥৭॥

মহাত্মা ও মহাব্রতপরায়ণ সেই রাজর্ষি যুবনাশ্ব নিঃসন্তান ছিলেন; তাই তিনি মন্ত্রিগণের উপরে রাজ্যভার ন্যস্ত করিয়া, বনে যাইয়া, যোগসাধনে যত্নবান্ হইয়া, শাস্ত্রদৃষ্ট বিধানে পরমাত্মাতে জীবাত্মার সংযোগ করিতে লাগিলেন ॥৮॥

রাজা! কোন সময়ে সেই যুবনাশ্ব উপবাসে ক্লান্ত ও পিপাসায় শুষ্ককণ্ঠ হইয়া চ্যবনের আশ্রমে প্রবেশ করিলেন ॥৯॥

রাজশ্রেষ্ঠ! এদিকে মহাত্মা ও মহর্ষি চ্যবন সেই যুবনাশ্বরাজারই পুত্রের জন্য সেই রাত্রিতেই যজ্ঞ করিয়াছিলেন ॥১০॥

---

(৮)···সুমহাত্মা মহাতপাঃ··· পি।

সম্ভৃতো মন্ত্রপূতেন বারিণা কলসো মহান্।
তত্রাতিষ্ঠত রাজেন্দ্র! পূর্বমেব সমাহিতঃ ॥১১॥
যৎ প্রাশ্য প্রসবেত্তস্য পত্নী শক্রসমং সুতম্।
তং ন্যস্য বেদ্যাং কলসং সুষুপুস্তে মহর্ষয়ঃ ॥১২॥
রাত্রিজাগরণশ্রান্তান্ সৌদ্যুম্নিঃ সমতীত্য তান্।
শুষ্ককণ্ঠঃ পিপাসার্ত্তঃ পানীয়ার্থী ভৃশং নৃপঃ।
তং প্রবিশ্যাশ্রমং শ্রান্তঃ পানীয়ং সোঽভ্যযাচত ॥১৩॥
তস্য শ্রান্তস্য শুষ্কেণ কণ্ঠেন ক্রোশতস্তদা।
নাশ্রৌষীৎ কশ্চন তদা শকুনেরিব বাশতঃ ॥১৪॥
ততস্তং কলসং দৃষ্ট্বা জলপূর্ণং স পার্থিবঃ।
অভ্যদ্রবত বেগেন পীত্বা চাম্ভো ব্যবাসৃজৎ ॥১৫॥

ভারতকৌমুদী

সম্ভৃত ইতি। সম্ভৃতঃ পূর্ণঃ। সমাহিতঃ তদ্‌যাগবিধ্যুক্তনিয়মেন রক্ষিতঃ ॥১১॥
যদিতি। যৎ যৎকলসজলম্, প্রাশ্য পীত্বা। তে যজ্ঞব্যাপৃতাঃ ॥১২॥
রাত্রীতি। সৌদ্যুম্নির্যুবনাশ্বঃ। পানীয়ং জলম্। অয়মপি ষট্‌পাদঃ শ্লোকঃ ॥১৩॥
তস্যেতি। ক্রোশত আহ্বয়তঃ। নাশ্রৌষীৎ শুষ্ককণ্ঠতয়া মৃদুস্বরত্বাৎ। বাশতো রুবতঃ ॥১৪॥
তত ইতি। অভ্যদ্রবত কলসান্তিকমগমৎ। ব্যবাসৃজৎ অবশিষ্টমম্ভঃ ॥১৫॥

সুতরাং রাজশ্রেষ্ঠ! মন্ত্রপূত জলে পরিপূর্ণ বৃহৎ একটা কলস পূর্ব্ব হইতেই সেই স্থানে স্থাপিত ছিল ॥১১॥

যে কলসের জল পান করিয়া যুবনাশ্বের পত্নী ইন্দ্রতুল্য পুত্র প্রসব করিবেন, সেই কলস যজ্ঞবেদীর উপরে রাখিয়া সেই বৃত মহর্ষিরা নিদ্রিত হইয়া পড়িয়াছিলেন ॥১২॥

সেই সময়ে পরিশ্রান্ত, পিপাসার্ত্ত, শুষ্ককণ্ঠ এবং অত্যন্ত জলপ্রার্থী সেই যুবনাশ্বরাজা—রাত্রিজাগরণে পরিশ্রান্ত ঋষিগণকে অতিক্রমপূর্বক আশ্রমে প্রবেশ করিয়া জল প্রার্থনা করিতে লাগিলেন ॥১৩॥

তখন পরিশ্রান্ত যুবনাশ্ব শুষ্ককণ্ঠে ডাকিতেছিলেন বলিয়া ক্ষুদ্র-পক্ষি-রবের ন্যায় তাঁহার সেই ডাক কেহই শুনিতে পান নাই ॥১৪॥

তাহার পর যুবনাশ্বরাজা জলপূর্ণ কলস দেখিয়া তাহার নিকট বেগে গমন করিলেন এবং তাহার জল পান করিয়া অবশিষ্ট জল ফেলিয়া দিলেন ॥১৫॥

(১৩)…পানীয়ার্থং ভৃশং নৃপঃ…পি।

স পীত্বা শীতলং তোয়ং পিপাসার্ত্তো মহীপতিঃ।
নির্ব্বাণমগমদ্ধীমান্ সুসুখী চাভবত্তদা ॥১৬॥
ততস্তে প্রত্যবুধ্যন্ত মুনয়ঃ সতপোধনাঃ।
নিস্তোয়ং তঞ্চ কলসং দদৃশুঃ সর্ব্ব এব তে ॥১৭॥
কস্য কর্ম্মেদমিতি তে পর্য্যপৃচ্ছন্ সমাগতাঃ।
যুবনাশ্বো মমেত্যেবং সত্যং সমভিপদ্যত ॥১৮॥
ন যুক্তমিতি তং প্রাহ ভগবান্ ভার্গবস্তদা।
সুতার্থং স্থাপিতা হ্যাপস্তপসা চৈব সংভৃতাঃ ॥১৯॥
ময়া হ্যত্রাহিতং ব্রহ্ম তপ আস্থায় দারুণম্।
পুত্রার্থং তব রাজর্ষে! মহাবলপরাক্রম! ॥২০॥
মহাবলো মহাবীর্য্যস্তপোবলসমন্বিতঃ।
যঃ শক্রমপি বীর্য্যেণ গময়েদ্‌যমসাদনম্ ॥২১॥

ভারতকৌমুদী

স ইতি। নির্ব্বাণং পিপাসাদুঃখনিবৃত্তিম্। সুসুখী অতীব সুখী ॥১৬॥
তত ইতি। প্রত্যবুধ্যন্ত জাগরিতবন্তঃ, তপোধনেন চ্যবনেন সহেতি সঃ ॥১৭॥
কস্যেতি। সমভিপদ্যত অঙ্গীকৃতবান্ ॥১৮॥
নেতি। সুতার্থং তবৈব পুত্রার্থম্, আপো জলম্, তপসা তপঃপ্রভাবেণ ॥১৯॥
ময়েতি। আহিতং স্থাপিতম্, ব্রহ্ম তেজঃ, আস্থায় অবলম্ব্য ॥২০॥

পিপাসার্ত্ত যুবনাশ্বরাজা সেই শীতল জল পান করিয়া নিবৃতি লাভ করিলেন এবং অত্যন্ত সুখী হইলেন ॥১৬॥

তৎপরে চ্যবনের সহিত সেই মুনিবা জাগরিত হইলেন এবং তাঁহারা সকলেই সেই কলসটাকে জলশূন্য দেখিলেন ॥১৭॥

তখন তাঁহারা আসিয়া—'ইহা কাহার কার্য্য' এই ভাবে জিজ্ঞাসা করিতে লাগিলেন; তখন যুবনাশ্ব—'ইহা আমার কার্য্য' এইরূপ সত্য স্বীকার করিলেন ॥১৮॥

তখন চ্যবন বলিলেন—'রাজা! আপনি ইহা সঙ্গত কার্য্য করেন নাই। কারণ, আপনার পুত্রের জন্যই তপস্যার তেজে পূর্ণ এই জল রাখিয়াছিলাম ॥১৯॥

হে মহাবলপরাক্রম রাজর্ষি! আপনার পুত্রের জন্যই ভয়ঙ্কর তপস্যা করিয়া আমি এই জলে ব্রহ্মতেজ স্থাপিত করিয়াছিলাম ॥২০॥

আপনার যে পুত্র মহাবল, মহাবীর্য্য ও তপোবলযুক্ত হইয়া আপন শক্তিপ্রভাবে ইন্দ্রকেও যমালয়ে প্রেরণ করিতে পারিত ॥২১॥

অনেন বিধিনা রাজন্! ময়েতদুপপাদিতম্।
অত্তক্ষণাত্ত্বয়া রাজন্! ন যুক্তং কৃতমদ্য বৈ ॥২২॥
ন ত্বদ্য শক্যমস্মাভিরেতৎ কর্ত্তুমতোঽন্যথা।
নূনং দৈবকৃতং হ্যেতদ্‌যদেবং কৃতবানসি ॥২৩॥
পিপাসিতেন যাঃ পীতা বিধিমন্ত্রপুরস্কৃতাঃ।
আপস্ত্বয়া মহারাজ! মত্তপোবীর্য্যসংভৃতাঃ ॥২৪॥
তাভ্যস্ত্বমাত্মনা পুত্রমীদৃশং জনয়িষ্যসি।
বিধাস্যামো বয়ং তত্র তবেষ্টিং পরমাদ্ভুতাম্ ॥২৫॥ (যুগ্মকম্)
যথা শক্রসমং পুত্রং জনয়িষ্যসি বীর্য্যবান্।
গর্ভধারণতশ্চাপি ন খেদং সমবাপ্স্যসি ॥২৬॥
ততো বর্ষশতে পূর্ণে তস্য রাজ্ঞো মহাত্মনঃ।
বামপার্শ্বং বিনির্ভিদ্য সুতঃ সূর্য্য ইব স্থিতঃ ॥২৭॥
নিশ্চক্রাম মহাতেজা ন চ তং মৃত্যুরাবিশৎ।
যুবনাশ্বং নরপতিং তদদ্ভুতমিবাভবৎ ॥২৮॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

মহেতি। বলং দৈহিকসামর্থ্যম্, বীর্য্যং মানসসামর্থ্যমিতি ভেদঃ ॥২১॥
অনেনেতি। অত্তক্ষণাৎ তস্যৈব জলস্য পানাৎ। যুক্তং সঙ্গতম্ ॥২২॥
নেতি। অতস্ত্বদুদরগমনাৎ, অন্যথা ত্বৎপত্ন্যুদরগমনম্। নূনং নিশ্চিতম্ ॥২৩॥
পিপেতি। পিপাসিতেন সঞ্জাতপিপাসেন। আপো জলম্। তাভ্যঃ অদ্ভ্যঃ, আত্মনা স্বয়মেব, ঈদৃশম্ ইন্দ্রজয়িনম্। ইষ্টিং যাগম্ ॥২৪—২৫॥
যথেতি। খেদং পুরুষতয়া সম্ভাব্যমানং ক্লেশম্ ॥২৬॥

রাজা! আমি উক্ত বিধানে এই জলকে উপযোগী করিয়াছিলাম। সুতরাং আপনি সেই জল পান করিয়া আজ সঙ্গত কার্য্য করেন নাই ॥২২॥

অতএব এখন আমরা এ ঘটনাটাকে ইহার অন্যরূপ করিতে সমর্থ হইব না। নিশ্চয়ই এ ঘটনা দৈবকৃত, যাহা আপনি করিয়াছেন ॥২৩॥

মহারাজ! যথাবিধানে অভিমন্ত্রিত এবং আমার তপঃপ্রভাবে পরিপূর্ণ যে জল আপনি পিপাসার্ত্ত হইয়া পান করিয়াছেন, সেই জল হইতে আপনি নিজেই ইন্দ্রবিজয়ী পুত্র প্রসব করিবেন; তাহাতে আপনার সম্বন্ধে আমরা একটা পরম অদ্ভুত যাগ করিব ॥২৪—২৫॥

যে যাগের ফলে আপনি ইন্দ্রতুল্য পুত্র প্রসব করিবেন, অথ চ গর্ভধারণের কষ্ট পাইবেন না' ॥২৬॥

ততঃ শক্রো মহাতেজাস্তং দিদৃক্ষুরুপাগমৎ।
ততো দেবা মহেন্দ্রং তমপৃচ্ছন্ ধাস্যতীতি কিম্ ॥২৯॥
প্রদেশিনীং ততোঽস্যাস্যে শক্রঃ সমভিসন্দধে।
মাময়ং ধাস্যতীত্যেবং ভাষিতে চৈব বজ্রিণা।
মান্ধাতেতি চ নামাস্য চক্রুঃ সেন্দ্রা দিবৌকসঃ ॥৩০॥
প্রদেশিনীং শক্রদত্তামাস্বাদ্য স শিশুস্তদা।
অবর্দ্ধত মহাতেজাঃ কিষ্কূন্ রাজংস্ত্রয়োদশ ॥৩১॥

ভারতকৌমুদী

তত ইতি। স্থিত উদর এব। আবিশৎ আক্রামৎ ॥২৭—২৮॥

তত ইতি। ইতি এষ শিশুঃ, কিং ধাস্যতি পাস্যতি; পুরুষপ্রসূতত্বয়া তস্য স্তনাভাবেন স্তন্যদুগ্ধাভাবাদিতি ভাবঃ। ধাস্যতীতি "ধেট্ পা পানে" ইত্যস্য রূপম্ ॥২৯॥

প্রেতি। ততঃ শক্রঃ, অস্য শিশোঃ, আস্যে মুখে, প্রদেশিনীম্ আত্মনস্তর্জনীমঙ্গুলীম্, সমভিসন্দধে সমর্পিতবান্। পরঞ্চ ইত্যেবং রূপেণ, অয়ং শিশুঃ, মাম্, ধাস্যতি পাস্যতি; অদৃশ্যরূপেণাপি ময়েত্থং প্রদেয়ত্বাৎ অঙ্গুল্যগ্রাচ্চ সুধাক্ষরণাৎ অতএব চ প্রায়েণ শিশুভিঃ স্বাঙ্গুলীনামপি পানাদিত্যাশয়ঃ। বজ্রিণা শক্রেণ। ধাতেতি পানার্থকধেট্‌ধাতোস্তৃন্‌প্রত্যয়ান্ত-তয়া কর্ম্মণি ষষ্ঠীনিষেধাদলুক্‌সমাসাশ্রয়ণাচ্চ মান্ধাতেতি রূপম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ ॥৩০॥

প্রেতি। অবর্দ্ধত—ততঃ সুধাস্বাদনাদিতি ভাবঃ। কিষ্কূন্ বিতস্তীন্, "কিষ্কুর্হস্তে বিতস্তৌ চ" ইত্যমরঃ। দেবপ্রভাবোঽয়ং বলীয়ানিত্যাশয়ঃ ॥৩১॥

ভারতভাবদীপঃ

যুবনাশ্বস্য ॥১০-১৩॥ বাশতঃ শব্দং কুর্বতঃ ॥১৪-১৫॥ নির্ব্বাণং তপঃফলম্ ॥১৬--২৪॥ ইষ্টমিচ্ছিতম্ ॥২৫—২৮॥ কিং ধাস্যতি পাস্যতি স্তন্যাভাবাৎ ॥২৯॥ মাং ধাস্যতি মান্ধাতা ধাতেতি লুড়ন্তস্য

তাহার পর একশত বৎসর পূর্ণ হইলে, সূর্য্যের ন্যায় তেজস্বী একটী পুত্র, মহাত্মা যুবনাশ্বরাজার বাম পার্শ্ব ভেদ করিয়া নির্গত হইল; কিন্তু তাহাতে যুবনাশ্বরাজার মৃত্যু হইল না!। এই ঘটনাটা আশ্চর্য্যই হইয়াছিল ॥২৭—২৮॥

তাহার পর মহাতেজা ইন্দ্র সেই বালকটীকে দেখিতে আসিলেন; তখন দেবতারা তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—'এ বালকটী কি পান করিবে?' ॥২৯॥

তখন ইন্দ্র সেই বালকটীর মুখে নিজের তর্জনী অঙ্গুলী প্রবেশ করাইয়া দিলেন (এবং বলিলেন—)'এ, এইভাবে আমাকে পান করিবে'। ইন্দ্র এই কথা বলিলে, তাঁহার সহিত দেবতারা সেই বালকটীর নাম করিলেন—'মান্ধাতা' ॥৩০॥

'রাজা! তখন সেই বালকটী ইন্দ্রদত্ত তর্জনী অঙ্গুলী চোষণ করিয়া অত্যন্ত তেজস্বী হইয়া ত্রয়োদশ বিতস্তি (সাড়ে ছ'হাত) বৃদ্ধি পাইল ॥৩১॥

বেদাস্তং সধনুর্ব্বেদা দিব্যান্যস্ত্রাণি চেশ্বরম্।
উপতস্থুর্মহারাজ! ধ্যাতমাত্রাণি সর্বশঃ ॥৩২॥
আজগবং নাম ধনুঃ শরাঃ শৃঙ্গোদ্ভবাশ্চ যে।
অভেদ্যং কবচঞ্চৈব সদ্যস্তমুপশিশ্রিয়ুঃ ॥৩৩॥
সোঽভিষিক্তো ভগবতা স্বয়ং শক্রেণ ভারত!।
ধর্ম্মেণ ব্যজয়ল্লোকাংস্ত্রীন্ বিষ্ণুরিব বিক্রমৈঃ ॥৩৪॥
তস্যাপ্রতিহতং চক্রং প্রাবর্ত্তত মহাত্মনঃ।
রত্নানি চৈব রাজর্ষিং স্বয়মেবোপতস্থিরে ॥৩৫॥
তস্যেয়ং বসুসম্পূর্ণা বসুধা বসুধাধিপ!।
তেনেষ্টং বিবিধৈর্যজ্ঞৈর্বহুভিঃ স্বাপ্তদক্ষিণৈঃ ॥৩৬॥

ভাবতকৌমুদী

বেদা ইতি। ঈশ্বরং প্রভুম্ ঈশ্বরানুগৃহীতং বা। ধ্যাতমাত্রাণি তেনৈব ॥৩২॥
আজেতি। অজস্য ব্রহ্মণো গৌস্তেজস্তস্যেদমিত্যাজগবম্ ॥৩৩॥
স ইতি। অভিষিক্তো যৌববাজ্য ইতি শেষঃ। ব্যজয়দিতি পরস্মৈপদমার্ষম্ ॥৩৪॥
তস্যেতি। অপ্রতিহতং শক্রভিরিতি শেষঃ, চক্রং রাষ্ট্রম্ ॥৩৫॥
তস্যেতি। বসুভির্ধনৈঃ সম্পূর্ণা। ইষ্টং যজনং কৃতম্ ॥৩৬॥

ভারতভাবদীপঃ

ব্যাখ্যানং ধাস্যতীতি ॥৩০॥ প্রদেশিনীং তর্জ্জনীম্। কিষ্কূন্ হস্তান্ বিতস্তীন্ বা। "কিষ্কুর্হস্তে বিতস্তৌ চ" ইত্যমরঃ ॥৩১॥ ধ্যাতমাত্রস্য ইন্দ্রেণায়মেবংবিধো ভবত্বিতি সঙ্কল্পিতস্য ॥৩২॥ শৃঙ্গোদ্ভবাঃ স্বর্গজাঃ। "শৃঙ্গং প্রভুত্বে শিখরে" ইত্যাদিঃ "স্বর্গমীনবিষয়ো"রিতি বিশ্বঃ,

মহারাজ! সেই বালকটী ঈশ্বরানুগৃহীত হইয়াছিল; তাই সে ধ্যান করিবামাত্র ধনুর্ব্বেদের সহিত সকল বেদ এবং স্বর্গীয় সকল অস্ত্র তাহার নিকট উপস্থিত হইয়াছিল ॥৩২॥

আর, 'আজগব-'নামে একখানা ধনু, শৃঙ্গোৎপন্ন বাণ এবং একটী অভেদ্য কবচ সদ্যই আসিয়া তাহাকে আশ্রয় করিয়াছিল ॥৩৩॥

ভরতনন্দন! তখন ভগবান্ স্বয়ং দেবরাজ মান্ধাতাকে যৌবরাজ্যে অভিষিক্ত করিলেন; ক্রমে সেই মান্ধাতা বিষ্ণুর ন্যায় আপন বিক্রমে ধর্ম্মানুসারে ত্রিভুবন জয় করিলেন ॥৩৪॥

ক্রমে মহাত্মা মান্ধাতার রাজ্য অপ্রতিহত হইল এবং রত্ন সকল নিজে নিজে আসিয়াই রাজর্ষি মান্ধাতার নিকট উপস্থিত হইতে লাগিল ॥৩৫॥

(৩২) ··ধ্যাতমাত্রস্য সর্বশঃ—বা ব কা।

চিতচৈত্যো মহাতেজা ধর্ম্মান্ প্রাপ্য চ পুষ্কলান্।
শক্রস্যার্দ্ধাসনং রাজন্! লব্ধবানমিতদ্যুতিঃ ॥৩৭॥
একাহাৎ পৃথিবী তেন ধর্ম্মনিত্যেন ধীমতা।
বিজিতা শাসনাদেব সরত্নাকরপত্তনা ॥৩৮॥
তস্য চৈত্যৈর্ম্মহারাজ! ক্রতূনাং দক্ষিণাবতাম্।
চতুরন্তা মহী ব্যাপ্তা নাসীৎ কিঞ্চিদনাবৃতম্ ॥৩৯॥
তেন পদ্মসহস্রাণি গবাং দশ মহাত্মনা।
ব্রাহ্মণানাং মহারাজ! দত্তানীতি প্রচক্ষতে ॥৪০॥
তেন দ্বাদশবার্ষিক্যামনাবৃষ্ট্যাং মহাত্মনা।
বৃষ্টং শস্যবিবৃদ্ধ্যর্থং মিষতো বজ্রপাণিনঃ ॥৪১॥
তেন সোমকুলোৎপন্নো গান্ধরাধিপতির্ম্মহান্।
গর্জ্জন্নিব মহামেঘঃ প্রমথ্য নিহতঃ শরৈঃ ॥৪২॥

ভারতকৌমুদী

চিতেতি। চিতানি বিহিতানি চৈত্যানি যজ্ঞশালা যেন সঃ। পুষ্কলান্ প্রচুরান্ ॥৩৭॥
একেতি। শাসনাদাদেশাদেব, রত্নাকরৈঃ সমুদ্রৈঃ পত্তনৈর্নগরৈশ্চ সহেতি সা ॥৩৮॥
তস্যেতি। চৈত্যৈর্যজ্ঞশালাভিঃ, "চৈত্যমায়তনং তুল্যে" ইত্যমরঃ ॥৩৯॥
তেনেতি। পদ্মসহস্রাণীত্যনেন বহুত্বং সূচিতম্। প্রচক্ষতে অধুনাপি লোকাঃ ॥৪০॥
তেনেতি। মিষতঃ পশ্যতঃ, বজ্রেণ পণিতুং-ব্যবহর্ত্তুং শীলমস্যেতি তস্য, পণের্ণিন্ ॥৪১॥
তেনেতি। সোমকুলোৎপন্নশ্চন্দ্রবংশীয়ঃ। মহান্ প্রবলঃ ॥৪২॥

রাজা! ধনে পরিপূর্ণ এই পৃথিবী মান্ধাতারই ছিল এবং তিনি প্রচুর-দক্ষিণাযুক্ত নানাবিধ বহুতর যজ্ঞ করিয়াছিলেন ॥৩৬॥

যুধিষ্ঠির! অত্যন্ত তেজস্বী ও অমিতবিক্রম মান্ধাতা অসংখ্য যজ্ঞশালা নির্ম্মাণপূর্ব্বক প্রচুর ধর্ম্ম লাভ করিয়া ইন্দ্রের অর্দ্ধাসন লাভ করিয়াছিলেন ॥৩৭॥

ধর্ম্মনিরত ও বুদ্ধিমান্ মান্ধাতা কেবল আদেশ করিয়াই সমুদ্র ও নগর-প্রভৃতির সহিত সমগ্র পৃথিবী একদিনেই জয় করিয়াছিলেন ॥৩৮॥

মহারাজ! মান্ধাতার প্রচুর-দক্ষিণা-যুক্ত-নানাবিধ-যজ্ঞভবনে চতুঃসমুদ্র-বেষ্টিত সমগ্র পৃথিবীই ব্যাপ্ত হইয়াছিল, কোন স্থানই অনাবৃত ছিল না ॥৩৯॥

মহারাজ! এখনও লোকে বলে যে, মহাত্মা মান্ধাতা ব্রাহ্মণদিগকে বহুতর গো দান করিয়াছিলেন ॥৪০॥

দ্বাদশবর্ষব্যাপী অনাবৃষ্টি চলিতে লাগিলে, মহাত্মা মান্ধাতা শস্যবৃদ্ধির নিমিত্ত ইন্দ্রের সাক্ষাতেই বারিবর্ষণ করিয়াছিলেন ॥৪১॥

প্রজাশ্চতুর্বিধাস্তেন ত্রাতা রাজন্! কৃতাত্মনা।
তেনাত্মতপসা লোকাঃ স্থাপিতাশ্চাতিতেজসা ॥৪৩॥
তস্যৈতদ্দেবযজনং স্থানমাদিত্যবর্চ্চসঃ।
পশ্য পুণ্যতমে দেশে কুরুক্ষেত্রস্য মধ্যতঃ ॥৪৪॥
এতত্তে সর্বমাখ্যাতং মান্ধাতুশ্চরিতং মহৎ।
জন্ম চাগ্র্যং মহীপাল! যন্মাং ত্বং পরিপৃচ্ছসি ॥৪৫॥

বৈশম্পায়ন উবাচ।

এবমুক্তঃ স কৌন্তেয়ো লোমশেন মহর্ষিণা।
পপ্রচ্ছানন্তরং ভূয়ঃ সোমকং প্রতি ভারত! ॥৪৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং মান্ধাত্রুপাখ্যানে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

প্রজা ইতি। চতুর্বিধাঃ জরায়ুজ-স্বেদজাণ্ডজোদ্ভিজ্জাঃ। কৃতাত্মনা যত্নবতা ॥৪৩॥
তস্যেতি। দেবা ইজ্যন্তে অস্মিন্নিতি দেবযজনম্। মধ্যতো মধ্যে ॥৪৪॥
এতদিতি। আখ্যাতং সংক্ষেপেণোক্তম্। অগ্র্যং ভার্গবানুগ্রহনিষ্পন্নত্বাচ্ছ্রেষ্ঠম্ ॥৪৫॥
এবমিতি। ভূয়ঃ পুনঃ, সোমকং প্রতি প্রস্তুতসোমকরাজবিষয়ে ॥৪৬॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

দিব্যা ইত্যর্থঃ ॥৩৩—৩৪॥ চক্রমাজ্ঞা ॥৩৫—৩৬॥ চিতচৈত্যঃ কৃতচয়নক্রতুঃ ॥৩৭—৩৯॥ পদ্মং শতকোটয়স্তেষামপি সহস্রাণি দশ ॥৪০—৪২॥ চতুর্ব্বিধাঃ সুরনরতির্য্যকস্থাবরাঃ ॥৪৩-৪৬॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুরধিকশততমোঽধ্যায়ঃ ॥১০৪॥

মান্ধাতা, গর্জনকারী মহামেঘের ন্যায় চন্দ্রবংশীয় প্রবল গান্ধাররাজকে বাণদ্বারা জর্জরিত করিয়া নিহত করিয়াছিলেন ॥৪২॥

আর, রাজা! তিনি সর্ব্বদা যত্নবান্ থাকিয়া চতুর্বিধ প্রাণীকে রক্ষা করিতেন এবং অত্যন্ত তেজস্বী সেই মান্ধাতা আপন তপোবলে লোকদিগকে স্বস্বপদে স্থাপিত করিয়াছিলেন ॥৪৩॥

যুধিষ্ঠির! দেখ,—পুণ্যতম কুরুক্ষেত্রের মধ্যভাগে সেই সূর্য্যতুল্য তেজস্বী মান্ধাতার এই যজ্ঞস্থান রহিয়াছে ॥৪৪॥

রাজা! তুমি আমার নিকট যাহা জিজ্ঞাসা করিয়াছিলে, এই তোমার নিকট সেই মান্ধাতার মহনীয় চরিত্র ও উত্তম জন্মের বিষয় বলিলাম' ॥৪৫॥

---

* '…ষড়্‌বিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' বা ব কা, '…সপ্তবিংশত্যধিকশততমোঽধ্যায়ঃ' পি নি।

পঞ্চাধিকশততমোঽধ্যায়ঃ

——ঃ০ঃ——

যুধিষ্ঠির উবাচ। *

কথংবীর্য্যঃ স রাজাঽভূৎ সোমকো বদতাং বর!।
কর্ম্মাণ্যস্য প্রভাবঞ্চ শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ ॥১॥

লোমশ উবাচ।

যুধিষ্ঠিরাসীন্নৃপতিঃ সোমকো নাম ধার্ম্মিকঃ।
তস্য ভার্য্যা শতং রাজন্! সদৃশীনামভূত্তদা ॥২॥
স বৈ যত্নেন মহতা তাসু পুত্রং মহীপতিঃ।
কঞ্চিন্নাসাদয়ামাস কালেন মহতা হ্যপি ॥৩॥
কদাচিত্তস্য বৃদ্ধস্য ঘটমানস্য যত্নতঃ।
জন্তুর্নাম সুতস্তস্মিন্ স্ত্রীশতে সমজায়ত ॥৪॥

ভারতকৌমুদী

কথমিতি। কথং কীদৃশং বীর্য্যং যস্য স কথংবীর্য্যঃ। তত্ত্বতো যাথার্থ্যেন ॥১॥
যুধীতি। ভার্য্যেত্যার্ষত্বাল্লুপ্তষষ্ঠীবহুবচনান্তং পদং সদৃশীনামিত্যন্বয়ানুরোধাৎ ॥২॥
স ইতি। যত্নেন দেবার্চ্চনাদিচেষ্টয়াপি। নাসাদয়ামাস ন লেভে ॥৩॥

বৈশম্পায়ন কহিলেন—ভরতনন্দন! মহর্ষি লোমশ এইরূপ বলিলে, তৎপরে যুধিষ্ঠির পুনরায় সোমকরাজার বিষয় জিজ্ঞাসা করিলেন ॥৪৬॥

——ঃ(*)ঃ——

যুধিষ্ঠির বলিলেন—'বাগ্মিশ্রেষ্ঠ! সেই সোমকরাজার কিরূপ শক্তি, কি কি কার্য্য এবং কিরূপ প্রভাব ছিল, তাহা আমি যথাযথভাবে শুনিতে ইচ্ছা করি' ॥১॥

লোমশ বলিলেন—'রাজা যুধিষ্ঠির! 'সোমক'-নামে এক ধার্ম্মিক রাজা ছিলেন এবং তাঁহার যোগ্য একশত ভার্য্যা ছিল ॥২॥

কিন্তু সেই রাজা বিশেষ চেষ্টা করিয়া বহুকালেও সেই ভার্য্যাদের গর্ভে কোন পুত্র লাভ করেন নাই ॥৩॥

ক্রমে তিনি বৃদ্ধ হইয়াও যত্নপূর্ব্বক চেষ্টা করিতে লাগিলে, সেই একশত স্ত্রীর মধ্যে 'জন্তু'-নামে একটী পুত্র জন্মিল ॥৪॥

---

* রাজোবাচ—পি।

তং জাতং মাতরঃ সর্বাঃ পরিবার্য্য সমাসতে।
সততং পৃষ্ঠতঃ কৃত্বা কামভোগান্ বিশাংপতে! ॥৫॥
ততঃ পিপীলিকা জন্তুং কদাচিদদশৎ স্ফিচি।
স দষ্টো ব্যনদন্নাদং তেন দুঃখেন বালকঃ ॥৬॥
ততস্তা মাতরঃ সর্বাঃ প্রাক্রোশন্ ভৃশদুঃখিতাঃ।
প্রবার্য্য জন্তুং সহিতাঃ স শব্দস্তুমুলোঽভবৎ ॥৭॥
তমার্ত্তনাদং সহসা শুশ্রাব স মহীপতিঃ।
অমাত্যপর্ষদো মধ্যে উপবিষ্টঃ সহর্ত্বিজা ॥৮॥
ততঃ প্রস্থাপয়ামাস কিমেতদিতি পার্থিবঃ।
তস্মৈ ক্ষত্তা যথাবৃত্তমাচচক্ষে সুতং প্রতি ॥৯॥
ত্বরমাণঃ স চোত্থায় সোমকঃ সহ মন্ত্রিভিঃ।
প্রবিশ্যান্তঃপুরং পুত্রমাশ্বাসয়দরিন্দমঃ ॥১০॥

ভারতকৌমুদী

কদাচিদিতি। ঘটমানস্য চেষ্টমানস্য। স্ত্রীশতে স্ত্রীশতমধ্যে একস্যামিত্যর্থঃ ॥৪॥

তমিতি। পরিবার্য্য পরিবেষ্ট্য, সমাসতে উপবিশন্তি স্ম। পৃষ্ঠতঃ কৃত্বা বিহায় ॥৫॥

তত ইতি। জন্তুং তদাখ্যং পুত্রম্, স্ফিচি নিতম্বদেশে। নাদমার্ত্তনাদম্ ॥৬॥

তত ইতি। প্রবার্য্য পরিবেষ্ট্য। তুমুলো মিশ্রিতত্বাদ্বিশালঃ ॥৭॥

তমিতি। অমাত্যপর্ষদো মন্ত্রিসভায়াঃ। পর্ষদিতি পৃষোদরাদিত্বাৎ পরেরিকারলোপঃ ॥৮॥

তত ইতি। প্রস্থাপয়ামাস দ্বারপালমিতি শেষঃ। ক্ষত্তা স দ্বারপালঃ ॥৯॥

নরনাথ! মাতারা সকলেই কামভোগ পিছনে রাখিয়া সর্ব্বদাই সেই বালকটীকে পরিবেষ্টন করিয়া বসিয়া থাকিতেন ॥৫॥

তাহার পর কোন সময়ে একটা পিপীলিকা সেই জন্তুর নিতম্বদেশে দংশন করিল; তখন সেই যাতনায় সেই বালক আর্ত্তনাদ করিয়া উঠিল ॥৬॥

তদনন্তর সেই মাতারা সকলেই অত্যন্তদুঃখিত হইয়া, জন্তুকে পরিবেষ্টন করিয়া, সম্মিলিতভাবে রোদন করিয়া উঠিলেন; তাহাতে সেই শব্দ তুমুল হইয়া পড়িল ॥৭॥

সুতরাং মন্ত্রিসভার মধ্যে যাজকের সহিত উপবিষ্ট সেই রাজা তৎক্ষণাৎ সেই আর্ত্তনাদ শুনিতে পাইলেন ॥৮॥

তাহার পর 'এটা কি' ইহা জানিবার জন্য রাজা একজন দৌবারিককে পাঠাইয়া দিলেন; সে দৌবারিক জানিয়া আসিয়া রাজার নিকট পুত্রের বিষয় যথাবৎ বৃত্তান্ত বলিল ॥৯॥

সান্ত্বয়িত্বা তু তং পুত্রং নিষ্ক্রম্যান্তঃপুরান্নৃপঃ।
ঋত্বিজা সহিতো রাজন্! সহামাত্য উপাবিশৎ ॥১১॥

সোমক উবাচ।

ধিগস্ত্বিহৈকপুত্রত্বমপুত্রত্বং বরং ভবেৎ।
নিত্যাতুরত্বাদ্ভূতানাং শোক এবৈকপুত্রতা ॥১২॥
ইদং ভার্য্যাশতং ব্রহ্মন্! পরীক্ষ্য সদৃশং প্রভো!।
পুত্রার্থিনা ময়াঽবোঢ়ং ন তাসাং বিদ্যতে প্রজা ॥১৩॥
একঃ কথঞ্চিদুৎপন্নঃ পুত্রো জন্তুরয়ং মম।
যতমানাসু সর্ব্বাসু কিন্নু দুঃখমতঃপরম্ ॥১৪॥
বয়শ্চ সমতীতং মে সভার্য্যস্য দ্বিজোত্তম!।
আসাং প্রাণাঃ সমায়ত্তা মম চাত্রৈকপুত্রকে ॥১৫॥

ভারতকৌমুদী

ত্বরেতি। সোমকো রাজা। পুত্রং পিপীলিকাদষ্টং জন্তুম্ ॥১০॥
সান্ত্বয়িত্বেতি। অমাত্যৈঃ সহেতি সহামাত্যঃ, বিকল্পাৎ সহশব্দস্য সভাবাভাবঃ ॥১১॥
ধিগিতি। নিত্যাতুরত্বাৎ সম্ভাব্যমাননিত্যরোগিত্বাৎ। শোকঃ শোকস্থানম্ ॥১২॥
ইদমিতি। সদৃশং কুলাদিনা যোগ্যম্। অবোঢ়ং ব্যূঢ়ং পরিণীতমিতি যাবৎ ॥১৩॥
এক ইতি। যতমানাসু পুত্রপ্রসবায় চেষ্টমানাসু, সর্বাসু ভার্য্যাসু ॥১৪॥

তখন অরিন্দম সোমকরাজা সত্বর উঠিয়া মন্ত্রিগণের সহিত অন্তঃপুরে প্রবেশ করিয়া পুত্রকে আশ্বস্ত করিলেন ॥১০॥

যুধিষ্ঠির! তাহার পর সোমকরাজা সেই পুত্রকে সান্ত্বনা করিয়া, অন্তঃপুর হইতে নির্গত হইয়া আসিয়া ঋত্বিক্ ও মন্ত্রিবর্গের সহিত উপবেশন করিলেন ॥১১॥

সোমক বলিলেন—'পুত্র না হওয়া বরং ভাল; কিন্তু একটীমাত্র পুত্র হওয়াকে আমি ধিক্কার দি। কারণ, প্রাণিগণের সর্বদাই পীড়া হওয়া সম্ভব বলিয়া একটীমাত্র পুত্র কেবল উদ্বেগেরই বিষয় ॥১২॥

হে প্রভাবসম্পন্ন ব্রাহ্মণ! আমি পুত্রার্থী হইয়া বিশেষ পরীক্ষা করিয়া নিজের যোগ্য এই একশত ভার্য্যা গ্রহণ করিলাম; কিন্তু তাহাদের সন্তানই হইল না! ॥১৩॥

তা'র পর সকল ভার্য্যাই পুত্রের জন্য যত্নপরায়ণ হইলে, 'জন্তু'—নামে আমার এই একটীমাত্র পুত্র কোন প্রকারে উৎপন্ন হইল। ইহা অপেক্ষা দুঃখের বিষয় কি আছে? ॥১৪॥

স্যাত্তু কর্ম্ম তথা যুক্তং যেন পুত্রশতং ভবেৎ।
মহতা লঘুনা বাপি কর্ম্মণা দুষ্করেণ বা ॥১৬॥

ঋত্বিগুবাচ।

অস্তি চৈতাদৃশং কর্ম্ম যেন পুত্রশতং ভবেৎ।
যদি শক্নোষি তৎ কর্ত্তুমথ বক্ষ্যামি সোমক! ॥১৭॥

সোমক উবাচ।

কার্য্যং বা যদি বাঽকার্য্যং যেন পুত্রশতং ভবেৎ।
কৃতমেবেতি তদ্বিদ্ধি ভগবন্! প্রব্রবীতু মে ॥১৮॥

ঋত্বিগুবাচ।

যজস্ব জন্তুনা রাজংস্ত্বং ময়া বিততে ক্রতৌ।
ততঃ পুত্রশতং শ্রীমদ্ভবিষ্যত্যচিরেণ তে ॥১৯॥

ভারতকৌমুদী

অথাপরেঽপি পুত্রা ভবিতুমর্হন্তীত্যাহ বয় ইতি। সমায়ত্তাঃ তুল্যমধীনা জাতাঃ ॥১৫॥
স্যাদিতি। কর্ত্তুং যুক্তং স্যাৎ। অপিশব্দাৎ সুকরেণ বেত্যপি বোধ্যম্ ॥১৬॥
অস্তীতি। বিদ্যমানপুত্রবিনাশাবশ্যকতয়া তৎ কর্ম্ম তব দুষ্করমেবেত্যাশয়ঃ ॥১৭॥
কার্য্যমিতি। কার্য্যং কর্ত্তুমুচিতম্, অকার্য্যং কর্ত্তুং নোচিতম্। বিদ্ধি জানীহি ॥১৮॥
যজস্বেতি। জন্তুনা তদাখ্যেন নিজপুত্রেণ। বিততে বিস্তৃতভাবেনারব্ধে ॥১৯॥

ভারতভাবদীপঃ

কথমিতি ॥১—৫॥ স্ফিচি কট্যাম্ ॥৬—৭॥ অমাত্যপর্ষদো মধ্যে মন্ত্রিসভাস্তঃ ॥৮॥ ক্ষত্তা দৌবারিকঃ ॥৯—১৮॥ জন্তুনা পশুভূতেন। 'স বরুণং রাজানমুপসসার পুত্রো মে

ব্রাহ্মণশ্রেষ্ঠ! আমার ও আমার ভার্য্যাগণের যৌবনবয়স অতীত হইয়া গিয়াছে। সুতরাং আমার ও তাহাদের প্রাণগুলি সমানভাবে এই একটী পুত্রেরই অধীন হইয়া পড়িয়াছে ॥১৫॥

অতএব বৃহৎ বা ক্ষুদ্র এবং সুকর বা দুষ্কর যে কর্ম্ম দ্বারা আমার একশত পুত্র হইতে পারে, তেমন কর্ম্ম করা সম্ভব হয় কি?' ॥১৬॥

যাজক বলিলেন—'মহারাজ! এরূপ কর্ম্ম আছে, যাহাতে একশত পুত্র হইতে পারে; আপনি যদি তাহা করিতে সমর্থ হন, তবে বলিব' ॥১৭॥

সোমক বলিলেন—'কর্ত্তব্যই হউক বা অকর্ত্তব্যই হউক, যাহাতে শত পুত্র হইতে পারে, তাহা আমি করিয়া ফেলিয়াছি বলিয়াই আপনি মনে করুন; আপনি আমার নিকট তাহা বলুন' ॥১৮॥

যাজক বলিলেন—'রাজা! আমি যজ্ঞ আরম্ভ করিলে, আপনি তাহাতে

বপায়াং হূয়মানায়াং ধূমমাঘ্রায় মাতরঃ।
ততস্তাঃ সুমহাবীর্য্যান্ জনয়িষ্যন্তি তে সুতান্ ॥২০॥
তস্যামেব তু তে জন্তুর্ভবিতা পুনরাত্মজঃ।
উত্তরে চাস্য সৌবর্ণং লক্ষ্ম পার্শ্বে ভবিষ্যতি ॥২১॥

সোমক উবাচ।

ব্রহ্মন্! যদ্যদ্যথা কার্য্যং তৎ কুরুষ্ব তথা তথা।
পুত্রকামতয়া সর্বং করিষ্যামি বচস্তব ॥২২॥

লোমশ উবাচ।

ততঃ স যাজয়ামাস সোমকং তেন জন্তুনা।
মাতরস্তু বলাৎ পুত্রমপাকার্ষুঃ কৃপান্বিতাঃ ॥২৩॥
হা হতাঃ স্মেতি বাশন্ত্যস্তীব্রশোকসমাহতাঃ।
রুদত্যঃ করুণঞ্চাপি গৃহীত্বা দক্ষিণে করে ॥২৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বপায়ামিতি। বপায়াং ছিন্নস্য তস্য পুত্রস্য মেদসি ॥২০॥

তস্যামিতি। যস্যাং জাতস্তস্যামেব, জন্তুর্নাম। উত্তরে বামে, লক্ষ্ম চিহ্নম্ ॥২১॥

ব্রহ্মন্নিতি। পুত্রকামতয়া শতপুত্রকামনয়া। বচো বাক্যানুরূপং কার্য্যম্।

সপ্তেতি। সপ্ত গ্রাম্যাঃ পশবঃ প্রাণিনঃ প্রাধান্যাৎ, সপ্ত বন্যাঃ পশবঃ। তে চ—"গৌর-বিরজোঽশ্বোঽশ্বতরো গর্দ্দভো মনুষ্যশ্চেতি সপ্ত গ্রাম্যাঃ পশবঃ। মহিষ-বানর-ঋক্ষ-সরীসৃপ-রুরু-পৃষত-মৃগাশ্চেতি সপ্তারণ্যাঃ পশবঃ।" ইতি তিথিতত্ত্বধৃতপৈঠীনসিবচনোক্তাঃ। এতচ্চ সংজ্ঞামাত্রম্, অন্যেষামপি সত্ত্বাৎ। সপ্ত ছন্দাংসি তদ্ঘটিতা মন্ত্রা ইত্যর্থঃ, একং ক্রতুং যজ্ঞম্, বহন্তি নিষ্পাদয়ন্তি। সপ্ত চ্ছন্দাংসি চ গায়ত্রী, উষ্ণিক্, অনুষ্টুপ্, বৃহতী, পঙ্ক্তিঃ, ত্রিষ্টুপ, জগতী, ইত্যেতন্নামানি। সপ্ত ঋষয়ঃ। তে চ—"তত্র সপ্তর্ষয়ঃ সন্তি বিনিযুক্তাঃ প্রজাসৃজা। মরীচিরত্রিঃ পুলহঃ পুলস্ত্যঃ ক্রতুরঙ্গিরাঃ। বশিষ্ঠশ্চ মহাভাগ! ব্রহ্মণো মানসাঃ সুতাঃ॥" ইতি পদ্মপুরাণোক্তাঃ। সপ্ত সপ্তকল্পানি, অর্হণানি শারদীয়দুর্গা-পূজনানি। তে চ কল্পাঃ—কৃষ্ণনবম্যাদিঃ, শুক্লপ্রতিপদাদিঃ, ষষ্ঠ্যাদিঃ, সপ্তম্যাদিঃ, অষ্টম্যাদিঃ, কেবলাষ্টমী, কেবলনবমী চ। এষাং প্রমাণানি অস্মৎপ্রণীতস্মৃতিচিন্তামণৌ তিথিতত্ত্বাদৌ চ দ্রষ্টব্যানি। বীণা চ সপ্ততন্ত্রী প্রথিতা ॥১৪॥

ভারতভাবদীপঃ

ইব সমবপুষঃ ষট্ সডেবং সচিত্তাঃ, শ্রোত্রাদ্যা দুঃখশব্দাদ্যনুভবিন ইতোঽন্যাদৃভূতিঃ স সাক্ষী। ধীযোগাৎ সপ্তভিস্তৈরনুভবকবণৈরত্র সপ্তর্ষিসংজ্ঞৈর্ভুঙ্‌ক্তে চ্ছন্দোঽভিধানানপরিমিতবপুশ্ছাদ-কানষ্টমোঽর্থান্" ॥১৩॥ অথ তর্কমতেন বন্দী প্রত্যবতিষ্ঠতে সপ্ত গ্রাম্যাঃ মনঃষষ্ঠৈরিন্দ্রিয়ৈ-র্বুদ্ধ্যা চাত্মগুণভূতয়া সমর্পিতা মন্তব্যবোদ্ধব্যশব্দাদয়ো বিষয়াস্তেষ্বেকৈকস্মিন্নাসক্ত একৈকঃ পুরুষপশুস্তে চ গ্রাম্যা ঐহিকা বন্যা আমুষ্মিকা বিষয়াস্তেষ্বাসক্ততয়া প্রত্যেকং সপ্ত সপ্ত পুরুষ-পশবঃ সপ্ত চ্ছন্দাংসি চ্ছাদয়ন্তি স্বস্বরূপার্পণজাতসুখলেশেন পরমাত্মানং গূহয়ন্তীতি তান্ সপ্ত বিষয়ান্ একং ক্রতুং কর্ত্তারমাত্মানং বহন্তি প্রাপয়ন্তি, কে সপ্তর্ষয়ঃ? "প্রাণা বা ঋষয়" ইতি শ্রুতেঃ সপ্তৈবোক্তাঃ। মন-আদয়স্তদুপনীতানি সপ্ত চৈবার্হণান্যর্হণীয়ানি সুখানি। যথা সপ্তভিস্তন্ত্রীভির্বাদ্যমানা একা বীণা শব্দং নির্ব্বর্ত্তয়তি এবমেতৈঃ সপ্তভিরাত্মা সুখমনুভবতি। অন্যথাঽকবণত্বাৎ সুপ্তৌ জড় এব ন্যস্তবাদ্যতক্ষবৎ অবাদিতবীণাবচ্চ তিষ্ঠতি। ন তাব-তাস্য কর্ত্তৃত্বাপগম ইত্যর্থঃ। "ভৌমেষ্বর্থেষু দিব্যেষ্বপি নরপশবঃ সপ্ত সপ্তৈব বদ্ধাঃ, ভোক্তারং প্রাপয়ন্তি ক্রতুপদবিদিতং সপ্ত তান্ সপ্ত খানি। সপ্তৈবৈষাং সুখানি প্রতিবিষয়ভবা-ন্যেকবীণেব দেহী, ভোগং তন্ত্রীন্দ্রিয়াঢ্যো বরমিব কুরুতে যোঽত্র কর্ত্তা স ভোক্তা" ॥১৪॥

অষ্টাবক্র কহিলেন—একশ্রেণীর মুনিরা বলেন—অগ্নিগ্রহণকার্য্যে ছয়টী গরু দক্ষিণা দিবে, ছয়টী ঋতু বৎসর নির্ব্বাহ করে, (জ্ঞানেন্দ্রিয় পাঁচ ও মন এই) ছয়টী ইন্দ্রিয়, ছয়টী কৃত্তিকানক্ষত্র এবং সকল বেদে ছয়টী 'সাদ্যস্ক'-নামক যাগ দেখিতে পাওয়া যায়' ॥১৩॥

বন্দি বলিলেন—'(গরু, মেষ, ছাগল, অশ্ব, অশ্বতর, গর্দ্দভ ও মনুষ্য এই)

অষ্টাবক্র উবাচ।

অষ্টৌ শাণাঃ শতমানং বহন্তি তথাঽষ্টাপাদঃ শরভঃ সিংহঘাতী।
অষ্টৌ বসূন্ শুশ্রুম দেবতাসু যূপশ্চাষ্টাস্রির্বিহিতঃ সর্বযজ্ঞে ॥১৫॥

ভারতকৌমুদী

অষ্টাবিতি। অষ্টৌ শাণাঃ শণসূত্রনির্ম্মিতা গোণ্যঃ, শতমানং শতসেড়িকাপরিমিতং দ্রব্যং বহন্তি, প্রত্যেকং সার্দ্ধদ্বাদশসেড়িকাবহনাদিত্যাশয়ঃ। তথা অষ্টৌ পাদাশ্চরণা যস্য সঃ, শরভস্তদাখ্যো দারুণঃ পশুঃ, সিংহঘাতী। দেবতাসু মধ্যে অষ্টৌ বসূন্ শুশ্রুম। সর্বযজ্ঞে, অষ্টৌ অস্রয়ঃ কোণা যস্য তাদৃশো যূপো বিহিতশ্চ ॥১৫॥

ভারতভাবদীপঃ

উক্তানেব সপ্তকর্ত্তৃত্বাদিধর্ম্মবতাঽহঙ্কারেণ সার্দ্ধমষ্টৌ বিবক্ষন্নষ্টাবক্রো"ঽষ্টৌ গ্রহা অষ্টাবতিগ্রহা" ইতি শ্রুতেন্দ্রিয়বিষয়রূপগ্রহাতিগ্রহরূপং বন্ধনমুপন্যস্য তদন্যমাত্মানং পৃথক্ করোতি—অষ্টৌ শাণা ইতি। শাণাঃ শণসূত্রেণ নির্বৃত্তা গোণ্য আবপনবিশেষাস্তা ইব ইন্দ্রিয়প্রবেশ-যোগ্যা বিষয়া অষ্টৌ তে শতমানমনন্তং প্রমাণং ধারয়ন্তি। সংক্ষেপেণাষ্টাবপ্যনন্তা বিষয়া ইত্যর্থঃ। অষ্টৌ পাদাঃ বিষয়দেশং প্রতি গতিসাধনানীন্দ্রিয়াণি যস্য সঃ, শরভঃ শং লভন্তেঽস্মাৎ। "এতস্যৈবানন্দস্যান্যানি ভূতানি মাত্রামুপজীবন্তী"তি শ্রুতেঃ, পবমানন্দরূপঃ পরমাত্মা সোঽয়ং জাতঃ সন্ সিংহঘাতী হিনস্তি দুঃখং দদাতীতি সিংহোঽদ্বৈতম্। "দ্বিতীয়াদ্বৈ ভয়ং ভবতী"তি শ্রুতেঃ, তস্য দ্বৈতস্য ঘাতকঃ। সুষুপ্তৌ জড়ত্বে সুখমহমস্বাপ্সমিতি ব্যুত্থিতস্য স্বরূপসুখপরামর্শানুপপত্তিঃ। ন চ দুঃখাভাবস্যৈবৈষ পরামর্শঃ তৎপ্রকাশকস্য সাক্ষিণঃ সত্ত্বে তস্য তদানীং জড়ত্বোক্ত্যযোগাৎ। অতএবাষ্টৌ বসূন্ বাসনাঃ দেবতাস্বেব তত্ত-দিন্দ্রিয়াধিষ্ঠাত্রীষু লিঙ্গাত্মনীতি যাবৎ, শুশ্রুম বেদে ন ত্বাত্মনীত্যর্থঃ। যূপশ্চ যোপয়তি নোঽয়তীতি যূপো নৃপশোর্বন্ধনস্থানমজ্ঞানং তদেবাষ্টাস্রিরষ্টকোণমষ্টধারং সৎ সর্ব্বযজ্ঞেষু গ্রহাতিগ্রহসংজ্ঞকবিষয়েন্দ্রিয়সংযোগেষু বর্ত্তত ইতি শেষঃ। "শাণা গোণ্যোঽষ্ট তেঽর্থাঃ শতমথ শরভঃ প্রত্যগানন্দ এতৈঃ, পূর্ব্বোক্তৈঃ সাহমর্থৈর্ব্রজতি স বিষয়ান্ খানি তান্যজ্ঞ্য-য়োঽস্য। সিংহঘ্নো হিংস্রভেদদ্বিড়িতি বসুপদং ভেদসংস্কারজাতং লিঙ্গস্থে দেবতৌঘে

সাতটী গ্রাম্য পশু, (মহিষ, বানর, ভল্লুক, সর্প, রুরু, পৃষত ও মৃগ এই) সাতটী বন্য পশু, (গায়ত্রী, উষ্ণিক্, অনুষ্টুপ্, বৃহতী, পঙ্‌ক্তি, ত্রিষ্টুপ্ ও জগতী এই] সাতটী ছন্দ এক একটী যজ্ঞ নির্ব্বাহ করে, [মরীচি, অত্রি, পুলহ, পুলস্ত্য, ক্রতু, অঙ্গিরা ও বশিষ্ঠ এই] সাত জন ঋষি, শারদীয় দুর্গাপূজায় সাতটী কল্প আছে এবং বীণা সপ্ততন্ত্রী বলিয়া প্রসিদ্ধ' ॥১৪॥

অষ্টাবক্র কহিলেন—'আটটী গোণী [শণসূত্রনির্ম্মিত থলি] এক শত সেড় দ্রব্য বহন করে, অষ্টপদ শরভ [পার্ব্বত্য ভীষণ জন্তু] সিংহ বধ করে, দেবতাদের মধ্যে আট জন বসু আছেন বলিয়া শুনিতে পাই এবং সকল যজ্ঞেই অষ্টকোণবিশিষ্ট যূপ বিহিত আছে' ॥১৫॥

বন্দ্যুবাচ।

নবৈবোক্তাঃ সামিধেন্যঃ পিতৃণাং তথা প্রাহুর্নবযোগং বিসর্গম্।
নবাক্ষরা বৃহতী সম্প্রদিষ্টা নবৈব যোগো গণনামেতি শশ্বৎ ॥১৬॥

অষ্টাবক্র উবাচ।

দিশো দশোক্তাঃ পুরুষস্য লোকে সহস্রমাহুর্দশ পূর্ণং শতানি।
দশৈব মাসান্ বিভ্রতি গর্ভবত্যো দশৈরকা দশ দাশা দশার্হাঃ ॥১৭॥

ভাবতকৌমুদী

নবেতি। পিতৃণাং যজ্ঞে, সামিধেন্যঃ অগ্নিসমিন্ধনমন্ত্রাঃ, "ঋক্ সামিধেনী ধায্যা চ যা স্যাদগ্নিসমিন্ধনে" ইত্যমরঃ, নবৈব মুনিভিরুক্তাঃ। তথা পুরুষ-প্রকৃতি-মহদহঙ্কারাশ্চত্বারঃ তন্মাত্রাণি চ পঞ্চেতি নবানাং তত্ত্বানাং যোগো যস্মিন্ তং তাদৃশম্, বিসর্গং বিবিধাং সৃষ্টিং প্রাহুর্মুনয়ঃ। "পঙ্গ্বন্ধবদুভয়োরপি সংযোগস্তৎকৃতঃ সর্গঃ" ইতি সাংখ্যকারিকোক্তেঃ পুরুষোঽপি সন্নিধিযোগাৎ সৃষ্টেঃ কারণম্। বৃহতী নাম ছন্দঃ, প্রত্যেকপাদে নবাক্ষরা সম্প্রদিষ্টা। তথা একাদয়ো নবপর্য্যন্তা নবৈবাঙ্কাঃ, তেষাং যোগঃ পুরঃ পশ্চাদ্বা মেলনম্, শশ্বৎ পুনঃ, সর্ব্বাং গণনাম্ এতি সর্বসংখ্যাত্বপ্রাপ্তেঃ প্রাপ্নোতি ॥১৬॥

দিশ ইতি। লোকে পুরুষস্য দশ দিশ উক্তাঃ। প্রাচী, অবাচী, প্রতীচী, উদীচী,

ভাবতভাবদীপঃ

বসতি স নৃপশোর্বন্ধনে মোহযূপে" ॥১৫॥ তত্র দ্বৈতঘাতিত্বং শবভস্যানুপপন্নং সর্ব্বেষাং যুগপৎ সংসারোচ্ছেদাপত্তেরিত্যাশঙ্কতে বন্দী—নবৈবেতি। যথা পিতৃণামিষ্টৌ একৈব "উশন্তস্ত্বানিধীমহী"তি ঋক্ ত্রিরভ্যস্তা প্রত্যেকং ত্রিসমিৎকা নব সামিধেন্যোঽগ্নিসমিন্ধনার্থা ঋচঃ সম্পদ্যন্তে তথা একা প্রকৃতিরেব ত্রয়ো গুণাঃ স্বস্বেতরপ্রধানগুণভাবেন প্রত্যেকং ত্রিবিধাঃ সন্তো নবৈব সংযুজ্যমানা অংশানাং বহুত্বাল্পত্বতারতম্যেন বিবিধং সর্গং কুর্ব্বন্তি। যথা নবাক্ষৈশ্চতুর্ভিঃ পাদৈর্বৃহতীসংজ্ঞকং ছন্দো ভবতি যথা বা নবৈবাঙ্কাঃ ক্রমভেদেন স্থিতা যথেষ্টং সংখ্যাবাচিনো ভবন্ত্যেবং গুণা নবৈবোক্তবিধয়া সন্তোঽনেকধা ভাবং ভজন্তে তস্মাৎ প্রধাননিত্যতায়া অবশ্যাভ্যুপগন্তব্যত্বাদ্দ্বৈতং সত্যমেবেতি ভাবঃ। "ত্রিঃপাঠেনানুপাঠং ত্রিসমিদিতি যথা সামিধেন্যৃক্ নবত্বং প্রাপ্নোত্যেবং প্রধানং ত্রিগুণমস্যগুণং ত্রিপ্রবেশান্নবত্বম্। গত্বাঽনন্তং নবাঙ্কী গণিতমিব মহন্মুখ্যমেতৎ প্রসূতে তস্মান্নৈতৎ

বন্দি বলিলেন—'পিতৃযজ্ঞে নয়টী অগ্নিসমিন্ধনের মন্ত্র উক্ত আছে; মুনিরা বলেন—পুরুষ, প্রকৃতি, মহৎ, অহঙ্কার ও পঞ্চ তন্মাত্র [শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ] এই নয়টী পদার্থের যোগে নানাবিধ সৃষ্টি হয়, বৃহতীচ্ছন্দের প্রত্যেক পাদে নয়টী করিয়া অক্ষর উক্ত হইয়া থাকে এবং এক হইতে নয়পর্য্যন্ত নয়টীমাত্র অঙ্ক, সেগুলির পরস্পর যোগে আবার সমস্ত সংখ্যাই হয়' ॥১৬॥

---

(১৭) দশ মাসা দশার্হাঃ—বা ব কা।

ভারতকৌমুদী

আগ্নেয়ী, নৈঋর্তী, বায়বী, ঐশানী, ঊর্দ্ধা, অধশ্চেতি দশ দিশঃ। দশ শতানি পূর্ণমেকং সহস্রমাহুর্ম্নয়ঃ। গর্ভবত্যঃ স্ত্রিয়ঃ, দশ মাসান্ যাবদেব গর্ভান্ বিভ্রতি। দশ্ম এরকা নিন্দকাঃ। আঙ্পূর্বাৎ "ঈর ক্ষেপে" ইতীরধাতোর্বুণি রূপম্। তে যথা—"আময়ী দুর্গতঃ শোকী দণ্ডিতশ্চ শঠঃ খলঃ। নষ্টবৃত্তির্মদী চেৰ্য্যী কামী চ দশ নিন্দকাঃ" ইতি নীতিশাস্ত্রম্। দশ দাশা দশাঃ শরীরস্যাবস্থা ইতি যাবৎ। দশৈব দাশ ইতি প্রজ্ঞাদিত্বাৎ স্বার্থে অণ্। তাশ্চ গর্ভবাসঃ, জন্ম, বাল্যম্, কৌমারম্, পৌগণ্ডম্, কৈশোরম্, যৌবনম্, প্রৌঢ়ত্বম্, বার্দ্ধকম্, মৃত্যুশ্চেতি। দশ অর্হাঃ পূজ্যা গুরব ইতি যাবৎ। তে চ "উপাধ্যায়ঃ পিতা জ্যেষ্ঠভ্রাতা চৈব মহীপতিঃ। মাতুলঃ শ্বশুরশ্চৈব মাতামহপিতামহৌ। বন্ধুর্জ্যেষ্ঠঃ পিতৃব্যশ্চ পুংস্যেতে গুরবো মতাঃ॥" ইতি কূর্ম্মপুরাণম্॥১৭॥

ভারতভাবদীপঃ

প্রধানাধিকমিহ বৃহতীবাক্ষরেভ্যো নবভ্যঃ"॥১৬॥ তদেত"দিন্দ্রো মায়াভিঃ পুরুরূপ ঈয়তে যুক্তা হ্যস্য হরয়ঃ শতা দশ" ইতিশ্রুত্যনুসারাদ্দ্বৈতস্যানির্বচনীয়মায়াসহায়ে ব্রহ্মণ্যেব ভানোপপত্তৌ ন সত্যা প্রকৃতিরভ্যুপেয়েত্যাশয়বানষ্টাবক্রঃ পরিহরন্নাহ—দিশ ইতি। "তা বা এতা দশৈব ভূতমাত্রা অধিপ্রজ্ঞং দশ প্রজ্ঞামাত্রা অধিভূত"মিতি "তস্য বাচা সৃষ্টৌ পৃথিবী চাগ্নিশ্চে"তি কৌষীতকীয়ৈতরেয়কয়োর্দর্শনাৎ দশৈব বাগাদ্যাঃ প্রজ্ঞামাত্রা অগ্ন্যাদীনাং ভূতমাত্রাণাং স্রষ্ট্র্যঃ। দিশন্তি বিষয়স্বরূপমতিসৃজন্তি তা দিশো বাগাদ্যা দশৈব পুরুষস্য দেহাখ্যে পুরে বসতো জীবস্য পূর্ণং পরং ব্রহ্মৈব দশ শতানি সহস্রঞ্চ বিভূতিভেদেন মায়য়া বহুরূপাং ভূত্বাঽস্তীত্যাহুর্বেদাঃ। এতেনায়ং বৈ হরয়ো যং বৈ দশ সহস্রাণি প্রযুতান্যর্বুদানীতি যুক্তা হ্যস্য হরয়ঃ শতা দশেত্যেবমস্যপাদস্য শ্রৌতী ব্যাখ্যা দর্শিতা। তথা চ রজ্জুরগবন্মায়া বুদ্ধস্য বাধিতাঽপীতরস্যাস্তীতি বক্তুং শক্যম্। পরমতে তু বিভোরলুপ্তদৃশঃ পুরুষস্য মুক্তৌ তদদর্শনোক্তিরনুপপন্না দৃষ্টান্তাভাবাদিতি ভাবঃ, পরা, পূর্ব্বেষাং সংখ্যা বৃণক্তি বিতর্ত্তুরাণো অপরেভিরেতি। অনানুভূতীরবধূন্বানঃ পূর্ব্বীরিন্দ্রঃ শরদস্তর্ত্তরীতি। "রূপং রূপং প্রতিরূপো বভূব তদস্য রূপং প্রতিচক্ষণায়। ইন্দ্রো মায়াভিঃ পুরুরূপ ঈয়তে যুক্তা হ্যস্য হরয়ঃ শতা দশে"তি দাশতয্যাম্। অষ্টকাধ্যায়বর্গে "ঋচাবিন্দ্রো আম্নায়েতে অনয়োরর্থঃ দ্বয়া হ প্রাজাপত্যা দেবাশ্চা-

---

অষ্টাবক্র কহিলেন—'জগতে মানুষের পক্ষে দশটী দিক্ উক্ত হইয়াছে (যথা—পূর্ব্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ, অগ্নি, নৈঋর্ত, বায়ু, ঈশান, ঊর্দ্ধ ও অধ)। শত সংখ্যাকে দশ গুণ করিলে পূর্ণ এক সহস্র হয়। গর্ভবতী রমণীরা দশ মাস যাবৎ গর্ভ ধারণ করে। দশপ্রকার লোক পরের নিন্দা করে, (যথা—রোগী, দরিদ্র, শোকার্ত্ত, রাজদণ্ডিত, শঠ, খল, নষ্টবৃত্তি, মত্ত, ঈর্ষ্যাপরায়ণ ও কামুক)। মানুষের দশটী অবস্থা, (যথা—গর্ভবাস, জন্ম, বাল্য, কৌমার, পৌগণ্ড, কৈশোর, যৌবন, প্রৌঢ়, বার্দ্ধক ও মৃত্যু)। এবং দশ জন গুরু, [পুরুষের মধ্যে এই দশ জন গুরু—যথা—অধ্যাপক, পিতা, জ্যেষ্ঠভ্রাতা, রাজা, মাতুল, শ্বশুর, মাতামহ, পিতামহ, বয়োজ্যেষ্ঠ মামাতভাই প্রভৃতি এবং পিতৃব্য]॥১৭॥

বন্দ্যুবাচ।

একাদশৈকাদশিনঃ পশূনামেকাদশৈবাত্র ভবন্তি যূপাঃ।
একাদশ প্রাণভৃতাং বিকারা একাদশোক্তা দিবি দেবেষু রুদ্রাঃ ॥১৮॥

ভারতকৌমুদী

একেতি। একাদশ ইন্দ্রিয়াণি। বাক্-পাণি-পাদ-পায়ূপস্থরূপাণি কর্ম্মেন্দ্রিয়াণি পঞ্চ, কর্ণ-ত্বক্-চক্ষু-জিহ্বা-নাসিকারূপাণি জ্ঞানেন্দ্রিয়াণি পঞ্চ মনশ্চেতি। গ্রাহ্যতাসম্বন্ধেন তানি একাদশ ইন্দ্রিয়াণি এষাং সন্তীতি একাদশিনঃ তেষামেকাদশানামিন্দ্রিয়াণাং বিষয়া অপি একাদশৈবেত্যর্থঃ। তে চ কর্ম্মেন্দ্রিয়াণাং বচনাদানবিহরণবিসর্গানন্দাঃ পঞ্চ, জ্ঞানেন্দ্রিয়াণাং শব্দ-স্পর্শ-রূপ-রস-গন্ধাঃ, মনসশ্চ সর্বম্। অত্র সত্রযাগাদৌ একাদশৈব পশূনাং যূপা বন্ধনস্তম্ভা ভবন্তি। প্রাণভৃতাম্ একাদশ বিকারা একাদশানামিন্দ্রিয়াণামন্যথা বৃত্তয়ো ভবন্তি। দিবি স্বর্গে, দেবেষু মধ্যে একাদশ রুদ্রাশ্চ উক্তাঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

সুরাশ্চ তত্র কানীয়সা এব দেবা জ্যায়াংসো অসুরা” ইতি শ্রুতিপ্রসিদ্ধাঃ পূর্ব্বদেবাঃ স্বাভাবিকাসঙ্গপাপ্মরূপাঃ কামক্রোধাদয়স্তেষাং সখ্যা সখ্যানি পরাবৃণক্তি দূরাদ্বর্জ্জয়তি। বিতর্ত্তুবাণঃ ততাবেতি তর্ত্তুবাণঃ স্তীর্ণবান্। তরতের্লিডাদেশঃ কান্‌চ দ্বিত্বং বহুলং ছন্দসীত্যুকারোঽন্ত্যাদেশো রপরঃ তীব্রবৈরাগ্যাভ্যাসাদিমান্ অপরেভিঃ অপরৈর্দেবৈঃ শাস্ত্রীয়ৈঃ শমদমাদিভিরেতি প্রাপ্নোতি সখ্যেত্যনুষজ্যতে কামাদীন্ জিত্বাঽত্যাদরেণ শমাদিপরো ভবতীত্যর্থঃ। এবম্ভূতঃ অনানুভূতীরননুভবান ভ্রান্তিজ্ঞানানি শুক্তিরজতজ্ঞানতুল্যানি দেহাদ্যাত্মজ্ঞানান্যবধূন্বানোঽপনুদন্নাত্মনস্তত্তদুপাধ্যাকারতাং নিষেধন্নিন্দ্রঃ পরমেশ্বরোঽপ্যবিদ্যয়া জীবভাবমাপন্নঃ সন্ লব্ধাত্মতত্ত্বো বিদ্বান্ পূর্ব্বীঃ শরদঃ অনাদিকালপ্রবৃত্তকর্ম্মবাসনাস্তর্ত্তরীত্যতিশয়েন তরতি বীতবন্ধো ভবতীত্যর্থঃ। অত্র অননুভূতিপদেন শুক্তৌ রজতং পশ্যন্ রজতং বা শুক্তিং বা নানুভবতীতি লৌকিকপ্রযত্নেন দেহাদ্যাত্মজ্ঞানস্যানুভূতিত্বং বদন্তী শ্রুতির্দেহাদের্মিথ্যাত্বং সূচয়তি। তদ্‌ব্যুৎপাদনায় মন্ত্রো রূপং রূপমিত্যাদিস্তত্র মায়য়েতি অনৃতেনাজ্ঞানেনেত্যর্থঃ। সত্যত্বে তৎকার্য্যপদার্থদর্শনস্যানুভূতিত্বাযোগাদিতি। শেষং স্পষ্টার্থম্। অনানুভূতীরিত্যত্র শ্রাবয়াদীন্ প্রকৃত্য আদ্যাক্ষরং প্লুতং তেষামনন্বিত্যস্য মধ্যমিত্যনেনানন্ন ইতি বর্ণত্রয়স্য মধ্যং প্লুতং দীর্ঘং ভবতীতি প্রাতিশাখ্যে দীর্ঘত্ববিধানাদননুভূতীরিত্যর্থঃ। পদপাঠেশ্চৈবমেবেতি দিক্। দশৈব মাসানিতি যথা স্ত্রিয়ো গর্ভেণান্তরালিকঃ সম্বন্ধো বীজকুসুমন্যায়েনৈবমসঙ্গস্য চিদাত্মনোঽহঙ্কারেণেত্যর্থঃ। দশৈবকাঃ আসমন্তাদীরয়ন্ত্যুপদিশন্তি তত্ত্বমিত্যেবকাস্তত্ত্বদর্শিন উপদেষ্টারঃ। দশ মাসাস্তত্ত্বস্য ক্ষেপকাঃ। দশ অর্হাস্তত্ত্ববিদ্যাধিকারিণঃ। এবমুক্তবিধং ব্রহ্মাদ্বৈতং বুধানামনুভবসিদ্ধং মূঢানাং বিদ্বেষ্যং চিত্তশুদ্ধিমতাং শ্রদ্ধেয়মিত্যর্থঃ। “শ্বোথপ্রজ্ঞাদিশোঽস্মিন্ দশ পুরি বসতঃ পূরবিদ্যাষ্টকাত্মা তাঃ পূর্ণং বস্যনস্তাঃ স্রগহিসমপুরাঃ ব্যাপনাৎ পূর্ণতাস্য। পুংপুর্য্যোর্গর্ভমাত্রোরিব পৃথগপৃথগর্ক্কেন সত্যানৃতে স্তঃ কেঽপ্যারূঢাঃ পদং তৎ কতিচন বিমুখাঃ কেঽপি তৎপ্রাপ্তিযোগ্যাঃ” ॥১৭॥ একাদশেতি। প্রাণভৃতাং পশূনাং জীবপশূনাম্ একাদশিনঃ একাদশে-

অষ্টাবক্র উবাচ।

সংবৎসরং দ্বাদশমাসমাহুর্জগত্যাঃ পাদো দ্বাদশৈবাক্ষরাণি।
দ্বাদশাহঃ প্রাকৃতো যজ্ঞ উক্তো দ্বাদশাদিত্যান্ কথয়ন্তীহ ধীরাঃ ॥১৯॥

ভারতকৌমুদী

সমিতি। মুনয়ঃ সংবৎসরম্, দ্বাদশ মাসা যত্র তং তাদৃশমাহুঃ, "দ্বাদশ মাসাঃ সংবৎসরঃ ক্বচিত্ত্রয়োদশ মাসাঃ সংবৎসরঃ" ইতি শ্রুতেঃ। জগত্যা জগতীনামচ্ছন্দসঃ, প্রত্যেকঃ পাদঃ, দ্বাদশৈবাক্ষরাণি দ্বাদশদ্বাদশাক্ষরবিশিষ্টঃ। প্রাকৃতো যাজ্ঞিকানাং স্বভাবসিদ্ধ উপসদাখ্যো যজ্ঞঃ, দ্বাদশাহো দ্বাদশাহসাধ্য উক্তঃ, "উপসদ্ভিশ্চরিত্বা মাসমগ্নিহোত্রং জুহোতি" ইত্যাদি-শ্রুত্যেতি শেষঃ। তথা ধীরা ইহ আদিত্যান্ সূর্য্যান্ দ্বাদশ কথয়ন্তি ॥১৯॥

ভারতভাবদীপঃ

ন্দ্রিয়াণি প্রকাশকানি যেষু তে বিষয়াঃ শব্দাদয়স্তে একাদশৈব সংখ্যাতাঃ, ত এব সর্বেঽপি প্রত্যেকং যূপা বন্ধকা রাগাদয়ঃ, নৈষাং কশ্চিদপ্যবন্ধকোঽস্তীতি বক্তুং পুনরেকাদশগ্রহণম্। অতোঽত্র অবিমৃষ্টবিধেয়াংশতা দোষো নাস্তীতি জ্ঞেয়ম্। বিকারাঃ শব্দাদিগ্রহজা হর্ষবিষাদাঃ, ত এতে দিবি স্বর্গেঽপি রুদ্রা রোদয়িতারো দেবানামপি সন্তি কিমুত মনুষ্যাণাম্। তথা চ সত্যাত্মনোঽসঙ্গত্বং কথং স্যাৎ প্রত্যক্ষেণ দুঃখানুভবাদিত্যাক্ষেপঃ। "রুদ্রা একাদশোক্তাঃ স্বরপি স্বরপশূন্ রোদয়ন্তীন্দ্রিয়াণি তেষামেকাদশার্থা নৃপশুনিগড়নে যূপভূতা ভবন্তি। রাগ-দ্বেষদ্বয়ানি প্রতিবিষয়মমী তদ্যুজাং স্যুবিকারাস্তদ্বন্তস্তেঽপি চৈকাদশ যদিহ সিনোত্যেক একৈকমেষাম্' ॥১৮॥ দৃষ্টান্তমুখেনৈব দার্ষ্টান্তিকং নির্দ্দিশন্ পরিহরত্যষ্টাবক্রঃ—যদ্যপ্যত্র সংবৎ-সরজগত্যৌ মাসাক্ষরেভ্যোঽনতিরিক্তে এবং সঙ্ঘাতাদন্যঃ শুদ্ধশ্চেতনো মূঢ়ানামপ্রসিদ্ধ-স্তথাপি। "আনন্দাদ্ধ্যেব খল্বিমানি ভূতানি জায়ন্ত" ইতি শ্রুতের্যথা অহর্গণানাং দ্বাদশাহ এবং সঙ্ঘাতস্য কৃৎস্নস্য শুদ্ধং ব্রহ্মৈব প্রকৃতিঃ, এতদেব কুত ইত্যপেক্ষায়াং চিত্তশুদ্ধ্যৈকগম্যোঽয়-মর্থো ন শুষ্কতর্কগম্য ইত্যাহ—দ্বাদশাদিত্যানিতি। ধীরা ধ্যানবন্তো যোগিনঃ। আদি-ত্যান্ আদদতে ইন্দ্রিয়াণি স্বস্ববিষয়েভ্যো ব্যাবর্ত্তয়ন্তি তদ্দ্বারা প্রত্যক্ তত্ত্বমধিগময়ন্তি তান্ দ্বাদশসংখ্যাকানাহুঃ সনৎসুজাতাজ্ঞা উদ্যোগাদৌ। "ধর্ম্মশ্চ সত্যঞ্চ দমস্তপশ্চ অমাৎসর্য্যং হ্রীস্তিতিক্ষাঽনসূয়া। যজ্ঞশ্চ দানঞ্চ ধৃতির্যমো মহান্ ব্রতানি বৈ দ্বাদশ ব্রাহ্মণস্য" ইতি।

বন্দি বলিলেন—'এগারটী ইন্দ্রিয় [যথা—বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পাঁচটী কর্ম্মেন্দ্রিয়; কর্ণ, ত্বক্, চক্ষু, রসনা ও নাসিকা এই পাঁচটী জ্ঞানে-ন্দ্রিয় এবং মন]। এগারটী ইন্দ্রিয়বিষয় [যথা—বাক্য, গ্রহণ, গমন, মলত্যাগ ও আনন্দ এই পাঁচটী কর্ম্মেন্দ্রিয়বিষয়; শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পাঁচটী জ্ঞানেন্দ্রিয়বিষয় এবং সমস্তই মনের বিষয়]। সত্রযাগে এগারটী পশুবন্ধনস্তম্ভ নির্ম্মিত হইয়া থাকে। প্রাণিগণের এগারটী ইন্দ্রিয়ের এগারপ্রকার বিকার হইতে পারে [যথা—অস্পষ্ট বাক্য, অসম্যক্ গ্রহণ ইত্যাদি]। আর, স্বর্গে দেবগণের মধ্যে এগার জন রুদ্র উক্ত হইয়াছেন' ॥১৮॥

বন্দ্যুবাচ।

ত্রয়োদশী তিথিরুক্তা প্রশস্তা ত্রয়োদশদ্বীপবতী মহী চ।

লোমশ উবাচ।

এতাবদুক্ত্বা বিররাম বন্দী শ্লোকস্যার্দ্ধং ব্যাজহারাষ্টবক্রঃ।

অষ্টাবক্র উবাচ।

ত্রয়োদশাহানি সসার কেশী ত্রয়োদশাদীন্যতিচ্ছন্দাংসি চাহুঃ ॥২০॥

ভারতকৌমুদী

ত্রয়োদশীতি। ত্রয়োদশী তিথিঃ প্রশস্তা উক্তা, "সর্বসিদ্ধা ত্রয়োদশী" ইতি জ্যোতির্বচনাদিনেতি শেষঃ। মহী পৃথিবী চ ত্রয়োদশদ্বীপবতী। তত্র জম্বু-প্লক্ষ-শাল্মলি-কুশ-ক্রৌঞ্চ-শাক-পুষ্করাখ্যাঃ সপ্ত মহাদ্বীপাঃ, লঙ্কা-যব-শ্যামান্তমান-সিংহল-লণ্ড্রাখ্যাঃ ষড়ুপদ্বীপা ইতি মিলিত্বা ত্রয়োদশ দ্বীপাঃ। অত্র বিরামেণৈতোঽধিকাখ্যানে বন্দিনস্তাবদসামর্থ্যং সূচিতম্। অর্দ্ধং দ্বিতীয়ার্দ্ধম্। অষ্টবক্রঃ অষ্টাবক্রঃ। কেশী তদাখ্যো দানবঃ, ত্রয়োদশাহানি যাবৎ, সসার বিষ্ণুনা সহ যোদ্ধুং জগাম, "যুযুধে বিষ্ণুনা সার্দ্ধং ত্রয়োদশ দিনান্যসৌ" ইতি নারসিংহপুরাণাৎ। কিঞ্চ পণ্ডিতাঃ, অতিচ্ছন্দাংসি অতিশব্দান্বিতজগত্যাদিশব্দোপস্থাপিতানি ছন্দাংসি অতিজগতী অতিশর্করী অত্যষ্টিঃ অতিধৃতিশ্চেতি চত্বারি চ্ছন্দাংসীত্যর্থঃ, ত্রয়োদশ ত্রয়োদশাক্ষরবিশিষ্টঃ পাদ আদৌ যেষাং তানি। তথা চ অতিজগত্যাং ত্রয়োদশাক্ষরঃ পাদঃ, অতিশর্ক্বর্য্যাং পঞ্চদশাক্ষরঃ, অত্যষ্ট্যাং সপ্তদশাক্ষরঃ, অতিধৃত্যাঞ্চ উনবিংশত্যক্ষরঃ। এষাং বিশেষস্তু ছন্দঃশাস্ত্রে দ্রষ্টব্যঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥২০॥

ভারতভাবদীপঃ

"ব্রহ্মপ্রত্যক্ষমেতৎ দৃঢ়মথ জগতী বর্ষবর্ষর্ণমাসাৎ সজ্ঞাতাৎ প্রত্যগাত্মানধিক ইতি যদপ্যস্তি লোকে তথাঽপি। বাগারভ্যো বিকারঃ প্রকৃতিরবিকৃতির্দ্বাদশাহাদিবৎকোঽপ্যস্ত্যেষাং সা ন আত্মা শমিভিরধিগতো বৈকৃতা নৈনমীযুঃ" ॥১৯॥ ব্রহ্মলোকং গতানামেব জ্ঞানং ভবতীতি কেষাঞ্চিন্নির্ব্বন্ধঃ কৃতযুগাদাবেব জ্ঞানং ভবতি ন কলাবিত্যপি কেচিৎ তান্

অষ্টাবক্র কহিলেন—'প্রত্যেক বৎসরে বারটী করিয়া মাস থাকে, জগতীচ্ছন্দের প্রত্যেক চরণে বারটী করিয়া অক্ষর থাকিবার নিয়ম আছে, 'উপসদ'-নামক যজ্ঞ বার দিনে সম্পন্ন করিতে হয় এবং পণ্ডিতেরা বলেন—বারটী সূর্য্য আছে' ॥১৯॥

বন্দী বলিলেন—'ত্রয়োদশীতিথিকে প্রশস্ত বলা হইয়াছে এবং পৃথিবীতে ত্রয়োদশটী দ্বীপ আছে—'

লোমশ বলিলেন—'বন্দী এইটুকু বলিয়াই বিরত হইলেন; পরে অষ্টাবক্রই এই শ্লোকের দ্বিতীয়ার্দ্ধ বলিলেন'।

অষ্টাবক্র কহিলেন—'কেশীদানব বিষ্ণুর সহিত ত্রয়োদশ দিন যুদ্ধ করিয়াছিল এবং অতিজগতীপ্রভৃতি ছন্দের চরণে ত্রয়োদশপ্রভৃতি অক্ষর থাকে' ॥২০॥

লোমশ উবাচ। ক

ততো মহানুদতিষ্ঠন্নিনাদস্তূষ্ণীম্ভূতং সূতপুত্রং নিশম্য।
অধোমুখং ধ্যানপরং তদানীমষ্টাবক্রঞ্চাপ্যুদীর্য্যন্তমেব ॥২১॥

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ, সূতো বন্দী চাসৌ পুত্রো বরুণপুত্রশ্চেতি তং বরুণপুত্রং বন্দিনমিত্যর্থঃ, "সূতঃ পারদবন্দিনোঃ" ইতি বিশ্বঃ, তূষ্ণীম্ভূতম্ অধোমুখং ধ্যানপরং ত্রয়োদশসংখ্যাবিশিষ্টপদার্থান্তরসংগ্রহে চিন্তাপরায়ণঞ্চ, অষ্টাবক্রঞ্চাপি, উদীর্য্যন্তমেব চতুর্দ্দশসংখ্যাবিষয়মপি উদীরয়ন্তমেব, নিশম্য দৃষ্ট্বা তদানীমেব মহান্ নিনাদঃ সভ্যানাং কোলাহল উদতিষ্ঠৎ। উদীর্য্যন্তমিতি যন্ নিশম্যেতি দর্শনার্থে হ্রস্বশ্চার্ষঃ ॥২১॥

ভারতভাবদীপঃ

নিরাচষ্টে—ত্রয়োদশীতি। দেশকালাপেক্ষা চিত্তশুদ্ধির্ন পুরুষযত্নসাধ্যেত্যাক্ষেপো বন্দিপ্রোক্তপূর্ব্বার্দ্ধেন। "ন ত্রেতাদৌ স ধর্ম্মঃ সকলুষসময়ে নাপি ভূতাদিষট্কে নো পাতালেষু সপ্তস্বপি তু কৃতযুগে সত্যলোকে চ সোঽস্তি। তস্মাদ্‌যা সর্ব্বসিদ্ধা তিথিরিয়মপি ন স্বাপ্তয়েঽতীব শস্তা নো বা লোকান্তপোস্তা ইতি মখতপসী শ্রেয়সে নাত্মচর্চ্চা"॥ উত্তরার্দ্ধে তু—"কেশী অগ্নির্বায়ুঃ সূর্য্যশ্চ কেশিনঃ" ইতি বৈদিকপ্রসিদ্ধেরগ্ন্যাদিবদসঙ্গ আত্মা। ত্রয়োদশসংখ্যানি দশেন্দ্রিয়াণি বুদ্ধিমনোঽহঙ্কারাখ্যানি, অহঃশব্দোঽত্র ক্রতুবাচ্যপি লক্ষণয়া বিষয়েন্দ্রিয়সম্বন্ধরূপভোগাখ্যে যজ্ঞে বর্ত্ততে, অসঙ্গস্যাপ্যাত্মনো বুদ্ধ্যাদিসঙ্গাৎ "ধ্যায়তীব লেলায়তীবে"ত্যাদি শ্রুতেঃ সঙ্গিত্বমিব ভাতি অতো বুদ্ধ্যাদয়ঃ শোধনীয়া এব ন তূদাসীত। "ন তস্য প্রাণা উৎক্রামন্ত্যত্রৈব সমবনীয়ন্তে তদিদমপ্যেতর্হি য এবং বেদাহং ব্রহ্মাস্মী"তি শ্রুত্যবষ্টম্ভেনেহৈব দেশে কালে চ মুক্তিরস্তীতি ভাবঃ। যতোঽতিচ্ছন্দাংসি ছাদকমজ্ঞানমতিক্রান্তানি ধর্ম্মাদীনি দ্বাদশ। ত্রয়োদশাদীনি ত্রয়োদশানাং বুদ্ধ্যাদীনামাদীন্যদনশীলানি ধর্ম্মাদিবলাদুৎপন্নে জ্ঞানে বুদ্ধ্যাদয়ো নিবর্ত্তন্ত ইত্যর্থঃ। তেষু বুদ্ধ্যাদিষু নিবৃত্তেষু ব্রহ্মাদ্বৈতং কথয়িতুমাগতেঽস্মীতি প্রাক্প্রতিজ্ঞাতং তদিহ স্বয়মেব প্রকাশত ইত্যুক্তমিতি ভাবঃ। "এতর্হ্যত্রৈব দেবা ইব মুনিমনুজা যান্তি সার্বাত্ম্য"মিত্যাহ্যুক্তেঃ "সোঽহং মনোধীখদশকমনুযন্নগ্নিবায়র্কতুল্যঃ। সঙ্গীবাসঙ্গ্যপি স্যাৎ ত্রিদশগণমদস্ত্যেব ধর্ম্মাদয়স্তে যেঽতিচ্ছন্দোঽভিধানাস্তিমিরমতিগতা এবমদ্বৈতসিদ্ধিঃ"॥ তদয়ং সংগ্রহঃ। 'তত্ত্বজ্ঞী সাক্ষিসাক্ষ্যে শ্রুতিষু কৃতিপরোঽস্ত্যত্র কর্ত্তাপি সোঽত্তা পঞ্চানাং ষষ্ঠমেতৎ স্বমথ সমতিকৈস্তৈঃ করোত্যষ্টমোঽন্যঃ। সোঽহং সাক্ষী ততোঽন্যে গুণময়মখিলং চিন্ময়াস্তে সদুঃখা চিৎ স্যাৎ দুঃখীতরা সা শমযুগিহ চিদদ্বৈতভাগষ্টবক্রঃ"॥ গ্রন্থবিস্তরভয়াদুদাহৃতোপক্রমানমুগুণ্যাৎ ক্লিষ্টত্বাৎ প্রয়োজনবদর্থাপর্য্যবসায়িত্বাচ্চ টীকান্তরোক্তা অর্থা নেহ প্রদর্শিতাঃ ॥২০॥ সূত-

লোমশ বলিলেন—'তাহার পর বন্দীকে নীরব, অধোমুখ ও চিন্তাসক্ত দেখিয়া এবং অষ্টাবক্রকে তাহার পরেও বলিতে উদ্যত দর্শন করিয়া তখনই সভ্যগণের মধ্যে মহাকোলাহল উত্থিত হইল ॥২১॥

ক অয়ং পাঠঃ বা ব কা নাস্তি।

তস্মিংস্তথা সঙ্কুলে বর্ত্তমানে স্ফীতে যজ্ঞে জনকস্যোত রাজ্ঞঃ।
অষ্টাবক্রং পূজয়ন্তোঽভ্যুপেয়ুর্বিপ্রাঃ সর্ব্বে প্রাঞ্জলয়ঃ প্রতীতাঃ ॥২২॥

অষ্টাবক্র উবাচ।

অনেনৈব ব্রাহ্মণাঃ শুশ্রুবাংসো বাদে জিত্বা সলিলে মজ্জিতাঃ প্রাক্।
তানেব ধর্ম্মানয়মদ্য বন্দী প্রাপ্নোতু গৃহ্যাপ্সু নিমজ্জয়ৈনম্ ॥২৩॥

বন্দ্যুবাচ।

অহং পুত্রো বরুণস্যোত রাজ্ঞস্তত্রাস্য সত্রং দ্বাদশবার্ষিকং বৈ।
সত্রেণ তে জনক! তুল্যকালং তদর্থং তে প্রহিতা মে দ্বিজাগ্র্যাঃ ॥২৪॥

ভারতকৌমুদী

তস্মিন্নিতি। উতশব্দঃ পাদপূরণে, "উতাত্যর্থবিকল্পয়োঃ। সমুচ্চয়ে বিতর্কে চ প্রশ্নে চ পাদপূরণে।" ইতি মেদিনী। জনকস্য রাজ্ঞঃ, স্ফীতে প্রবৃদ্ধে তস্মিন্ যজ্ঞে, তথা সঙ্কুলে কোলাহলৈস্তুমুলে বর্ত্তমানে সতি, প্রতীতাঃ সন্তুষ্টাঃ সর্ব্বে বিপ্রাঃ পূজয়ন্তঃ সম্মানয়ন্তঃ প্রাঞ্জলয়শ্চ সন্তঃ, অষ্টাবক্রম্, অভ্যুপেয়ুঃ উপগতাঃ ॥২২॥

অনেনেতি। প্রাক্ অনেন বন্দিনৈব, শুশ্রুবাংসঃ শ্রুতবন্তঃ শাস্ত্রজ্ঞা ইত্যর্থঃ ব্রাহ্মণাঃ, বাদে জিত্বা সলিলে মজ্জিতাঃ। অতঃ অয়ং বন্দী অদ্য তানেব ধর্ম্মান্ নিগ্রহ-বন্ধন-মজ্জন-রূপান্ ব্যবহাবান্ প্রাপ্নোতু। তেন চ এনং বন্দিনম্, গৃহ্য গৃহীত্বা, অপ্সু জলে মজ্জয় ইতি কঞ্চিৎ প্রত্যমুবোধঃ ॥২৩।

অহমিতি। উত পাদপূবণে। অহং বরুণস্য বাজ্ঞঃ পুত্রঃ, অতো মে জলমজ্জনভয়ং নাস্তীতি ভাবঃ। হে জনক। তে তব সত্রেণ অনেন যজ্ঞেন তুল্যকালং দ্বাদশবাষিকম্ অস্য বরুণস্য সত্রং যজ্ঞঃ তত্র পাতালে বর্ত্ততে। তদর্থং তদ্দর্শনার্থমেব, মে ময়া, তে দ্বিজাগ্র্যা

ভাবতভাবদীপঃ

পুত্রং শোভনঃ উতঃ পটস্তন্তবৎপ্রকৃতিবিকৃত্যাত্মৈকস্তম্ভভিরোতুভিশ্চ প্রোতত্বাদূতঃ ক্রতুরপি স্যূতঃ শোভনযজ্ঞো বরুণস্তস্য পুত্রম্। স ইত্তন্তং স বিজানাত্যোতুমিতি মন্ত্রবর্ণাত্তস্থাত্মাত্ম-কস্য ক্রতোরূতশব্দবাচ্যত্বম্ উদীর্য্যন্তমুদীর্য্যমাণং স্তূয়মানমিত্যর্থঃ ॥২১—২২॥ শুশ্রুবাংসঃ

জনকরাজার সেই আড়ম্বরপূর্ণ যজ্ঞ সেই কোলাহলে ব্যাপ্ত হইলে, ব্রাহ্মণেরা সকলেই সন্তুষ্ট হইয়া অষ্টাবক্রকে সম্মানিত করিবার জন্য কৃতাঞ্জলিপুটে তাঁহার নিকটে উপস্থিত হইলেন' ॥২২॥

তখন অষ্টাবক্র বলিলেন—'ব্রাহ্মণগণ! এই বন্দীবেটাই পূর্বে বিদ্বান্ ব্রাহ্মণদিগকে বাদে জয় করিয়া তাঁহাদিগকে জলে ডুবাইয়া দিয়াছে। অতএব আজ এই বন্দীবেটাও সেই অবস্থাই প্রাপ্ত হউক। সুতরাং আপনারা ইহাকে ধরিয়া জলে ডুবাইয়া দিন' ॥২৩॥

(২৪)···তত্রাস সত্রম্···বা ব কা পি।

তে তু সর্বে বরুণস্যোত যজ্ঞং দ্রষ্টুং গতা ইম আয়ান্তি ভূয়ঃ।
অষ্টাবক্রং পূজয়ে পূজনীয়ং যস্য হেতোর্জনিতারং সমেষ্যে ॥২৫॥

অষ্টাবক্র উবাচ।

বিপ্রাঃ সমুদ্রাম্ভসি মজ্জিতা যে বাচা জিতা মেধয়া বা বিদানাঃ।
তাং মেধয়া বাচমথোজ্জহার যথা বাচমবচিন্বন্তি সন্তঃ ॥২৬॥

ভারতকৌমুদী

ব্রাহ্মণশ্রেষ্ঠাঃ, প্রহিতা বাদে বিজিত্য ইতঃ প্রেরিতাঃ, তে চ স্বেচ্ছয়া ন যাস্যন্তীতি বাদবিজয়-রূপং পণং বিধায় তত্র বিজিত্য চ তে জলে নিপাতিতা ইত্যাশয়ঃ ॥২৪॥

ত ইতি। তে তু সর্ব্ব এব দ্বিজাগ্র্যাঃ, বরুণস্য তং যজ্ঞং দ্রষ্টুং গতাঃ, ইমে তে ভূয়ঃ পুনরায়ান্তি। অতো ন মে ব্রহ্মহত্যাপাপমিতি ভাবঃ। উপকারিত্বাৎ পূজনীয়মষ্টাবক্রম্ অহং পূজয়ে; যস্য হেতোরহং জনিতারং জনয়িতারং বরুণং সমেষ্যে প্রাপ্স্যামি ॥২৫॥

বিপ্রা ইতি। হে জনক! ভবদীয়লোকৈর্বিপ্রাঃ সমুদ্রাম্ভসি মজ্জিতাঃ; যে বিদানা জ্ঞানিনো বিপ্রাঃ, বাচা, মেধয়া বা বুদ্ধ্যা চ বন্দিনা জিতাঃ। অথাহং মেধয়া স্ববুদ্ধ্যা, যথা তাং বন্দিনো বাচম্, উজ্জহার উদ্ধৃতবান্ বিজিতবানস্মি; তথা মম বাচম্, সন্তঃ অমী সভ্যাঃ পণ্ডিতাঃ, অবচিন্বতি পবিচিন্বন্তি জানন্তীত্যর্থঃ ॥২৬॥

ভারতভাবদীপঃ

পণ্ডিতাঃ ॥২৩—২৪॥ জনিতারং বরুণম্ ॥২৫॥ বিপ্রা ইতি। বাচা উচ্চৈঃ পাঠেনৈব উত মেধয়া উহাপোহকৌশলেন বিপ্রা বিদানাঃ পণ্ডিতা অপি জিতা মজ্জিতাশ্চ, তাং প্রসিদ্ধাং বাচং বেদময়ীং মেধয়া সহিতাং বন্দিনা কুতর্কার্ণবে মজ্জিতামহং যথা উজ্জহারোদ্ধৃতবানস্মি তথা সন্তঃ সদসদ্বচনবিবেককুশলা অবচিন্বন্তি পরীক্ষযন্তি, লোডর্থে লট্ পরীক্ষয়ন্ত্বিত্যর্থঃ ॥২৬॥

বন্দী বলিলেন—'মহারাজ জনক! আমি বরুণদেবের পুত্র; (সুতরাং আমার জলমজ্জনের ভয় নাই)। এদিকে যখন আপনার যজ্ঞ আরব্ধ হইয়াছিল, বরুণরাজার দ্বাদশবর্ষব্যাপক যজ্ঞ আরম্ভও তখনই সেখানে হইয়াছিল। সুতরাং সেই যজ্ঞ দর্শনের জন্যই আমি সেই প্রধান ব্রাহ্মণদিগকে প্রেরণ করিয়াছি ॥২৪॥

সেই ব্রাহ্মণেরা সকলেই বরুণদেবের যজ্ঞ দর্শন করিবার জন্য গিয়াছিলেন, এই আবার আসিতেছেন। কিন্তু পূজনীয় অষ্টাবক্রকে আমি পূজা করি। কারণ, যাঁহার জন্য আমি পিতাকে দেখিতে পাইব' ॥২৫॥

অষ্টাবক্র বলিলেন—'জনকরাজা! বন্দী বাক্যের কৌশলে ও বুদ্ধির প্রভাবে যে সকল জ্ঞানী ব্রাহ্মণকে জয় করিয়াছিল, তাঁহাদিগকে আপনার লোকেরা সমুদ্রের জলে নিমগ্ন করিয়াছে। তা'র পর আমি আবার বুদ্ধিবলে যে ভাবে বন্দীর বাক্য জয় করিয়াছি, তাহা এই পণ্ডিতেরা জানেন ॥২৬॥

অগ্নির্দহন্ জাতবেদাঃ সতাং গৃহান্ বিসর্জয়ংস্তেজসা মাস্ম ধাক্ষীৎ।
বালেষু পুত্রেষু কৃপণং বদৎস্থ তথা বাচমবচিন্বন্তি সন্তঃ ॥২৭॥
শ্লেষ্মাতকী ক্ষীণবর্চ্চাঃ শৃণোষি উতাহো ত্বাং স্তুতয়ো মাদয়ন্তি।
হস্তীব ত্বং জনক! বিতুদ্যমানো ন মামিকাং বাচমিমাং শৃণোষি ॥২৮॥

ভারতকৌমুদী

অগ্নিরিতি। জাতং বৃত্তং সাধুত্বমসাধুত্বং বা বেত্তীতি জাতবেদা অগ্নিঃ, সতাং গৃহান্ বিসর্জয়ন্ সাধুগৃহত্বাদেব পবিত্যজন্, বনং দহন্, তেজসা মাস্ম ধাক্ষীৎ সৎপাদপমপি ন দহতু। অত্রায়মাশয়ঃ—তপঃপ্রভাবাদহং ধ্রুবমেবাগ্নিকল্পঃ, লোকানাং সাধুত্বমসাধুত্বঞ্চ জানামি। এবঞ্চ বাদবিজিতব্রাহ্মণগণবন্ধাদবিজিতমেনং বন্দিনমপি জলে নিমজ্জয়সি চেত্তদা ন্যায়পবায়ণতয়া সাধুভূতং ভবন্তং শাপেন ন দহামি, ইতবথা তু বন্দিনং দহন্ ভবন্তমপি দহামীতি। অথ বালস্য তে বচনং ন ময়া গ্রাহ্যমিত্যাহ বালেম্বিতি। তথা সন্তঃ সাধবঃ, বালেষু পুত্রেষু চ, কৃপণমল্পং বদৎস্বপি, তেষাং বাচম্, অবচিন্বন্তি গৃহ্লন্তি, বালবাচঃ স্পৃহণীয়ত্বাৎ পুত্রবাচশ্চ স্নেহাকর্ষণাদিতি ভাবঃ ॥২৭॥

আক্ষিপতি শ্লেষ্মেতি। হে জনক। শ্লেষ্মাতকং বহুবাবফলমস্যাস্তীতি শ্লেষ্মাতকী বহুবাবফলভোজী। বহুবাবাখ্যফলভোজনে হি শ্লেষ্মাতিবেকেণ লোকঃ স্তব্ধো ভবতীতি বৈদ্যকপ্রসিদ্ধিঃ। অতএব ক্ষীণবর্চ্চাঃ ক্ষীণবুদ্ধিশক্তিঃ সন্ শৃণোষি, অতএব চ কর্ত্তব্যমুগ্ধোঽসীতি ভাবঃ। উতাহো অথবা, বন্দিনাং স্তুতয়স্ত্বাং মাদয়ন্তি। অতএব ত্বম্, তুদ্যমানো মন্নিন্দয়া ব্যথ্যমানোঽপি, হস্তীব, মামিকাং মদীয়াম্, ইমাং বাচং ন শৃণোষি। "শেলুঃ শ্লেষ্মাতকঃ শীত উদ্দালো বহুবাবকঃ" ইত্যমবঃ ॥২৮॥

ভাবতভাবদীপঃ

নম্বু বন্দিনোদ্ধৃতাং বাচং ত্বমেব কুতর্কার্ণবে মজ্জিতবানসি তত্র কিং সদ্ভিঃ পবীক্ষণীয়মিত্যাশঙ্ক্যাহ—অগ্নির্দহন্নিতি। অগ্নির্দহন্ স্বভাবেন দাহকোঽপি জাতবেদাঃ জাতানি সতামসতাঞ্চ বৃত্তানি বেদ জানাতীতি জাতবেদাঃ সতাং সত্যাভিসন্ধীনাং গৃহান্, শবীবাণি বিসর্জ্জয়ন্ বর্জ্জয়ংস্তেজসা যথা অধাক্ষীৎ স্ম অর্থাদনৃতাভিসন্ধিগৃহান্, নশব্দ উপমার্থে। অপো ন নাবা দুবিতাস্তবেমেত্যাদিবৎ। যথা তপ্তপবশুগ্রহণে বহ্নিঃ সত্যাভিসন্ধিং ন দহতি সত্যপক্ষপাতী ন তু জাতিবয়োবিদ্যাদিপক্ষপাতী এবং সন্তোঽপি বালাদিষু, অতো বালবচনমিতি মদ্বাক্যং নাবমন্তব্যমিতি ভাবঃ ॥২৭॥ শ্লেষ্মাতকীশব্দিতস্তরুবিশেষস্তস্য পত্রেষু ভোজনং তৎফলভক্ষণঞ্চ বুদ্ধিঘ্নং দোষকরঞ্চেতি

সুতরাং অবস্থাভিজ্ঞ অগ্নি সজ্জনের গৃহ পরিত্যাগ করিয়া, বন দগ্ধ করিতে থাকিয়া উৎকৃষ্ট বৃক্ষও যেন দগ্ধ না করেন। তা'র পর রাজা! বালক বা পুত্র অল্প কথা বলিলেও সজ্জনেরা তাহাদের সে কথা অবশ্যই গ্রহণ করেন ॥২৭॥

জনকরাজা! আপনি কি চালিতাফল খাইয়া (শ্লেষ্মাধিক্যবশতঃ) বুদ্ধিশূন্য হইয়া শুনিতেছেন? অথবা বন্দিগণের স্তুতিবাদ আপনাকে একেবারে মত্ত

---

(২৭)·· ন স্ম ধাক্ষীৎ···বা ব কা নি।

জনক উবাচ।

শৃণোমি বাচং তব দিব্যরূপামমানুষীং দিব্যরূপোঽসি সাক্ষাৎ।
অজৈষীর্যদ্বন্দিনং ত্বং বিবাদে নিস্বষ্ট এষ তব কামেঽদ্য বন্দী ॥২৯॥

অষ্টাবক্র উবাচ।

নানেন জীবতা কশ্চিদর্থো মে বন্দিনা নৃপ!।
পিতা যদ্যস্য বরুণো মজ্জয়ৈনং জলাশয়ে ॥৩০॥

বন্দ্যুবাচ।

অহং পুত্রো বরুণস্যোত রাজ্ঞো ন মে ভয়ং বিদ্যতে মজ্জিতস্য।
ইমং মুহূর্ত্তং পিতরং দ্রক্ষ্যতেঽয়মষ্টাবক্রশ্চিরনষ্টং কহোড়ম্ ॥৩১॥

লোমশ উবাচ।

ততস্তে পূজিতা বিপ্রা বরুণেন মহাত্মনা।
উদতিষ্ঠংস্তথা সর্ব্বে জনকস্য সমীপতঃ ॥৩২॥

ভারতকৌমুদী

শৃণোমীতি। হে বালক! দিব্যরূপামত্যুত্তমাম্, অমানুষীঞ্চ তব বাচং শৃণোমি; ত্বঞ্চ সাক্ষাৎ দিব্যরূপঃ স্বর্গীয়তুল্যোঽসি। কিঞ্চ ত্বং বিবাদে বন্দিনং যদজৈষীঃ, তদদ্য এষ বন্দী, তব কামে ইচ্ছায়াম্, নিস্বষ্টো দত্তঃ। যথেচ্ছমস্মিন্নাচরেতি ভাবঃ ॥২৯॥

নেতি। অর্থঃ প্রয়োজনম্। মজ্জয়, বাদবিজয়ফলস্যাবশ্যকর্ত্তব্যত্বাদিতি ভাবঃ ॥৩০॥

অহমিতি। অত্রাপি উতশব্দঃ পাদপূরণে। চিরনষ্টং দ্বাদশবর্ষং যাবদদর্শনং গতম্ ॥৩১॥

করিয়া ফেলিয়াছে। যে হেতু, আপনাকে উৎপীড়ন করিতে থাকিলেও আপনি হস্তীর ন্যায় আমার এই সকল কথা শুনিতেছেন না' ॥২৮॥

জনক বলিলেন—'বালক! তোমার বাক্য অলৌকিক ও অতি উত্তম। সুতরাং তাহা শুনিতেছি। আর, তুমিও সাক্ষাৎ দেবতার তুল্য। তা'র পর তুমি যখন বাদে বন্দীকে জয় করিয়াছ, তখন আমি আজ এই বন্দীকে তোমার ইচ্ছার অধীনই করিয়া দিলাম' ॥২৯॥

অষ্টাবক্র বলিলেন—'রাজা! এই বন্দীকে জীবিত রাখিয়া ইহা দ্বারা আমার কোন প্রয়োজনই সিদ্ধ হইবে না। সুতরাং যদিও উহার পিতা বরুণ, তথাপি আপনি উহাকে জলে নিমগ্ন করুন' ॥৩০॥

বন্দী বলিলেন—'আমি বরুণদেবের পুত্র; সুতরাং আমার জলমজ্জনের ভয় নাই। আর, এই মুহূর্ত্তেই অষ্টাবক্র—চিরবিনষ্ট আপন পিতা কহোড়কে দেখিতে পাইবেন' ॥৩১॥

লোমশ বলিলেন—'তাহার পর কহোড়প্রভৃতি সেই সকল ব্রাহ্মণ, মহাত্মা

কহোড় উবাচ।

ইত্যর্থমিচ্ছন্তি সুতান্ জনা জনক ! কর্ম্মণা।
যদহং নাশকং কর্ত্তুং তৎ পুত্রঃ কৃতবান্ মম ॥৩৩॥
উতাবলস্য বলবান্ উত বালস্য পণ্ডিতঃ।
উত বাঽবিদুষো বিদ্বান্ পুত্রো জনক ! জায়তে ॥৩৪॥

বন্দ্যুবাচ।

শিতেন তে পরশুনা স্বয়মেবান্তকো নৃপ !।
শিরাংস্যপহরত্বাজৌ রিপূণাং ভদ্রমস্তু তে ॥৩৫॥
মহদৌক্থ্যং গীয়তে সাম চাগ্র্যং সম্যক্ সোমঃ পীয়তে চাত্র সত্রে।
শুচীন্ ভাগান্ প্রতিজগৃহুশ্চ হৃষ্টাঃ সাক্ষাদ্দেবা জনকস্যোত রাজ্ঞঃ ॥৩৬॥

ভারতকৌমুদী

তত ইতি। তে কহোড়াদয়ঃ। এতেন সমুদ্রাসন্নদেশ এব জনকযজ্ঞ আসীদিতি বোধ্যম্ ॥৩২॥

ইতীতি। ইত্যর্থম্ এতদর্থং স্বকর্ত্তব্যকরণার্থমিত্যর্থঃ। কর্ম্মণা পুত্রযাগাদিনা ॥৩৩॥

উতেতি। প্রথম উতশব্দঃ পাদপূরণে, দ্বিতীয়তৃতীয়ৌ চ সমুচ্চয়ে। "উতাত্যর্থবিকল্পয়োঃ। সমুচ্চয়ে বিতর্কে চ প্রশ্নে চ পাদপূরণে।" ইতি মেদিনী। বালস্য মূর্খস্য "বালঃ কচে শিশৌ মূর্খে" ইতি বিশ্বঃ। অবিদুষঃ অজ্ঞানিনঃ, বিদ্বান্ জ্ঞানী ॥৩৪॥

বরুণযজ্ঞসম্পাদনায় ব্রাহ্মণপ্রেরণে সাহায্যকরণাজ্জনকং প্রত্যাশিষং প্রযুঙ্ক্তে শিতেনেতি। হে নৃপ ! আজৌ যুদ্ধে অন্তকো যমঃ স্বয়মেব, শিতেন সুধারেণ পরশুনা, তে তব রিপূণাং শিরাংসি অপহরতু, তে তব চ ভদ্রং মঙ্গলমস্তু ॥৩৫॥

ভারতভাবদীপঃ

প্রসিদ্ধম্ ॥২৮॥ অস্য তব কামো নিসৃষ্টঃ, এষ বন্দী দৃশ্যতামিতি শেষঃ ॥২৯—৩২॥ ইত্যর্থমেতদর্থম্ ॥৩৩—৩৪॥ শিতেন তীক্ষ্নেন, তে তব রিপূণামিত্যন্বয়ঃ, যমাদপি তব শত্রু-

---

বরুণকর্ত্তৃক সম্মানিত হইয়া (সমুদ্র হইতে) জনকরাজার নিকটে উপস্থিত হইলেন' ॥৩২॥

কহোড় বলিলেন—'মহারাজ জনক ! এই জন্যই মানুষ পুত্রযাগপ্রভৃতি কর্ম্ম দ্বারা পুত্র কামনা করে। দেখুন—আমি যাহা করিতে সমর্থ হই নাই, আমার পুত্র তাহা করিল ! ॥৩৩॥

জনকরাজা !-দুর্ব্বল লোকেরও বলবান্ পুত্র, মূর্খলোকেরও পণ্ডিত পুত্র এবং অজ্ঞানী লোকেরও জ্ঞানী পুত্র জন্মিয়া থাকে' ॥৩৪॥

বন্দী বলিলেন—'রাজা ! যুদ্ধের সময়ে যম নিজেই তীক্ষ্ণ কুঠার দ্বারা আপনার শত্রুগণের মস্তক ছেদন করুন ; আপনার মঙ্গল হউক ॥৩৫॥

---

(৩৫)···শিরাংস্যপাহরন্নাজৌ···বা ব কা নি।

লোমশ উবাচ।

সমুত্থিতেষ্বথ সর্ব্বেষু রাজন্! বিপ্রেষু তেষ্বধিকং সুপ্রভেষু।
অনুজ্ঞাতো জনকেনাথ রাজ্ঞা বিবেশ তোয়ং সাগরস্যোত বন্দী ॥৩৭॥
অষ্টাবক্রঃ পিতরং পূজয়িত্বা সম্পূজিতো ব্রাহ্মণৈস্তৈর্যথাবৎ।
প্রত্যাজগামাশ্রমমাশু চাগ্র্যং জিত্বা সৌতিং সহিতো মাতুলেন ॥৩৮॥
ততোঽষ্টাবক্রং মাতুরথান্তিকে পিতা নদীং সমঙ্গাং শীঘ্রমিমাং বিশস্ব।
প্রোবাচ চৈনং স তথা বিবেশ সমৈরঙ্গৈশ্চাপি বভূব সদ্যঃ ॥৩৯॥

ভারতকৌমুদী

জনকযজ্ঞং স্তৌতি মহদিতি। উত পাদপূরণে। জনকস্য রাজ্ঞঃ, অত্র সত্রে যজ্ঞে, ঔক্থ্যম্ উক্থাদিচ্ছন্দোবদ্ধম্, মহৎ বিশালম্, অগ্র্যমুত্তমঞ্চ সাম গীয়তে; সোমঃ সোমরসশ্চ সম্যক্ পীয়তে। উভয়ত্রাপি ব্রাহ্মণৈরিতি শেষঃ। তথা দেবাশ্চ সাক্ষাৎ প্রত্যক্ষা হৃষ্টাশ্চ সন্তঃ, শুচীন্ পবিত্রান্ ভাগান্ প্রতিজগৃহুঃ ॥৩৬॥

সমিতি। হে রাজন্! যুধিষ্ঠির! অথ তেষু কহোড়াদিষু সর্বেষু বরুণসম্মাননাদধিকং সুপ্রভেষু বিপ্রেষু সমুত্থিতেষু সৎসু, অথ জনকেন রাজ্ঞা অনুজ্ঞাতো বন্দী, সাগরস্য তোয়ং বিবেশ। অত্রাপ্যুতশব্দঃ পাদপূরণে ॥৩৭॥

অষ্টেতি। পূজয়িত্বা অভিবাদ্য। অগ্র্যং শ্রেষ্ঠম্। সৌতিং বন্দিনম্ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

সংহরণশক্তিরধিকেতি ভাবঃ ॥৩৫॥ ঔক্থ্যমুক্থ্যাখ্যক্রতুবিশেষে গেয়ং সাক্ষাদিত্যপরোক্ষং দেবতাসান্নিধ্যমুচ্যতে ॥৩৬—৩৭॥ সৌতিং সূতস্য বরুণস্য পুত্রম্ ॥৩৮॥ সমান্যঙ্গানি

সভ্যগণ! জনকরাজার এই যজ্ঞে উক্থাপ্রভৃতি ছন্দোবদ্ধ, বিশাল ও মনোহর সামবেদ গীত হইতেছে এবং যথাযথভাবে সোমরস পীত হইতেছে; আর দেবতারা প্রত্যক্ষ ও সন্তুষ্ট হইয়া আপন আপন পবিত্র ভাগ সকল গ্রহণ করিয়াছেন' ॥৩৬॥

লোমশ বলিলেন—'রাজা যুধিষ্ঠির! সেই ব্রাহ্মণেরা সকলেই বরুণের নিকট সম্মান লাভ করায় অত্যন্ত শোভা সম্পন্ন হইয়া সমুদ্র হইতে উত্থিত হইলে, জনকরাজার অনুমতিক্রমে বন্দী যাইয়া সমুদ্রের জলে প্রবেশ করিলেন ॥৩৭॥

এদিকে অষ্টাবক্রও বন্দীকে জয় করিয়া, তত্রত্য ব্রাহ্মণগণকর্ত্তৃক যথানিয়মে সম্মানিত হইয়া, পিতা কহোড়কে অভিবাদন করিয়া, তাঁহার ও মাতুল শ্বেতকেতুর সহিত মিলিত হইয়া, (মাতামহ উদ্দালকের) শ্রেষ্ঠ আশ্রমে সত্বরই প্রত্যাগমন করিলেন ॥৩৮॥

(৩৮)—আশ্রমমেব চাগ্র্যম্— বা ব কা নি।

নদী সমঙ্গা চ বভূব পুণ্যা যস্যাং স্নাতো মুচ্যতে কিল্বিষাদ্ধি।
ত্বমপ্যেনাং স্নানপানাবগাহৈঃ সভ্রাতৃকঃ সহভার্য্যো বিশস্ব ॥৪০॥
অত্র কৌন্তেয়! সহিতো ভ্রাতৃভিস্ত্বং সুখোষিতঃ সহ বিপ্রৈঃ প্রতীতঃ।
পুণ্যান্যন্যানি শুচিকর্ম্মৈকভক্তির্ময়া সার্দ্ধং চরিতাস্যাজমীঢ়! ॥৪১॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়ামষ্টাবক্রীয়ে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

তত ইতি। ততঃ পিতা কহোড়ঃ, মাতুঃ সুজাতায়া অন্তিকে, এনমষ্টাবক্রং প্রোবাচ। কিং প্রোবাচেত্যাহ নদীমিতি। হে অষ্টাবক্র! ত্বমিমাং সমঙ্গাং সমঙ্গানাম্না এতদাশ্রমমাত্রপ্রসিদ্ধাং নদীং শীঘ্রং বিশস্ব প্রবিশ; বক্রাণামঙ্গানাং সমীকরণার্থমিত্যাশয়ঃ। তথা আদেশেন, সোঽষ্টাবক্রোঽপি বিবেশ, সদ্যঃ সমৈরঙ্গৈর্বিশিষ্টশ্চাপি বভূব ॥৩৯॥

নদীতি। পুণ্যা সা চ নদী, সমঙ্গা এতন্নাম্না জগতি বিখ্যাতা বভূব, সমানি অঙ্গানি যস্যাঃ সকাশাৎ সেতি যোগাদিতি ভাবঃ। সমঙ্গেতি শকন্ধ্বাদিত্বাদঙ্গশব্দস্য অকারলোপঃ। স্নানপানাবগাহৈস্তত্তদুদ্দেশৈঃ, বিশস্ব প্রবিশ ॥৪০॥

অত্রেতি। প্রতীতঃ সন্তুষ্টঃ। শুচিষু পবিত্রেষু কর্ম্মসু স্নানাদিষু একা মুখ্যা ভক্তির্যস্য সঃ। অন্যানি পুণ্যানি কর্ম্মাণি, চরিতাসি করিষ্যসি, হে আজমীঢ়! অজমীঢ়বংশোদ্ভব! ॥৪১॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

ভারতভাবদীপঃ

করোতীতি সমঙ্গেতি যোগো দর্শিতঃ, শকন্ধ্বাদিত্বাৎ পররূপম্ ॥৩৯—৪০॥ প্রতীতো বিশ্রব্ধঃ ॥৪১॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১০॥

তাহার পর কহোড় সুজাতার নিকটে অষ্টাবক্রকে বলিলেন—'অষ্টাবক্র! তুমি সত্বর এই নদীতে প্রবেশ কর'। তখন অষ্টাবক্রও সেই নদীতে প্রবেশ করিলেন এবং সত্বই সমান-(বক্রতাবিহীন) অঙ্গ হইয়া উত্থিত হইলেন ॥৩৯॥

সেই পবিত্র নদীটাও 'সমঙ্গা'-নামে প্রসিদ্ধ হইল; যে নদীতে স্নান করিয়া মানুষ পাপ হইতে মুক্ত হয়। যুধিষ্ঠির! তুমিও ভার্য্যা এবং ভ্রাতৃগণের সহিত স্নান, পান ও অবগাহন করিবার উদ্দেশে এই নদীতে প্রবেশ কর ॥৪০॥

হে অজমীঢ়বংশোদ্ভব কুন্তীনন্দন! তাহার পর তুমি ভ্রাতৃগণ, ব্রাহ্মণগণ ও আমার সহিত মিলিত হইয়া সুখে বাস করিতে থাকিয়া, পবিত্র কার্য্যে একাগ্রচিত্ত হইয়া সন্তুষ্টভাবে এখানে অন্যান্য পুণ্য কার্য্য করিবে' ॥৪১॥

---

* '…চতুস্ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ…' বা ব কা, '…ষট্‌ত্রিংশদধিকশততমোঽধ্যায়ঃ' নি।

একাদশাধিকশততমোঽধ্যায়ঃ

——:(*):——

লোমশ উবাচ।

এষা মধুবিলা রাজন্ ! সমঙ্গা সম্প্রকাশতে।
এতৎ কৰ্দ্দমিলং নাম ভরতস্যাভিষেচনম্ ॥১॥
অলক্ষ্ম্যা কিল সংযুক্তো বৃত্রং হত্বা শচীপতিঃ।
আপ্লুতঃ সর্বপাপেভ্যঃ সমঙ্গায়াং ব্যমুচ্যত ॥২॥
এতদ্বিনশনং কুক্ষৌ মৈনাকস্য নরর্ষভ !।
অদিতির্যত্র পুত্রার্থং তদন্নমপচৎ পুরা ॥৩॥
এনং পর্বতরাজানমারুহ্য ভরতর্ষভাঃ !।
অযশস্যামসংশব্দ্যামলক্ষ্মীং ব্যপনোৎস্যথ ॥৪॥

ভারতকৌমুদী

এষেতি। মধুভির্মধুতুল্যৈঃ সলিলৈঃ পূর্ণং বিলং খাতদেশো যস্যাঃ সা মধুবিলেতি সমঙ্গায়া এব নামান্তরম্। ন চ "মধুবিলেতি অষ্টাবক্রাঙ্গসমীকরণাৎ পূর্ব্বং সমঙ্গায়া এব নাম" ইতি নীলকণ্ঠোক্তং যুক্তমিতি বাচ্যম্, পূর্বাধ্যায়ে অষ্টাবক্রাঙ্গসমীকরণাৎ পূর্ব্বমপি "নদীং সমঙ্গাং শীঘ্রমিমাং বিশস্ব" ইতি সমঙ্গানামশ্রুতেঃ। ভরতস্য রাজ্ঞঃ, অভিষিচ্যতে অস্মিন্নিত্যভিষেচনং তীর্থং ঘট্ট ইতি যাবৎ ॥১॥

অলক্ষ্ম্যেতি। আপ্লুতঃ স্নাতঃ, সর্বপাপেভ্যঃ অলক্ষ্মীসংযোগজনকেভ্যঃ ॥২॥

এতদিতি। বিনশনং নাম তীর্থম্, কুক্ষৌ অভ্যন্তরে। তৎ পুত্রযাগনিমিত্তকম্ ॥৩॥

এনমিতি। অযশস্যাম্ অযশস্করীম্, অসংশব্দ্যাং নাম্নাপ্যনুল্লেখ্যাম্ ॥৪॥

ভারতভাবদীপঃ

এষেতি। মধুবিলেতি অষ্টাবক্রাঙ্গসমীকরণাৎ পূর্ব্বং সমঙ্গায়া এব নাম ॥১—২॥ অন্নং ব্রহ্মৌদনম্ অদিতিঃ পুত্রকামা। "সাধ্যেভ্যো দেবেভ্যো ব্রহ্মৌদনমপচ"দিতি শ্রুতেঃ ॥৩॥

লোমশ বলিলেন—'রাজা ! এই সমঙ্গানদী দৃষ্টিগোচর হইতেছে, ইহার 'মধুবিলা' নামও আছে; আর এই 'কৰ্দ্দমিল–' নামে ভরতরাজার তীর্থ ॥১॥

ইন্দ্র বৃত্রাসুরকে বধ করিয়া অলক্ষ্মীসমাক্রান্ত হইয়াছিলেন, তাহার পর তিনি এই সমঙ্গানদীতে স্নান করিয়াই সমস্ত পাপ হইতে মুক্ত হন ॥২॥

নরশ্রেষ্ঠ ! মৈনাকপর্বতের নিকটে এই বিনশন-তীর্থ; পূর্ব্বকালে অদিতি-দেবী যেখানে পুত্রের জন্য পুত্রযাগের অন্ন পাক করিয়াছিলেন ॥৩॥

এতে কনখলা রাজন্ম্ ঋষীণাং দয়িতা নগাঃ।
এষা প্রকাশতে গঙ্গা যুধিষ্ঠির ! মহানদী ॥৫॥
সনৎকুমারো ভগবানত্র সিদ্ধিমগাৎ পুরা।
আজমীঢ়াবগাহ্যৈনাং সর্বপাপৈঃ প্রমোক্ষ্যসে ॥৬॥
অপাং হ্রদঞ্চ পুণ্যাখ্যং ভৃগুতুঙ্গঞ্চ পর্ব্বতম্।
তূষ্ণীগঙ্গে চ কৌন্তেয় ! সানুজঃ সমুপস্পৃশ ॥৭॥
আশ্রমঃ স্থূলশিরসো রমণীয়ঃ প্রকাশতে।
অত্র মানঞ্চ কৌন্তেয় ! ক্রোধঞ্চৈব বিসর্জয় ॥৮॥
এষ রৈভ্যাশ্রমঃ শ্রীমান্ পাণ্ডবেয় ! প্রকাশতে।
ভারদ্বাজো যত্র কবির্যবক্রীতো ব্যনশ্যত ॥৯॥

ভারতকৌমুদী

এত ইতি। কনখলা নাম, দয়িতাঃ প্রিয়াঃ, নগাঃ পর্ব্বতাঃ ॥৫॥
সনদিতি। হে আজমীঢ ! অজমীঢাখ্যনৃপতিবংশোদ্ভব। এনাং গঙ্গাম্ ॥৬॥
অপামিতি। পূর্বার্দ্ধে গচ্ছেতি শেষঃ। তূষ্ণীগঙ্গে তদাখ্যে তীর্থে, সমুপস্পৃশ স্নাহি ॥৭॥
আশ্রম ইতি। স্থূলশিবসো নাম মুনেঃ। মানং রাজত্বাদিনিবন্ধনমভিমানম্ ॥৮॥
এষ ইতি। বৈভ্যস্য মুনেরাশ্রমঃ, শ্রীমান্ সুন্দরঃ। যবক্রীতো নাম ॥৯॥

হে ভরতশ্রেষ্ঠগণ ! তোমরা এই পর্বতশ্রেষ্ঠ মৈনাকে আরোহণ করিয়া নিন্দাজনিকা ও অনুল্লেখনীয়া অলক্ষ্মীকে পবিত্যাগ করিতে পাবিবে ॥৪॥

রাজা ! ঋষিগণের প্রিয় এই সকল কনখল পর্বত এবং যুধিষ্ঠির ! এই মহানদী গঙ্গা প্রকাশ পাইতেছেন ॥৫॥

এই খানেই পূর্ব্বকালে ভগবান্ সনৎকুমার সিদ্ধিলাভ করিয়াছিলেন। অতএব যুধিষ্ঠির ! তুমিও এই গঙ্গায় স্নান করিয়া সকল পাপ হইতে মুক্ত হইবে ॥৬॥

কুন্তীনন্দন ! তুমি ভ্রাতাদের সহিত পুণ্যাখ্য জলহ্রদ ও ভৃগুতুঙ্গপর্বতে যাইয়া তূষ্ণীগঙ্গনামক তীর্থে স্নান কর ॥৭॥

ঐ মনোহর স্থূলশিরা মুনির আশ্রম দৃষ্টিগোচর হইতেছে। কুন্তীনন্দন ! তুমি এখানে অভিমান ও ক্রোধ পরিত্যাগ কর ॥৮॥

পাণ্ডুনন্দন ! এই মনোহর রৈভ্যমুনির আশ্রম প্রকাশ পাইতেছে; যেখানে ভরদ্বাজমুনির পুত্র কবি যবক্রীত বিনষ্ট হইয়াছিলেন' ॥৯॥

---

(৭)…উষ্ণীগঙ্গেতি কৌন্তেয় ! সামাত্যঃ সমুপস্পৃশ—বা ব,…তূষ্ণীং গঙ্গাঞ্চ কৌন্তেয় ! সভ্রাতৃক উপস্পৃশ—পি, তূষ্ণীং গঙ্গাঞ্চ কৌন্তেয় ! সানুজঃ…নি।

যুধিষ্ঠির উবাচ।

কথংযুক্তোঽভবদৃষির্ভরদ্বাজঃ প্রতাপবান্।
কিমর্থঞ্চ যবক্রীতঃ পুত্রোঽনশ্যত বৈ মুনেঃ ॥১০॥
এতৎ সর্ব্বং যথাবৃত্তং শ্রোতুমিচ্ছামি তত্ত্বতঃ।
কর্ম্মভির্দেবকল্পানাং কীর্ত্ত্যমানৈর্ভৃশং রমে ॥১১॥

লোমশ উবাচ।

ভরদ্বাজশ্চ রৈভ্যশ্চ সখায়ৌ সংবভূবতুঃ।
তাবূষতুরিহাত্যন্তং প্রীয়মাণাবনন্তরম্ ॥১২॥
রৈভ্যস্য তু সুতাবাস্তামর্বাবসু-পরাবসূ।
আসীদ্‌যবক্রীঃ পুত্রস্তু ভরদ্বাজস্য ভারত! ॥১৩॥
রৈভ্যো বিদ্বান্ সহাপত্যস্তপস্বী চেতরোঽভবৎ।
তয়োশ্চাপ্যতুলা প্রীতির্বাল্যাৎ প্রভৃতি ভারত! ॥১৪॥

ভারতকৌমুদী

কথমিতি। কথং কীদৃশং যুক্তং যোগো যস্য সঃ। মুনের্ভরদ্বাজস্য ॥১০॥
এতদিতি। তত্ত্বতো যাথার্থ্যেন। দেবকল্পানাং দেবসদৃশানাং জনানাম্ ॥১১॥
ভরেতি। অনন্তরম্ অব্যবধানং যথা স্যাত্তথা, ঊষতুঃ বাসং চক্রতুঃ ॥১২॥
রৈভ্যস্যেতি। আস্তাম্ অভূতাম্, অর্বাবসু-পরাবসূ নাম। যবক্রীর্যবক্রীতঃ ॥১৩॥
রৈভ্য ইতি। সহাপত্যঃ সপুত্রঃ, রৈভ্যস্য পুত্রাবপি বিদ্বাংসাবভূতামিত্যর্থঃ ॥১৪॥

যুধিষ্ঠির বলিলেন—'মহর্ষি! প্রতাপশালী ভরদ্বাজমুনি কি প্রকার যোগী ছিলেন? কি জন্যই বা তাঁহার পুত্র যবক্রীত বিনষ্ট হইয়াছিলেন? ॥১০॥

যথাযথভাবে এই সকল বৃত্তান্ত আমি শুনিতে ইচ্ছা করি। কারণ, দেবতার তুল্য ব্যক্তিগণের চরিত্র কীর্ত্তন করিলে, তাহাতে আমি অত্যন্ত আনন্দ লাভ করি' ॥১১॥

লোমশ বলিলেন—'ভরদ্বাজ ও রৈভ্য পরস্পর সখা ছিলেন এবং তাঁহারা অত্যন্ত প্রীতি সহকারে পরস্পর নিকটেই বাস করিতেন ॥১২॥

ভরতনন্দন! রৈভ্যমুনির 'অর্বাবসু' ও 'পরাবসু'-নামে দুইটী পুত্র ছিল এবং ভরদ্বাজমুনির 'যবক্রীত'-নামে একটী পুত্র ছিল ॥১৩॥

রৈভ্যমুনি ও তাঁহার পুত্রদ্বয়—সকলেই বিদ্বান্ ছিলেন; আর ভরদ্বাজমুনি কেবল তপস্বী ছিলেন; বাল্যকাল হইতেই তাঁহাদের পরস্পর অতুলনীয় ভালবাসা ছিল ॥১৪॥

---

(১০)···ভারদ্বাজঃ প্রতাপবান্···বা ব কা পি।

যবক্রীঃ পিতরং দৃষ্ট্বা তপস্বিনমসংকৃতম্।
দৃষ্ট্বা চ সংকৃতং বিপ্রৈ রৈভ্যং পুত্রৈঃ সহানঘ! ॥১৫॥
পর্য্যতপ্যত তেজস্বী মন্যুনাভিপরিপ্লুতঃ।
তপস্তেপে ততো ঘোরং বেদজ্ঞানায় পাণ্ডব! ॥১৬॥ (যুগ্মকম্)
স সমিদ্ধে মহত্যগ্নৌ শরীরমুপতাপয়ন্।
জনয়ামাস সন্তাপমিন্দ্রস্য সুমহাতপাঃ ॥১৭॥
তত ইন্দ্রো যবক্রীতমুপগম্য যুধিষ্ঠির!।
অব্রবীৎ কস্য হেতোস্ত্বমাস্থিতস্তপ উত্তমম্ ॥১৮॥
যবক্রীত উবাচ।
দ্বিজানামনধীতা বৈ বেদাঃ সুরগণার্চ্চিত!।
প্রতিভাস্ত্বিতি তপ্যেঽহমিদং পরমকং তপঃ ॥১৯॥
স্বাধ্যায়ার্থং সমারম্ভো মমায়ং পাকশাসন!।
তপসা জ্ঞাতুমিচ্ছামি সর্ব্বজ্ঞানানি কৌশিক! ॥২০॥

ভারতকৌমুদী

যবেতি। অসংকৃতম্ অগৌরববিষয়ীকৃতম্, অবিদ্বত্ত্বাৎ, সংকৃতং গৌরববিষয়ীকৃতম্, বিদ্বত্ত্বাদিতি ভাবঃ। মন্যুনা দৈন্যেন, অভিপরিপ্লুত আক্রান্তঃ ॥১৫—১৬॥

স ইতি। সমিদ্ধে প্রজ্বলিতে। সন্তাপমুদ্বেগম্, স্বপদগ্রহণাশঙ্কয়েত্যাশয়ঃ ॥১৭॥

তত ইতি। আস্থিতঃ অবলম্বিতবানসি ॥১৮॥

দ্বিজানামিতি। দ্বিজানাং ব্রাহ্মণানাম্। প্রতিভাস্তু আত্মন্যাবির্ভবন্তু ॥১৯॥

নিষ্পাপ পাণ্ডুনন্দন! ব্রাহ্মণেরা আসিয়া তপস্বী ভরদ্বাজের কোন গৌরবই করেন না, অথ চ পুত্রদের সহিতই বিদ্বান্ রৈভ্যের সর্ব্বপ্রকার গৌরবই করেন; ইহা দেখিয়া তেজস্বী যবক্রীত অত্যন্ত-দৈন্য-সমন্বিত হইয়া দুঃখভোগ করিতে লাগিলেন; তাহার পর তিনি বেদ জানিবার জন্য ভয়ঙ্কর তপস্যা করিতে আরম্ভ করিলেন ॥১৫—১৬॥

ক্রমে অতিমহাতপা যবক্রীত প্রজ্বলিত বিশাল অগ্নিতে শরীর সন্তপ্ত করিতে থাকিয়া ইন্দ্রের উদ্বেগ জন্মাইয়া ফেলিলেন ॥১৭॥

যুধিষ্ঠির! তাহার পর ইন্দ্র যবক্রীতের নিকট আসিয়া বলিলেন—'ঋষি-কুমার! আপনি কি জন্য এই দারুণ তপস্যা করিতেছেন?' ॥১৮॥

যবক্রীত বলিলেন—'দেবরাজ! অধ্যয়ন না করিলেও বেদ সকল স্বভাবতই ব্রাহ্মণগণের চিত্তে আবির্ভূত হউক; ইহা কামনা করিয়াই আমি এই গুরুতর তপস্যা করিতেছি' ॥১৯॥

কালেন মহতা বেদাঃ শক্যা গুরুমুখাদ্বিভো ! ।
প্রাপ্তুং তস্মাদয়ং যত্নঃ পরমো মে সমাস্থিতঃ ॥২১॥

ইন্দ্র উবাচ।

কুমার্গ এষ বিপ্রর্ষে ! যেন ত্বং যাতুমিচ্ছসি।
কিং বিঘাতেন তে বিপ্র ! গচ্ছাধীহি গুরোর্মুখাৎ ॥২২॥

লোমশ উবাচ।

এবমুক্ত্বা গতঃ শক্রো যবক্রীরপি ভারত ! ।
ভূয় এবাকরোদ্‌যত্নং তপস্যমিতবিক্রম ! ॥২৩॥
ঘোরেণ তপসা রাজংস্তপ্যমানো মহত্তপঃ।
সন্তাপয়ামাস ভৃশং দেবেন্দ্রমিতি নঃ শ্রুতম্ ॥২৪॥

ভারতকৌমুদী

স্বেতি। স্বাধ্যায়ার্থং সর্ববেদজ্ঞানলাভার্থম্। সর্ব্বজ্ঞানানি সর্বান্ বেদান্ ॥২০॥
কালেনেতি। গুরুমুখাৎ প্রাপ্তুং শক্যা ইতি সম্বন্ধঃ। মে ময়া ॥২১॥
কুমার্গ ইতি। কুমার্গঃ, সিদ্ধ্যসম্ভবাদিতি ভাবঃ। বিঘাতেন আত্মহত্যয়া ॥২২॥
এবমিতি। ভূয় এব পুনরপি ॥২৩॥
ঘোরেণেতি। ঘোরেণ তপসা সন্তাপয়ামাসেতি সম্বন্ধঃ ॥২৪॥

ভারতভাবদীপঃ

অযশস্যামযশস্করীম্, অসংশব্দ্যামকীর্ত্তনীয়াম্ ॥৪—১৩॥ ইতরো ভরদ্বাজস্তপস্ব্যেব, ন তু শিক্ষাদিসম্পন্নঃ ॥১৪—১৯॥ সর্ব্বজ্ঞানানি সর্ব্বশাস্ত্রাণি ॥২০—২১॥ বিঘাতেন আত্মনাশনেন

পাকশাসন! বেদের জন্যই আমার এই উদ্যম; আমি তপস্যা দ্বারাই সমস্ত বেদ জানিতে ইচ্ছা করি ॥২০॥

দেবরাজ! বেদ সকল দীর্ঘকালেই গুরুমুখ হইতে লাভ করিতে পারা যায়; সেই জন্যই আমি এই গুরুতর যত্ন অবলম্বন করিয়াছি' ॥২১॥

ইন্দ্র বলিলেন—'ব্রহ্মর্ষি! আপনি যে পথে যাইতে ইচ্ছা করিয়াছেন, এটা কুপথ। অতএব ব্রাহ্মণ! আপনার আত্মহত্যায় প্রয়োজন কি? আপনি যান, যাইয়া গুরুমুখ হইতেই বেদ অধ্যয়ন করুন' ॥২২॥

লোমশ বলিলেন—'অমিতবিক্রম! ভরতনন্দন! ইন্দ্র এইরূপ বলিয়া চলিয়া গেলেন; যবক্রীতও পুনরায় তপস্যার প্রতিই যত্ন করিতে লাগিলেন ॥২৩॥

রাজা! আমাদের শুনা আছে যে, যবক্রীত গুরুতর তপস্যা করিতে থাকিয়া সেই ভয়ঙ্কর তপস্যা দ্বারা ইন্দ্রকে অত্যন্ত সন্তপ্ত করিয়া তুলিলেন ॥২৪॥

---

(২৩)...তপস্যমিতবিক্রমঃ—বা ব কা নি।

তং তথা তপ্যমানস্তু তপস্তীব্রং মহামুনিম্।
উপেত্য বলভিদ্দেবো বারয়ামাস বৈ পুনঃ ॥২৫॥
অশক্যোঽর্থঃ সমারব্ধো নৈতদ্বুদ্ধিকৃতং তব।
প্রতিভাস্যন্তি বৈ বেদাস্তব চৈব পিতুশ্চ তে ॥২৬॥
যবক্রীত উবাচ।
ন চেত্তদেবং ক্রিয়তে দেবরাজ! মমেপ্সিতম্।
মহতা নিয়মেনাহং তপ্স্যে ঘোরতমং তপঃ ॥২৭॥
সমিদ্ধেঽগ্নাবপাকৃত্যাঙ্গমঙ্গং হোষ্যামি বা মঘবংস্তন্নিবোধ।
যদ্যেতদেবং ন করোষি কামং মমেপ্সিতং দেবরাজেহ সর্বম্ ॥২৮॥
লোমশ উবাচ।
নিশ্চয়ং তমভিজ্ঞায় মুনেস্তস্য মহাত্মনঃ।
প্রতিবারণহেত্বর্থং বুদ্ধ্যা সঞ্চিন্ত্য বুদ্ধিমান্ ॥২৯॥

ভারতকৌমুদী

তমিতি। মহামুনিং যবক্রীতম্। বলভিদিন্দ্রঃ ॥২৫॥
অশক্য ইতি। অর্থো বিষয়ঃ। প্রতিভাস্যন্তীত্যত্র নঞ্ অনুবর্তনীয়ঃ ॥২৬॥
নেতি। তৎ বেদজ্ঞানম্, এবং তপসা। নিয়মেন প্রকারেণ ॥২৭॥
সমিদ্ধ ইতি। সমিদ্ধে প্রজ্বলিতে, অপাকৃত্য ছিত্ত্বা, অঙ্গমঙ্গং প্রত্যঙ্গম্ ॥২৮॥

মহর্ষি যবক্রীত সেইরূপ তীব্র তপস্যা করিতে লাগিলে, ইন্দ্র আসিয়া পুনরায় তাঁহাকে বারণ করিলেন (বলিলেন—) ॥২৫॥

'মহর্ষি! আপনি অসাধ্য বিষয় আরম্ভ করিয়াছেন, এটা আপনার বুদ্ধির কার্য্য নহে; ইহাতে আপনার বা আপনার পিতার বেদজ্ঞান হইবে না' ॥২৬॥

যবক্রীত বলিলেন—'দেবরাজ! আপনি যদি এই তপস্যা দ্বারা আমার অভীষ্ট বেদজ্ঞান সম্পাদন না করেন, তবে আমি ইহা অপেক্ষাও গুরুতর নিয়মে অতিভয়ঙ্কর তপস্যা করিব ॥২৭॥

দেবরাজ! আপনি যদি এই তপস্যা দ্বারা আমার সমস্ত অভীষ্ট পর্য্যাপ্ত-রূপে পূরণ না করেন, তবে মঘবন্! আপনি ইহা জানিয়া রাখুন যে, আমি নিজের অঙ্গ সকল ছেদন করিয়া তাহা দ্বারা প্রজ্বলিত অগ্নিতে হোম করিব' ॥২৮॥

---

(২৬) শ্লোকাৎ পরম্ '…চতুস্ত্রিংশত্তমোঽধ্যায়ঃ' পি। (২৭) ন চৈতদেবম্…বা ব পি নি।

তত ইন্দ্রোঽকরোদ্রূপং ব্রাহ্মণস্য তপস্বিনঃ।
অনেকশতবর্ষস্য দুর্বলস্য সযক্ষ্মণঃ ॥৩০॥ (যুগ্মকম্)
যবক্রীতস্য যত্তীর্থমুচিতং শৌচকর্ম্মণি।
ভাগীরথ্যাং তত্র সেতুং বালুকাভিশ্চকার সঃ ॥৩১॥
যদাঽস্য বদতো বাক্যং ন স চক্রে দ্বিজোত্তমঃ।
বালুকাভিস্ততঃ শক্রো গঙ্গাং সমভিপূরয়ন্ ॥৩২॥
বালুকামুষ্টিমনিশং ভাগীরথ্যাং ব্যসর্জয়ৎ।
সেতুমভ্যারভচ্ছক্রো যবক্রীতং নিদর্শয়ন্ ॥৩৩॥ (যুগ্মকম্)
তং দদর্শ যবক্রীতো যত্নবন্তং নিবন্ধনে।
প্রহসংশ্চাব্রবীদ্বাক্যমিদং স মুনিপুঙ্গবঃ ॥৩৪॥
কিমিদং বর্ত্ততে ব্রহ্মন্! কিঞ্চ তে হ চিকীর্ষিতম্।
অতীব হি মহান্ যত্নঃ ক্রিয়তেঽয়ং নিরর্থকঃ ॥৩৫॥

ভারতকৌমুদী

নিশ্চয়মিতি। প্রতিবাবণহেত্বর্থং তপসো নিবাবণার্থম্। সযক্ষ্মণো যক্ষ্মরোগিণঃ ॥২৯-৩০॥
যবেতি। তীর্থং ঘট্টঃ, উচিতমভ্যস্তম্, শৌচকর্ম্মণি স্নানাদৌ। চকাব কর্ত্তুমারেভে ॥৩১॥
যদেতি। অস্য ইন্দ্রস্য, বাক্যং নিষেধবচনম্। নিদর্শয়ন্ দৃষ্টান্তত্বেন ॥৩২—৩৩॥
তমিতি। তং ব্রাহ্মণম্। নিবন্ধনে সেতুবন্ধনে ॥৩৪॥
কিমিতি। ইদং কার্য্যম্। তে ত্বয়া। সেতুবন্ধনাত্মনাম্নিরর্থক ইত্যুক্তিঃ ॥৩৫॥

লোমশ বলিলেন—'তাহার পর বুদ্ধিমান্ ইন্দ্র মহাত্মা যবক্রীতমুনির তপস্যার প্রতিই সেই নিশ্চয় জানিয়া, তাহা হইতে বারণ করিবার জন্য বুদ্ধি-দ্বারা একটী উপায় স্থিব করিয়া, বহুশতবর্ষবয়স্ক, দুর্বল ও যক্ষ্মরোগগ্রস্ত এক তপস্বী ব্রাহ্মণের রূপ ধারণ করিলেন ॥২৯—৩০॥

তা'র পর যবক্রীতমুনির স্নানপ্রভৃতি কার্য্যে যে ঘাটটী অভ্যস্ত ছিল, গঙ্গার সেই ঘাটে যাইয়া সেই ব্রাহ্মণরূপী ইন্দ্র বালুকাদ্বারা একটী সেতু নির্ম্মাণ করিতে প্রবৃত্ত হইলেন ॥৩১॥

যবক্রীত যখন ইন্দ্রের নিষেধবাক্য রক্ষা করিলেন না, তখন ইন্দ্র বালুকা-দ্বারাই যেন গঙ্গা পূর্ণ করিবার ইচ্ছা করিয়া অনবরত গঙ্গাজলে বালুকামুষ্টি নিক্ষেপ করিতে থাকিলেন; এই ভাবে তিনি যবক্রীতকে দৃষ্টান্ত দেখাইতে থাকিয়া সেতুবন্ধন আরম্ভ করিলেন ॥৩২—৩৩॥

তৎপরে মুনিশ্রেষ্ঠ যবক্রীত সেই ব্রাহ্মণকে সেতুবন্ধনে যত্নবান্ দেখিলেন; তখন তিনি হাসিতে হাসিতে এই কথা বলিলেন—॥৩৪॥

ইন্দ্র উবাচ।

বন্ধিষ্যে সেতুনা গঙ্গাং সুখঃ পন্থা ভবিষ্যতি।
ক্লিশ্যতে হি জনস্তাত! চরমাণঃ পুনঃ পুনঃ ॥৩৬॥

যবক্রীত উবাচ।

নায়ং শক্যস্ত্বয়া বদ্ধুং মহানোঘস্তপোধন!।
অশক্যাদ্বিনিবর্ত্তস্ব শক্যমর্থং সমারভ ॥৩৭॥

ইন্দ্র উবাচ।

যথৈব ভবতা চেদং তপো বেদার্থমুদ্যতম্।
অশক্যং তদ্বদস্মাভিরয়ং ভারঃ সমাহিতঃ ॥৩৮॥

যবক্রীত উবাচ।

যথা তব নিরর্থোঽয়মারম্ভস্ত্রিদশেশ্বর!।
তথা যদি মমাপীদং মন্যসে পাকশাসন! ॥৩৯॥
ক্রিয়তাং যদ্ভবেচ্ছক্যং ত্বয়া সুরগণেশ্বর!।
বরাংশ্চ মে প্রযচ্ছান্যান্ যৈর্বিদ্বান্ ভবিতাস্ম্যহম্ ॥৪০॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

বন্ধিষ্য ইতি। অত্রাত্মনেপদমিড়াগমশ্চার্ষৌ। হি যস্মাৎ। চরমাণশ্চরন্ ॥৩৬॥
নেতি। অয়ং সেতুঃ। ওঘো জলবেগঃ। অর্থং বিষয়ম্ ॥৩৭॥
যথেতি। বেদার্থং বেদলাভার্থম্, উদ্যতমারব্ধম্। সমাহিতঃ স্বয়মেব ধৃতঃ ॥৩৮॥
যথেতি। পূর্ব্বনিবারণেনেদানীং নিবারণেন চেন্দ্রাত্মমানাত্রিদশেশ্বরেত্যাদিসম্বোধনম্। অন্যান্ বেদব্যতিরিক্তশাস্ত্রবিষয়কান্ ॥৩৯—৪০॥

'ব্রাহ্মণ! এটা কি হইতেছে? আপনি কি করিবার ইচ্ছা করিয়াছেন? এটা যে নিরর্থক অতিগুরুতর চেষ্টা করিতেছেন! ॥৩৫॥

ইন্দ্র বলিলেন—'বৎস! আমি সেতুদ্বারা গঙ্গা বন্ধন করিব; তাহা হইলেই সুগম পথ হইবে। কারণ, মানুষ এই অবস্থায় বার বার যাতায়াত করিবার সময়ে বড় কষ্ট ভোগ করে' ॥৩৬॥

যবক্রীত বলিলেন—'তপোধন! আপনি এ সেতু বন্ধন করিতে সমর্থ হইবেন না; কারণ, জলের বেগ বড়ই গুরুতর। সুতরাং আপনি এই অসাধ্য কার্য্য হইতে নিবৃত্ত হউন; যাহা করিতে সমর্থ হইবেন, তাহা করুন' ॥৩৭॥

ইন্দ্র বলিলেন—'আপনি যেমন বেদজ্ঞানলাভের নিমিত্ত এই অসাধ্য তপস্যা আরম্ভ করিয়াছেন, আমিও তেমনই এই ভার গ্রহণ করিয়াছি' ॥৩৮॥

যবক্রীত বলিলেন—'দেবরাজ! আপনার এই উদ্যম যেমন নিরর্থক,

(৪০)···যৈরন্যান্ ভবিতাস্ম্যতি—বা ব কা পি।

লোমশ উবাচ।

তস্মৈ প্রাদাদ্বরানিন্দ্র উক্তবান্ যান্ মহাতপাঃ।
প্রতিভাস্যন্তি তে বেদাঃ পিত্রা সহ যথেপ্সিতাঃ ॥৪১॥
যচ্চান্যৎ কাঙ্ক্ষসে কামং যবক্রীর্গম্যতামিতি।
স লব্ধকামঃ পিতরং সমেত্যাথেদমব্রবীৎ ॥৪২॥

যবক্রীত উবাচ।

প্রতিভাস্যন্তি বৈ বেদা মম তাতস্য চোভয়োঃ।
অতি চান্যান্ ভবিষ্যাবো বরা লব্ধাস্তথা ময়া ॥৪৩॥

ভরদ্বাজ উবাচ।

দর্পস্তে ভবিতা তাত! বরাল্লঁব্ধ্বা যথেপ্সিতান্।
স দর্পপূর্ণঃ কৃপণঃ ক্ষিপ্রমেব বিনঙ্ক্ষ্যসি ॥৪৪॥

ভারতকৌমুদী

তস্মা ইতি। বেদলাভবরদানে শক্তত্বাদেব তদ্বরদানম্। পিত্রা সহ তে তব ॥৪১॥
যদিতি। কাম্যত ইতি কামমভীষ্টং বস্তু, কাঙ্ক্ষসে, তদপি প্রাপ্স্যতীতি শেষঃ ॥৪২॥
প্রতীতি। অন্যান্ বৈভ্যাদীন্, অতি বেদবিদ্যয়া অতিক্রান্তৌ ॥৪৩॥
দর্প ইতি। হে তাত। বৎস!। স ত্বম্, কৃপণঃ ক্ষুদ্রচেতাঃ ॥৪৪॥

আমার এই তপস্যাকেও যদি তেমনই নিরর্থক মনে করেন, তবে আপনি যাহা করিতে সমর্থ হন, তাহা করুন—আপনি আমাকে অন্য বর দান করুন, যাহাতে আমি বিদ্বান্ হইতে পারি' ॥৩৯—৪০॥

লোমশ বলিলেন—'তখন মহাতপা যবক্রীত যাহা প্রার্থনা করিলেন, ইন্দ্র তাঁহাকে সেই বরই দান করিলেন (বলিলেন—) 'যবক্রীত! আপনার ও আপনার পিতাব হৃদয়ে অভীষ্ট বেদ আবির্ভূত হইবে ॥৪১॥

এবং আপনি অন্য যাহা কামনা করেন, তাহাও লাভ করিবেন; এখন যান'। তাহার পর যবক্রীত অভীষ্ট লাভ করিয়া পিতার নিকট যাইয়া এই কথা বলিলেন' ॥৪২॥

যবক্রীত বলিলেন—'পিতঃ! আমার এবং আপনার দুই জনেরই হৃদয়ে বেদ আবির্ভূত হইবে এবং আমরা দুই জনেই সেই বেদবিদ্যায় অন্য সকলকে অতিক্রম করিতে পারিব; এইরূপ বরই আমি লাভ করিয়াছি' ॥৪৩॥

ভরদ্বাজ বলিলেন—'বৎস! অভীষ্ট বর লাভ করায় তোমার দর্প জন্মিবে এবং তুমি দর্পপূর্ণ হইলে ক্ষুদ্রহৃদয় হইয়া সত্বরই বিনষ্ট হইবে ॥৪৪॥

---

(৪৩)···অতীবাস্যান্···বা ব কা পি।

অত্রাপ্যুদাহরন্তীমাং গাথাং দৈবৈরুদাহৃতাম্ ।
মুনিরাসীৎ পুরা পুত্র ! বালধির্নাম বীর্য্যবান্ ॥৪৫॥
স পুত্রশোকাদুদ্বিগ্নস্তপস্তেপে সুদুষ্করম্ ।
ভবেন্মম সুতোঽমর্ত্ত্য ইতি তং লব্ধবাংশ্চ সঃ ॥৪৬॥
তস্য প্রসাদো দেবৈশ্চ কৃতো ন ত্বমরৈঃ সমঃ ।
নামর্ত্ত্যো বিদ্যতে মর্ত্ত্যো নিমিত্তায়ুর্ভবিষ্যতি ॥৪৭॥
বালধিরুবাচ ।
যথেমে পর্ব্বতাঃ শশ্বত্তিষ্ঠন্তি সুরসত্তমাঃ ! ।
অক্ষয়াস্তন্নিমিত্তং মে সুতস্যায়ুর্ভবিষ্যতি ॥৪৮॥
ভরদ্বাজ উবাচ ।
তস্য পুত্রস্তদা জজ্ঞে মেধাবী ক্রোধনঃ সদা ।
স তচ্ছ্রুত্বাঽকরোদ্দর্পমৃষীংশ্চৈবাবমন্যত ॥৪৯॥

ভারতকৌমুদী

অত্রেতি। উদাহরন্তি শিষ্টা ইতি শেষঃ, গাথামুপাখ্যানম্ ॥৪৫॥

স ইতি। পুত্রশোকাৎ পুত্রাভাবনিবন্ধনাদ্দুঃখাৎ, উদ্বিগ্নঃ অস্থিরচিত্তঃ। অমর্ত্ত্যঃ অমরঃ ॥৪৬॥

তস্যেতি। প্রসাদঃ কৃতঃ পুত্রদানমাত্রেণ, ন তু অমরৈঃ সমঃ কৃতঃ স পুত্রোঽপ্যমরো ন কৃত ইত্যর্থঃ। যেন হি মর্ত্ত্যো মরণধর্ম্মা নরঃ, অমর্ত্ত্যঃ অমরণধর্ম্মা ন বিদ্যতে ন ভবতি। কিন্তু নিমিত্তং যৎকিঞ্চিচ্চিহ্নমিব আয়ুর্যস্য স তাদৃশো ভবিষ্যতীতি চোক্তমিতি শেষঃ ॥৪৭॥

যথেতি। শশ্বৎ সদা। তন্নিমিত্তং তন্নিদর্শনকম্। এষাং পর্বতানাং নাশে নাশঃ স্থিতৌ চ স্থিতিরিতি ভাবঃ ॥৪৮॥

পুত্র ! এ বিষয়ে শিষ্ট লোকেরা দেবগণের উদাহৃত একটী উপাখ্যানের উল্লেখ করেন। যথা—পূর্ব্বকালে 'বালধি'-নামে এক প্রভাবশালী মুনি ছিলেন ॥৪৫॥

তাঁহার পুত্র না থাকায় তিনি অস্থিরচিত্ত হইয়া 'আমার একটী অমর পুত্র হউক' এইরূপ কামনা করিয়া অতিদুষ্কর তপস্যা করেন এবং যথাকালে পুত্রলাভও করেন ॥৪৬॥

দেবতারা তাঁহার উপরে অনুগ্রহ করিয়াছিলেন বটে, কিন্তু সে পুত্রটীকে অমর করেন নাই। (তবে, তাঁহারা বলিয়াছিলেন যে,) মর্ত্ত্য অমর্ত্ত্য হয় না, অর্থাৎ মানুষ অমর হয় না ; তবে কোন নিদর্শনের মত ইহার আয়ু হইবে' ॥৪৭॥

তখন বালধি বলিলেন—'দেবশ্রেষ্ঠগণ ! এই পর্ব্বতগুলি যেমন চিরকাল অক্ষয় হইয়া রহিয়াছে, আমার পুত্রের আয়ুও সেইরূপই অক্ষয় হউক' ॥৪৮॥

---

(৪৫)···ইমা গাথা দেবৈরুদাহৃতাঃ···বা ব কা নি।

বিকুর্বাণো মুনীনাঞ্চ ব্যচরৎ স মহীমিমাম্।
আসসাদ মহাবীর্য্যং ধনুষাক্ষং মনীষিণম্ ॥৫০॥
তস্যাপচক্রে মেধাবী তং শশাপ স বীর্য্যবান্।
ভব ভস্মেতি চোক্তঃ স ন ভস্ম সমপদ্যত ॥৫১॥
ধনুষাক্ষস্তু তং দৃষ্ট্বা মেধাবিনমনাময়ম্।
নিমিত্তমস্য মহিষৈর্ভেদয়ামাস বীর্য্যবান্ ॥৫২॥
স নিমিত্তে বিনষ্টে তু মমার সহসা শিশুঃ।
তং মৃতং পুত্রমাদায় বিললাপ ততঃ পিতা ॥৫৩॥

ভাবতকৌমুদী

তস্যেতি। মেধাবী নাম। তচ্চ পরস্তাৎ স্ফুটীভবিষ্যতি। তৎ আত্মনঃ পর্বত-তুল্যায়ুষ্ট্বম্ ॥৪৯॥

বীতি। বিকুর্বাণঃ অপকারকরণেন মনসি বিকারং জনয়ন্। ধনুষাক্ষং নাম ॥৫০॥

তস্যেতি। স ধনুষাক্ষো মুনিঃ। ভস্ম ন সমপদ্যত ভস্ম নাভবৎ, দেববরাৎ ॥৫১॥

ধনুষেতি। অনাময়ং সুস্থম্। নিমিত্তম্ আয়ুর্নিদর্শনীভূতং পর্বতসমূহম্, ভেদয়ামাস বভঞ্জ, বীর্য্যবান্ তপঃপ্রভাববান্। অত্রায়মাশয়ঃ—যাবদিমে পর্বতাস্তিষ্ঠন্তি তাবদস্যায়ুস্তিষ্ঠত্বিতি পিতৃপ্রার্থনানুসারেণ দেববরাৎ পর্ব্বতস্থিত্যা তস্য ন ভস্মত্বম্। তদ্বিভাব্য তং ভস্মীকর্ত্তুং তপঃপ্রভাবাদ্ধনুষাক্ষঃ পর্বতানেব বভঞ্জেতি ॥৫২॥

তদেবাহ স ইতি। নিমিত্তে আয়ুনিদর্শনীভূতে পর্বতসমূহে। পিতা বালধিঃ ॥৫৩॥

ভরদ্বাজ বলিলেন—'তখন বালধিমুনির 'মেধাবী'—নামে সর্ব্বদা কোপন-স্বভাব একটী পুত্র জন্মিল; সেই পুত্র নিজের আয়ু পর্ব্বতের তুল্য শুনিয়া দর্প করিতে লাগিল এবং মুনিগণের অবমাননা করিতে থাকিল ॥৪৯॥

এবং মেধাবী, মুনিগণের অপকার করিতে থাকিয়া এই পৃথিবী বিচরণ করিতে লাগিল; একদা সে—অত্যন্ততপঃপ্রভাবশালী ও অসাধারণ জ্ঞানী ধনুষাক্ষমুনির নিকট উপস্থিত হইল ॥৫০॥

এবং তাঁহারও অপকার করিল; তখন প্রভাবশালী ধনুষাক্ষমুনি তাহাকে অভিসম্পাত করিলেন যে, 'তুই ভস্ম হ' কিন্তু মেধাবী ভস্ম হইল না ॥৫১॥

তখন প্রভাবশালী ধনুষাক্ষমুনি মেধাবীকে সুস্থই দেখিয়া উহার আয়ুর নিদর্শন পর্ব্বতগুলিকে মহিষদ্বারা ভাঙ্গিয়া ফেলিলেন ॥৫২॥

তাহার আয়ুর নিদর্শন পর্ব্বতগুলি বিনষ্ট হইলে, সে মেধাবীও তৎক্ষণাৎ মরিয়া গেল। তাহার পর তাহার পিতা বালধি আসিয়া সেই মৃত পুত্র মেধাবীকে কোলে লইয়া বিলাপ করিতে লাগিলেন ॥৫৩॥

লালপ্যমানং তং দৃষ্ট্বা মুনয়ঃ পরমার্ত্তবৎ।
ঊচুর্বেদবিদঃ সর্ব্বে গাথাং যাং তাং নিবোধ মে ॥৫৪॥
ন দিষ্টমর্থমত্যেতুমীশো মর্ত্ত্যঃ কথঞ্চন।
মহিষৈর্ভ্বেদয়ামাস ধনুষাক্ষো মহীধরান্ ॥৫৫॥
এবং লব্ধ্বা বরান্ বালা দর্পপূর্ণাস্তপস্বিনঃ।
ক্ষিপ্রমেব বিনশ্যন্তি যথা ন স্যাত্তথা ভবান্ ॥৫৬॥
এষ রৈভ্যো মহাবীর্য্যঃ পুত্রৌ চাস্য তথাবিধৌ।
তং যথা পুত্র ! নাভ্যেষি তথা কুর্য্যাস্ত্বতন্দ্রিতঃ ॥৫৭॥

ভারতকৌমুদী

লালপ্যেতি। লালপ্যমানং ভৃশং বিলপন্তম্, তং বালধিম্। গাথাং বাক্যম্ ॥৫৪॥

নেতি। মর্ত্ত্যো মরণধর্ম্মা জনঃ কথঞ্চনাপি, দিষ্টং দৈবনির্দিষ্টম্, অর্থং বিষয়ম্, অত্যেতুমতিক্রমিতুম্, ঈশঃ সমর্থো ন ভবতি। অত্রোদাহরণমাহ মহিষৈরিতি। ধনুষাক্ষো মুনির্মহিষৈরেব মহীধরান্ ভেদয়ামাস বভঞ্জ। তথা চ দিষ্টবশাদেব মহিষৈরশক্যমপি পর্বতভেদনং ধনুষাক্ষেণ কৃতমিতি ভাবঃ ॥৫৫॥

এবমিতি। বালা অল্পবয়স্কাঃ, দর্পপূর্ণাঃ সন্তঃ। ভবান্ যবক্রীতঃ ॥৫৬॥

এষ ইতি। রৈভ্যো মুনিঃ, মহাবীর্য্যঃ অতীবতপঃপ্রভাবশালী ॥৫৭॥

ভারতভাবদীপঃ

॥২২—২৫॥ ন প্রতিভাস্যন্তীতি নকারাবৃত্ত্যা যোজ্যম্ ॥২৬—৪৫॥ অমর্ত্ত্য ইতি চ্ছেদঃ, অমর ইত্যর্থঃ ॥৪৬—৫১॥ নিমিত্তং পর্ব্বতান্, ভেদয়ামাস খণ্ডয়ামাস ॥৫২—৫৪॥ দিষ্টং দৈববিহিতম্ ॥৫৫—৬০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১১॥

তাহাকে অত্যন্ত বিলাপ করিতে দেখিয়া বেদজ্ঞ মুনিরা সকলেও অত্যন্ত শোকার্ত্তের ন্যায় হইয়া যে কথা বলিয়াছিলেন, তাহা তুমি আমার নিকট শ্রবণ কর—॥৫৪॥

'মানুষ কোন প্রকারেই দৈবনির্দ্দিষ্ট বিষয় অতিক্রম করিতে সমর্থ হয় না। দেখ—ধনুষাক্ষমুনি মহিষদ্বারা পর্ব্বতগুলিকে ভাঙ্গিয়া ফেলিলেন!' ॥৫৫॥

যবক্রীত! তপস্বিবালকেরা বর লাভ করিয়া এইরূপই দর্পপূর্ণ হইয়া সত্বরই বিনষ্ট হইয়া থাকে। সুতরাং তুমিও যাহাতে সেইরূপ না হও (তাহা করিও) ॥৫৬॥

এই রৈভ্যমুনি অত্যন্ত তপঃপ্রভাবশালী এবং ইঁহার পুত্র দুইজনও সেইরূপই। সুতরাং পুত্র! তোমার যাহাতে উঁহার নিকট না যাইতে হয়, সাবধান হইয়া তাহা করিও ॥৫৭॥

স হি ক্রুদ্ধঃ সমর্থশ্চ পুত্র! পীড়য়িতুং রুষা।
রৈভ্যশ্চাপি তপস্বী চ কোপনশ্চ মহানৃষিঃ ॥৫৮॥

যবক্রীত উবাচ।

এবং করিষ্যে মা তাপং তাত! কার্ষীঃ কথঞ্চন।
যথা হি মে ভবান্ মান্যস্তথা রৈভ্যঃ পিতা মম ॥৫৯॥

লোমশ উবাচ।

উক্ত্বা স পিতরং শ্লক্ষ্ণং যবক্রীরকুতোভয়ঃ।
বিপ্রকুর্ব্বন্ ঋষীনন্যানতুষ্যৎ পরয়া মুদা ॥৬০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং যবক্রীতোপাখ্যানে একাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

স ইতি। ক্রুদ্ধ আগন্তুককারণেন, কোপনশ্চ স্বভাবত ইত্যপৌনরুক্ত্যম্ ॥৫৮॥

এবমিতি। তাপমুদ্বেগম্। পিতা পিতৃসখত্বাৎ পিতৃতুল্যঃ ॥৫৯॥

উক্ত্বেতি। শ্লক্ষ্ণং কোমলম্। বিপ্রকুর্ব্বন্ অপকারকরণেন বিকৃতান্ কুর্ব্বন্ ॥৬০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়ামেকাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(:*:)———

কারণ, মহর্ষি রৈভ্য তপস্বী, কোপনস্বভাব এবং আগন্তুক কারণেও অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পড়েন। সুতরাং পুত্র! তিনি ক্রোধবশতঃ অনিষ্ট করিতে পারেন' ॥৫৮॥

যবক্রীত বলিলেন—'পিতঃ! আমি এইরূপই করিব, আপনি কোন প্রকার উদ্বেগ করিবেন না। আপনি যেমন আমার পিতা বলিয়া মাননীয়, রৈভ্যও তেমন আমার পিতার সখা বলিয়া মাননীয়' ॥৫৯॥

লোমশ বলিলেন—'যবক্রীত পিতাকে এইরূপ কোমল বাক্য বলিয়া, অকুতোভয়ে অন্যান্য ঋষিদের অপকার করিতে থাকিয়া পরমানন্দে উৎফুল্ল হইতে লাগিল' ॥৬০॥

———:(*):———

* '...পঞ্চত্রিংশদধিক...' বা ব কা পি, '...সপ্তত্রিংশদধিক...' নি।

দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ

——০০(✽)০০——

লোমশ উবাচ।

চংক্রম্যমাণঃ স তদা যবক্রীরকুতোভয়ঃ।
জগাম মাধবে মাসি রৈভ্যাশ্রমপদং প্রতি ॥১॥
স দদর্শাশ্রমে রম্যে পুষ্পিতদ্রুমভূষিতে।
বিচরন্তীং স্নুষাং তস্য কিন্নরীমিব ভারত! ॥২॥
যবক্রীস্তামুবাচেদমুপতিষ্ঠস্ব মামিতি।
নির্লজ্জো লজ্জয়া যুক্তাং কামেন হৃতচেতনঃ ॥৩॥
সা তস্য শীলমাজ্ঞায় তস্মাচ্ছাপাচ্চ বিভ্যতী।
তেজস্বিতাঞ্চ রৈভ্যস্য তথেত্যুক্ত্বা জগাম হ ॥৪॥
তত একান্তমানীয় লজ্জয়ামাস ভারত!।
আজগাম তদা রৈভ্যঃ স্বমাশ্রমমরিন্দম! ॥৫॥

ভারতকৌমুদী

চংক্রম্যেতি। চংক্রম্যমাণো ভৃশং বিচরন্। মাধবে উদ্দীপকে বৈশাখে ॥১॥
স ইতি। স্নুষাং কনিষ্ঠপুত্রস্য পরাবসোর্বধূম্, তস্য রৈভ্যস্য ॥২॥
যবক্রীরিতি। উপতিষ্ঠস্ব রমণেন সেবস্ব। হৃতচেতন আকৃষ্টচিত্তঃ ॥৩॥
সেতি। তেজস্বিতাঞ্চাজ্ঞায়। তথা চ স্বতেজসা রৈভ্য এবৈনং দময়িষ্যতীতি ভাবঃ ॥৪॥
তত ইতি। লজ্জয়ামাস 'মামুপতিষ্ঠস্ব' ইতি পূর্ববদ্বাক্যেনৈব লজ্জিতাং চকার ॥৫॥

লোমশ বলিলেন—'তখন যবক্রীত অকুতোভয়ে নিরন্তর বিচরণ করিতে থাকিয়া একদা বৈশাখমাসে রৈভ্যাশ্রমে গমন করিল ॥১॥

ভরতনন্দন! তখন যবক্রীত, পুষ্পিত বৃক্ষে পরিশোভিত মনোহর আশ্রমে রৈভ্যের কনিষ্ঠ-পুত্রবধূকে কিন্নরীর ন্যায় বিচরণ করিতে দেখিল ॥২॥

তখন যবক্রীত কামাকৃষ্টচিত্ত হইয়া লজ্জাপরিত্যাগপূর্ব্বক সেই লজ্জিতা রমণীকে এই কথা বলিল—'তুমি আমাকে ভজনা কর' ॥৩॥

তখন সেই রমণী যবক্রীতের স্বভাব বুঝিয়া, রৈভ্যের তেজস্বিতার বিষয় স্মরণ করিয়া এবং যবক্রীতের শাপের ভয়ে ভীত হইয়া 'তাহাই হইবে' এই কথা বলিয়া অন্যত্র চলিয়া গেল ॥৪॥

(৫) তত একান্তমুন্নীয় মজ্জয়ামাস…বা ব কা, তত একান্তমানীয় মজ্জয়ামাস…পি।

রুদতীঞ্চ স্নুষাং দৃষ্ট্বা ভার্য্যামার্ত্তাং পরাবসোঃ।
সান্ত্বয়ন্ শ্লক্ষ্ণয়া বাচা পর্য্যপৃচ্ছদ্‌যুধিষ্ঠির ! ॥৬॥
সা তস্মৈ সর্ব্বমাচষ্ট যবক্রীভাষিতং শুভা।
প্রত্যুক্তঞ্চ যবক্রীতং প্রেক্ষাপূর্ব্বং তথাত্মনা ॥৭॥
শৃণ্বানস্যৈব রৈভ্যস্য যবক্রীতস্য চেষ্টিতম্।
দহন্নিব তদা চেতঃ ক্রোধঃ সমভবন্মহান্ ॥৮॥
স তদা মন্যুনাবিষ্টস্তপস্বী কোপনো ভৃশম্।
অবলুঞ্চ্য জটামেকাং জুহাবাগ্নৌ সুসংস্কৃতে ॥৯॥

ভারতকৌমুদী

রুদতীমিতি। শ্লক্ষ্ণয়া কোমলয়া, পর্য্যপৃচ্ছৎ রোদনকারণমিতি শেষঃ ॥৬॥
সেতি। তস্মৈ রৈভ্যায়। প্রত্যুক্তং প্রত্যাখ্যাতম্, প্রেক্ষাপূর্ব্বং বুদ্ধিপূর্ব্বকম্ ॥৭॥
শৃণ্বানস্যেতি। চেষ্টিতং ব্যবহৃতম্। ক্রোধঃ ক্রোধানলঃ ॥৮॥
স ইতি। মন্যুনা আগন্তুকক্রোধেনাপি। অবলুঞ্চ্য হস্তেনোৎপাট্য ॥৯॥

ভারতভাবদীপঃ

চংক্রম্যমাণ ইতি। চংক্রম্যমাণো ভৃশং পর্য্যটন্, মাধবে বৈশাখে ॥১—২॥ হৃতচেতনো বশীকৃতচিত্তঃ ॥৩—৪॥ একান্তমুন্নীয় একান্তে কার্য্যং রতং সমাপ্য মজ্জয়ামাস শোকসমুদ্রে ইতি শেষঃ। সজ্জয়ামাসেতি পাঠে স্বশক্রমপকর্ত্তুং রৈভ্যং সন্নদ্ধং চকার তদেবাহ, আজগামেত্যাদিনা ॥৫—৬॥ প্রত্যুক্তং প্রত্যাখ্যাতম্, মদুপরি বলাৎকারং কৃতবানিত্যুক্তবতীত্যর্থঃ ॥৭—৮॥

অরিন্দম ভবতনন্দন ! তাহার পর যবক্রীত সেই রমণীকে একপ্রান্তে নিয়া (আবারও সেই কথা বলিয়া) তাহাকে লজ্জিত করিল। তখন রৈভ্যমুনি আপন আশ্রমে আগমন করিলেন ॥৫॥

যুধিষ্ঠির ! তখন রৈভ্যমুনি কনিষ্ঠপুত্র পরাবসুর ভার্য্যাকে পীড়িত হইয়া রোদন করিতে দেখিয়া, কোমল বাক্যে সান্ত্বনা করিয়া রোদনের কারণ জিজ্ঞাসা করিলেন ॥৬॥

তখন পরাবসুর ভার্য্যা রৈভ্যের নিকট যবক্রীতের সমস্ত উক্তিগুলি বলিল এবং নিজেই যে বুদ্ধিপূর্ব্বক যবক্রীতকে প্রত্যাখ্যান করিয়াছে, তাহাও জানাইল ॥৭॥

যবক্রীতের ব্যবহার শুনিবার সময়েই রৈভ্যমুনির চিত্ত দগ্ধ করিতে থাকিয়াই যেন গুরুতর ক্রোধ জন্মিল ॥৮॥

রৈভ্যমুনি একে অত্যন্তকোপনস্বভাব ছিলেন, তাহাতে আবার আগন্তুক

(৮)…যবক্রেস্তদ্বিচেষ্টিতম্…বা ব কা নি। (৯)…সুসংস্কৃতৈঃ—বা ব কা।

ততঃ সমভবন্নারী তস্যা রূপেণ সম্মিতা।
অবলুঞ্চ্যাপরাঞ্চাথ জুহাবাগ্নৌ জটাং পুনঃ ॥১০॥
ততঃ সমভবদ্রক্ষো ঘোরাক্ষং ভীমদর্শনম্।
অব্রূতাং তৌ তদা রৈভ্যং কিং কার্য্যং করবাবহে ॥১১॥
তাবব্রবীদৃষিঃ ক্রুদ্ধো যবক্রীর্বধ্যতামিতি।
জগ্মতুস্তৌ তথেত্যুক্ত্বা যবক্রীতজিঘাংসয়া ॥১২॥
ততস্তং সমুপস্থায় কৃত্যা সৃষ্টা মহাত্মনা।
কমণ্ডলুং জহারাস্য মোহয়িত্বেব ভারত! ॥১৩॥
উচ্ছিষ্টস্তু যবক্রীতমপকৃষ্টকমণ্ডলুম্।
তত উদ্যতশূলঃ স রাক্ষসঃ সমুপাদ্রবৎ ॥১৪॥

ভাবতকৌমুদী

তত ইতি। ততঃ অগ্নিতঃ, তস্যা জটায়া রূপেণ সম্মিতা কৃষ্ণবর্ণেত্যর্থঃ ॥১০॥

তত ইতি। রক্ষঃ কশ্চন রাক্ষসঃ, ঘোরাক্ষং ভয়ঙ্করনেত্রম্। তৌ নারীরাক্ষসৌ ॥১১॥

তাবিতি। ঋষিঃ রৈভ্যঃ। যবক্রীর্যবক্রীতঃ। তথা তদেব করিষ্যাবঃ ॥১২॥

তত ইতি। তং যবক্রীতম্, সমুপস্থায় উপগম্য, কৃত্যা আভিচারিকী দেবতা সা নারী। কমণ্ডলুহরণম্ উচ্ছিষ্টমুখস্য যবক্রীতস্যাচমনবিঘাতার্থম্ ॥১৩॥

উচ্ছিষ্টমিতি। উচ্ছিষ্টম্ উচ্ছিষ্টমুখম্, অপকৃষ্টকমণ্ডলুম্, অতএব ব্যাহতাচমনকম্। অতএব চ জলাশয়ান্বেষণমিত্যবধেয়ম্ ॥১৪॥

ক্রোধেও আকুল হইয়া একটা জটা ছিড়িয়া সংস্কৃত অগ্নিতে নিক্ষেপ করিলেন ॥৯॥

তখন সেই জটার ন্যায় কৃষ্ণবর্ণ একটা স্ত্রী সেই অগ্নি হইতে উৎপন্ন হইল। তাহার পর আবার তিনি আর একটা জটা ছিড়িয়া অগ্নিতে নিক্ষেপ করিলেন ॥১০॥

তাহাতেও ভয়ঙ্করনয়ন ও ভয়ঙ্করদর্শন একটা রাক্ষস উৎপন্ন হইল। তখন তাহারা রৈভ্যমুনিকে বলিল—'আমরা আপনার কি কার্য্য করিব?' ॥১১॥

তখন ক্রুদ্ধ রৈভ্যমুনি তাহাদিগকে বলিলেন—'যবক্রীতকে বধ কর'। 'তাহাই হইবে' এই কথা বলিয়া তাহারা যবক্রীতকে বধ করিবার জন্য চলিয়া গেল ॥১২॥

ভরতনন্দন! তাহার পর রৈভ্যমুনির সৃষ্ট সেই নারী যবক্রীতের নিকট যাইয়া তাহাকে যেন মুগ্ধ করিয়া তাহার কমণ্ডলুটী হরণ করিল ॥১৩॥

যবক্রীতের মুখ উচ্ছিষ্ট ছিল, কমণ্ডলুও হরণ করিয়াছিল; এমন সময়ে সেই রাক্ষস শূল উত্তোলন করিয়া যবক্রীতের দিকে ধাবিত হইল ॥১৪॥

তমাদ্রবন্তং সংপ্রেক্ষ্য শূলহস্তং জিঘাংসয়া।
যবক্রীঃ সহসোত্থায় প্রাদ্রবদ্‌যেন বৈ সরঃ ॥১৫॥
জলহীনং সরো দৃষ্ট্বা যবক্রীস্ত্বরিতঃ পুনঃ।
জগাম সরিতঃ সর্ব্বাস্তাশ্চাপ্যাসন্ বিশোষিতাঃ ॥১৬॥
স কাল্যমানো ঘোরেণ শূলহস্তেন রক্ষসা।
অগ্নিহোত্রে পিতুর্ভীতঃ সহসা প্রবিবেশ হ ॥১৭॥
স বৈ প্রবিশমানস্তু শূদ্রেণান্ধেন রক্ষিণা।
নিগৃহীতো বলাদ্দ্বারি সোঽবাতিষ্ঠত পার্থিব ! ॥১৮॥

ভারতকৌমুদী

তমিতি। উত্থায় ভোজনপীঠাৎ। যেন দিগ্‌ভাগেন সর আসীৎ, তেন দিগ্‌ভাগেন প্রাদ্রবৎ আচমনায়াধাবৎ। অত্রায়মাশয়ঃ—তদানীং সমাপ্তভোজনো যবক্রীতস্তৎপীঠস্থিত এব তাদৃশং রাক্ষসমাগচ্ছন্তমবলোক্য উচ্ছিষ্টমুখত্বেনাপবিত্রতয়া শাপদানানর্হত্বেন রাক্ষসনিবারণাশক্তত্বাৎ কমণ্ডলোশ্চাদর্শনাদাচমনায়ৈব সবোবরাদৌ প্রক্রন্তঃ। তথা চ "উচ্ছিষ্টেন তু বিপ্রেণ বিপ্রঃ স্পৃষ্টস্তু তাদৃশঃ। উভৌ স্নানং প্রকুরুতঃ সদ্য এব সমাহিতৌ॥" "সুপ্তা ক্ষুত্বা চ ভুক্ত্বা চ নিষ্ঠীব্যোক্ত্বাঽনৃতং বচঃ। পীত্বাপোঽধ্যেষ্যমাণশ্চ আচামেৎ প্রয়তোঽপি সন্॥" ইতি প্রায়শ্চিত্ততত্ত্বধৃতস্মৃতিভ্যামুচ্ছিষ্টমুখত্বাবস্থায়ামপবিত্রত্বম্, আচমনেন চ তদপনোদনং সূচিতম্। অপবিত্রাবস্থায়ামেব চ রাক্ষসাত্যাক্রমণং প্রসিদ্ধমিতি ॥১৫॥

জলেতি। জলহীনং রৈভ্যমায়য়া। বিশোষিতা রৈভ্যমায়য়ৈব ॥১৬॥

স ইতি। কাল্যমান আক্রম্যমাণঃ। অগ্নিহোত্রে তদ্‌গৃহে, প্রবিবেশ প্রবেষ্টুমুদ্যতঃ ॥১৭॥

স ইতি। অন্ধেনেত্যনেন শূদ্রস্য প্রভুপুত্রতয়া অপরিচয়ঃ সূচিতঃ। নিগৃহীতো ধৃতঃ ॥১৮॥

ভারতভাবদীপঃ

সুসংস্কৃতৈঃ স্বরবর্ণাদিসংস্কারযুক্তৈর্ম্মন্ত্রৈঃ ॥৯॥ নারী কৃত্যা ॥১০—১৬॥ কাল্যমানঃ সর্বতো নিষিধ্যমানঃ, অগ্নিহোত্রে অগ্নিহোত্রশালায়াম্ ॥১৭॥ অবাতিষ্ঠত বহিরেব ॥১৮—২০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১২॥

বধ করিবার ইচ্ছায় শূলহস্তে সেই রাক্ষস আসিতেছে দেখিয়া যবক্রীত তৎক্ষণাৎ উঠিয়া—যে দিকে সরোবর ছিল, সেই দিকে ধাবিত হইল ॥১৫॥

যবক্রীত সে সরোবরটাকে জলশূন্য দেখিয়া পুনরায় সত্বর সকল নদীতে গেল ; কিন্তু সে নদীগুলিও তখন শুষ্ক হইয়া ছিল ॥১৬॥

শূলধারী ভয়ঙ্কর রাক্ষস আক্রমণ করিতে আসিতেছিল ; তাই ভীত হইয়া যবক্রীত তৎক্ষণাৎ পিতার অগ্নিহোত্রগৃহে প্রবেশ করিবার চেষ্টা করিল ॥১৭॥

কিন্তু প্রবেশ করিবার সময়েই দ্বাররক্ষী অন্ধ একটা শূদ্র যবক্রীতকে বল-

নিগৃহীতস্তু শূদ্রেণ যবক্রীতং স রাক্ষসঃ।
তাড়য়ামাস শূলেন স ভিন্নহৃদয়োঽপতৎ ॥১৯॥
যবক্রীতং স হত্বা তু রাক্ষসো রৈভ্যমাগমৎ।
অনুজ্ঞাতস্তু রৈভ্যেণ তয়া নার্য্যা সহাবসৎ ॥২০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং যবক্রীতোপাখ্যানে দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

——(-ঃ০ঃ-)——

ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

লোমশ উবাচ।
ভরদ্বাজস্তু কৌন্তেয়! কৃত্বা স্বাধ্যায়মাহ্নিকম্।
সমিৎকলাপমাদায় প্রবিবেশ স্বমাশ্রমম্ ॥১॥

ভারতকৌমুদী

নিগৃহীতমিতি। তাড়য়ামাস বক্ষসি। ভিন্নহৃদয়ো বিদীর্ণবক্ষাঃ ॥১৯।
যবেতি। অনুজ্ঞাতঃ তয়া নার্য্যা সহ বাসায়ানুমতঃ ॥২০॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং দ্বাদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——ঃ০ঃ——

ভরেতি। আহ্নিকং দৈনিকম্, স্বাধ্যায়ং বেদপাঠম্। সমিধাং কলাপং সমূহম্ ॥১॥

পূর্ব্বক ধরিয়া ফেলিল। ভরতনন্দন! তখন যবক্রীত সেই দ্বারদেশেই থাকিল ॥১৮॥

এই সময়ে সেই রাক্ষস আসিয়া শূদ্রকর্ত্তৃক ধৃত যবক্রীতকে শূলদ্বারা আঘাত করিল; যবক্রীতও বিদীর্ণহৃদয় হইয়া ভূতলে পতিত হইল ॥১৯॥

এই ভাবে সেই রাক্ষস যবক্রীতকে বধ করিয়া রৈভ্যমুনির নিকট গেল এবং তাঁহার অনুমতিক্রমে সেই নারীর সহিত বাস করিতে লাগিল ॥২০॥

—— ০০(*)০০ ——

লোমশ বলিলেন—'কুন্তীনন্দন! ভরদ্বাজমুনি দৈনিক বেদপাঠ সমাপ্ত করিয়া সমিৎসমূহ লইয়া নিজের আশ্রমে প্রবেশ করিলেন ॥১॥

---

* '…ষট্‌ত্রিংশদধিকশততমঃ…' বা ব কা পি, '…অষ্টত্রিংশদধিকশততমঃ…' নি।

তং স্ম দৃষ্ট্বা পুরা সর্ব্বে সমুত্তিষ্ঠন্তি পাবকাঃ।
ন ত্বেনমুপতিষ্ঠন্তি হতপুত্রং তদাগ্নয়ঃ ॥২॥
বৈকৃতং ত্বগ্নিহোত্রে স লক্ষয়িত্বা মহাতপাঃ।
তমন্ধং শূদ্রমাসীনং গৃহপালমথাব্রবীৎ ॥৩॥
কিন্নু মে নাগ্নয়ঃ শূদ্র ! প্রতিনন্দন্তি দর্শনম্।
ত্বঞ্চাপি ন যথা পূর্ব্বং কচ্চিৎ ক্ষেমমিহাশ্রমে ॥৪॥
কচ্চিন্ন রৈভ্যং পুত্রো মে গতবানল্পচেতনঃ।
এতদাচক্ষ্ব মে শীঘ্রং ন হি শুধ্যতি মে মনঃ ॥৫॥

শূদ্র উবাচ।

রৈভ্যং যাতো নূনময়ং পুত্রস্তে মন্দচেতনঃ।
তথাহি নিহতঃ শেতে রাক্ষসেন বলীয়সা ॥৬॥

ভারতকৌমুদী

তমিতি। সমুত্তিষ্ঠন্তি উর্দ্ধশিখাঃ প্রজ্বলন্তি স্ম। উপতিষ্ঠন্তি পূর্ব্ববদূর্দ্ধশিখাঃ সন্তঃ সেবন্তে, হতপুত্রত্বেনামঙ্গলদর্শনাৎ অবনতশিখত্বেন বিষাদসূচনাদিতি ভাবঃ ॥২॥

বৈকৃতমিতি। বৈকৃতং বিকারং পূর্ব্বতোঽন্যথাভাবম্। গৃহপালমাশ্রমরক্ষকম্ ॥৩॥

কিমিতি। ত্বঞ্চাপি ন প্রতিনন্দসীত্যর্থঃ। কচ্চিৎ বেদিতুমিচ্ছামি ॥৪॥

কচ্চিদিতি। অল্পচেতনঃ অল্পবুদ্ধিঃ। শুধ্যতি প্রসীদতি ॥৫॥

রৈভ্যমিতি। নূনমিত্যুৎপ্রেক্ষায়াম্। তথাহি তেনৈব হেতুনা ॥৬॥

তখন তাঁহার হোমগৃহের অগ্নি সকল পূর্ব্বের ন্যায় তাঁহাকে দেখিয়া উর্দ্ধশিখ হইয়া জ্বলিতে লাগিল না, কিংবা অগ্নিগুলি হতপুত্র বলিয়া উঁহার সেবাও করিল না ॥২॥

তাহার পর মহাতপা ভরদ্বাজ অগ্নিহোত্রগৃহের অগ্নিগুলির এইরূপ অন্যভাব দেখিয়া উপবিষ্ট আশ্রমরক্ষক সেই অন্ধ শূদ্রকে বলিলেন—॥৩॥

'শূদ্র! অগ্নিগুলি পূর্ব্বের ন্যায় আমার সন্দর্শনের অভিনন্দন করিতেছে না কেন? তুমিই বা অভিনন্দন করিতেছ না কেন? এ আশ্রমের মঙ্গল ত? ॥৪॥

আমার অল্পবুদ্ধি পুত্র রৈভ্যমুনির আশ্রমে যায় নাই ত? ইহা আমার নিকট সত্বর বল। কারণ, আমার মন প্রসন্ন হইতেছে না' ॥৫॥

শূদ্র বলিল—'মহর্ষি! আমি মনে করি—আপনার এই অল্পবুদ্ধি পুত্র রৈভ্যমুনির আশ্রমে গিয়াছিলেন; সেই জন্যই প্রবল-রাক্ষস-কর্ত্তৃক নিহত হইয়া শয়ন করিয়া রহিয়াছেন ॥৬॥

প্রকাল্যমানস্তেনাসৌ শূলহস্তেন রক্ষসা।
অগ্ন্যাগারং প্রতি দ্বারি ময়া দোর্ভ্যাং নিবারিতঃ ॥৭॥
ততঃ স বিহতাশোঽত্র জলকামোঽশুচির্ধ্রুবম্।
নিহতঃ সোঽতিবেগেন শূলহস্তেন রক্ষসা ॥৮॥
ভরদ্বাজস্তু তচ্ছ্রুত্বা শূদ্রস্য বিপ্রিয়ং মহৎ।
গতাসুং পুত্রমাদায় বিললাপ সুদুঃখিতঃ ॥৯॥

ভরদ্বাজ উবাচ।

ব্রাহ্মণানাং কিলার্থায় ননু ত্বং তপ্তবাংস্তপঃ।
দ্বিজানামনধীতা বৈ বেদাঃ সম্প্রতিভান্ত্বিতি ॥১০॥
তথা কল্যাণশীলস্ত্বং ব্রাহ্মণেষু মহাত্মসু।
অনাগাঃ সর্ব্বভূতেষু কথং মৃত্যুমুপেযিবান্ ॥১১॥

ভারতকৌমুদী

প্রেতি। প্রকাল্যমান আক্রম্যমাণঃ। প্রতি আগচ্ছন্নিতি শেষঃ, দোর্ভ্যাং বাহুভ্যাম্ ॥৭॥
তত ইতি। বিহিতাশঃ অগ্ন্যাগারপ্রবেশাশারহিতঃ, অশুচিঃ, উচ্ছিষ্টমুখত্বাৎ ॥৮॥
ভবেতি। শূদ্রস্য মুখাৎ, বিপ্রিয়ম্ অপ্রিয়ম্। গতাসুং নির্গতপ্রাণম্ ॥৯॥
ব্রাহ্মণানামিতি। অর্থায় প্রয়োজনায়। সম্প্রতিভান্তু আত্মনি সম্যক্ স্ফুরন্তু ॥১০॥
তথেতি। কল্যাণশীলো মঙ্গলসম্পাদনস্বভাবঃ। অনাগা নিরপরাধঃ ॥১১॥

সেই বাক্ষস শূলহস্তে আক্রমণ করিতে আসিতেছিল; তাই উনি হোম-গৃহে প্রবেশ করিতে আসিতেছিলেন; তখন আমি দ্বারদেশে বাহুযুগলদ্বারা উঁহাকে বারণ করিয়াছিলাম ॥৭॥

তখন উঁহার হোমগৃহে প্রবেশ করিবার আশা তিরোহিত হইয়াছিল; সম্ভবতঃ সেই সময়ে উনি মুখপ্রক্ষালনের জন্য জল প্রার্থনা করিতেছিলেন এবং উচ্ছিষ্টমুখ বলিয়া অপবিত্র ছিলেন; তখন সেই রাক্ষস শূলহস্তে অতিবেগে আসিয়া উঁহাকে নিহত করিল' ॥৮॥

ভরদ্বাজ তখন শূদ্রের মুখে সেই গুরুতর অপ্রিয় সংবাদ শুনিয়া অত্যন্ত-দুঃখিত হইয়া সেই গতাসু পুত্রটীকে লইয়া বিলাপ করিতে লাগিলেন ॥৯॥

ভরদ্বাজ বলিলেন—'যবক্রীত! তুমি ব্রাহ্মণদের জন্যই তপস্যা করিয়াছিলে; তোমার উদ্দেশ্য ছিল—অনধীত অবস্থায়ই ব্রাহ্মণদের হৃদয়ে বেদ সকল আবির্ভূত হউক ॥১০॥

সুতরাং তুমি মহাত্মা ব্রাহ্মণদের বিষয়ে সেইরূপ মঙ্গলময়স্বভাব হইয়া

---

(৭) প্রকাল্যমানস্তেনায়ম্... বা ব কা নি। (১১)...কর্কশত্বমুপেযিবান্—বা ব কা নি।

প্রতিষিদ্ধো ময়া তাত! রৈভ্যাবসথদর্শনাৎ।
গতবানেব তং দ্রষ্টুং কালান্তকযমোপমম্ ॥১২॥
যঃ স জানন্ মহাতেজা বৃদ্ধস্যৈকং মমাত্মজম্।
গতবানেব কোপস্য বশং পরমদুর্ম্মতিঃ ॥১৩॥
পুত্রশোকমনুপ্রাপ্ত এষ রৈভ্যস্য কর্ম্মণা।
ত্যক্ষ্যামি ত্বামৃতে পুত্র! প্রাণানিষ্টতমান্ ভুবি ॥১৪॥
যথাহং পুত্রশোকেন দেহং ত্যক্ষ্যামি কিল্বিষী।
তথাঽজ্যেষ্ঠঃ সুতো রৈভ্যং হিংস্যাচ্ছীঘ্রমনাগসম্ ॥১৫॥

ভারতকৌমুদী

প্রতীতি। কালে,আয়ুঃশেষসময়ে অন্তকো বদ্ধা যো যমঃ স এবোপমা যস্য তম্ ॥১২॥
য ইতি। যঃ স প্রসিদ্ধো রৈভ্যঃ, মহাতেজা অতীবতপঃপ্রভাবশালী ॥১৩॥
পুত্রেতি। কর্ম্মণা কৃত্যাসৃষ্টিকরণেন। এতচ্চ ধ্যানাদবগম্যোক্তম্। ঋতে বিনা ॥১৪॥
রৈভ্যং শপতি যথেতি। তথাজ্যেষ্ঠ ইত্যত্রাকারলোপো মন্তব্যঃ পরাধ্যায়ে কনিষ্ঠপুত্রেণ পরাবসুনৈব রৈভ্যবধস্য বক্ষ্যমাণত্বাৎ। তথা চ অজ্যেষ্ঠঃ কনিষ্ঠঃ পরাবসুর্নাম রৈভ্যস্যৈব সুত ইত্যর্থঃ। অনাগসং নিরপরাধম্ ॥১৫॥

ভারতভাবদীপঃ

ভরদ্বাজ ইতি। আহ্নিকং স্বাধ্যায়ং প্রত্যহং কর্ত্তব্যং ব্রহ্মযজ্ঞম্ ॥১॥ হতপুত্রত্বেন অশৌচযুক্তত্বাৎ ॥২—৪॥ শুধ্যতি নিঃসন্দেহং ভবতি ॥৫—৬॥ অগ্ন্যাগারং প্রবিষ্টস্য রক্ষোভয়ং ন ভবেদিতি ভাবঃ ॥৭—৮॥ শূদ্রস্য শূদ্রকৃতং বিপ্রিয়ং পুত্রনিরোধেন কৃতম্ ॥৯—১৪॥ কিল্বিষী শোকাক্রান্তঃ ॥১৫—১৯॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৩॥

এবং সমস্ত প্রাণীর নিকটেই নিরপরাধ থাকিয়া কেন মৃত্যুমুখে পতিত হইলে ॥১১॥

বাবা! আমি তোমাকে রৈভ্যাশ্রম দর্শন করিতেও নিষেধ করিয়াছিলাম; তথাপি তুমি সেই কালান্তকযমতুল্য রৈভ্যকে দর্শন করিতে গিয়াছিলেই! ॥১২॥

আমি বৃদ্ধ; অথচ তুমি আমার একমাত্র পুত্র, ইহা জানিয়াও সেই মহাতেজা ও মহাদুর্ম্মতি রৈভ্য ক্রোধের বশতাপন্ন হইলই! ॥১৩॥

হায়! আমি রৈভ্যের ব্যবহারে পুত্রশোক পাইলাম। অতএব পুত্র! আমি তোমা ব্যতীত পৃথিবীর মধ্যে সর্ব্বাপেক্ষা প্রিয় প্রাণ ত্যাগ করিব ॥১৪॥

আমি পাপী। সুতরাং আমি যেমন পুত্রশোকে দেহত্যাগ করিব, সেইরূপ রৈভ্যেরই কনিষ্ঠপুত্র পরাবসু শীঘ্রই নিরপরাধ রৈভ্যকে হত্যা করিবে ॥১৫॥

সুখিনো বৈ নরা যেষাং জাত্যা পুত্রো ন বিদ্যতে।
যে পুত্রশোকমপ্রাপ্য বিচরন্তি যথাসুখম্ ॥১৬॥
যে তু পুত্রকৃতাচ্ছোকাদ্ভৃশং ব্যাকুলচেতসঃ।
শপন্তীষ্টান্ সখীনার্ত্তাস্তেভ্যঃ পাপতরো নু কঃ ॥১৭॥
পরাসুশ্চ সুতো দৃষ্টঃ শপ্তশ্চেষ্টঃ সখা ময়া।
ঈদৃশীমাপদং কোঽত্র দ্বিতীয়োঽনুভবিষ্যতি ॥১৮॥
লোমশ উবাচ।
বিলপ্যৈবং বহুবিধং ভরদ্বাজোঽদহৎ সুতম্।
সুসমিদ্ধং ততঃ পশ্চাৎ প্রবিবেশ হুতাশনম্ ॥১৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং যবক্রীতোপাখ্যানে ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(০:*:০)———

ভারতকৌমুদী

সুখিন ইতি। জাত্যা আত্মনো জন্মনা বিশিষ্ট ঔরস ইত্যর্থঃ ॥১৬॥
নমু কথমাত্মনি কিল্বিষীত্বুক্তমিত্যাহ য ইতি। ইষ্টান্ প্রিয়ান্ ॥১৭॥
পবেতি। পবাসুর্ম্মৃতঃ। ইষ্টঃ প্রিয়ঃ, সখা রৈভ্যঃ। দ্বিতীয়ো জনঃ ॥১৮॥
বিলপ্যেতি। সুসমিদ্ধম্ অতীবপ্রজ্বলিতম্। ততঃ পুত্রদাহাৎ, পশ্চাৎ পরম্ ॥১৯॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ত্রয়োদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:(০):——

সেই মনুষ্যেরাই সুখী, যাহাদের ঔরস পুত্র নাই এবং যাহারা পুত্রশোক না পাইয়া যথাসুখে বিচরণ করে ॥১৬॥

কিন্তু যাহারা পুত্রশোকে অত্যন্ত আকুলচিত্ত ও পীড়িত হইয়া প্রিয় সুহৃৎদিগকে অভিসম্পাত করে, তাহাদের অপেক্ষা অধিক পাপী কে? ॥১৭॥

হায়! আমি মৃত পুত্র দেখিলাম এবং প্রিয় সখাকে অভিসম্পাত করিলাম। সুতরাং জগতে দ্বিতীয় কোন্ ব্যক্তি এইরূপ আপদ অনুভব করিবে' ॥১৮॥

লোমশ বলিলেন—'ভরদ্বাজমুনি এইরূপ নানাপ্রকার বিলাপ করিয়া পুত্রের দাহ সংকার করিলেন, তাহার পর নিজেও প্রজ্বলিত অগ্নিতে প্রবেশ করিলেন ॥১৯॥

——:০:——

* '...সপ্তত্রিংশদধিকশততমঃ...' বা ব কা, '...একোনচত্বারিংশদধিকশততমঃ...' নি।

চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

লোমশ উবাচ।

এতস্মিন্নেব কালে তু বৃহদ্দ্যুম্নো মহীপতিঃ।
সত্রং তেনে মহাভাগো রৈভ্যযাজ্যঃ প্রতাপবান্ ॥১॥

তেন রৈভ্যস্য বৈ পুত্রাবর্ব্বাবসু-পরাবসূ।
বৃতৌ সহায়ৌ সত্রার্থং বৃহদ্দ্যুম্নেন ধীমতা ॥২॥

তত্র তৌ সমনুজ্ঞাতৌ পিত্রা কৌন্তেয়! জগ্মতুঃ।
আশ্রমে ত্বভবদ্রৈভ্যো ভার্য্যা চৈব পরাবসোঃ ॥৩॥

অথাবলোককোঽগচ্ছদ্‌গৃহানেকঃ পরাবসুঃ।
কৃষ্ণাজিনেন সংবীতং দদর্শ পিতরং বনে ॥৪॥

জঘন্যরাত্রে নিদ্রান্ধঃ সাবশেষে তমস্যপি।
চরন্তং গহনেঽরণ্যে মেনে স পিতরং মৃগম্ ॥৫॥

ভারতকৌমুদী

এতস্মিন্নিতি। বৃহদ্দ্যুম্নো নাম। সত্রং যজ্ঞম্, তেনে বিস্তারেণ কর্ত্তুমারেভে ॥১॥
তেনেতি। ঋত্বিগ্‌ভাবেন সহায়ৌ বৃতৌ, সত্রার্থং যজ্ঞসম্পাদনার্থম্ ॥২॥
তত্রেতি। অভবৎ অতিষ্ঠৎ। এতেনার্ব্বাবসোর্ভার্য্যাপি তত্র গতেতি সূচিতম্ ॥৩॥
অথেতি। অবলোককঃ অবলোকনার্থী। কৃষ্ণাজিনেন কৃষ্ণমৃগচর্ম্মণা, সংবীতমাবৃতম্ ॥৪॥
জঘন্যেতি। নিদ্রয়া অন্ধঃ সম্যগ্‌দর্শনাক্ষমঃ স পরাবসুঃ, জঘন্যরাত্রে শেষরাত্রে, অপি চ,

---

লোমশ বলিলেন—'এই সময়েই রৈভ্যমুনিরই যাজ্য মহাত্মা ও প্রতাপশালী বৃহদ্দ্যুম্নরাজা বিস্তৃতভাবে এক যজ্ঞ করিতে আরম্ভ করিলেন ॥১॥

সেই বুদ্ধিমান্ বৃহদ্দ্যুম্নরাজা যজ্ঞসম্পাদনের জন্য রৈভ্যমুনিরই পুত্র অর্ব্বাবসু ও পরাবসুকে সহায়ভাবে বরণ করিলেন ॥২॥

কুন্তীনন্দন! তাঁহারা দুই জনও পিতার অনুমতিক্রমে সেই যজ্ঞে গমন করিলেন; আশ্রমে থাকিলেন—মাত্র রৈভ্য ও পরাবসুর ভার্য্যা ॥৩॥

তাহার পর একদা একমাত্র পরাবসু পর্য্যবেক্ষণ করিবার জন্য আশ্রমে আগমন করিলেন এবং তিনি তখন বনের ভিতরে কৃষ্ণমৃগচর্ম্মাবৃত অবস্থায় পিতাকে দর্শন করিলেন ॥৪॥

মৃগস্তু মন্যমানেন পিতা বৈ তেন হিংসিতঃ।
অকাময়ানেন তদা শরীরত্রাণমিচ্ছতা ॥৬॥
তস্য স প্রেতকার্য্যাণি কৃত্বা সর্ব্বাণি ভারত!।
পুনরাগম্য তৎ সত্রমব্রবীদ্ভ্রাতরং বচঃ ॥৭॥
ইদং কর্ম্ম ন শক্তস্ত্বং বোঢ়ুমেকঃ কথঞ্চন।
ময়া চ হিংসিতস্তাতো মন্যমানেন তং মৃগম্ ॥৮॥
সোঽস্মদর্থে ব্রতং তাত! চর ত্বং ব্রহ্মঘাতিনাম্।
সমর্থো হ্যহমেকাকী কর্ম্ম কর্ত্তুমিদং মুনে! ॥৯॥

ভারতকৌমুদী

সাবশেষে তদানীমপি কিঞ্চিদবশিষ্টে তমসি অন্ধকারে, গহনে নিবিড়ে অরণ্যে চরন্তং পিতরং রৈভ্যম্, মৃগং মেনে, কৃষ্ণমৃগচর্ম্মাবৃতত্বাদিতি ভাবঃ ॥৫॥

মৃগমিতি। তেন পরাবসুনা, অকাময়ানেন হন্তুমনিচ্ছতাপি, শরীরত্রাণমিচ্ছতা আত্মরক্ষাং কর্ত্তুমিচ্ছতা, কৃষ্ণমৃগস্য হিংস্রত্বাৎ। এতেনাজ্ঞানতো হত্যা দর্শিতা ॥৬॥

তস্যেতি। স পরাবসুঃ, প্রেতকার্য্যাণি সপিণ্ডীকরণান্তানি। এতেন কালাশৌচাপগমঃ সূচিতঃ। তৎ সত্রং বৃহদ্দ্যুম্নযজ্ঞম্, ভ্রাতরম্ অর্বাবসুম্ ॥৭॥

ইদমিতি। বোঢ়ুং নিষ্পাদয়িতুম্, ন শক্তঃ বৃদ্ধত্বাদিতি ভাবঃ। হিংসিতো হতঃ ॥৮॥

স ইতি। স ত্বম্। ব্রহ্মঘাতিনাং সম্বন্ধি, ব্রতং প্রায়শ্চিত্তম্, চর, মৎপ্রতিনিধিভাবেন কুরু "ঋত্বিক্ পুত্রো গুরুর্ভ্রাতা ভাগিনেয়োঽথ বিট্পতিঃ। এভিরেব হুতং যত্তু তদ্ধুতং স্বয়মেব হি॥" ইতি স্মৃত্যা ভ্রাতুঃ প্রতিনিধিত্ববিধানাদিত্যাশয়ঃ ॥৯॥

তখন নিদ্রান্ধ পরাবসু শেষরাত্রে কিছু অন্ধকার অবশিষ্ট থাকিতে নিবিড় বনমধ্যে বিচরণকারী পিতাকে হরিণ বলিয়া মনে করিলেন ॥৫॥

তখন তিনি অনিচ্ছাপূর্ব্বক কেবল আত্মরক্ষা করিবার ইচ্ছায় মৃগ ভাবিয়া পিতাকে হত্যা করিলেন ॥৬॥

ভরতনন্দন! তাহার পর পরাবসু পিতার সমস্ত প্রেতকার্য্য সমাপন করিয়া পুনরায় সেই যজ্ঞে আসিয়া ভ্রাতা অর্বাবসুকে এই কথা বলিলেন—॥৭॥

'আর্য্য! আপনি একাকী কোন প্রকারেই এই কার্য্য নির্ব্বাহ করিতে সমর্থ হইবেন না, অথ চ আমি মৃগ ভাবিয়া পিতাকে হত্যা করিয়া আসিয়াছি ॥৮॥

অতএব আর্য্য! আপনি যাইয়া আমার জন্য ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত করুন; আমি একাকীই এই কার্য্য নির্ব্বাহ করিতে সমর্থ হইব' ॥৯॥

---

(৯)...চর ত্বং ব্রহ্মহিংসনম্...বা ব কা পি।

অর্ব্বাবসুরুবাচ।

করোতু বৈ ভবান্ সত্রং বৃহদ্দ্যুম্নস্য ধীমতঃ।
ব্রহ্মহত্যাং চরিষ্যেঽহং ত্বদর্থং নিয়তেন্দ্রিয়ঃ ॥১০॥

লোমশ উবাচ।

স তস্য ব্রহ্মহত্যায়াঃ পারং গত্বা যুধিষ্ঠির !।
অর্ব্বাবসুস্তদা সত্রমাজগাম পুনর্ম্মুনিঃ ॥১১॥
ততঃ পরাবসুর্দৃষ্ট্বা ভ্রাতরং সমুপস্থিতম্।
বৃহদ্দ্যুম্নমুবাচেদং বচনং হর্ষগদ্গদম্ ॥১২॥
'এষ তে ব্রহ্মহা যজ্ঞং মা দ্রষ্টুং প্রবিশেদিতি।
ব্রহ্মহা প্রেক্ষিতেনাপি পীড়য়েত্ত্বামসংশয়ম্ ॥১৩॥
তচ্ছ্রুত্বৈব তদা রাজা প্রেষ্যানাহ স বিট্পতে !।
প্রেষ্যৈরুৎসার্য্যমাণস্তু রাজন্নর্ব্বাবসুস্তদা।
ন ময়া ব্রহ্মহত্যেয়ং কৃতেত্যাহ পুনঃ পুনঃ ॥১৪॥

ভারতকৌমুদী

করোত্বিতি। সত্রম্ আবদ্ধমিমং দীর্ঘকালীনং যজ্ঞম্। ব্রহ্মহত্যাং তৎপ্রায়শ্চিত্তম্ ॥১০॥
স ইতি। তস্য পরাবসোঃ। পারং গত্বা প্রায়শ্চিত্তং সমাপ্যেত্যর্থঃ ॥১১॥
তত ইতি। হর্ষস্তু ভ্রাতৃনিবাসসম্ভবেনাত্মন এব দক্ষিণাদিসর্বলাভসম্ভবাৎ ॥১২॥
এষ ইতি। ব্রহ্মহা ব্রহ্মহত্যাকারিত্বেন মহাপাতকী। পীড়য়েৎ পাপসঞ্চারেণ ॥১৩॥
তদিতি। প্রেষ্যান্ ভৃত্যান্। হে বিট্পতে! প্রজানাথ! যুধিষ্ঠির!। উৎসার্য্যমাণস্তস্মাদ্দেশাদপসার্য্যমাণঃ। ষট্পাদোঽয়ং শ্লোকঃ ॥১৪॥

অর্ব্বাবসু বলিলেন—'ভ্রাতঃ! তুমি, ধীমান্ বৃহদ্দ্যুম্নের যজ্ঞ করিতে থাক; আমি যাইয়া সংযতেন্দ্রিয় হইয়া তোমার জন্য ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত করিব' ॥১০॥

লোমশ বলিলেন—'যুধিষ্ঠির! অর্ব্বাবসুমুনি তখনই যাইয়া পরাবসুর ব্রহ্মহত্যার প্রায়শ্চিত্ত শেষ করিয়া পুনরায় সেই যজ্ঞে আগমন করিলেন ॥১১॥

তখন ভ্রাতা উপস্থিত হইয়াছেন দেখিয়া পরাবসু হর্ষগদ্গদভাবে বৃহদ্দ্যুম্ন-রাজাকে এই কথা বলিলেন—॥১২॥

'রাজা! এই ব্রহ্মহত্যাকারী আপনার যজ্ঞ দেখিতেও যেন প্রবেশ করে না। কারণ, ব্রহ্মহত্যাকারী দর্শন করিয়াও নিশ্চয়ই আপনাকে পাপী করিবে' ॥১৩॥

(১১) স তস্য ব্রহ্মবধ্যায়াঃ...বা ব কা পি।

উচ্যমানোঽসকৃৎ প্রেষ্যৈর্ব্রহ্মহন্নিতি ভারত ! ।
নৈব স্ম প্রতিজানাতি ব্রহ্মহত্যাং স্বয়ং কৃতাম্ ॥১৫॥
মম ভ্রাত্রা কৃতমিদং ময়া স পরিমোক্ষিতঃ ।
স তথা প্রবদন্ ক্রোধাত্তৈশ্চ প্রেষ্যৈঃ প্রভাষিতঃ ॥১৬॥
তূষ্ণীং জগাম বিপ্রর্ষির্বনমেব মহাতপাঃ ।
উগ্রং তপঃ সমাস্থায় দিবাকরমথাশ্রিতঃ ॥১৭॥
রহস্যবেদং কৃতবান্ সূর্য্যস্য দ্বিজসত্তমঃ ।
মূর্ত্তিমাংস্তং দদর্শাথ স্বয়মগ্রভুগব্যয়ঃ ॥১৮॥

ভারতকৌমুদী

উচ্যেতি। হে ব্রহ্মহন্! ইত্যসকৃদুচ্যমানঃ অর্ব্বাবসুঃ। প্রতিজানাতি স্ম স্বীচকার ॥১৫॥
মমেতি। পরিমোক্ষিতো ব্রহ্মহত্যাপাপাৎ। প্রভাষিতঃ ব্রহ্মহন্নিত্যেবোক্তঃ ॥১৬॥
তূষ্ণীমিতি। বিপ্রর্ষিরর্বাবসুঃ। সমাস্থায় সম্যগবলম্ব্য ॥১৭॥
রহস্যেতি। রহস্যো মন্ত্রময়ো বেদো রহস্যবেদস্তম্, কৃতবান্ প্রকাশিতবান্ ॥১৮॥

ভারতভাবদীপঃ

এতস্মিন্নিতি ॥১—৩॥ অবলোককঃ অবলোকনার্থী, গৃহান্ ভার্য্যাম্ ॥৪—১৩॥ বিট্-পতে ! হে প্রজাধীশ ! ॥১৪—১৬॥ প্রভাষিতো মিথ্যাবাদ্যসীত্যধিক্ষিপ্তঃ ॥১৭॥ রহস্যবেদং সূর্য্যমন্ত্রপ্রকাশকং বেদম্, "ঘৃণিরিতি দ্বে অক্ষরে সূর্য্য ইতি ত্রীণি আদিত্য ইতি ত্রীণি। এতদ্বৈ সাবিত্রস্যাষ্টাক্ষরং পদং শ্রিয়াভিষিক্ত"মিতি কাঠকব্রাহ্মণং কৃতবান্ দদর্শ ॥১৮॥ মূর্ত্তিমান্

নরনাথ যুধিষ্ঠির ! সেই কথা শুনিয়াই বৃহদ্দ্যুম্নরাজা অর্বাবসুকে তাড়াইয়া দিবার জন্য ভৃত্যদিগকে বলিলেন ; ভৃত্যেরাও তাঁহাকে আসিতে বারণ করিতে লাগিল ; রাজা ! তখন অর্বাবসু বার বার বলিলেন যে, 'আমি এ ব্রহ্মহত্যা করি নাই' ॥১৪॥

ভরতনন্দন ! তথাপি সেই ভৃত্যেরা 'হে ব্রহ্মহন্ !' এই ভাবে বার বার তাঁহাকে সম্বোধন করিতে লাগিল ; কিন্তু অর্বাবসু সে ব্রহ্মহত্যা নিজকৃত বলিয়া স্বীকার করিলেন না ॥১৫॥

তিনি বলিতে লাগিলেন—'আমার ভাই এই কার্য্য করিয়াছে, আর আমি তাহাকে সেই পাপ হইতে মুক্ত করিয়াছি'। তথাপি সেই ভৃত্যেরা ক্রোধবশতঃ তাঁহাকে সেই কথাই বলিতে লাগিল ॥১৬॥

তখন মহাতপা ব্রহ্মর্ষি অর্বাবসু নীরবে বনেই গমন করিলেন এবং ভয়ঙ্কর তপস্যা অবলম্বন করিয়া সূর্য্যের শরণাপন্ন হইলেন ॥১৭॥

এবং ব্রাহ্মণশ্রেষ্ঠ অর্বাবসু সূর্য্যসম্বন্ধে এক বৈদিক মন্ত্র প্রকাশ করিলেন।

---

(১৫)…ব্রহ্মবধ্যাং স্বয়ং কৃতাম্…বা ব কা পি।

প্রীতাস্তস্যাভবন্ দেবাঃ কর্ম্মণাঽর্বাবসোর্নৃপ !।
তং তে প্রবরয়ামাসুর্নিরাসুশ্চ পরাবসুম্ ॥১৯॥
ততো দেবা বরং তস্মৈ দদুরগ্নিপুরোগমাঃ।
স চাপি বরয়ামাস পিতুরুত্থানমাত্মনঃ।
অনাগস্ত্বং তথা ভ্রাতুঃ পিতুশ্চাস্মরণং বধে ॥২০॥
ভরদ্বাজস্য চোত্থানং যবক্রীতস্য চোভয়োঃ।
প্রতিষ্ঠাঞ্চাপি বেদস্য সৌরস্য দ্বিজসত্তমঃ ॥২১॥ (যুগ্মকম্)
এবমস্ত্বিতি তং দেবাঃ প্রোচুশ্চাপি বরান্ দদুঃ।
ততঃ প্রাদুর্বভূবুস্তে সর্ব্ব এব যুধিষ্ঠির ! ॥২২॥
অথাব্রবীদ্‌যবক্রীতো দেবানগ্নিপুরোগমান্।
সমধীতং ময়া ব্রহ্ম ব্রতানি চরিতানি চ ॥২৩॥
কথঞ্চ রৈভ্যঃ শক্তো মামধীয়ানং তপস্বিনম্।
তথা যুক্তেন বিধিনা নিহন্তুমমরোত্তমাঃ ! ॥২৪॥

ভারতকৌমুদী

প্রীতা ইতি। প্রবরয়ামাসুঃ সর্ব্বথোৎকর্ষাৎ প্রবরং চক্রুঃ, নিরাসুঃ প্রত্যাচখ্যুঃ ॥১৯॥

তত ইতি। উত্থানমুজ্জীবনম্। অনাগস্ত্বং নিরপরাধত্বম্। ষট্‌পাদোঽয়ং শ্লোকঃ। সৌরস্য সূর্য্যসম্বন্ধিনঃ, বেদস্য স্বয়ং প্রকাশিতস্য, প্রতিষ্ঠাং লোকে চিরস্থিতিম্ ॥২০—২১॥

এবমিতি। তে সর্ব এব রৈভ্য-ভরদ্বাজ-যবক্রীতাঃ ॥২২॥

অথেতি। সমধীতং তপসৈব সম্যক্ প্রাপ্তম্, ব্রহ্ম বেদঃ, ব্রতানি ব্রহ্মচর্য্যাদীনি ॥২৩॥

তাহার পর যজ্ঞের অগ্রভোজী ও অবিনাশী সূর্য্যদেব মূর্ত্তিমান্ হইয়া নিজেই আসিয়া অর্বাবসুকে দর্শন দান করিলেন ॥১৮॥

আর, রাজা ! অন্য দেবতারাও অর্বাবসুর কার্য্যে তাঁহার উপরে সন্তুষ্ট হইলেন এবং তাঁহারা অর্বাবসুকে শ্রেষ্ঠ করিলেন এবং পরাবসুকে প্রত্যাখ্যান করিলেন ॥১৯॥

তাহার পর অগ্নিপ্রভৃতি দেবগণ অর্ব্বাবসুকে বর দিতে চাহিলেন ; তখন আপন পিতার জীবন, ভ্রাতার নির্দ্দোষতা, বধবিষয়ে পিতার অস্মরণ, ভরদ্বাজ ও যবক্রীতের জীবন এবং আত্মপ্রকাশিত সূর্য্যমন্ত্রের প্রতিষ্ঠা, এই সকল বর ব্রাহ্মণশ্রেষ্ঠ অর্বাবসু প্রার্থনা করিলেন ॥২০—২১॥

'এইরূপই হউক' এই কথা দেবতারা তাঁহাকে বলিলেন এবং সেই সকল বরই দিলেন। যুধিষ্ঠির ! তাহার পর তাঁহারা সকলেই আবির্ভূত হইলেন ॥২২॥

তদনন্তর যবক্রীত অগ্নিপ্রভৃতি দেবগণকে বলিলেন—'দেবশ্রেষ্ঠগণ ! আমি সম্যক্‌রূপে বেদ লাভ করিয়াছিলাম, ব্রত সকলও করিয়াছিলাম ॥২৩॥

দেবা উচুঃ।

মৈবং কৃথা যবক্রীত! যথা বদসি বৈ মুনে।।
ঋতে গুরুমধীতা হি সুখং বেদাস্ত্বয়া পুরা ॥২৫॥
অনেন তু গুরূন্ দুঃখাত্তোষয়িত্বাত্মকর্ম্মণা।
কালেন মহতা ক্লেশাদ্‌ব্রহ্মাধিগতমুত্তমম্ ॥২৬॥

লোমশ উবাচ।

যবক্রীতমথোক্ত্বৈবং দেবাঃ সাগ্নিপুরোগমাঃ।
সঞ্জীবয়িত্বা তান্ সর্ব্বান্ পুনর্জগ্মু স্ত্রিপিষ্টপম্ ॥২৭॥

ভারতকৌমুদী

কথমিতি। অধীয়ানং নিত্যং বেদং পঠন্তম্। তথা যুক্তেন প্রকারেণ ॥২৪॥

মেতি। এবং মনসি মা কৃথাঃ। ঋতে বিনা, অধীতাস্তপসা লব্ধাঃ ॥২৫॥

অনেনেতি। অনেন রৈভ্যেণ তু। আত্মকর্ম্মণা পরিচর্য্যারূপেণ। ব্রহ্ম বেদঃ, অধিগতং লব্ধম্। গুরুসেবয়া লব্ধত্বাত্তব বেদলাভাপেক্ষয়া রৈভ্যস্য বেদলাভো গরীয়ানিত্যয়ং ত্বাং হন্তুমশকদিতি ভাবঃ। অতএবোত্তমমিত্যুক্তম্ ॥২৬॥

যবেতি। সাগ্নয়শ্চ তে পুরোগমা অগ্রগামিনশ্চেতি তে। ত্রিপিষ্টপং স্বর্গম্ ॥২৭॥

ভারতভাবদীপঃ

সূর্য্যস্তং দ্বিজং দদর্শ আত্মানং দর্শয়ামাস ॥১৯॥ তং দেবাঃ প্রকর্ষেণ বরয়ামাসুঃ নিরাসুনিরাচক্রুর্যস্মাদিতি শেষঃ ॥২০—২১॥ প্রতিষ্ঠাং সম্প্রদায়প্রবৃত্তিম্, সৌরো বেদঃ পূর্ব্বমুক্তঃ ॥২২—২৩॥ সমধীতং সম্যক্‌প্রাপ্তম্, ব্রহ্ম বেদঃ ॥২৬—২৮॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৪॥

যথানিয়মে বেদপাঠও করিতাম, তপস্বীও ছিলাম; তথাপি রৈভ্যমুনি কি করিয়া আমাকে সেই ভাবে বধ করিতে সমর্থ হইলেন?' ॥২৪॥

দেবগণ বলিলেন—'যবক্রীতমুনি! যেরূপ আপনি বলিতেছেন, সেরূপ মনে করিবেন না। কারণ, আপনি পূর্ব্বে গুরু ব্যতীত সুখে বেদলাভ করিয়াছিলেন ॥২৫॥

আর, রৈভ্যমুনি পরিচর্য্যাদ্বারা অতিকষ্টে গুরুদিগকে সন্তুষ্ট করিয়া দীর্ঘকালে বহুক্লেশে বেদলাভ করিয়াছিলেন। সুতরাং আপনার বেদলাভ অপেক্ষা রৈভ্যমুনির বেদলাভ উৎকৃষ্ট ছিল' ॥২৬॥

লোমশ বলিলেন—'অগ্নিপ্রভৃতি দেবতারা যবক্রীতকে এইরূপ বলিয়া ভরদ্বাজপ্রভৃতি সকলকেই সঞ্জীবিত করিয়া পুনরায় স্বর্গে চলিয়া গেলেন ॥২৭॥

---

(২৬)·অনেন তু গুরুম্···পি। (২৭)···সেন্দ্রপুরোগমাঃ···বা ব কা নি।

আশ্রমস্তস্য পুণ্যোঽয়ং সদাপুষ্পফলদ্রুমঃ।
অত্রোষ্য রাজশার্দ্দূল! সর্ব্বপাপৈঃ প্রমোক্ষ্যসে ॥২৮॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং যবক্রীতোপাখ্যানে চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

—— ০০ (*) ০০ ——

পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ

——:০:——

লোমশ উবাচ।
উশীরবীজং মৈনাকং গিরিং শ্বেতঞ্চ ভারত!।
সমতীতোঽসি কৌন্তেয়! কালশৈলঞ্চ পার্থিব! ॥১॥
এষা গঙ্গা সপ্তবিধা রাজতে ভরতর্ষভ!।
স্থানং বিরজসং পুণ্যং যত্রাগ্নির্নিত্যমিধ্যতে ॥২॥
এতদ্বৈ মানুষেণাদ্য ন শক্যং দ্রষ্টুমদ্ভুতম্।
সমাধিং কুরুতাব্যগ্রাস্তীর্থান্যেতানি দ্রক্ষ্যথ ॥৩॥

ভারতকৌমুদী

আশ্রম ইতি। তস্য রৈভ্যস্য। সদা পুষ্পাণি ফলানি চ যেষু তে তাদৃশা দ্রুমা যত্র সঃ ॥২৮॥
ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং চতুর্দ্দশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——:০:——

উশীরেতি। গিরিশব্দঃ প্রত্যেকমভিসম্বধ্যতে। সমতীতঃ অতিক্রান্তঃ ॥১॥
এষেতি। সপ্তবিধা সপ্তপ্রবাহা। বিরজসং নির্ম্মলম্। ইধ্যতে দীপ্যতে ॥২॥

রাজশ্রেষ্ঠ যুধিষ্ঠির! এই সেই পবিত্র রৈভ্যমুনির আশ্রম; এ আশ্রমের বৃক্ষসকল সর্ব্বদাই পুষ্পবান্ ও ফলবান্ থাকে। তুমি এখানে বাস করিয়া সমস্ত পাপ হইতে মুক্ত হইবে' ॥২৮॥

——(-:০:-)——

লোমশ বলিলেন—'হে ভরতবংশীয় কুন্তীনন্দন রাজা! তুমি উশীরবীজ, মৈনাক ও শ্বেতগিরি এবং কালশৈল অতিক্রম করিয়াছ ॥১॥

ভরতশ্রেষ্ঠ! এই সপ্তপ্রবাহা গঙ্গা শোভা পাইতেছেন; এই স্থানটী নির্ম্মল ও পবিত্র; যে স্থানে সর্ব্বদাই অগ্নি প্রজ্বলিত হইতেছেন ॥২॥

---

(২৮)···সর্বপাপং [প্রমোক্ষ্যসি—বা ব কা। * '···অষ্টত্রিংশদধিকশততমঃ···' বা ব কা পি',···চত্বারিংশদধিকশততমঃ···' নি।

এতৎ পশ্যসি দেবানামাক্রীড়ং চরণাঙ্কিতম্ ।
অতিক্রান্তোঽসি কৌন্তেয় ! কালশৈলঞ্চ পর্ব্বতম্ ॥৪॥
শ্বেতং গিরিং প্রবেক্ষ্যামো মন্দরঞ্চৈব পর্ব্বতম্ ।
যত্র মাণিবরো যক্ষঃ কুবেরশ্চৈব যক্ষরাট্ ॥৫॥
অষ্টাশীতিসহস্রাণি গন্ধর্ব্বাঃ শীঘ্রগামিনঃ ।
তথা কিম্পুরুষা রাজন্ ! যক্ষাশ্চৈব চতুর্গুণাঃ ॥৬॥
অনেকরূপসংস্থানা নানাপ্রহরণাশ্চ তে ।
যক্ষেন্দ্রং মনুজশ্রেষ্ঠ ! মাণিভদ্রমুপাসতে ॥৭॥ (যুগ্মকম্)
তেষামৃদ্ধিরতীবাত্র গতৌ বায়ুসমাশ্চ তে ।
স্থানাৎ প্রচ্যাবয়েয়ুর্যে দেবরাজমপি ধ্রুবম্ ॥৮॥
তৈস্তাত ! বলিভির্গুপ্তা যাতুধানৈশ্চ রক্ষিতাঃ ।
দুর্গমাঃ পর্ব্বতাঃ পার্থ ! সমাধিং পরমং কুরু ॥৯॥

ভারতকৌমুদী

এতদিতি। সমাধিম্ এতত্তীর্থদর্শনে একাগ্রতাম্, অব্যগ্রা অনাকুলচিত্তাঃ ॥৩॥
এতদিতি। আক্রীড়ং ক্রীড়াস্থানম্, অতএব দেবানামেব চরণাঙ্কিতম্ ॥৪॥
শ্বেতমিতি। শ্বেতং গিরিং কৈলাসম্। মাণিবরো নাম, মণিভদ্রোঽপ্যন্ত নাম ॥৫॥
অষ্টেতি। চতুর্গুণা অষ্টাশীতিসহস্রাণামেব। সংস্থানমঙ্গম্ ॥৬—৭॥
তেষামিতি। ঋদ্ধির্ধনসম্পৎ। স্থানাদ্দেবরাজত্বপদাৎ, প্রচ্যাবয়েয়ুঃ ভ্রংশয়েয়ুঃ ॥৮॥

এই অদ্ভুত স্থানটাকে এখন আর মানুষ দেখিতে সমর্থ হয় না। সুতরাং তোমরা অধীর না হইয়া একাগ্রতা অবলম্বন কর ; তাহা হইলেই তীর্থগুলি দেখিতে পাইবে ॥৩॥

এই দেবগণের ক্রীড়াস্থান দেখিতেছ, ইহাতে সেই দেবগণের চরণচিহ্ন সকল রহিয়াছে। কুন্তীনন্দন ! তুমি কালশৈল অতিক্রম করিয়াছ ॥৪॥

আমরা এখন ক্রমশঃ কৈলাসপর্ব্বত ও মন্দরপর্ব্বতে প্রবেশ করিব ; যেখানে মাণিবরযক্ষ ও যক্ষরাজ কুবের অবস্থান করেন ॥৫॥

মনুষ্যশ্রেষ্ঠ রাজা ! অষ্টাশী হাজার দ্রুতগামী গন্ধর্ব্ব ও কিন্নর এবং তাহার চতুর্গুণ যক্ষ নানাবিধ রূপ ও অঙ্গশালী হইয়া এবং নানাবিধ অস্ত্র ধারণ করিয়া যক্ষশ্রেষ্ঠ মণিভদ্রের সেবা করিয়া থাকে ॥৬—৭॥

এখানে তাহাদের অত্যন্ত ধনসমৃদ্ধি আছে এবং তাহারা গমনে বায়ুর তুল্য বেগবান্ ; যাহারা দেবরাজকেও নিশ্চয়ই স্বস্থান হইতে ভ্রষ্ট করিতে পারে ॥৮॥

---

(৪) এতদ্দ্রক্ষ্যসি···বা ব কা নি। (৫)···অত্র মাণিবরঃ···বা ব কা নি।

কুবেরসচিবাশ্চান্যে রৌদ্রা মৈত্রাশ্চ রাক্ষসাঃ।
তৈঃ সমেষ্যাম কৌন্তেয়! সংযত্তো বিক্রমে ভব ॥১০॥
কৈলাসপর্ব্বতো রাজন্! ষড়্ যোজনশতোচ্ছ্রিতঃ।
যত্র দেবাঃ সমায়ান্তি বিশালা যত্র ভারত! ॥১১॥
অসংখ্যেয়াস্তু কৌন্তেয়! যক্ষরাক্ষসকিন্নরাঃ।
নাগাঃ সুপর্ণা গন্ধর্ব্বাঃ কুবেরসদনং প্রতি ॥১২॥
তান্ বিগাহস্ব পার্থাদ্য তপসা চ দমেন চ।
রক্ষ্যমাণো ময়া রাজন্! ভীমসেনবলেন চ ॥১৩॥
স্বস্তি তে বরুণো রাজা যমশ্চ সমিতিঞ্জয়ঃ।
গঙ্গা চ যমুনা চৈব পর্ব্বতশ্চ দধাতু তে ॥১৪॥

ভারতকৌমুদী

তৈরিতি। গুপ্তা রক্ষিতাঃ, যাতুধানৈ রাক্ষসৈঃ। সমাধিং গমনে একাগ্রতাম্ ॥৯॥

কুবেরেতি। রৌদ্রা ভয়ঙ্করাঃ, মৈত্রা মিত্রভাবাপন্নাঃ, অবস্থাবিশেষে ইত্যুভয়ত্রাপ্যাশয়ঃ। সমেষ্যাম মিলিতা ভবিষ্যামঃ। বিসর্গলোপ আর্ষঃ। সংযত্তো যত্নবান্ ॥১০॥

কৈলাসেতি। উচ্ছ্রিত উচ্চঃ। বিশালা বদরী নগরী বা ॥১১॥

অসংখ্যেয়া ইতি। সুপর্ণা গরুড়বংশীয়াঃ। কুবেরসদনং প্রতি কুবেরনগরে ॥১২॥

তানিতি। তান্ বিগাহস্ব তেষু প্রবিশ। দমেন ইন্দ্রিয়নিগ্রহেণ ॥১৩॥

স্বস্তীতি। স্বস্তি মঙ্গলম্। সমিতিঞ্জয়ো যুদ্ধবিজয়ী। দধাতু বিদধাতু ॥১৪॥

বৎস পৃথানন্দন! সেই বলবান্ গন্ধর্ব, কিন্নর, যক্ষ ও রাক্ষসগণের রক্ষিত এই সকল দুর্গম পর্বত দেখা যাইতেছে; এ গুলিতে প্রবেশ করিবার জন্য বিশেষ মনোযোগ কর ॥৯॥

ভয়ঙ্করপ্রকৃতি ও কোমলস্বভাব অন্যান্য অনেক রাক্ষসও কুবেরের মন্ত্রী হইয়া রহিয়াছে; আমরা তাহাদের সহিত মিলিত হইব; সুতরাং কুন্তীনন্দন! তুমি বিক্রমপ্রকাশে বিশেষ যত্নবান্ হও ॥১০॥

ভরতনন্দন রাজা! কৈলাসপর্বত ছয় শত যোজন উচ্চ; যেখানে দেবতারা আসিয়া থাকেন এবং যেখানে বিশাল একটী নগরী আছে ॥১১॥

কুন্তীনন্দন! অসংখ্য যক্ষ, রাক্ষস, কিন্নর, নাগ, সুপর্ণ ও গন্ধর্ব্ব কুবেরের নগরে অবস্থান করে ॥১২॥

পৃথানন্দন রাজা! আমি ও ভীমসেন তোমাকে রক্ষা করিব, এই অবস্থায় তুমি আজ তপস্যা ও ইন্দ্রিয়সংযমের প্রভাবে তাহাদের মধ্যে প্রবেশ কর ॥১৩॥

---

(১০)…সংযত্তো বিক্রমেণ চ—বা ব কা,…যত্তো বিক্রমণে ভব—নি।

মরুতশ্চ সহাশ্বিভ্যাং সরিতশ্চ সরাংসি চ।
স্বস্তি দেবাসুরেভ্যশ্চ বসুভ্যশ্চ বিশাংপতে! ॥১৫॥
ইন্দ্রস্য জাম্বূনদপর্বতাদ্বৈ শৃণোমি ঘোষং তব দেবি! গঙ্গে!।
গোপায়য়েমং সুভগে! গিরিভ্যঃ সর্বাজমীঢ়াপচিতং নরেন্দ্রম্ ॥১৬॥
দদস্ব শর্ম্ম প্রবিবিক্ষতোঽস্য শৈলানিমান্ শৈলসুতে! নৃপস্য।
উক্ত্বা তথা সাগরগাং স বিপ্রো যত্তো ভবস্বেতি শশাস পার্থম্ ॥১৭॥
যুধিষ্ঠির উবাচ।
অপূর্ব্বোঽয়ং সম্ভ্রমো লোমশস্য কৃষ্ণাং সর্ব্বে রক্ষত মা প্রমাদম্।
দেশো হ্যয়ং দুর্গতমো মতোঽস্য তস্মাৎ পরং শৌচমিহাচরধ্বম্ ॥১৮॥

ভারতকৌমুদী

মরুত ইতি। হে বিশাংপতে! অশ্বিভ্যাং সহ মরুতো বায়বঃ সরিতশ্চ সরাংসি চ তে স্বস্তি বিদধত্বিতি পূর্বানুকর্ষঃ। দেবাসুবেভ্যশ্চ বসুভ্যশ্চ তে স্বস্তি ভবত্বিতি শেষঃ ॥১৫॥

ইন্দ্রস্যেতি। জাম্বূনদপর্ব্বতাৎ স্বর্ণপর্ব্বতাৎ সুমেরুতঃ। গোপায়য় রক্ষ, আয়প্রত্যয়াস্তাদ্গুপধাতোশ্চুরাদিত্বাৎ স্বার্থে ইন্। সর্বৈঃ আজমীঢ়ৈরজমীঢ়বংশীয়ৈঃ অপচিতং পূজিতম্ ॥১৬॥

দদস্বেতি। শর্ম্ম মঙ্গলম্, প্রবিবিক্ষতঃ প্রবেষ্টুমিচ্ছতঃ। যত্তঃ শৈলপ্রবেশে যত্নবান্ ॥১৭॥

অপূর্ব্ব ইতি। প্রমাদমনবধানতাম্, মা কুরুতেতি শেষঃ। দুর্গতমঃ অতীবদুর্গমঃ পরমত্যন্তম্, শৌচং বাঙ্মনঃকায়শুদ্ধিম্, আচরধ্বং কুরুত ॥১৮॥

ভারতভাবদীপঃ

উশীরেতি ॥১॥ যত্রাগ্নির্নিত্যমিধ্যত ইতি ত্রিযোগিনারায়ণাখ্যং হরিদ্বারাৎ পরতঃ স্থানমস্তি ॥২—১০॥ বিশালা বদরী ॥১১—১৫॥ ইন্দ্রস্য ইন্দ্রসম্বন্ধিনো জাম্বূনদং সুবর্ণং তন্ময়াৎ পর্ব্বতান্মেরোঃ গোপায়য়েতি ণিজন্তস্য রূপম্, দেবৈরিতি শেষঃ স্বার্থে বা ণিচ্, আজমীঢ়বংশে

বরুণ, যুদ্ধবিজয়ী যমরাজা, গঙ্গা, যমুনা ও পর্ব্বত সকল তোমার মঙ্গল করুন ॥১৪॥

অশ্বিনীকুমারদ্বয়ের সহিত সমস্ত বায়ু, সমস্ত নদী ও সমস্ত সরোবর তোমার মঙ্গল করুন এবং অন্যান্য দেবতা, অসুর ও বসুগণ হইতেও তোমার মঙ্গল হউক ॥১৫॥

গঙ্গাদেবি! আমি ইন্দ্রের সুমেরুপর্ব্বত হইতে তোমার শব্দ শুনিতেছি। সুভগে! তুমি সমস্ত অজমীঢ়বংশীয়গণকর্ত্তৃক সম্মানিত এই রাজাকে পর্ব্বত হইতে রক্ষা কর ॥১৬॥

শৈলসুতে! রাজা যুধিষ্ঠির এই পর্ব্বতসমূহে প্রবেশ করিবার ইচ্ছা করিতেছেন; অতএব তুমি ইঁহাকে মঙ্গল দান কর'। লোমশমুনি গঙ্গাকে এইরূপ বলিয়া যুধিষ্ঠিরকে উপদেশ দিলেন যে, 'তুমি পর্ব্বতপ্রবেশে যত্নবান্ হও' ॥১৭॥

বৈশম্পায়ন উবাচ।

ততোঽব্রবীদ্ভীমমুদারবীর্য্যং কৃষ্ণাং যত্তঃ পালয় ভীমসেন!।
শূন্যেঽর্জ্জুনেঽসন্নিহিতে চ তাত! ত্বামেব কৃষ্ণা ভজতে ভয়েষু ॥১৯॥
ততো মহাত্মা স যমৌ সমেত্য মূর্দ্ধন্যুপাঘ্রায় বিমৃজ্য গাত্রে।
উবাচ তৌ বাষ্পকলং স রাজা মা ভৈষ্টমাগচ্ছতমপ্রমত্তৌ ॥২০॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি
তীর্থযাত্রায়াং যুধিষ্ঠিরবাক্যে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

———(০ঃ*ঃ০)———

ভারতকৌমুদী

তত ইতি। অব্রবীদ্যুধিষ্ঠির ইতি শেষঃ। উদারবীর্য্যং মহাবলম্। যত্তো যত্নবান্ সন্। শূন্যে লোকরহিতে স্থানে, অর্জ্জুনে চাসন্নিহিতে, কৃষ্ণা দ্রৌপদী ॥১৯॥

তত ইতি। যমৌ নকুলসহদেবৌ। বাষ্পকলং স্নেহাশ্রুবিন্দুবিসর্জনপূর্ব্বকম্ ॥২০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভারতকৌমুদী-
সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

———(ঃ*ঃ)———

ভারতভাবদীপঃ

অপচিতং পূজিতুং শ্রেষ্ঠমিত্যর্থঃ ॥১৬॥ দদস্ব দেহি ॥১৭॥ শৌচং বাঙ্মনঃকায়শুদ্ধিম্ ॥১৮—১৯॥ ভৈষ্টমিতিচ্ছেদঃ ॥২০॥

ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে পঞ্চদশাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৫॥

যুধিষ্ঠির বলিলেন—'লোমশমুনির অভূতপূর্ব্ব ব্যস্ততা দেখা যাইতেছে। অতএব তোমরা সকলে দ্রৌপদীকে রক্ষা কর এবং নিজেরাও সাবধান হও। ইনি এই স্থানটাকে অত্যন্ত দুর্গম মনে করেন। সুতরাং সকলেই সর্ব্বপ্রকার পবিত্র হও' ॥১৮॥

বৈশম্পায়ন বলিলেন—তাহার পর যুধিষ্ঠির মহাবল ভীমকে বলিলেন—ভীম! তুমি বিশেষ যত্নবান্ হইয়া দ্রৌপদীকে রক্ষা কর। কারণ, বৎস! শূন্য স্থানে অর্জ্জুন নিকটে না থাকিলে ভয়ের সময়ে দ্রৌপদী তোমাকেই অবলম্বন করেন' ॥১৯॥

তাহার পর মহাত্মা যুধিষ্ঠির নকুল ও সহদেবের নিকট যাইয়া তাঁহাদের মস্তকাঘ্রাণ ও গাত্রমার্জ্জন করিয়া স্নেহাশ্রুবিসর্জ্জনপূর্ব্বক তাঁহাদিগকে বলিলেন—'তোমরা ভীত হইও না, সাবধানে আগমন কর' ॥২০॥

———ঃ০ঃ———

---

* '…একোনচত্বারিংশদধিকঃ…' বা ব কা পি, '…একচত্বারিংশদধিকঃ…' নি।

ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ

——:(*):——

যুধিষ্ঠির উবাচ।

অন্তর্হিতানি ভূতানি বলবন্তি মহান্তি চ।
অগ্নিনা তপসা চৈব শক্যং গন্তুং বৃকোদর! ॥১॥
সন্নিবর্ত্তয় কৌন্তেয়! ক্ষুৎপিপাসে বলাশ্রয়াৎ।
ততো বলঞ্চ দাক্ষ্যঞ্চ সংশ্রয়স্ব বৃকোদর! ॥২॥
ঋষেস্ত্বয়া শ্রুতং বাক্যং কৈলাসং পর্ব্বতং প্রতি।
বুদ্ধ্যা প্রপশ্য কৌন্তেয়! কথং কৃষ্ণা গমিষ্যতি ॥৩॥
অথবা সহদেবেন ধৌম্যেন চ সমং বিভো!।
সূতৈঃ পৌরোগবৈশ্চৈব সর্ব্বৈশ্চ পরিচারকৈঃ ॥৪॥
রথৈরশ্বৈশ্চ যে চান্যে বিপ্রাঃ ক্লেশাসহাঃ পথি।
সর্ব্বৈস্ত্বং সহিতো ভীম! নিবর্ত্তস্বায়তেক্ষণ! ॥৫॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

অন্তরিতি। অন্তর্হিতানি অদৃশ্যতয়া তিষ্ঠন্তি, ভূতানি দেবজাতীয়াঃ প্রাণিনঃ। অতএব তান্যনিষ্টমপি কুর্য্যুরিতি ভাবঃ। তেন চ অগ্নিনা অগ্নিগ্রহণেন, তপসা তদ্বলেন ॥১॥

সমিতি। সন্নিবর্ত্তয় সম্যগ্বিজহীহি। দাক্ষ্যং দুর্গমস্থানে গমননৈপুণ্যম্ ॥২॥

ঋষেরিতি। ঋষের্লোমশাৎ। প্রপশ্য পর্য্যালোচয়। কৃষ্ণা দ্রৌপদী ॥৩॥

অথবেতি। সূতৈঃ সারথিভিঃ, পৌরোগবৈঃ পাকশালাধ্যক্ষৈঃ, "পৌরোগবস্তদধ্যক্ষঃ" ইত্যমরঃ। নিবর্ত্তস্ব, পর্ব্বতপ্রবেশাদিতি শেষঃ। হে আয়তেক্ষণ! বিস্তৃতনয়ন! ॥৪—৫॥

যুধিষ্ঠির বলিলেন—'ভীম! এখানে বলবান্ ও বিশালাকৃতি প্রাণী সকল অদৃশ্যভাবে থাকে; সুতরাং অগ্নিগ্রহণ করিয়া তপোবলে যাইতে পারা যায় ॥১॥

কুন্তীনন্দন ভীম! তুমি সহিষ্ণুতার বলে ক্ষুধা ও পিপাসা পরিত্যাগ কর এবং দুর্গম পথে গমনের শক্তি ও নিপুণতা অবলম্বন কর ॥২॥

কুন্তীনন্দন! তুমি লোমশমুনির নিকট কৈলাসপর্ব্বতের বিবরণ শুনিয়াছ। সুতরাং বুদ্ধিদ্বারা পর্য্যালোচনা কর দেখি—দ্রৌপদী কি করিয়া গমন করিবেন ॥৩॥

অথবা, প্রভাবশালী বিস্তৃতনয়ন ভীম! সহদেব, ধৌম্য, সারথিগণ,

ত্রয়ো বয়ং গমিষ্যামো লঘ্বাহারা যতব্রতাঃ ।
অহঞ্চ নকুলশ্চৈব লোমশশ্চ মহাতপাঃ ॥৬॥
মমাগমনমাকাঙ্ক্ষন্ গঙ্গাদ্বারে সমাহিতঃ ।
বসেহ দ্রৌপদীং রক্ষন্ যাবদাগমনং মম ॥৭॥

ভীম উবাচ ।

রাজপুত্রী শ্রমেণার্ত্তা দুঃখার্ত্তা চৈব ভারত ! ।
ব্রজত্যেব হি কল্যাণী শ্বেতবাহদিদৃক্ষয়া ॥৮॥
তব চাপ্যরতিস্তীব্রা বর্ত্ততে তমপশ্যতঃ ।
গুড়াকেশং মহাত্মানং সংগ্রামেষ্বপলায়িনম্ ।
কিং পুনঃ সহদেবঞ্চ মাঞ্চ কৃষ্ণাঞ্চ ভারত ! ॥৯॥
দ্বিজাঃ কামং নিবর্ত্তন্তাং সর্ব্বে চ পরিচারকাঃ ।
সূতাঃ পৌরোগবাশ্চৈব যঞ্চ মন্যেত নো ভবান্ ॥১০॥

ভারতকৌমুদী

ত্রয় ইতি । লঘ্বাহারাঃ স্বল্পভোজনাঃ, যতব্রতা সংযতনিদ্রাদিনিয়মাঃ ॥৬॥

মমেতি । আকাঙ্ক্ষন্ প্রতীক্ষমাণঃ, গঙ্গাদ্বারে হরিদ্বারে । বস তিষ্ঠ ॥৭॥

রাজেতি । কল্যাণী কল্যাণকারিণী কৃষ্ণা, শ্বেতবাহদিদৃক্ষয়া অর্জ্জুনদর্শনেচ্ছয়া ॥৮॥

তবেতি । অরতির্বিষাদঃ । গুড়াকেশমর্জ্জুনম্ । সহদেবঞ্চ মাঞ্চ কৃষ্ণাঞ্চ অপশ্যতস্তব কিং পুনঃ সা অরতির্ন ভবিষ্যতীতি শেষঃ । ষট্পাদোহয়ং শ্লোকঃ ॥৯॥

দ্বিজা ইতি । কামং যথেপ্সিতম্ । মন্যেত সহ গমনায় নানুমন্যেত ॥১০॥

পাকশালাধ্যক্ষগণ, সমস্ত পরিচারক, রথ, অশ্ব এবং অন্য যে সকল ব্রাহ্মণ পথের কষ্ট সহ্য করিতে অক্ষম, ইঁহাদের সকলের সহিত তুমি নিবৃত্ত হও ॥৪-৫॥

কেবল আমি, নকুল ও মহাতপা লোমশ—আমরা তিন জন অল্পভোজন করিতে থাকিয়া এবং নিদ্রাপ্রভৃতি নিয়ম সংযত করিয়া গমন করিব ॥৬॥

আমার আগমনের প্রতীক্ষা এবং দ্রৌপদীকে রক্ষা করিতে থাকিয়া সাবধান হইয়া আমার প্রত্যাগমনপর্য্যন্ত এই গঙ্গাদ্বারেই অবস্থান কর' ॥৭॥

ভীম বলিলেন—'ভরতনন্দন ! পরিশ্রান্তা, দুঃখিতা, রাজনন্দিনী এবং সকলেরই কল্যাণকারিণী দ্রৌপদী অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় যাইবেনই ॥৮॥

ভরতনন্দন ! আপনি, যুদ্ধে অপলায়ী ও মহাত্মা একমাত্র অর্জ্জুনকে দেখিতেছেন না বলিয়াই আপনার গুরুতর বিষাদ চলিতেছে ; এ অবস্থায় আবার সহদেবকে, আমাকে ও দ্রৌপদীকে দেখিতে না পাইলে কি আরও গুরুতর বিষাদ হইবে না ? ॥৯॥

ন ত্বহং হাতুমিচ্ছামি ভবন্তমিহ কর্হিচিৎ।
শৈলেঽস্মিন্ রাক্ষসাকীর্ণে দুর্গেষু বিষমেষু চ ॥১১॥
ইয়ঞ্চাপি মহাভাগা রাজপুত্রী পতিব্রতা।
ত্বামৃতে পুরুষব্যাঘ্র! নোৎসহেদ্বিনিবর্ত্তিতুম্ ॥১২॥
তথৈব সহদেবোঽয়ং সততং ত্বামনুব্রতঃ।
ন জাতু বিনিবর্ত্তেত মনোজ্ঞো হ্যহমস্য বৈ ॥১৩॥
অপি চাত্র মহারাজ! সব্যসাচিদিদৃক্ষয়া।
সর্ব্বে লালসভূতাঃ স্ম তস্মাদ্‌যাস্যামহে সহ ॥১৪॥
যদ্যশক্যো রথৈর্গন্তুং শৈলোঽয়ং বহুকন্দরঃ।
পদ্ভিরেব গমিষ্যামো মা রাজন্! বিমনা ভব ॥১৫॥
অহং বহিষ্যে পাঞ্চালীং যত্র যত্র ন শক্ষ্যতি।
ইতি মে বর্ত্ততে বুদ্ধির্মা রাজন্! বিমনা ভব ॥১৬॥

ভারতকৌমুদী

নেতি। হাতুং ত্যক্তুম্। দুর্গেষু দুর্গমেষু, বিষমেষু উচ্চাবচেষু স্থানেষু ॥১১॥
ইয়মিতি। ঋতে বিনা। নোৎসহেন্ন শক্নুয়াৎ, পতিব্রতারূপত্বাদেবেতি ভাবঃ ॥১২॥
তথেতি। ত্বাং প্রতি অনুব্রতঃ অনুকূলঃ। জাতু কদাচিৎ, মনোজ্ঞঃ অভিপ্রায়জ্ঞঃ ॥১৩॥
অপীতি। সব্যসাচিদিদৃক্ষয়া অর্জ্জুনদর্শনেচ্ছয়া। লালসভূতা উৎসুকা জাতাঃ ॥১৪॥
যদীতি। বহূনি কন্দরাণি গুহা যত্র সঃ। বিমনা উদ্বিগ্নচিত্তঃ ॥১৫॥

সুতরাং সকল ব্রাহ্মণ, পরিচারক, সারথি, পাকশালাধ্যক্ষ এবং আপনি যাঁহাকে যাইবার অনুমতি না দিবেন তিনি ইচ্ছানুসারে নিবৃত্ত হউন ॥১০॥

কিন্তু আমি এই রাক্ষসাকীর্ণ পর্ব্বতে দুর্গম ও বিষম স্থানে কখনই আপনাকে পরিত্যাগ করিতে ইচ্ছা করি না ॥১১॥

পুরুষশ্রেষ্ঠ! তা'র পর মহাভাগা ও পতিব্রতা এই রাজনন্দিনী দ্রৌপদী আপনাকে ছাড়িয়া নিবৃত্ত হইতে পারিবেন না ॥১২॥

এবং এই সহদেবও সর্ব্বদাই আপনার অনুকূল; সুতরাং সহদেবও কখনই নিবৃত্তি পাইবে না। কারণ, আমি উঁহার মনের ভাব জানি ॥১৩॥

আর, মহারাজ! সকলেই অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় উৎকণ্ঠিত হইয়াছেন। অতএব আমরা সকলেই আপনার সহিত যাইব ॥১৪॥

তবে, এই পর্ব্বতে বহুতর গুহা আছে বলিয়া যদি রথে গমন করিতে পারা না যায়, তাহা হইলে আমরা পদব্রজেই গমন করিব; আপনি উদ্বিগ্ন হইবেন না ॥১৫॥

সুকুমারৌ তথা বীরৌ মাদ্রীনন্দিকরাবুভৌ।
দুর্গে সন্তারয়িষ্যামি যত্রাশক্তৌ ভবিষ্যতঃ ॥১৭।

যুধিষ্ঠির উবাচ।*

এবং তে ভাষমাণস্য বলং ভীমাভিবর্দ্ধতাম্।
যত্ত্বমুৎসহসে বোঢ়ুং পাঞ্চালীঞ্চ যশস্বিনীম্ ॥১৮॥
যমজৌ চাপি ভদ্রং তে নৈতদন্যত্র বিদ্যতে।
বলং তব যশশ্চৈব ধর্ম্মঃ কীর্ত্তিশ্চ বর্দ্ধতাম্ ॥১৯॥
যত্ত্বমুৎসহসে বোঢ়ুং ভ্রাতরৌ সহ কৃষ্ণয়া।
মা তে গ্লানির্মহাবাহো! মা চ তেঽস্তু পরাভবঃ ॥২০॥

ভারতকৌমুদী

অহমিতি। বহিষ্যে বক্ষ্যামি, ইড়াগম আর্ষঃ। ন শক্ষ্যতি গন্তুমিতি শেষঃ ॥১৬॥
সুকুমারাবিতি। মাদ্র্যা নন্দিকরৌ আনন্দজনকৌ। দুর্গে দুর্গমস্থানে ॥১৭॥
এবমিতি। উৎসহসে উৎসাহেনেচ্ছসি ॥১৮॥
যমজাবিতি। যমজৌ নকুলসহদেবৌ চাপি বোঢ়ুমুৎসহস ইত্যনুবৃত্তিঃ ॥১৯॥
যদিতি। গ্লানিরায়াসঃ। পরাভবো যুদ্ধে পরাজয়ঃ ॥২০॥

রাজা! 'পাঞ্চালী যেখানে যেখানে গমন করিতে না পারিবেন, আমি সেইখানে সেইখানেই উঁহাকে বহন করিব; এ-ই আমার ইচ্ছা; আপনি উদ্বিগ্ন হইবেন না ॥১৬॥

তা'র পর কোমলাঙ্গ, বীর ও মাদ্রীর আনন্দজনক নকুল এবং সহদেবও যে দুর্গমস্থানে গমন করিতে অসমর্থ হইবে, সেখানে উঁহাদিগকেও আমি পার করিয়া দিব' ॥১৭॥

যুধিষ্ঠির বলিলেন—'ভীম! তুমি যখন যশস্বিনী পাঞ্চালীকে বহন করিবার ইচ্ছা করিতেছ এবং এইরূপ বলিতেছ, তখন তোমার বলবৃদ্ধি হউক ॥১৮॥

এবং যখন নকুল-সহদেবকেও বহন করিবার ইচ্ছা করিতেছ, তখন তোমার মঙ্গল, বল, যশ, ধর্ম্ম ও কীর্ত্তি বৃদ্ধি লাভ করুক। এরূপ ব্যবহার অন্যত্র নাই ॥১৯॥

মহাবাহু! তুমি যখন দ্রৌপদীর সহিত নকুল-সহদেবকে বহন করিবার ইচ্ছা করিতেছ, তখন যেন তোমার গ্লানি ও পরাভব হয় না' ॥২০॥

---

* রাজোবাচ—পি। (১৮)…পাঞ্চালীং বিপুলেঽধ্বনি—পি নি। (২০)…যত্ত্বমুৎসহসে নেতুম্…ব্য ব কা নি।

বৈশম্পায়ন উবাচ।

ততঃ কৃষ্ণাঽব্রবীদ্বাক্যং প্রহসন্তী মনোরমম্।
গমিষ্যামি ন সন্তাপঃ কার্য্যো মাং প্রতি ভারত! ॥২১॥

লোমশ উবাচ।

তপসা শক্যতে গন্তুং পর্ব্বতং গন্ধমাদনম্।
তপসা চৈব কৌন্তেয়! সর্ব্বে যোক্ষ্যামহে বয়ম্ ॥২২॥
নকুলঃ সহদেবশ্চ ভীমসেনশ্চ পার্থিব!।
অহঞ্চ ত্বঞ্চ কৌন্তেয়! দ্রক্ষ্যামঃ শ্বেতবাহনম্ ॥২৩॥

বৈশম্পায়ন উবাচ।

এবং সম্ভাষমাণাস্তে সুবাহুবিষয়ং মহৎ।
দদৃশুর্ম্মুদিতা রাজন্! প্রভূতগজবাজিমৎ ॥২৪॥
কিরাত-তঙ্গণাকীর্ণং পুলিন্দশতসঙ্কুলম্।
হিমবত্যমরৈর্জ্জুষ্টং বহ্বাশ্চর্য্যসমাকুলম্ ॥২৫॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

তত ইতি। গমিষ্যামি স্বয়মেবেত্যাশয়ঃ। সন্তাপ উদ্বেগঃ ॥২১॥

তপসেতি। শক্যত ইতি কর্ত্তরি যন্, ধাতুশ্চায়মুভয়পদী দৈবাদিকঃ ॥২২॥

নকুল ইতি। শ্বেতবাহনম্ অর্জ্জুনম্ ॥২৩॥

এবমিতি। সুবাহোঃ পুলিন্দরাজস্য বিষয়ং রাজ্যম্। ক্লীবত্বমার্ষম্। প্রভূতগজবাজিমৎ প্রচুরহস্ত্যশ্বযুক্তম্। কিরাত-তঙ্গণ-পুলিন্দা অন্ত্যজবিশেষাঃ ॥২৪—২৫॥

বৈশম্পায়ন কহিলেন—তাহার পর দ্রৌপদী হাসিতে হাসিতে মনোহর বাক্য বলিলেন—'আমি নিজেই গমন করিতে পারিব। সুতরাং ভরতনন্দন! আপনি আমার বিষয়ে উদ্বেগ করিবেন না' ॥২১॥

লোমশ বলিলেন—'তপোবলেই গন্ধমাদনপর্ব্বতে যাইতে পারা যায়। সুতরাং কুন্তীনন্দন! আমরা সকলেই তপস্যাযুক্ত হইব ॥২২॥

রাজা কুন্তীনন্দন! তাহার পর ভীম, নকুল, সহদেব, আমি এবং তুমি আমরা সকলে যাইয়া অর্জ্জুনকে দর্শন করিব' ॥২৩॥

বৈশম্পায়ন বলিলেন—রাজা! তাঁহারা আনন্দিতচিত্তে এইরূপ আলাপ করিতে করিতে যাইয়া সুবাহুরাজার বিশাল রাজ্য দর্শন করিলেন; সেই রাজ্যে প্রচুর হস্তী, অশ্ব, কিরাত, তঙ্গণ ও পুলিন্দ ছিল, হিমালয়ভাগে দেবতারা বিচরণ করিতেন এবং বহুতর আশ্চর্য্যবস্তু ছিল ॥২৪—২৫॥

---

(২১)···প্রহসন্তী মনোরমা···বা ব কা নি।

সুবাহুশ্চাপি তান্ দৃষ্ট্বা পূজয়া প্রত্যগৃহ্লত।
বিষয়ান্তে পুলিন্দানামীশ্বরঃ প্রীতিপূর্বকম্ ॥২৬॥
ততস্তে পূজিতাস্তেন সর্ব এব সুখোষিতাঃ।
প্রতস্থুর্বিমলে সূর্য্যে হিমবন্তং গিরিং প্রতি ॥২৭॥
ইন্দ্রসেনমুখাংশ্চৈব ভৃত্যান্ পৌরোগবাংস্তথা।
সূদাংশ্চ পারিবর্হাংশ্চ দ্রৌপদ্যাঃ সর্বশো নৃপ ! ॥২৮॥
রাজ্ঞঃ পুলিন্দাধিপতেঃ পরিদায় মহারথাঃ।
পদ্ভিরেব মহাবীর্য্যা যযুঃ কৌরবনন্দনাঃ ॥২৯॥ (যুগ্মকম্)
তে শনৈঃ প্রাদ্রবন্ সর্বে কৃষ্ণয়া সহ পাণ্ডবাঃ।
তস্মাদ্দেশাৎ সুসংহৃষ্টা দ্রষ্টুকামা ধনঞ্জয়ম্ ॥৩০॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং গন্ধমাদনপ্রবেশে ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥ *

ভারতকৌমুদী

সুবাহুরিতি। পূজয়া সম্মানেন। বিষয়ান্তে রাজ্যপ্রান্তে। ঈশ্বরো রাজা ॥২৬॥
তত ইতি। সুখেন উষিতা রাত্রাববস্থিতাঃ। বিমলে সূর্য্যে উদিতে সতি ॥২৭॥
ইন্দ্রেতি। পৌরোগবান্ পাকশালাধ্যক্ষান্, সূদান্ পাচকান্, দ্রৌপদ্যাঃ পারিবর্হান্ পরিচারকাংশ্চ। পরিদায় রক্ষণার্থং সমর্প্য ॥২৮—২৯॥

ভারতভাবদীপঃ

অন্তর্হিতানীতি ॥১—২৮॥ পরিদায় রক্ষার্থং সমর্প্য ॥২৯—৩০॥
ইতি বনপর্ব্বণি নৈলকণ্ঠীয়ে ভারতভাবদীপে ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥১১৬॥

পুলিন্দরাজ সুবাহুও রাজ্যপ্রান্তে তাঁহাদিগকে দেখিয়া প্রীতি ও সম্মানপূর্ব্বক তাঁহাদিগকে গ্রহণ করিলেন ॥২৬॥

তাহার পর তাঁহারা সকলেই সুবাহুকর্তৃক সম্মানিত হইয়া রাত্রিতে সুখে বাস করিয়া প্রভাতকালে নির্ম্মল সূর্য্য উদিত হইলে হিমালয়পর্ব্বতের দিকে প্রস্থান করিলেন ॥২৭॥

রাজা ! ইন্দ্রসেনপ্রভৃতি ভৃত্যগণ, পাকশালার অধ্যক্ষগণ, পাচকগণ এবং দ্রৌপদীর পরিচারকগণকে পুলিন্দরাজের নিকট রাখিয়া মহারথ ও মহাবীর পাণ্ডবেরা পদব্রজেই প্রস্থান করিয়াছিলেন ॥২৮—২৯॥

সেই পাণ্ডবেরা সকলেই অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় অত্যন্ত আনন্দিত

---

* '...চত্বারিংশদধিকশততমঃ...' বা ব কা পি, '...দ্বিচত্বারিংশদধিকশততমঃ...' নি।

সপ্তদশাধিকশততমোঽধ্যায়ঃ

——ঃ(*)ঃ——

যুধিষ্ঠির উবাচ।

ভীমসেন! যমৌ চোভৌ! পাঞ্চালি! চ নিবোধত।
নাস্তি ভূতস্য নাশো বৈ পশ্যতাস্মান্ বনেচরান্ ॥১॥
দুর্ব্বলাঃ ক্লেশিতাঃ স্মেতি যদ্বহামেতরেতরম্।
অশক্যেঽপি ব্রজামেতি ধনঞ্জয়দিদৃক্ষয়া ॥২॥
তন্মে দহতি গাত্রাণি তূলরাশিমিবানলঃ।
যচ্চ বীরং ন পশ্যামি ধনঞ্জয়মুপান্তিকে ॥৩॥

ভারতকৌমুদী

ত ইতি। প্রাদ্রবন্ অগচ্ছন্, কৃষ্ণয়া দ্রৌপদ্যা। সুসংহৃষ্টা আনন্দিতাঃ ॥৩০॥

ইতি শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারতটীকায়াং ভাবতকৌমুদী-সমাখ্যায়াং বনপর্ব্বণি তীর্থযাত্রায়াং ষোড়শাধিকশততমোঽধ্যায়ঃ ॥০॥

——(ঃ*ঃ)——

ভীমেতি। ভূতস্য অতীতস্য পূর্বজন্মকৃতকর্ম্মণ ইত্যর্থঃ, ভোগেন বিনা নাশো নাস্তি। অস্মান্ রাজপুত্রানপি বনেচরান্ পশ্যত। প্রাক্তনকর্ম্মণ এবেদং ফলমিতি ভাবঃ ॥১॥

উক্তার্থে হেত্বন্তরাণ্যাহ দুর্বলা ইতি। দুর্ব্বলাঃ কৃতাঃ ক্লেশিতাশ্চ শত্রুভিরিতি শেষঃ। ইতরেতরং পরস্পবম্, বহামঃ অনুকূলয়াম ইত্যর্থঃ। বিসর্গাণাং লোপ আর্ষঃ ॥২॥

হইয়া দ্রৌপদীর সহিত ধীরে ধীরে সেই স্থান হইতে গমন করিতে লাগিলেন ॥৩০॥

——(০ঃ*ঃ০)——

যুধিষ্ঠির বলিলেন—'ভীম! নকুল! সহদেব! দ্রৌপদি! তোমরা শ্রবণ কর,—ভোগ ব্যতীত প্রাক্তন কর্ম্মের নাশ হয় না। তাহার দৃষ্টান্ত দেখ—আমরা রাজপুত্র হইয়াও বনচারী হইয়াছি ॥১॥

তা'র পর শত্রুরা আমাদিগকে দুর্বল করিয়াছে ও কষ্ট দিতেছে এবং আমরা পরস্পর পরস্পরের আনুকূল্য করিতেছি, আর অর্জ্জুনকে দেখিবার ইচ্ছায় অগম্য স্থানে গমন করিতেছি ॥২॥

মহাবীর অর্জ্জুনকে যে নিকটে দেখিতেছি না, তাহা—অগ্নি যেমন তূলরাশি দগ্ধ করে, সেইরূপ আমার অঙ্গ সকল দগ্ধ করিতেছে ॥৩॥

---

(৩)·· ধনঞ্জয়মুপান্তিকাৎ—বা ব কা।

তস্য দর্শনতৃষ্ণং মাং সানুজং বনমাস্থিতম্।
যাজ্ঞসেন্যাঃ পরামর্ষঃ স চ বীর! দহত্যুত ॥৪॥
নকুলাৎ পূর্ব্বজং পার্থং ন পশ্যাম্যমিতৌজসম্।
অজেয়মুগ্রধন্বানং তেন তপ্যে বৃকোদর! ॥৫॥
তীর্থানি চৈব রম্যাণি বনানি চ সরাংসি চ।
চরামি সহ যুষ্মাভিস্তস্য দর্শনকাঙ্ক্ষয়া ॥৬॥
পঞ্চ বর্ষাণ্যহং বীর! সত্যসন্ধং ধনঞ্জয়ম্।
যন্ন পশ্যামি বীভৎসুং তেন তপ্যে বৃকোদর! ॥৭॥
তং বৈ শ্যামং গুড়াকেশং সিংহবিক্রান্তগামিনম্।
ন পশ্যামি মহাবাহুং তেন তপ্যে বৃকোদর! ॥৮॥
কৃতাস্ত্রং নিপুণং যুদ্ধেঽপ্রতিমানং ধনুষ্মতাম্।
ন পশ্যামি কুরুশ্রেষ্ঠং তেন তপ্যে বৃকোদর! ॥৯॥

ভারতকৌমুদী

তদিতি। তং ধনঞ্জয়াদর্শনং কর্ত্তৃ। উপাস্তিকে অন্তিকে ॥৩॥
তস্যেতি। দর্শনে তৃষ্ণা যস্য তম্। পরামর্ষঃ দুঃশাসনেন কেশাকর্ষণম্ ॥৪॥
নকুলাদিতি। পার্থমর্জ্জুনম্। উগ্রধন্বানং ভয়ঙ্করধনুর্দ্ধরম্ ॥৫॥
তীর্থানীতি। তস্যার্জ্জুনস্য। এতদপি প্রাক্তনস্যৈব কর্ম্মণঃ ফলমিত্যাশয়ঃ ॥৬॥
পঞ্চেতি। পঞ্চ বর্ষাণি যাবৎ। সত্যসন্ধং সত্যপ্রতিজ্ঞম্ ॥৭॥
তমিতি। গুড়াকা নিদ্রা তস্যা ঈশো নিয়ন্তা তং জিতনিদ্রমনলসমিত্যর্থঃ ॥৮॥

বীর! অনুজগণের সহিত বনে আসিয়াছি এবং এখন অর্জ্জুনকে দেখিতে ইচ্ছা করিতেছি, এই অবস্থায় আবার দ্রৌপদীর সেই কেশাকর্ষণ স্মরণ করিয়া দগ্ধ হইতেছি ॥৪॥

